অধীহ্যধ্যাপয় কথয়। স চ পিতা বিধিবদুপসন্নায় তস্মৈ পুত্রায়ৈতদ্বচনং প্রোবাচান্নং প্রাণং চক্ষুঃ শ্রোত্রং মনো বাচমিতি। অন্নং শরীরং তদভ্যন্তরঞ্চ প্রাণমন্তরমুপলব্ধিসাধনানি চক্ষুঃ শ্রোত্রং মনো বাচমিত্যেতানি ব্রহ্মোপলব্ধৌ দ্বারাণ্যুক্তবান্। উক্ত্বা চ দ্বারভূতান্যেতান্যন্নাদীনি তং ভৃগুং হোবাচ। ব্রহ্মণো লক্ষণং কিন্তৎ যতো যস্মাদ্বৈ ইমানি ব্রহ্মাদীনি স্তম্বপর্য্যন্তানি ভূতানি জায়ন্তে। যেন চ জাতানি জীবন্তি প্রাণান্ধারয়ন্তি বর্দ্ধন্তে। বিনাশকালে চ যৎপ্রয়ন্তি যদ্ব্রহ্ম প্রতিগচ্ছন্তি অভিসংবিশন্তি তাদাত্ম্যমেব প্রতিপ্রদ্যন্তে উৎপত্তিস্থিতিলয়কালেষু যদাত্মতাং ন জহাতি ভূতদেহং তদ্ব্রহ্মণো লক্ষণম্। তদ্ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব বিশেষেণ জ্ঞাতুমিচ্ছস্ব। যদেবং লক্ষণং ব্রহ্ম তদন্নাদিদ্বারেণ প্রতিপদ্যস্বেত্যর্থঃ। শ্রুত্যন্তরঞ্চ প্রাণস্য প্রাণ উত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য

---

ইতিপূর্ব্বে ব্রহ্মানন্দবল্লীতে সেই সচ্চিদানন্দময় ব্রহ্ম কিরূপে আকাশাদি পঞ্চভূতের কার্য্যস্বরূপ অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় এই পঞ্চকোষের সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন ইত্যাদিরূপে ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদর্শিত হইয়াছে। এইক্ষণে উক্ত শান্তিপাঠ পূর্ব্বক সেই ব্রহ্মবিদ্যার সাধনোপায় তপস্যাদ্বারা উপাসনা প্রণালী কথিত হইতেছে।—বিখ্যাত বরুণতনয় ভৃগুনামা মুনি ব্রহ্মজিজ্ঞাসু হইয়া ব্রহ্মতত্ত্ববিদ্ স্বীয় জনক বরুণের নিকট উপস্থিত হইয়া পিতৃসমীপে বলিলেন,—মহাত্মন্, ভগবন্! পিতঃ! আমাকে ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদান করুন্। ব্রহ্মবিদ্যাপারদর্শী বরুণ ব্রহ্মবিদ্যার্থী উপসন্ন পুত্রকে বলিলেন, —শরীর, প্রাণ, চক্ষুঃ, শ্রোত্র, মনঃ ও বাক্য এই সকলই ব্রহ্ম-

শ্রোত্রং মনো বাচমিতি। তং হোবাচ। যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যৎপ্রয়ন্ত্যভি-

---

শ্রোত্রমন্নস্যান্নং মনসো মনো যে বিদুস্তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যমিতি। ব্রহ্মোপলব্ধৌ দ্বারাণ্যেতানি দর্শয়তি। স ভৃগুর্ব্রহ্মোপলব্ধিদ্বারাণি ব্রহ্মলক্ষণং চ শ্রুত্বা পিতুস্তপ এব ব্রহ্মোপলব্ধিসাধনত্বেনাহতপ্যত তপ্তবান্। কুতঃ পুনরনুপদিষ্টস্যৈব তপসঃ সাধনত্বপ্রতিপত্তির্ভৃগোঃ সাবশেষোক্তেরন্নাদিব্রহ্মণঃ প্রতিপত্তৌ দ্বারং লক্ষণং চ যতো বা ইমানি ভূতানীত্যুক্তবান্। সাবশেষং হি তৎসাক্ষাদ্ব্রহ্মণো নির্দ্দেশাৎ। অন্যথা হি স্বরূপেণৈব ব্রহ্ম নির্দ্দেষ্টব্যং জিজ্ঞাসবে পুত্রায়েদমিত্থং রূপং ব্রহ্মেতি। চৈবং নিরদিশৎ কিন্তর্হি সাবশেষমেবোক্তবান্। অতোঽবগম্যতে নূনং সাধনান্তরমপ্যপেক্ষতে পিতা ব্রহ্মবিজ্ঞানং প্রতীতি। তয়োর্ব্বিশেষপ্রতিপত্তিস্ত সর্ব্বসাধকতমত্বাৎ সর্ব্বেষাং হি নিয়তসাধ্যবিষয়াণাং সাধনানাং

---

তত্ত্বপরিজ্ঞানের সাধন। শরীরাদিদ্বারা নিরন্তর আরাধনা করিলেই ব্রহ্মপ্রাপ্তি হইয়া থাকে। যে জগৎকারণস্বরূপ সচ্চিদানন্দ ব্রহ্ম হইতেই আব্রহ্মস্তম্বপর্য্যন্ত ভুত সকল জন্মিয়াছে। যাঁহার কৃপাবলে সেই সকল জাতভুত জীবিত আছে ও ক্রমশঃ বর্দ্ধিত হইতেছে এবং বিনাশে বা প্রলয়কালে এই সকল ভুত সেই অনাদিনিধন পুরুষোত্তম পরমব্রহ্মে বিলীন হয় এবং যাঁহাতে প্রবেশ করে। এইরূপে উৎপত্তিস্থিতিপ্রলয়কালে সমস্ত ভুত সেই জগন্নাথের আশ্রয় করিয়া থাকে। তাঁহার আশ্রয় ভিন্ন এই অনন্তব্রহ্মাণ্ডের কোন কার্য্য হইতেছে না, তিনি এই অনন্ত জগতের ব্যবস্থাপ্রণালী সংস্থাপন করিয়া এই অখণ্ড ব্রহ্মাণ্ডের সৃষ্টিস্থিতিপ্রলয়সাধন করিতেছেন। আমি তোমাকে সেই ব্রহ্মতত্ত্ব বলিতেছি, তুমি সেই ব্রহ্মতত্ত্ব লাভ করিবার জন্য বিশেষরূপে যত্নবান্ হইয়া মনোনিবেশ

সংবিশন্তি। তদ্বিজিজ্ঞাসস্ব তদ্‌ব্রহ্মেতি। স তপোঽ-তপ্যত। স তপস্তপ্ত্বা ॥ ২ ॥

ইতি প্রথমোঽনুবাকঃ ॥ ১ ॥

---

অন্নং ব্রহ্মেতি ব্যজানাৎ। অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। অন্নেন জাতানি জীবন্তি। অন্নং প্রয়ন্ত্যভি-

---

তপ এব সাধকতমম্। সাধনমিতি হি প্রসিদ্ধং লোকে। তস্মাৎ পিত্রা-নুপদিষ্টমপি ব্রহ্মবিজ্ঞানসাধনত্বেন তপঃ প্রতিপেদে ভৃগুঃ। তচ্চ তপো বাহ্যান্তঃকরণসমাধানং তদ্দ্বারকত্বাৎ ব্রহ্মপ্রতিপত্তেঃ। মনসশ্চেন্দ্রিয়াণা-ঞ্চৈকাগ্র্যং পরমং তপঃ তজ্জ্যায়ঃ। সর্ব্বধর্ম্মেভ্য স ধর্ম্মঃ পর উচ্যত ইতি স্মৃতেঃ। স চ তপস্তপ্ত্বা অন্নং ব্রহ্মেতি ব্যজানাদ্বিজ্ঞাতবান্। তদ্ধি যথোক্তলক্ষণোপেতম্। কথম্ অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তেঽন্নেন

---

কর। সেই শরীর, চক্ষুঃ, শ্রোত্র, মনঃ ও বাক্যদ্বারা ব্রহ্মতত্ত্ব-পরিজ্ঞানের চেষ্টা কর। অনন্তর মহামুনি ভৃগু এইরূপে পিতার নিকট শরীরাদিই ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞানের কারণ, ইহা শ্রবণ করিয়া বুঝিতে পারিলেন যে, তপস্যাই ব্রহ্মপ্রাপ্তির প্রধান কারণ; তপস্যাচরণ ভিন্ন সেই সচ্চিদানন্দ পরমব্রহ্মের স্বরূপ পরিজ্ঞানের আর উপায় নাই। সুতরাং তখন সেই মহাত্মা বরুণতনয় মহামুনি ভৃগু তপশ্চরণে প্রবৃত্ত হইলেন ॥ ২ ॥

ইতি প্রথম অনুবাক ॥ ১ ॥

---

বরুণতনয় ভৃগু এইরূপে স্বীয় জনক বরুণের নিকট ব্রহ্ম-লক্ষণ ও সেই ব্রহ্মপ্রাপ্তির সাধন শ্রবণ করিয়া একমাত্র তপস্যা-চরণই ব্রহ্মবিজ্ঞান লাভের কারণ, এইরূপ চিন্তা করিয়া পুন-

সংবিশন্তীতি। তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপ-সসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তং্ হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা॥ ১॥

ইতি দ্বিতীয়োঽনুবাকঃ॥ ২॥

---

জাতানি জীবন্তি অন্নং প্রয়ন্তি অভিসংবিশন্তীতি। তস্মাদ্যুক্তমন্নস্য ব্রহ্মত্ব-

---

র্ব্বার তপস্যানুষ্ঠানে প্রবৃত্ত হইলেন এবং তপস্যা করিয়া জানিতে পারিলেন, যে অন্নই ব্রহ্ম। সেই অন্নময় ব্রহ্ম হইতে এই আব্রহ্ম-স্তম্ভপর্য্যন্ত ভূত সকল উৎপন্ন হইতেছে, সেই অন্নদ্বারাই উৎপন্ন ভূত সকল জীবিত আছে ও দিন দিন বর্দ্ধিত হইতেছে এবং প্রলয় বা বিনাশকালেও এই অনন্তজগৎ সেই অন্নময় ব্রহ্মে বিলীন হয়; সুতরাং অন্নময় ব্রহ্মই এই অখণ্ড ব্রহ্মাণ্ডের সৃষ্টি-স্থিতিপ্রলয়ের কারণ। তিনি ভিন্ন এই পরিদৃশ্যমান অসীম জগতের উৎপত্তিস্থিতিপ্রলয় করিতে পারে এমন কেহই নাই। বরুণনন্দন ভৃগু এইরূপে অন্নময় ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়াও তাঁহার অন্তঃকরণের সংশয় দূরীভূত হইল না। তিনি পুনর্ব্বার ব্রহ্মতত্ত্বপারদর্শী সর্ব্বশাস্ত্রজ্ঞ স্বীয় জনক বরুণের নিকট উপ-স্থিত হইয়া পিতৃসমীপে বলিলেন, ভগবন্, পিতঃ! আমাকে ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদান করুন্। তখন ব্রহ্মতত্ত্বজ্ঞ বরুণ স্বীয় তনয় ভৃগুর ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞানে আগ্রহাতিশয় দর্শন করিয়া আসন্ন পুত্রকে বলিলেন, বৎস! তপস্যাদ্বারা ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানে যত্নকর। তপস্যাচরণ ব্যতিরেকে সেই অবাঙ্মানসগোচর অতীন্দ্রিয় সচ্চিদানন্দের স্বরূপপরিজ্ঞানের আর উপায় নাই, একমাত্র তপস্যানুষ্ঠানই অনাদিনিধন জগন্নাথের স্বরূপ পরি-

প্রাণো ব্রহ্মেতি ব্যজানাৎ। প্রাণাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। প্রাণেন জাতানি জীবন্তি। প্রাণং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি ॥ ১ ॥

---

মিত্যভিপ্রায়ঃ। স এবং তপস্তপ্ত্বাঽন্নং ব্রহ্মেতি বিজ্ঞায় লক্ষণেনোপপত্ত্যা।

---

জ্ঞানের উপায়। ব্রহ্মজিজ্ঞাসু বরুণতনয় ভৃগু এইরূপে পিতার উপদেশে উপদিষ্ট হইয়া তপোনুষ্ঠানে প্রবৃত্ত হইলেন এবং বহুকাল কায়মনোবাক্যে তপস্যা করিয়া অন্নময় ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইলেন ॥ ১ ॥

ইতি দ্বিতীয় অনুবাক ॥ ২ ॥

---

বরুণতনয় ভৃগু পিতার উপদেশানুসারে বহুকাল তপস্যা করিয়া প্রাণময়কে ব্রহ্ম বলিয়া জানিতে পারিয়াছিলেন। কারণ সেই প্রাণময় ব্রহ্ম হইতে এই ব্রহ্মাণ্ডের যাবতীয় ভূত উৎপন্ন হইয়াছে, সেই প্রাণদ্বারাই ঐ উৎপন্ন ভূতসকল জীবিত আছে এবং প্রাণময় ব্রহ্মের অনুগ্রহবলেই সেই সকল ভূত ক্রমশঃ বৃদ্ধি পাইয়া অখিলভুবন পরিপূর্ণ করিতেছে, যে সময়ে উৎপন্ন ভূতসকলের প্রলয় বা অন্তিমদশা উপস্থিত হয়, তখনও সেই ভূতসকল প্রাণময় ব্রহ্মে বিলীন হইয়া যায়। সুতরাং ব্রহ্মই যে এই পরিদৃশ্যমান অনন্ত জগতের কারণ, তাহার আর সংশয় রহিল না। কারণ তিনিই অসীম ব্রহ্মাণ্ডের সৃষ্টিস্থিতিপ্রলয়ের ব্যবস্থা সংস্থাপন করিয়া অতুল মাহাত্ম্য প্রকাশ করিতেছেন। এই জগতের কার্য্য কারণদৃষ্টে সেই সর্ব্বনিয়ন্তা বিশ্বনাথই যে এই জগতের অদ্বিতীয় কারণ, তাহা বিলক্ষণ প্রতিপন্ন হইল ॥ ১ ॥

তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তꣳ হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা ॥ ২ ॥

ইতি তৃতীয়োঽনুবাকঃ ॥ ৩ ॥

---

চ পুনরেব সংশয়মাপন্নো বরুণং পিতরমুপসসার অধীহি ভগবো ব্রহ্মেতি।

---

মহাত্মা ভৃগু এইরূপে পিতার উপদেশে বিবিধ তপস্যাদ্বারা প্রাণময় ব্রহ্মের তত্ত্ব পরিজ্ঞাত হইয়াও ব্রহ্মবিজ্ঞান বিষয়ে তাঁহার মানসিক সংশয় অপনীত হইল না, তখন ভৃগু পুনর্ব্বার স্বীয়জনক বরুণদেবের সমীপে উপস্থিত হইয়া পিতাকে বলিলেন, ভগবন্ তাত! আমাকে ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদান করুন, মহাত্মন্! আপনি আমাকে ব্রহ্মবিদ্যার যে সকল উপদেশ প্রদান করিলেন, তাহাতে আমি ব্রহ্মবিজ্ঞান-পিপাসা নিবৃত্তি করিয়া পরিতৃপ্ত হইতে পারি নাই, এখনও আমার ব্রহ্মবিজ্ঞান-স্পৃহা দিনদিন বলবতী হইতেছে। তখন বরুণদেব স্বীয় তনয়ের ব্রহ্মবিজ্ঞান-প্রবৃত্তির আতিশয্য দর্শন করিয়া ভৃগুকে বলিলেন,—বৎস, তপোধন! তুমি তপস্যাচরণ করিয়া সেই তপোবলে ব্রহ্মবিজ্ঞানে যত্নবান্ হও। তপস্যাই ব্রহ্মপ্রাপ্তির সাধন; তপোযোগভিন্ন ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানের উপায়ান্তর নাই। অনন্তর ভৃগু স্বীয়জনক বরুণদেবের উপদেশানুসারে তপস্যাকেই একমাত্র ব্রহ্মপ্রাপ্তির কারণ জানিয়া একান্ত যত্নসহকারে তপশ্চরণে প্রবৃত্ত হইলেন ॥ ২ ॥

ইতি তৃতীয় অনুবাক ॥ ৩ ॥

মনো ব্রহ্মেতি ব্যজানাৎ। মনসো হ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। মনসা জাতানি জীবন্তি। মনঃ প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি ॥ ১ ॥

তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি

---

কঃ পুনঃ সংশয়হেতুরিত্যুচ্যতে। অন্নস্যোৎপত্তিদর্শনাত্তপসঃ পুনঃপুন-

---

অনন্তর বরুণাত্মজ মহামুনি ভৃগু ব্রহ্মবিজ্ঞানমানসে বহুকাল কায়মনোবাক্যে বিবিধ তপস্যা করিয়া সেই তপস্যাপ্রভাবে মনোময়কে ব্রহ্ম বলিয়া জানিতে পারিলেন। সেই মনোময় ব্রহ্ম হইতে এই অসীম জগতে আব্রহ্মস্তম্বপর্য্যন্ত যাবতীয় ভূত উৎপন্ন হইয়া বিভিন্নরূপ ধারণপূর্ব্বক সচরাচর জগৎ পরিপূর্ণ হইয়াছে। সেই মনোময় ব্রহ্মের কৃপাবলেই সেই সকল সমুৎপন্ন ভূত জীবিত আছে এবং ক্রমশঃ বর্দ্ধিত হইয়া তাঁহারই মাহাত্ম্য প্রকাশ করিতেছে। যখন সেই উৎপন্ন ভূতসমূহের প্রলয় বা বিনাশকাল উপস্থিত হয়, তখন সেই সকল উৎপন্নভূত সেই মনোময় ব্রহ্মেতে বিলয় প্রাপ্ত হইয়া যায়। অতএব এই মনোময় ব্রহ্মই যে অনন্ত ব্রহ্মাণ্ডের একমাত্র কারণ, তাহা প্রতিপন্ন হইল। কারণ তিনিই এই পরিদৃশ্যমান জগতের উৎপত্তি, স্থিতি ও বিনাশের নিয়মসংস্থাপন করিয়া অনন্তমহিমা প্রকাশ করিতেছেন। এই অনন্ত ব্রহ্মাণ্ডের কার্য্যকৌশলদৃষ্টে সেই সর্ব্বপুরুষোত্তম অপারকীর্ত্তি জগৎপতিই যে এই অসীম বিশ্বের অদ্বিতীয় কারণ, তাহার অণুমাত্র সংশয় নাই ॥ ১ ॥

মুনিপ্রবর ভৃগু এইরূপে স্বীয় জনক বরুণদেবের উপদেশে নানাপ্রকার তপস্যাদ্বারা মনোময় ব্রহ্মের স্বরূপ পরিজ্ঞাত হই-

ভগবো ব্রহ্মেতি। তꣳ হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা ॥ ২ ॥

ইতি চতুর্থোঽনুবাকঃ ॥ ৪ ॥

---

রুপদেশঃ সাধনাতিশয়ত্বাবধারণার্থঃ। যাবদ্ব্রহ্মণো লক্ষণং নিরতিশয়ং

---

য়াও ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানবিষয়ে তাহার আন্তরিক সন্দেহ বিদূরিত হইল না। তখন ভৃগু পুনর্ব্বার স্বীয় পিতা বরুণদেবের নিকট উপস্থিত হইলেন এবং স্বীয় জনককে বলিলেন, ভগবন্, পিতঃ! আমাকে ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানের যথার্থ উপদেশ প্রদান করুন্। মহাভাগ! আপনি আমাকে যে সকল ব্রহ্মবিদ্যার উপদেশ প্রদান করিয়াছেন, তাহাতে আমার ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানের প্রবৃত্তি-নিবৃত্তি হয় নাই, আপনার নিকট আমি যতপ্রকার উপদেশ শুনিতেছি, ততই আমার ব্রহ্মবিজ্ঞানপিপাসা বলবতী হইতেছে। তখন বরুণদেব আপন সুতের ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানে দৃঢ়প্রতিজ্ঞতা দেখিয়া ভৃগুকে বলিলেন, বৎস! তপস্যাই ব্রহ্মপ্রাপ্তির সাধন, তুমি তপস্যা কর, তাহাহইলেই সেই তপোবলে ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়া সেই নির্ব্বিকার নিরঞ্জন সচ্চিদানন্দ পরমব্রহ্মের সাক্ষাৎকার পাইবে। তপোযোগ ব্যতিরেকে সচ্চিদানন্দের স্বরূপপরিজ্ঞানের আর উপায় নাই। অতএব সর্ব্বপ্রযত্নে তপস্যানুষ্ঠানে যত্ন কর। তখন বরুণনন্দন ভৃগু স্বীয় পিতৃদেবের উপদেশবাক্য শ্রবণ করিয়া তপস্যাভিন্ন ব্রহ্মবিজ্ঞান লাভ হইতে পারে না; এইরূপ নিশ্চয় জানিয়া একাগ্রচিত্তে ব্রহ্মপ্রাপ্তিপ্রত্যাশায় পুনরায় তপস্যা আরম্ভ করিলেন ॥ ২ ॥

ইতি চতুর্থ অনুবাক ॥ ৪ ॥

বিজ্ঞানং ব্রহ্মেতি ব্যজানাৎ। বিজ্ঞানাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। বিজ্ঞানেন জাতানি জীবন্তি। বিজ্ঞানং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি॥ ১॥

---

ন ভবতি যাবচ্চ জিজ্ঞাসা ন নিবর্ত্ততে তাবত্তপ এব তে সাধনম্। তপসা এব ব্রহ্ম জিজ্ঞাসস্বেত্যর্থঃ। ঋজ্বন্যৎ। এবং তপসা বিশুদ্ধাত্মা প্রাণাদিষু

---

অতঃপরঃ ঋষিপ্রবর মহানুভব ভৃগু সর্ব্বময় ব্রহ্মের স্বরূপ-পরিজ্ঞানমানসে কায়মনোবাক্যে দীর্ঘকাল তপস্যাব্যাপারে নিরত থাকিয়া সেই তপশ্চরণবলে বিজ্ঞানময়কে ব্রহ্ম বলিয়া জানিতে পারিলেন। কারণ সেই বিজ্ঞানময় ব্রহ্ম হইতেই এই অনন্তব্রহ্মাণ্ডে সমস্ত ভূত উৎপন্ন হইয়াছে, সেই বিজ্ঞানময় ব্রহ্মের অনুগ্রহপ্রভাবে সেই সকল উৎপন্ন ভূত জীবিত আছে এবং তাঁহারই অনুকম্পাবলে সেই সকল উৎপন্ন ভূত ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া সকল ভুবন পরিপূর্ণ করতঃ সেই জগৎকর্ত্তার অপার-মাহাত্ম্য প্রকাশ করিতেছে। যখন সেই সকল উৎপন্ন ভূতের চরমদশা বা প্রলয়কাল উপস্থিত হয়, তখন ঐ সকল উৎপন্ন ভূত, সেই সর্ব্বেশ্বরের অনন্ত অলৌকিক মায়ায় বিজ্ঞান-ময় ব্রহ্মে বিলীন হইয়া থাকে। অতএব এই বিজ্ঞানময় ব্রহ্মই এই পরিদৃশ্যমান অসীম জগতের উৎপত্তিস্থিতিবিনাশের অদ্বিতীয় কারণ, তাহার কিঞ্চিন্মাত্র সংশয় নাই। সেই বিজ্ঞানময় ব্রহ্মই এই অখণ্ড ব্রহ্মাণ্ডের উৎপত্তিস্থিতি বিনাশের ব্যবস্থা সংস্থাপন করিয়া অতুল মাহাত্ম্য প্রকাশ করিয়াছেন। এই জগতের কার্য্যকারণ দেখিয়া সেই সর্ব্বময় সর্ব্বাধিপতি সত্যজ্ঞানানন্দময় পরমব্রহ্মই যে এই অখণ্ড ভুবনের একমাত্র অধীশ্বর তাহা বিলক্ষণ প্রতিপন্ন হইল॥ ১॥

তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তংহ হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা ॥ ২॥

ইতি পঞ্চমোঽনুবাকঃ ॥ ৫ ॥

---

সাকল্যেন ব্রহ্মলক্ষণমপশ্যচ্ছনৈঃশনৈরন্তঃপ্রবিশ্যান্তরতমমানন্দং ব্রহ্ম বিজ্ঞা-

---

মহামুনি বরুণনন্দন ভৃগু স্বীয় জনকের উপদেশানুসারে অনেক প্রকার তপোঽনুষ্ঠান দ্বারা বিজ্ঞানময় ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়াও তাঁহার অন্তঃকরণের সন্দেহ বিগত হইল না। তখন ভৃগু পুনর্ব্বার ব্রহ্মবিদ্ স্বীয় জনকের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে বলিলেন,—মহাত্মন্! আমাকে ব্রহ্মবিজ্ঞান বিষয়ে উপদেশ প্রদান করুন্।॰ আমি যেন আপনার উপদেশে দীক্ষিত হইয়া সেই অনাদিনিধন জগন্নাথের স্বরূপ পরিজ্ঞাত হইতে পারি। মহাভাগ! আপনি আমাকে যেরূপ ব্রহ্মস্বরূপ পরিজ্ঞানের উপদেশ প্রদান করিয়াছেন, তাহাতে যতদুর ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়াছি, তাহাদ্বারা আমি ব্রহ্মবিজ্ঞানে পারদর্শী হইতে পারি নাই। এখনও আমার ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানস্পৃহা বর্ত্তমান রহিয়াছে। অতএব এক্ষণে আমার সেই অভিলাষ পরিপূর্ণ করিয়া আমাকে চরিতার্থ করুন্। তখন বরুণদেব আপন তনয়ের ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞানে নিশ্চল অনুরাগ দর্শন করিয়া ভৃগুকে বলিলেন,—বৎস! তুমি ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানবিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া সর্ব্বদা একাগ্রচিত্তে তপস্যাচরণে যত্নবান্ হও; তপস্যা ব্যতিরেকে ব্রহ্মবিদ্যা লাভ হইতে পারে না। কারণ তপস্যাই ব্রহ্মপ্রাপ্তির সাধন!

আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি

---

তবাংস্তপসা এব সাধনেন ভৃগুস্তস্মাদ্ব্রহ্মবিজিজ্ঞাসুনা বাহ্যান্তঃকরণসমাধানলক্ষণং পরমং তপঃসাধনমনুষ্ঠেয়মিতি প্রকরণার্থঃ॥

ইতি পঞ্চমোঽনুবাকঃ॥ ১-৫॥

---

অধুনাঽখ্যায়িকাতোঽপসৃত্য শ্রুতিঃ স্বেন বচনেনাখ্যায়িকানির্ব্বর্ত্যমর্থমাচষ্টে। সা এষা ভার্গবী ভৃগুণা বিদিতা বরুণেন প্রোক্তা বারুণী বিদ্যা পরমে ব্যোমন্ হৃদয়াকাশগুহায়াং পরমানন্দেঽদ্বৈতে প্রতিষ্ঠিতা পরিসমাপ্তা অন্নময়াদাত্মনোঽধিপ্রবৃত্তা। এবমন্যোঽপি তপসা এব সাধনেন। অনেনৈব ক্রমেণানুপ্রবিশ্যানন্দং ব্রহ্ম বেদ। স এবং বিদ্যাপ্রতি-

---

অতএব নিয়ত অনন্যমনে তপশ্চরণ করিলেই সেই তপোবলে জগন্ধুর স্বরূপ জানিতে পারিবে। তখন ভৃগু পিতার উপদেশ বাক্যের বাধ্য হইয়া ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞানমানসে পুনরায় তপস্যানুষ্ঠান আরম্ভ করিলেন॥ ২॥

ইতি পঞ্চম অনুবাক॥ ৫॥

---

অনন্তর মহামুনি বরুণতনয় ভৃগু সচ্চিদানন্দময় সর্ব্বেশ্বরের স্বরূপ পরিজ্ঞানার্থ কায়মনোবাক্যে বহুদিন তপস্যাচরণ করিয়া সেই তপোবলে আনন্দময়কে ব্রহ্মের স্বরূপ বলিয়া জানিতে পারিলেন।—সেই অনাদিনিধন আনন্দময় ব্রহ্মের স্বরূপ পরিজ্ঞাত হইলেন। সেই আনন্দময় ব্রহ্ম হইতেই আব্রহ্মস্তম্ভপর্য্যন্ত ভূত সকল উৎপন্ন হইয়াছে, সেই আনন্দময়ব্রহ্মের অনুকম্পাবলে সেই সকল উৎপন্ন ভূত জীবিত আছে এবং তাঁহারই অনুগ্রহবলে সেই সকল উৎপন্ন ভূত ক্রমশঃ বৃদ্ধি পাইয়া অখিলব্রহ্মাণ্ড পরিপূর্ণ করতঃ সেই অপার-

ভূতানি জায়ন্তে। আনন্দেন জাতানি জীবন্তি। আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি ॥ ১ ॥

সৈষা ভার্গবী বারুণী বিদ্যা পরমে ব্যোমন্ প্রতিষ্ঠিতা।

---

ষ্ঠানাৎ প্রতিতিষ্ঠত্যানন্দে পরমে ব্রহ্মণি ব্রহ্মৈব ভবতীত্যর্থঃ। দৃষ্টঞ্চ ফলং তস্যোচ্যতে। অন্নবান্ প্রভূতমন্নমস্য বিদ্যত ইত্যন্নবান্। সত্তামাত্রেণ তু সর্ব্বো হ্যন্নবানিতি বিদ্যায়া বিশেষো ন স্যাৎ। এবমন্নমত্তীত্যন্নাদো দীপ্তাগ্নির্ভবতীত্যর্থঃ। মহান্ ভবতি। কেন মহত্ত্বমিত্যত আহ।

---

মাহাত্ম্য ভুবনাধীশ্বরের আজ্ঞা প্রতিপালনপূর্ব্বক তাঁহারই মহিমা প্রকাশ করিতেছে। যখন সেই সকল উৎপন্ন ভূতের অন্তিমদশা বা প্রলয়কাল উপস্থিত হয়, তখন ঐ সকল উৎপন্ন ভূত সেই সর্ব্বসংহারী বিশ্বময়ের সংহারক মূর্ত্তিতে বিলয় পাইয়া থাকে। সুতরাং সেই আনন্দময় ব্রহ্মই এই পরিদৃশ্যমান অনন্ত জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের একমাত্র কারণ, তাহার আর অণুমাত্র সংশয় নাই। সেই সর্ব্বানন্দময় জগৎকর্ত্তা এই অসীম সংসারের উৎপত্তি, স্থিতি ও সংহারের ব্যবস্থা সংস্থাপন করিয়া স্বীয় অনন্তশক্তি প্রদর্শন করিয়াছেন। এই অনন্ত ব্রহ্মাণ্ডের কার্য্যকারণ দেখিয়া সর্ব্বশক্তিমান্ পরমপুরুষ পরাৎপর পরমব্রহ্মই যে এই অনন্তব্রহ্মাণ্ডের একমাত্র কারণ, তাহা বিলক্ষণ প্রতীত হইল ॥ ১ ॥

এইরূপে ভৃগু বরুণপ্রোক্ত ব্রহ্মবিদ্যাকে স্বীয় হৃদয়াকাশে প্রতিষ্ঠিত করিয়া সচ্চিদানন্দময় পরমব্রহ্মের স্বরূপ পরিজ্ঞাত হইয়া পরমধাম মোক্ষপদ লাভ করিয়াছিলেন। এইরূপ অন্যান্য মহামুনিগণও তপস্যাদ্বারা সেই জগৎকর্ত্তার স্বরূপ জানিয়া অসারসংসারমায়া বিসর্জ্জনপূর্ব্বক ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞানদ্বারা মুক্তিলাভ করিয়া থাকেন। যে ব্যক্তি এইরূপ ব্রহ্মনিষ্ঠা-

স-য-এবং বেদ প্রতিতিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি। প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ২ ॥

ইতি ষষ্ঠোঽনুবাকঃ ॥ ৬ ॥

---

প্রজয়া পুত্রাদিনা পশুভির্গবাশ্বাদিভির্ব্রহ্মবর্চ্চসেন শমদমজ্ঞানাদিনিমিত্তেন তেজসাং মহান্ ভবতি কীর্ত্ত্যা খ্যাত্যা শুভপ্রচারনিমিত্তয়া সাক্ষাদনুভবতী-ত্যর্থঃ ॥ ১-২ ॥

ইতি ষষ্ঠোঽনুবাকঃ ॥ ৬ ॥

---

দ্বারা সেই পরমাত্মস্বরূপ সর্ব্বানন্দময় পরমব্রহ্মকে জানিতে পারেন, তিনি ব্রহ্মবিজ্ঞানপ্রভাবে স্বয়ং ব্রহ্মস্বরূপ হন। ব্রহ্মের সত্তাতেই এই জগৎ বিদ্যমান আছে, তাঁহারই প্রভাবে এই সকল ভূত প্রভূত অন্নশালী হইয়াছে। তাঁহারই মাহাত্ম্যবলে অখিলজগতে অনন্ত জীবসকল অন্নভক্ষণ করিয়া জীবিত আছে। সেই পরমপুরুষের কৌশলে জীবগণ প্রদীপ্ত অগ্নি বিশেষদ্বারা অন্নাদি পরিপাক করিতেছে। যে মানব এইরূপে সেই পরংব্রহ্মকে জানিতে পারেন, তিনিই এই জগতে সর্ব্বশ্রেষ্ঠ ও মহৎ হন। যিনি ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান দ্বারা এইরূপে আত্মাকে চরিতার্থ করিতে পারেন, তাঁহার পুত্রপৌত্রাদি প্রজাবর্গ উত্ত-রোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। গো, অশ্বাদি পশুগণ তাঁহার প্রাধান্য সম্পাদন করে এবং শমদমাদি ব্রহ্মতেজের আবির্ভাব হয়। এইরূপে সর্ব্বপ্রকারেই সেই ব্রহ্মবিদ্‌পুরুষের প্রাধান্য সর্ব্বত্র প্রসিদ্ধ হয়। যিনি সেই ব্রহ্মবিদ্যা হৃদয়ঙ্গম করিয়া জগদ্-গুরুর স্বরূপ পরিজ্ঞাত হইয়াছেন, তাঁহার অতুলকীর্ত্তি এই অনন্ত জগতে সর্ব্বত্র পরিব্যাপ্ত হইয়া থাকে ॥ ২ ॥

ইতি ষষ্ঠ অনুবাক ॥ ৬ ॥

অন্নং ন নিন্দ্যাৎ। তদ্ব্রতম্। প্রাণো বা অন্নম্। শরীর-মন্নাদম্। প্রাণে শরীরং প্রতিষ্ঠিতম্। শরীরে প্রাণঃ প্রতিষ্ঠিতঃ। তদেতদন্নমন্নে প্রতিষ্ঠিতম্। স-য-এতদন্নমন্নে প্রতি-

---

কিঞ্চান্নেন দ্বারভূতেন ব্রহ্মবিজ্ঞানং যস্মাত্তস্মাদ্গুরুমিবান্নং ন নিন্দ্যাত্তদস্যৈবং ব্রহ্মবিদো ব্রতমুপদিশ্যতে ব্রতোপদেশোঽন্নস্তুতয়ে স্তুতি-ভাক্‌ত্বঞ্চান্নস্য ব্রহ্মোপলব্ধ্যুপায়ত্বাৎ। প্রাণো বা অন্নম্। শরীরান্তর্ভাবাৎ-প্রাণস্য। যদ্যস্যান্তঃ প্রতিষ্ঠিতং ভবতি তত্তস্যান্নং ভবতীতি। শরীরে চ প্রাণঃ প্রতিষ্ঠিতস্তস্মাৎ প্রাণোঽন্নং শরীরমন্নাদম্। তথা শরীরমপ্যন্নং

---

অন্নকে নিন্দা করিবে না, কারণ অন্নদ্বারাই ব্রহ্মবিজ্ঞান লাভ হইয়া থাকে। অতএব অন্নই ব্রহ্মোপদেশক গুরুবৎ পুজনীয় এবং অন্ন ব্রহ্মবিজ্ঞানবান্ পুরুষের ব্রতস্বরূপ ; সুতরাং অন্ন সকলের স্তবনীয়, অন্নই ব্রহ্মপ্রাপ্তির প্রধান উপায়, অন্নাভাবে ব্রহ্মবিজ্ঞান সাধন হয় না। অন্নই জগতের প্রাণ, প্রাণবিহীন শরীর যেমন নিষ্কর্ম্ম, তেমন অন্নব্যতিরেকে সেই প্রাণও নিষ্কর্ম্ম হইয়া পড়ে। শরীর না থাকিলে প্রাণ কোন কার্য্যকারী হয় না ; অন্নই শরীরের মূলকারণ। শরীরই অন্নের ভোক্তা, সেই শরীর অন্নভক্ষণ করিয়া প্রতিষ্ঠিত আছে, অন্নদ্বারা শরীর বর্দ্ধিত হয়, অন্ন বিনা শরীর রক্ষা হয় না ; এই নিমিত্ত শরীরকে অন্নাদ বলে এবং সেই শরীরের অন্নস্বরূপ প্রাণও অন্নাদ। যেমন অন্নাভাবে শরীর রক্ষা হয় না, সেইপ্রকার প্রাণের অভাবেও শরীর থাকে না। প্রাণের অধিষ্ঠানেই শরীর প্রতিষ্ঠিত আছে। অন্ন ও শরীর এই উভয় পরস্পরের সাহায্যে প্রতিষ্ঠিত আছে এবং ইহারা উভয়ই অন্ন ভক্ষণ করিয়া প্রতিষ্ঠিত রহিয়াছে। পরন্তু এইরূপে অন্নই অন্নেতে প্রতিষ্ঠিত।

ষ্ঠিতং বেদ প্রতিতিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি। প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা॥ ১॥

ইতি সপ্তমোঽনুবাকঃ॥ ৭॥

---

প্রাণোঽন্নাদঃ। কস্মাৎপ্রাণে শরীরং প্রতিষ্ঠিতম্। তন্নিমিত্তত্বাচ্ছরীরস্থিতেঃ। তস্মাদেতদুভয়ং শরীরং প্রাণশ্চান্নমন্নাদশ্চ। যেনান্যোঽন্যস্মিন্ প্রতিষ্ঠিতং তেনান্নম্। যেনান্যোঽন্যস্য প্রতিষ্ঠা তেনান্নাদঃ। তস্মাৎ প্রাণঃ শরীরঞ্চোভয়মন্নমন্নাদি চ। স য এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতিতিষ্ঠত্যন্নান্নাদাত্মনৈব। কিঞ্চান্নবানন্নাদো ভবতীত্যাদি পূর্ব্ববৎ॥ ১॥

ইতি সপ্তমোঽনুবাকঃ॥ ৭॥

---

যে ব্যক্তি এইরূপে অন্নে প্রতিষ্ঠিত শরীর ও প্রাণ এই সকলের যথার্থ তত্ত্ব অবগত আছেন, তিনি এই জগতে সর্ব্বপ্রধান ও মহৎ হন। যিনি উক্তপ্রকারে শরীর ও প্রাণের প্রকৃত তত্ত্ব অবগত হইয়া আত্মাকে চরিতার্থ করিতে পারিয়াছেন, তিনি অন্নবান্ ও অন্নভোক্তা হন, তাঁহার পুত্রপৌত্রাদি প্রজাবর্গ বৃদ্ধি পাইয়া থাকে। গো, অশ্ব প্রভৃতি পশুগণ তাঁহার সর্ব্বপ্রাধান্য স্থাপন করে এবং তিনি ব্রহ্মেতে প্রতিষ্ঠা লাভ করেন, তাঁহার আত্মাতে শমদমাদি ব্রহ্মতেজঃ আবির্ভূত হয়। সর্ব্বপ্রকারেই সেই শরীরতত্ত্বজ্ঞ পুরুষের প্রাধান্য সর্ব্বত্র বিখ্যাত হয়। যিনি শরীরতত্ত্ব (আত্মতত্ত্ব) অবগত হইয়া ব্রহ্মতত্ত্ব হৃদয়ঙ্গম করিতে পারেন, এই জগতে তাঁহার অসীম কীর্ত্তি সর্ব্বত্র পরিব্যাপ্ত হইয়া থাকে এবং সেই ব্যক্তি মনুষ্য জন্ম সফল করিয়া সর্ব্বদা নিত্যানন্দভোগের অধিকারী হইয়া থাকেন॥ ১॥

ইতি সপ্তম অনুবাক॥ ৭॥

অন্নং ন পরিচক্ষীৎ। তদ্ব্রতম্। আপো বাঽন্নম্। জ্যোতিরন্নাদম্। অপসু জ্যোতিঃ প্রতিষ্ঠিতম্। জ্যোতিঃ ষ্যাপঃ প্রতিষ্ঠিতাঃ। তদেতদন্নমন্নে প্রতিষ্ঠিতম্॥ ১॥

স-য-এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতিতিষ্ঠতি। অন্ন-

---

অন্নং ন পরিচক্ষীৎ ন পরিহরেৎ। তদ্ব্রতং পূর্ব্ববৎ স্তুত্যর্থম্। তদেবং শুভাশুভকল্পনয়াঽপরিহ্রীয়মাণং স্তুতং মহীকৃতমন্নং স্যাদেবং যথোক্তমুত্তরেষ্ব-

---

কখনও কেহ অন্ন পরিত্যাগ করিতে পারিবেন না। অন্নই এই অনন্তজগতের মূল এবং ব্রহ্মবিদ্ ব্রতপরায়ণ যোগিগণের ব্রতস্বরূপ, অতএব ব্রহ্মতত্ত্বজ্ঞঋষিবর্গ সেই অন্নকে গুরুবৎ স্তব করিয়া থাকেন। অন্নই শুভাশুভ কার্য্য করিয়া সকলের পূজনীয় হইয়াছে। অন্নই ব্রহ্মপ্রাপ্তির প্রধান কারণ। জলও অন্নস্বরূপ, জলব্যতিরেকে শরীর রক্ষা হয় না এবং শরীর ব্রহ্মপ্রাপ্তির প্রধান কারণ। সেই শরীর জলদ্বারা প্রতিষ্ঠিত আছে। জলই অন্ন, কারণজল হইতে অন্ন উৎপন্ন হইয়া থাকে এবং জ্যোতিই (তেজঃ) অন্নের ভোক্তা। এই শারীরিক তেজঃ অন্নভক্ষক অর্থাৎ অন্নদ্বারা শরীরের তেজঃ বৃদ্ধি পাইয়া থাকে। সেই তেজঃ জল হইতে উৎপন্ন হইয়া শরীরে প্রতিষ্ঠিত আছে এবং জলও তেজঃদ্বারা প্রতিষ্ঠিত রহিয়াছে। অতএব জল ও তেজঃ উভয়ই পরস্পরসম্বন্ধ। এইরূপে অন্নই অন্নেতে প্রতিষ্ঠিত আছে। সুতরাং সকলই শরীর সম্বর্দ্ধনের হেতু॥ ১॥

যেব্যক্তি এইরূপে অন্নে প্রতিষ্ঠিত অন্নের তত্ত্ব ( শারীরিক তত্ত্ব ) অবগত হইয়াছেন, তিনি যথার্থ ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইতে পারেন এবং তিনিই এই জগতে সর্ব্বপ্রধান ও সর্ব্বমহৎ হইয়া থাকেন। যিনি উক্তপ্রকারে শরীরসম্বন্ধীয় পাঞ্চভৌতিক তত্ত্ব

বান্নম্যন্দোভবতি। মহান্ ভবতি। প্রজয়া পশুভির্ব্রহ্ম বর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ২ ॥

ইতি অষ্টমোঽনুবাকঃ ॥ ৮ ॥

---

প্যাপো বা অন্নমিত্যাদিষু যোজয়েৎ। অপ্সু জ্যোতিরিতি অবৃজ্যোতিষো-রন্নান্নাদগুণত্বেনোপাসকস্যান্নস্য বহুকরণং ব্রতম্ ॥ ১২ ॥

ইতি অষ্টমোঽনুবাকঃ ॥ ৮ ॥

---

পরিজ্ঞাত হইয়া জীবনের সফলতা সম্পাদন করিয়াছেন, তিনি অন্নভোজনের কর্ত্তা হইয়া থাকেন। তাঁহার পুত্রপৌত্রাদি প্রজাবর্গ অসংখ্যরূপে বৃদ্ধি পাইয়া সকলের উপরে আধিপত্য স্থাপন করিতে পারে এবং গো অশ্ব প্রভৃতি পশুকুল তাঁহার সর্ব্বপ্রাধান্য কীর্ত্তন করিয়া থাকে। যিনি ব্রহ্মবিজ্ঞানে প্রতিপত্তি লাভ করেন, তাঁহার আত্মাতে শমদমাদি ব্রহ্মতেজঃ আবির্ভূত হইয়া জীবনের প্রকৃত উদ্দেশ্য সাধন করে। সেই শরীরতত্ত্ববিদ্ মহাপুরুষের সর্ব্বপ্রকার প্রাধান্য সর্ব্বত্র বিস্তৃত হইয়া থাকে। যিনি শারীরিক তত্ত্ব অবগত হইয়া স্বীয় জ্ঞানের পরিপাকদ্বারা সেই ব্রহ্মতত্ত্ব জানিতে পারেন, এই জগতে তাঁহার অতুলকীর্ত্তি দিগন্তব্যাপিনী হইয়া তাঁহার সর্ব্ব-প্রাধান্য কীর্ত্তন করিয়া থাকে এবং তিনি মানবজন্ম কৃতার্থ করিয়া সর্ব্বদা অতুল আনন্দভোগকরতঃ নিত্য অনির্ব্বচনীয় সুখসাগরে ভাসিতে থাকেন ॥ ২ ॥

ইতি অষ্টম অনুবাক ॥ ৮ ॥

অন্নং বহু কুর্ব্বীত। তদ্‌ব্রতম্। পৃথিবী বাঽন্নম্।

---

অন্নকে বহুজ্ঞান করিবে, অন্ন যে এই জগতে সর্ব্বময়কর্ত্তা, তাহাই জ্ঞান করা বিধেয়। অন্নদ্বারাই ব্রহ্মতত্ত্ব জানা যায়, অতএব অন্নই ব্রহ্মতত্ত্বোপদেশক গুরুবৎ পূজনীয় এবং সেই অন্ন ব্রহ্মতত্ত্ববিদ্ যোগিগণের যোগ ও ব্রহ্মস্বরূপ, সুতরাং অন্ন সকলের স্তবনীয়, অন্নই ব্রহ্মবিজ্ঞানলাভের প্রধান উপায়, অন্ন ব্যতিরেকে ব্রহ্মের স্বরূপ পরিজ্ঞান অসম্ভব। অন্নই এই অনন্ত-জগতের প্রাণ, প্রাণবিহীন শরীর যেমন কোন কার্য্যকারী হয় না, তেমন অন্নাভাবে সেই প্রাণ কোন কার্য্য করিতে পারে না। শরীরের অভাবে প্রাণের কোনপ্রকার কার্য্যের শক্তি থাকে না। পৃথিবীই শরীরের অন্নস্বরূপ। পৃথিবী ব্যতি-রেকে শরীর রক্ষা হয় না এবং শরীর ব্রহ্মবিজ্ঞানসাধনের প্রধান উপায়। সেই শরীর পৃথিবীদ্বারা প্রতিষ্ঠিত আছে। আকাশই অন্নের ভোক্তা অর্থাৎ শারীরিক আকাশ পৃথিবী-স্বরূপ অন্নভোজন করে, অন্নদ্বারা শরীরের পার্থিব অংশ বৃদ্ধি পাইয়া শরীর রক্ষা করে। পৃথিবীতে আকাশ প্রতিষ্ঠিত অর্থাৎ সেই আকাশই পৃথিবীর সংসর্গে শরীরে আবদ্ধ আছে এবং আকাশে পৃথিবী প্রতিষ্ঠিত আছে, অর্থাৎ আকাশদ্বারা সম্বদ্ধ হইয়া পৃথিবী এই শরীর উৎপাদন করিয়াছে। অতএব পৃথিবী ও আকাশ পরস্পরের সাহায্যে উভয় সম্বদ্ধ হইয়া রহিয়াছে। পৃথিবী ও আকাশ উভয় এই শরীরের কারণ। এইরূপে অন্নই অন্নেতে প্রতিষ্ঠিত অর্থাৎ আকাশাদি পঞ্চ-ভুত পরস্পরের সংসর্গে সম্বদ্ধ হইয়া এই শরীর উৎপাদন করি য়াছে। সুতরাং ব্রহ্মবিজ্ঞান সাধনের জন্য শরীরস্থ পঞ্চভুতের

আকাশোঽন্নাদঃ। পৃথিব্যামাকাশঃ প্রতিষ্ঠিতঃ। আকাশে পৃথিবী প্রতিষ্ঠিতা। তদেতদন্নমন্নে প্রতিষ্ঠিতম্॥ ১॥

স-য-এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতিতিষ্ঠতি। অন্ন-

---

তত্ত্ব পরিজ্ঞাত হওয়া আবশ্যক! শারীরিকতত্ত্ব পরিজ্ঞাত না হইলে ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞান হয় না॥ ১॥

যে ব্যক্তি উক্তপ্রকারে অন্নে প্রতিষ্ঠিত অন্নের তত্ত্ব অর্থাৎ পাঞ্চভৌতিক তত্ত্বদ্বারা শারীরিকতত্ত্ব অবগত হইয়া প্রকৃত ব্রহ্মতত্ত্ব জানিতে পারেন, সেই ব্যক্তি এই অনন্তব্রহ্মাণ্ডে সর্ব্বপ্রধান ও মহৎ হইয়া থাকেন। যিনি উক্তরূপে শারীরিক পঞ্চভূতের যথার্থ তত্ত্ব জানিয়া জ্ঞানবলে ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান পূর্ব্বক জীবনের সাফল্য সম্পাদন করিয়াছেন। তিনি এই ব্রহ্মাণ্ডে অন্নভোজনের প্রকৃত ফল পাইয়াছেন। তাঁহার পুত্র পৌত্র প্রভৃতি প্রজাবর্গ অনবরত বর্দ্ধিত হইয়া সকলের উপরে প্রাধান্য স্থাপন করিতে পারে এবং তাঁহার গো, অশ্ব প্রভৃতি পশু সকল জগতে সর্ব্বপ্রাধান্য কীর্ত্তন করিয়া থাকে। যিনি ব্রহ্মবিজ্ঞানবিষয়ে প্রতিষ্ঠালাভ করেন, তাঁহার আত্মাতে শমদমাদি ব্রহ্মতেজঃ আবির্ভূত হইয়া জীবনের প্রকৃত কার্য্য সাধন করিয়া থাকে। এই শারীরিকতত্ত্ববিদ্ যোগিপুরুষের সর্ব্বপ্রকার প্রাধান্য সর্ব্বত্র বিস্তৃত হইয়া পড়ে। যিনি উক্ত প্রকারে শারীরিকতত্ত্ব অবগত হইয়া স্বীয় জ্ঞানের নির্ম্মলতা সাধনপূর্ব্বক সেই পরাৎপর করুণাময় পরমেশ্বরের পরমতত্ত্ব জানিতে পারিয়াছেন, এই অনন্তজগতে তাঁহার দিগন্তব্যাপিনী কীর্ত্তি পরম সৌভাগ্য বৃদ্ধিকরিয়া দেয়, সেই পরম সৌভাগ্য-শালী মহাপুরুষ আপন জীবনের সাফল্যসম্পাদন করিয়া

বানন্নাদো ভবতি। মহান্ ভবতি। প্রজয়া পশুভির্ব্রহ্ম-বর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা॥ ২॥

ইতি নবমোঽনুবাকঃ॥ ৯॥

---

ন কঞ্চন বসতৌ প্রত্যাচক্ষীৎ। তদ্ব্রতম্। তস্মা-দ্‌যয়া কয়া চ বিধয়া বহ্বন্নং প্রাপ্নুয়াৎ। অরাধ্যস্মা অন্ন-

---

তথা পৃথিব্যামাকাশোপাসকস্য বসতৌ বসতিনিমিত্তং কঞ্চন কঞ্চি-দপি ন প্রত্যাচক্ষীৎ বসত্যর্থমাগতং ন নিবারয়েদিত্যর্থঃ। বাসে চ দত্তেঽবশ্যং হ্যশনং দাতব্যম্। তস্মাদ্‌যয়া কয়া চ বিধয়া যেন কেন প্রকারেণ বহ্বন্নং প্রাপ্নুয়াৎ বহ্বন্নসংগ্রহং কুর্য্যাদিত্যর্থঃ। যস্মাদন্নবন্তো বিদ্বাংসোঽভ্যাগতায়ান্নার্থিনে অরাধি সংসিদ্ধমস্মৈ অন্নমিত্যাচক্ষতে ন

---

সর্ব্বদা সেই সচ্চিদানন্দের সাক্ষাৎকার লাভে অসীম আনন্দ ভোগকরতঃ চিরকাল অপরিসীম সুখস্বচ্ছন্দে কালযাপন করিতে পারে॥ ২॥

ইতি নবম অনুবাক॥ ৯॥

---

যাহারা এই পৃথিবীতে থাকিয়া ব্রহ্মের আরাধনা করে, তাহারা অন্ন পরিত্যাগ করিতে পারে না, বসতির নিমিত্ত সকলেরই অন্ন আবশ্যকীয় পদার্থ। কেহই অভ্যাগতকে নিবা-রণ করিতে পারে না। আশ্রমে বসতির স্থান প্রদান করিলে অন্নার্থীকে অবশ্য অন্নপ্রদান করিতে হয়, সুতরাং অন্ন সক-লের গুরুবৎ পূজনীয়, অন্ন ব্রহ্মবিদ্ যোগিগণের যোগ বা ব্রতস্বরূপ। এইনিমিত্ত প্রাণীমাত্রই অন্নকে স্তব করিয়া থাকে। আশ্রমে কোন ব্যক্তি উপস্থিত হইলে তাহাকে অন্নপ্রদান

মিত্যাচক্ষতে। এতদ্বৈ মুখতোঽন্নꣳ রাদ্ধম্। মুখতোঽস্মা
অন্নꣳ রাধ্যতে এতদ্বৈমধ্যতোঽন্নꣳ রাদ্ধম্। মধ্যতোঽস্মা

---

নাস্তীতি প্রত্যাখ্যানং কুর্ব্বন্তি তস্মাচ্চ হেতোর্ব্বহ্বন্নং প্রাপ্নুয়াদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। অপি চান্নদানস্য মাহাত্ম্যমুচ্যতে। যথা যৎকালং প্রয়চ্ছত্যন্নং তথা তৎকালমেব প্রত্যুপনমতে। কথমিতি তদেতদাহ। এতদ্বৈ অন্নং মুখতো মুখ্যে প্রথমে বয়সি মুখ্যয়া বা বৃত্ত্যা পূজাপুরঃসরমভ্যাগতায়ান্না-

---

করা বিধেয়। অতএব যে কোনপ্রকার বৃত্তি অবলম্বন করিয়া অন্নসঞ্চয় করিবে। সকলেই সর্ব্বপ্রযত্নে বহু অন্ন সংগ্রহ করা অবশ্য কর্ত্তব্যকর্ম্ম বলিয়া জানিবে। অন্ন-ভোজী পণ্ডিতবর্গের অন্নসংগ্রহ থাকিলেই অন্নার্থী অভ্যা-গত ব্যক্তিকে অন্নপ্রদান করিয়া তাহার আরাধনা করিতে পারেন। অন্নদ্বারা বহু কার্য্য সাধন হয়, এই নিমিত্ত ইহাকে অন্ন বলিয়া থাকে। যে বস্তু না দিয়া থাকিতে পারা যায় না, তাহার নাম অন্ন। অতিথি উপস্থিত হইলে তাহাকে অন্ন প্রদান না করিয়া সেই অতিথিকে বিমুখ করা অবৈধকার্য্য; এই নিমিত্ত সর্ব্বপ্রযত্নে বহু অন্ন সংগ্রহ করিয়া রাখিবে। অন্ন-দানের অসীম মাহাত্ম্য; যে কালে অন্নপ্রদান করা যায়, সেই কালেই তাহার প্রতিফল পাওয়া যায়। সেই অন্নের উপা-র্জ্জন ও প্রদান নানাপ্রকার হইয়া থাকে।—প্রথম বয়সে প্রকৃষ্ট উপায়ে অন্ন উপার্জ্জন করিয়া অন্নার্থী অতিথিকে যথাবিহিত সৎকার করিয়া অন্নপ্রদান করিবে। এইরূপ করিলে যে ব্যক্তি অন্ন গ্রহণ করে, সেও প্রথম বয়সে প্রকৃষ্ট বৃত্তি অবলম্বন করিয়া অন্ন উপার্জ্জনপূর্ব্বক সেই অন্নদাতাকে অন্নপ্রদানদ্বারা উপা-সনা করিয়া থাকে। এইরূপ মধ্যমবয়সে মধ্যবিধ উপায়ে [illegible] ব্যক্তিকে অন্নপ্রদান

অন্নꣳ রাধ্যতে। এতদ্বা অন্ততোঽন্নꣳ রাদ্ধম্। অন্ততোঽস্মা অন্নꣳ রাধ্যতে॥ ১॥

য এবং বেদ। ক্ষেম ইতি বাচি। যোগক্ষেম ইতি

---

থিনে রাদ্ধং সংসিদ্ধং প্রয়চ্ছতীতি বাক্যশেষঃ। তস্য কিং ফলং স্যাদিত্যুচ্যতে। মুখতঃ পূর্ব্বে বয়সি মুখ্যয়া বা বৃত্ত্যাঽস্মৈ অন্নদায়ান্নং রাধ্যতে যথা দত্তমুপতিষ্ঠত ইত্যর্থঃ। এবং মধ্যতো মধ্যমে বয়সি মধ্যমেন চোপচারেণ। তথা ততোঽন্তে বয়সি জঘন্যেনোপচারেণ পরিভবেন তথৈবাস্মৈ রাধ্যতে সংসিদ্ধ্যত্যন্নম্॥ ১॥

য এবং বেদ য এবমন্নস্য যথোক্তং মাহাত্ম্যং বেদ তদ্দানস্য ফলং যথোক্তং ফলমুপনয়েৎ ইদানীং ব্রহ্মণ উপাসনপ্রকার উচ্যতে। ক্ষেম ইতি বাচি

---

পূর্ব্বক যথাযোগ্য অতিথির সৎকার করিবে। এইরূপে অন্নদান করিলে যে ব্যক্তি অন্নগ্রহণ করে, সেই ব্যক্তিও মধ্যবয়সে মধ্যবিধ উপায় অবলম্বন করিয়া অন্ন উপার্জ্জনদ্বারা অন্নদাতাকে অন্নপ্রদানপূর্ব্বক তাহার প্রত্যুপকার সাধনকরিয়া থাকে এবং বয়সের অন্তিমসময় উপস্থিত হইলে, তখনও জঘন্য বৃত্তি অবলম্বন করিয়া অন্নসংগ্রহপূর্ব্বক অন্নাভিলাষী অতিথিকে সেই অন্নপ্রদান দ্বারা অতিথির সৎকার করিবে। এইরূপে অন্নার্থী ব্যক্তিকে অন্নপ্রদান করিলে সেই অন্নগ্রাহী ব্যক্তি ও অন্তিমবয়সে জঘন্য ব্যবসায় আশ্রয় করিয়া অন্ন সঞ্চয় দ্বারা সেই পূর্ব্বোপকৃত অন্নপ্রদ ব্যক্তির প্রত্যুপকারসাধন মানসে তাহাকে অন্নপ্রদান করিয়া যথা সাধ্য সেই ব্যক্তির সৎকার করে। অন্নপ্রদান কখনও নিষ্ফল হয় না। যে ব্যক্তি যে অবস্থায় অপরকে অন্নদান করে, অপর ব্যক্তিও সেইরূপ অবস্থায় যথাসাধ্য উপায়ে উপকারকের প্রত্যুপকার সাধনে যত্ন করিয়া থাকে॥ ১॥

প্রাণাপানয়োঃ। কর্ম্মেতি হস্তয়োঃ। গতিরিতি পাদয়োঃ।

---

ক্ষেমো নামোপাত্তপরিরক্ষণং ব্রহ্ম বাচি ক্ষেমরূপেণ প্রতিষ্ঠিতমিত্যুপাস্যম্। যোগক্ষেম ইতি যোগোঽনুপাত্তস্যোপাদানম্। তৌ হি যোগক্ষেমৌ প্রাণাপানয়োর্ব্বলবতোঃ সতোর্ভবতো যদ্যপিতথাপি ন প্রাণাপাননিমিত্তা-বেব কিন্তর্হি ব্রহ্মনিমিত্তৌ। তস্মাদ্ব্রহ্ম যোগক্ষেমাত্মনা প্রাণাপানয়োঃ প্রতিষ্ঠিতমিত্যুপাস্যম্। এবমুত্তরেষন্যেষ তেন তেনাত্মনা ব্রহ্মৈবোপাস্যং কর্ম্মণো ব্রহ্মনির্ব্বর্ত্ত্যত্বাদ্ধস্তয়োঃ কর্ম্মাত্মনা ব্রহ্ম প্রতিষ্ঠিতমুপাস্যম্। গতি-

---

এইক্ষণ ব্রহ্মোপাসনার প্রকারভেদ কথিত হইতেছে। যে ব্যক্তি পূর্ব্বোক্তপ্রকারে অন্নপ্রদানের মাহাত্ম্য পরিজ্ঞাত আছে, সেই ব্যক্তিই অন্নদানের যথার্থ ফল জানিয়া ব্রহ্মের উপাসনা করিতে পারে। প্রাপ্ত বিষয়ের রক্ষার জন্য বাক্যদ্বারা ব্রহ্মের উপাসনা করিবে, সর্ব্বদা সেই সচ্চিদানন্দ পরাৎপর পরমপুরুষকে স্মরণ পূর্ব্বক তাঁহার নামোচ্চারণ ও কীর্ত্তন করিবে। সেই সনাতন পরমপুরুষ মনুষ্যের বাক্যেতে উচ্চারণশক্তিরূপে প্রতিষ্ঠিত আছেন। অতএব বাক্য-দ্বারা তাঁহার নাম কীর্ত্তন ও উচ্চারণ করিয়া তাঁহারই উপাসনা করিবে। অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তি জন্য শরীর স্থিত প্রাণ ও অপান বায়ুর যে যোগসাধনশক্তি অর্থাৎ অপ্রাপ্ত বস্তুর গ্রহণ যোগ্যতা আছে, তাহা কেবল লোকের জীবন ধারণের নিমিত্ত নহে; প্রাণের সেই যোগসাধন শক্তি কেবল ঈশ্বরের-স্বরূপ পরিজ্ঞানার্থ জানিবে। অতএব যোগাশ্রয় করিয়া সমাধি অবলম্বন পুর্ব্বক সেই পরমপিতা পুরুষোত্তম বিশ্বেশ্বরের আরাধনা করিবে। সেই পরাৎপর পরমপুরুষ যোগসাধনশক্তিরূপে প্রাণে প্রতিষ্ঠিত আছেন, সুতরাং তিনিই জগতের উপাস্য। হস্তদ্বারা সেই জগন্নাথের

বিমুক্তিরিতি পায়ৌ। ইতি মানুষীঃ সমাজ্ঞাঃ। অথ দৈবীঃ। তৃপ্তিরিতি বৃষ্টৌ। বলমিতি বিদ্যুতি ॥ ২ ॥

---

রিতি পাদয়োঃ। বিমুক্তিরিতি পায়ৌ। ইত্যেতা মানুষীর্ম্মনুষ্যেষু ভবা মানুষ্যাঃ সমাজ্ঞা আধ্যাত্মিক্যঃ সমাজ্ঞাঃ জ্ঞানানি বিজ্ঞানান্যুপাসনানীত্যর্থঃ ॥ অথানন্তরং দৈবীর্দ্দিব্যো দেবেষু ভবাঃ সমাজ্ঞা উচ্যন্তে। তৃপ্তিরিতি বৃষ্টৌ। বৃষ্টেরন্নাদিদ্বারেণ তৃপ্তিহেতুত্বাদ্‌ব্রহ্মৈব তৃপ্ত্যাত্মনা বৃষ্টৌ ব্যবস্থিতমিত্যুপাস্যম্। তথান্যেষু যেন তেনাত্মনা ব্রহ্মৈবোপাস্যম্। তথা বলরূপেণ বিদ্যুতি ॥ ২ ॥

---

উপাসনা করিবে,—সর্ব্বদা হস্তদ্বারা তাঁহারই আরাধনার অনুকুল কার্য্য করিবে। তিনিই হস্তের কার্য্যকরণ শক্তিরূপে হস্তে প্রতিষ্ঠিত আছেন, অতএব সেই সর্ব্বানন্দময় অদ্বিতীয় পুরুষই জগতে আরাধনীয়। এইরূপে সেই জগৎকর্ত্তা পাদের গতিশক্তিরূপে প্রতিষ্ঠিত আছেন; অতএব পাদদ্বারা গমন করিয়া তাঁহার আরাধনার কার্য্য করিবে এবং তিনিই পায়ুদেশের বিসর্জ্জনশক্তিরূপে প্রতিষ্ঠিত আছেন। সেই সর্ব্বেন্দ্রিয়ব্যাপী সর্ব্বশক্তিমান জগৎপিতার উপাসনাতে সকল ইন্দ্রিয় নিযুক্ত করিতে হইবে, ইহাই মনুষ্যের আধ্যাত্মিক জ্ঞান ও বিজ্ঞান উপাসনা। জগৎকর্ত্তা এই প্রকারে মানুষীশক্তিরূপে প্রকাশ পাইয়া থাকেন। অনন্তর দেবশক্তিরূপে জ্ঞান ও বিজ্ঞান উপাসনা কথিত হইতেছে।—সেই জগৎপতি পরমাত্মা পরমপুরুষ, তৃপ্তিরূপে বৃষ্টিতে প্রতিষ্ঠিত আছেন। তিনি বৃষ্টিদ্বারা অন্নাদি সমুৎপাদন করিয়া অনন্ত প্রাণীর তৃপ্তিসাধন করিতেছেন। অতএব জগতের তৃপ্তি সম্পাদক সেই সর্ব্বেশ্বর পরমব্রহ্মের উপাসনা করিবে। সেই করুণাময় সনাতন ব্রহ্ম-বলস্বরূপে বিদ্যুতে প্রতিষ্ঠিত আছেন। বিদ্যুতের সেই অনন্ত

যশ ইতি পশুষু। জ্যোতিরিতি নক্ষত্রেষু। প্রজাতিরমৃতমানন্দ ইত্যুপস্থে। সর্ব্বমিত্যাকাশে। তৎপ্রতিষ্ঠেত্যু-

---

যশোরূপেণ পশুষু। জ্যোতীরূপেণ নক্ষত্রেষু। প্রজাতিরমৃতমৃতত্বপ্রাপ্তিঃ পুত্রেণ ঋণবিমোক্ষদ্বারেণানন্দঃ সুখমিত্যেতৎসর্ব্বমুপস্থনিমিত্তং ব্রহ্মৈবানেনাত্মনোপস্থে প্রতিষ্ঠিতমিত্যুপাস্যম্ সর্ব্বং হ্যাকাশে প্রতিষ্ঠিতমতো যৎসর্ব্বমাকাশে তদ্‌ব্রহ্মৈবেত্যুপাস্যম্। তচ্চাকাশং ব্রহ্মৈব।

---

সাধরণ বল তাঁহার শক্তি ভিন্ন আর কিছুই নহে। সেই জগৎপতির অনুকম্পাবলে বিদ্যুতের এইরূপ শীঘ্রগামিত্বশক্তি হইয়াছে, অতএব সর্ব্বতোভাবে সেই অদ্বিতীয় পরব্রহ্মের আরাধনা করা অবশ্য কর্ত্তব্য ॥ ২ ॥

সেই অনাদিনিধন নির্ব্বিকার নিরঞ্জন সচ্চিদানন্দময় ব্রহ্ম পশুতে যশোরূপে প্রতিষ্ঠিত আছেন। তিনি নক্ষত্রে জ্যোতিঃস্বরূপে প্রতিষ্ঠিত আছেন,—নক্ষত্র প্রভৃতি জ্যোতিষ্কমণ্ডল তাঁহারই প্রভায় জ্যোতির্ম্ময় হইয়া সমস্ত ভুবন আলোকিত করতঃ সেই অদ্বিতীয় সনাতন পরব্রহ্মের মাহাত্ম্য প্রকাশ করিতেছে। তিনি উপস্থে প্রজারূপে প্রতিষ্ঠিত আছেন,—পুত্র সকল উৎপন্ন হইয়া পিতৃঋণ বিমোচনপূর্ব্বক তাহাদিগের সুখসাধন করে এবং প্রজাবর্গ তাঁহারই কৃপায় মোক্ষপদ পাইয়া নিত্যানন্দ ভোগ করে। অতএব এইরূপে সেই বিশ্বপাতা পরমপুরুষের উপাসনা করিবে। সেই পরাৎপর পরমব্রহ্মই আত্মস্বরূপে জগতের সমস্ত বস্তুতে প্রতিষ্ঠিত আছেন, এই নিমিত্ত তাঁহার আরাধনা করিবে। এই অনন্ত ব্রহ্মাণ্ড আকাশে প্রতিষ্ঠিত আছে এবং আকাশে যে সকল বস্তু প্রতিষ্ঠিত আছে, তাহাও ব্রহ্মস্বরূপ এবং সেই আকাশও ব্রহ্মময়। এইরূপে তাঁহার উপা-

পাসীত। প্রতিষ্ঠাবান্ ভবতি। তন্মহ ইত্যুপাসীত। মহান্ ভবতি। তন্মন ইত্যুপাসীত। মানবান্ ভবতি ॥ ৩ ॥

তন্নম ইত্যুপাসীত। নম্যন্তেঽস্মৈ কামাঃ। তদ্‌ব্রহ্মে-

---

তস্মাত্তৎসর্ব্বস্য প্রতিষ্ঠেত্যুপাসীত। প্রতিষ্ঠাগুণোপাসনাৎপ্রতিষ্ঠাবান্ ভবতি। এবং পূর্ব্বেষপি। যদ্যন্নাধীনং ফলং তদ্ব্রহ্মৈব তদুপাসনাত্তদ্বান্ ভবতি ইতি দ্রষ্টব্যম্। শ্রুত্যন্তরাচ্চ তং যথাযথোপাসতে তদেব ভবতীতি। তন্মহ ইত্যুপাসীত। মহো মহত্ত্বগুণবত্তদুপাসীত। মহান্ ভবতি। তন্মন ইত্যুপাসীত। মননং মনো মানবান্ ভবতি মননসমর্থো ভবতি ॥ ৩ ॥

তন্নমইত্যুপাসীত। নমনং নমো নমনগুণবদুপাসীত। নমন্তে প্রহ্বী-ভবন্ত্যস্মা উপাসিত্রে কামাঃ কাম্যন্ত ইতি ভোগ্যাবিষয়া ইত্যর্থঃ। তদ্-

---

সনা করিবে। এই অনন্ত জগতের অবস্থান সেই অনাদিনিধন পুরুষোত্তমের মাহাত্ম্যবলে হইতেছে। তিনিই এই ব্রহ্মাণ্ডের প্রতিষ্ঠা করিয়াছেন, এই নিমিত্ত সেই ব্রহ্মই প্রতিষ্ঠাবান্ হন; এইরূপে তাঁহাকে উপাসনা করিবে। ব্রহ্ম সকলের প্রতিষ্ঠা, এইরূপে যিনি তাঁহার উপাসনা করেন, তিনি তাঁহার তত্ত্ব জানিতে পারেন এবং সেই উপাসক প্রতিষ্ঠাবান্ হইয়া থাকেন। সেই পরমাত্মাকে যিনি যেরূপে ভজনা করেন, তিনি সেই রূপে তাঁহাকে লাভ করেন। তিনিই এই জগতে মহান্, এই নিমিত্ত সেই সর্ব্বমহান্ পরমপিতা জগৎপ্রভুকে মহৎরূপে উপাসনা করিবে এবং যিনি তাঁহাকে এইরূপে উপাসনা করেন, তিনিও মহান্ হইয়া থাকেন। তাঁহার আরাধনাতেই মনুষ্য মননগুণশালী হইয়াছে, অতএব সেই জগৎপতি সচ্চিদা-নন্দকে মননরূপে আরাধনা করিবে, তাহাহইলে উপাসক ও মননগুণশালী হইবে ॥ ৩ ॥

ত্যুপাসীত। ব্রহ্মবান্ ভবতি। তদ্‌ব্রহ্মণঃ পরিমর ইত্যু-

---

ব্রহ্মেত্যুপাসীত। ব্রহ্মপরিবৃঢ়তমমিত্যুপাসীত। ব্রহ্মবাংস্তদ্‌গুণো ভবতি। তদ্‌ব্রহ্মণঃ পরিমর ইত্যুপাসীত। ব্রহ্মণঃ পরিমরঃ পরিম্রিয়ন্তেঽস্মিন্ পঞ্চ দেবতাঃ বিদ্যুদ্‌বৃষ্টিশ্চন্দ্রমা আদিত্যোঽগ্নিরিত্যেতাঃ। অতো বায়ুঃ পরিমরঃ শ্রুত্যন্তরপ্রসিদ্ধেঃ। স এষ এবায়ং বায়ুরাকাশেনানন্য ইত্যাকাশো ব্রহ্মণঃ পরিমরস্তমাকাশং বায়্বাত্মানং ব্রহ্মণঃ পরিমর ইত্যুপাসীত। এবমেবং বিদং প্রতিস্পর্দ্ধিনো দ্বিষন্তোঽদ্বিষন্তোঽপি সপত্না যতো ভবন্ত্যতো বিশিষ্যন্তে দ্বিষন্তঃ সপত্না ইতি। প্রাণং দ্বিষন্তঃ সপত্নাস্তে পরিম্রিয়ন্তে প্রাণান্ জহতীত্যর্থঃ। কিঞ্চ যে চাঽপ্রিয়া অস্য ভ্রাতৃব্যা অদ্বিষন্তোঽপি তে চ পরিম্রিয়ন্তে। প্রাণো বাঽন্নং শরীরমন্নাদমিত্যারভ্যাকাশাগুস্য

---

তিনি নমনগুণশালী, তাঁহার নিকট প্রণত হইয়া উপাসনা করিবে। তাঁহার নিকট জগতের যাবতীয় পদার্থই নম্র হইয়া বিস্তৃত হইয়া থাকে। অতএব সেই জগৎস্বামী অনন্তরূপী-ব্রহ্মকে এইরূপে উপাসনা করিবে। সেই পরমব্রহ্মের অনির্ব্বচনীয় শক্তিদ্বারা অনন্তজীবের ভোগ্যবস্তু সকল উৎপন্ন হইয়াছে, তিনিই সকল ভুবনের আহারদাতা ও পালনকর্ত্তা, এইরূপে সেই জগৎকারণ ব্রহ্মের উপাসনা করিবে। তাঁহার এইরূপ অরাধনাতে উপাসক ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়া ব্রহ্মময় হইতে পারেন। এইনিমিত্ত সর্ব্বপ্রযত্নে সেই জগৎকারণ সচ্চিদানন্দ ব্রহ্মের উপাসনা করিবে। বিদ্যুৎ, বৃষ্টি, চন্দ্র, আদিত্য ও অগ্নি এই পঞ্চ দেবতা স্ব স্ব কর্ত্তব্যকার্য্য সম্পাদন করিয়া সেই জগৎপাতার মাহাত্ম্য প্রকাশ করে। শরীরস্থ বায়ুর বিনাশ হইলেই জীবের মৃত্যু হয়, সেই বায়ু তাঁহারই শক্তিবিশেষ। যাহারা প্রাণকে দ্বেষ করে, তাহারা আপনি আপনার শত্রু। আত্মতত্ত্বপরিজ্ঞাত না হইয়া যাহারা সংসার-

পাসীত। পর্য্যেণ ম্রিয়ন্তে দ্বিষন্তঃ সপত্নাঃ। পরি যেঽপ্রিয়া

---

কার্যস্যৈবান্নাদত্বমুক্তম্। উক্তং নাম কিং তেনৈতৎসিদ্ধং ভবতি কার্য্য-বিষয় এব ভোজ্যভোক্তৃত্ব কৃতঃ সংসারো ন ত্বাত্মনীতি। আত্মনি তু ভ্রান্ত্যোপচর্য্যতে॥ নন্বাত্মাপি পরমাত্মনঃ কার্য্যং ততো যুক্তস্য সংসার ইতি। ন অসংসারিণ এব প্রবেশশ্রুতেঃ। তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদি-ত্যাকাশাদিকারণস্য হ্যসংসারিণ এব পরমাত্মনঃ কার্যেষ্বনুপ্রবেশঃ শ্রূয়তে। তস্মাৎকার্য্যানুপ্রবিষ্টো জীব আত্মা পর এবাসংসারী। সৃষ্ট্বানুপ্রাবিশ-দিতি সমানকর্তৃত্বোপপত্তেশ্চ। সর্গপ্রবেশক্রিয়য়োশ্চৈককশ্চেৎকর্ত্তা ততঃ ক্ত্বাপ্রত্যয়ো যুক্তঃ। প্রবিষ্টস্য তু ভাবান্তরাপত্তিরিতি চেন্ন। প্রবেশস্যা-ন্যার্থত্বেন প্রত্যাখ্যাতত্বাৎ। অনেন জীবেনেতি বিশেষশ্রুতেঃ। ধর্ম্মা-ন্তরেণানুপ্রবেশ ইতি চেন্ন। তত্ত্বমসীতি পুনস্তদ্ভাবোক্তেঃ। ভাবান্তরা-পন্নস্যৈব তদপোহার্থা সম্পদিতি চেন্ন। তৎসত্যং স আত্মা তত্ত্বমসীতি সামানাধিকরণ্যাৎ। দৃষ্টং জীবস্য সংসারিত্বমিতি চেন্ন। উপলব্ধুরনুপলভ্য-ত্বাৎ। সংসারধর্ম্মবিশিষ্ট আত্মোপলভ্যত ইতি চেন্ন। ধর্ম্মাণাং ধর্ম্মিণো-

---

মায়ায় বদ্ধ হইয়া থাকে, তাহারাই মৃত্যুর অধীন। আর যাঁহারা আত্মতত্ত্ব জানিয়া পরংব্রহ্মের স্বরূপ জানিতে পারেন, তাঁহাদিগের মৃত্যু নাই এবং যাঁহারা প্রাণ অন্ন ও শরীর-অন্নাদ ইত্যাদিরূপে পাঞ্চভৌতিক কার্য্যকারণ অবগত হইয়া ব্রহ্ম-তত্ত্ব জানিতে পারেন, তাঁহারা সেই পরংব্রহ্মের সহিত ঐক্য-ভাবে চিরকাল নিত্যানন্দ অনুভব করিতে থাকেন। পরন্তু যাহারা এই অলীক সংসারকে সত্যজ্ঞান করিয়া ভ্রান্তিবশতঃ পরমতত্ত্ব বিস্মৃত হইয়া অসার সংসারমায়াপাশে আবদ্ধ হয়, তাহারা এই অনিত্য মায়াময় সংসারে পুনঃ পুনঃ জন্মমরণ-জনিত যাতনা ভোগ করিয়া থাকে। তাহারা কদাচ সেই পরমপিতার প্রসাদলাভ করিতে পারে না। যিনি সেই পরম-

ভ্রাতৃব্যাঃ। স যশ্চায়ং পুরুষে। যশ্চাসাবাদিত্যে। স একঃ ॥ ৪ ॥

স য এবংবিৎ। অস্মাল্লোকাৎ প্রেত্য। এতমন্নময়মা-

---

হব্যতিরেকাৎ কর্ম্মত্বানুপপত্তেঃ। উষ্ণপ্রকাশয়োর্দ্দাহ্যপ্রকাশ্যত্বানুপপত্তিবত্রা-সাদিদর্শনাদ্দুঃখত্বাদ্যনুমীয়ত ইতি চেন্ন। ত্রাসাদের্দ্দুঃখস্য চোপলভ্যমান-ত্বান্নোপলব্ধৃধর্ম্মত্বম্। কাপিলকাণাদাদিতর্কশাস্ত্রবিরোধ ইতি চেন্ন। তেষাং মূলাভাবে বেদবিরোধে চ ভ্রান্ত্যোপপত্তেঃ। শ্রুত্যুপপত্তিভ্যাঞ্চ সিদ্ধমাত্মনোঽসংসারিত্বম্। একত্বাচ্চ কথমেকত্বমিত্যুচ্যতে ॥ ৪ ॥

স যশ্চায়ং পুরুষে যশ্চাসাবাদিত্যে স এক ইত্যেবমাদি পূর্ব্ববৎ। সর্ব্বং অন্নময়াদিক্রমেণানন্দময়মাত্মানমুপসংক্রম্যৈতৎসাম গায়ন্নাস্তে। সত্যং জ্ঞানমিত্যস্যা ঋচোঽর্থো ব্যাখ্যাতো বিস্তরেণ তদ্বিবরণভূতয়ানন্দবল্ল্যা সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতেতি তস্য ফলবচনস্যার্থ-বিস্তারো নোক্তঃ। কে তে কিং বিষয়া বা সর্ব্বে কামাঃ কথং বা ব্রহ্মণা

---

পুরুষ নিত্যানন্দস্বরূপ পরমব্রহ্ম, তিনি নিখিল পুরুষের পরমাত্মা, এই অনন্তজগৎ তাঁহারই কার্য্য। দিবাকর সেই জ্যোতির্ম্ময় বিশ্বনাথের প্রতিবিম্ব, তাঁহার জ্যোতিঃপ্রভায় প্রদীপ্ত হইয়া তপনদেব অনন্তব্রহ্মাণ্ডে কিরণজাল বিস্তারপূর্ব্বক সেই সর্ব্ব-নিয়ন্তা পুরুষোত্তমের আজ্ঞা পালন করিয়া থাকেন ॥ ৪ ॥

যে ব্যক্তি সত্যজ্ঞান আনন্দস্বরূপ সর্ব্ববিজ্ঞানময় পরং-ব্রহ্মের তত্ত্ব এইরূপে পরিজ্ঞাত হইতে পারেন, তিনি ইহলোক হইতে প্রত্যাবৃত্ত হইয়া প্রথমতঃ অন্নময় আত্মাতে সংক্রান্ত হন, তৎপরে এই প্রাণময়কোষকে গ্রহণ করিয়া মনোময় কোষে সংক্রান্ত হন এবং উক্তপ্রকারে বিজ্ঞানময় কোষকে অধিকার করিয়া পরিশেষে সেই আনন্দময় আত্মাকে প্রাপ্ত হইয়া থাকেন। এইরূপে পঞ্চকোষময় আত্মাকে আক্রমণপূর্ব্বক কামনা-

ত্মানমুপসংক্রম্য। এতং প্রাণময়মাত্মানমুপসংক্রম্য এতং। মনোময়মাত্মানমুপসংক্রম্য। এতং বিজ্ঞানময়মাত্মানমুপ-

---

সহ সমশ্নুত ইত্যেতদ্বক্তব্যমিতীদমিদানীমারভ্যতে। তত্র পিতাপুত্রাখ্যায়িকায়াং পূর্ব্ববিদ্যাশেষভূতায়াং তপো ব্রহ্মবিদ্যাসাধনমুক্তম্। প্রাণাদেরাকাশান্তস্য চ কার্য্যস্যান্নান্নাদত্বেন বিনিয়োগশ্চোক্তঃ। ব্রহ্মবিষয়োপাসনানি চ। যে চ সর্ব্বে কামাঃ প্রতিনিয়তানেকসাধনসাধ্যা আকাশাদিকার্য্যভেদবিষয়া এতে দর্শিতাঃ। একত্বে পুনঃ কামকামিত্বানুপপত্তিঃ। ভেদজাতস্য সর্ব্বস্যাত্মভূতত্বাৎ। তত্র কথং যুগপদ্ব্রহ্মস্বরূপেণ সর্ব্বান্ কামানেবংবিৎসমশ্নুত ইত্যুচ্যতে। সর্ব্বাত্মত্বোপপত্তেঃ। কথং সর্ব্বাত্মত্বোপপত্তিরিত্যাহ। পুরুষাদিত্যস্যাত্মৈকত্ববিজ্ঞানেনোপোহ্যোৎকর্ষাপকর্ষবন্নময়াদ্যাত্মনোঽবিদ্যাকল্পিতান্ ক্রমেণ সংক্রম্যানন্দময়ান্তান্

---

বিশিষ্ট অন্নপ্রাপ্তি পূর্ব্বক কামরূপী হইয়া ঐহিক সুখভোগে সর্ব্বপ্রকার কামনা পরিপূরণ করতঃ ব্রহ্মের সহিত একাত্মভাবে অনির্ব্বচনীয় পরমানন্দভোগ করেন।—আত্মতত্ত্বানুসন্ধিৎসু সাধক বা উপাসক প্রাণময় শরীরে অধিষ্ঠিত হইয়া প্রথমতঃ বরুণ-ভৃগুকথিত প্রণালীতে ব্রহ্মবিদ্যার সাধনীভূত তপস্যা আচরণ করেন। তদনন্তর প্রাণময়কোষে আক্রান্ত হইয়া প্রাণাদি আকাশান্তের এবং অন্ন ও অন্নভক্ষকের তত্ত্ব অবগত হইয়া শারীরিক বিজ্ঞান সকলের আলোচনা করেন। অনন্তর মনোময় কোষকে আশ্রয় করিয়া আকাশাদির কার্য্য দৃষ্টে পাঞ্চভৌতিক তত্ত্ব পরিজ্ঞাত হন। পরে সেই আত্মা-বিজ্ঞানময় কোষে অধিষ্ঠানপূর্ব্বক সদসদৎ স্থাবরজঙ্গমাত্মক জগতের তত্ত্ব অবগত হইয়া পরমব্রহ্মেতে অভেদজ্ঞান করেন। এইরূপে সাধক বা উপাসক কোষচতুষ্টয় অতিক্রম করিয়া আনন্দময় কোষকে আশ্রয় করেন এবং আপাতমধুর পরি-

সংক্রম্য। এতমানন্দময়মাত্মানমুপসংক্রম্য। ইমাল্লোঁকান্ কামান্নী কামরূপ্যনুসঞ্চরন্। এতৎ সাম গায়ন্নাস্তে। হা ৩ বু হা ৩ বু হা ৩ বু॥ ৫॥

অহমন্ন ১ মহমন্ন ১ মহমন্নম্ ১। অহমন্নাদো ২ ঽহমন্না-

সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মদৃশ্যাদিধর্ম্মকং স্বাভাবিকমানন্দমজমমৃতমভয়মদ্বৈতং ফলমাপন্ন৷ ইমাঁল্লোকান্ ভূবাদীননুসঞ্চরন্নিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। কথমনু-সঞ্চরন্। কামান্নী কামতোঽন্নমস্যেতি কামান্নী। তথা কামতো রূপাণ্য-স্যেতি কামরূপী। অনুসঞ্চরন্ সর্ব্বাত্মনেমাঁল্লোকানাত্মত্বেনানুভবন্। কিমেতৎসাম গায়ন্নাস্তে। সমত্বাদ্‌ব্রহ্মৈব সামসর্ব্বানন্যরূপং গায়ন্ ছন্দয়ন্না-ত্মৈকত্বং প্রখ্যাপয়ন্ লোকানুগ্রহার্থতদ্বিজ্ঞানফলং চাতীব কৃতার্থত্বং গায়-ন্নাস্তে তিষ্ঠতি। হাবু হাবু হাবু অহো ইত্যেতস্মিন্নর্থেঽত্যন্তবিস্ময়খ্যাপ-নার্থঃ॥ ৫॥

কঃ পুনরসৌ বিস্ময় ইত্যুচ্যতে আত্মা। অদ্বৈত নিরঞ্জনোঽপি সন্নহমেবান্নমন্নশ্চ। কিঞ্চাহমেব শ্লোককৃৎ। শ্লোকো নামান্নান্নদয়োঃ সঙ্ঘাতস্তস্য কর্ত্তা চেতনাবান্। অন্নস্যৈব বা পরার্থস্যান্নাদার্থস্য সতোঽ-

ণামে বিষময়, অসার বিষয়ভোগে বিতৃষ্ণ হইয়া পরাৎপর পুরুষোত্তম সর্ব্বনিয়ন্তা সর্ব্বেশ্বরের সহিত ঐক্যভাব অবলম্বন করিয়া সর্ব্বদা ব্রহ্মানন্দভোগকরতঃ পরমসুখে কালযাপন করিতে থাকেন। আত্মা (উপাসক বা সাধক) এইরূপে কাম-রূপী সকল ভুবন সঞ্চরণ করিয়া অর্থাৎ প্রাণময়াদি পঞ্চকোষে অধিষ্ঠিত হইয়া প্রকৃত পরমব্রহ্মতত্ত্ব পর্য্যালোচনাপূর্ব্বক বিস্ময়া-ন্বিত হইয়া ব্রহ্মাণ্ড সকল ব্রহ্মময় দর্শন করেন॥ ৫॥

যখন আত্মার (উপাসক বা সাধকের) ব্রহ্মের সহিত একত্ব-ভাব প্রাপ্তি হয়, অর্থাৎ আত্মতত্ত্ব জ্ঞান জন্মে, তখন তিনি এই-রূপে ঐক্যবিজ্ঞাপন করেন এবং বিস্ময়জনক বাক্য বলেন

দো ২ হ্বমন্নাদঃ। অহণ্ড্ শ্লো ১ ককৃদহণ্ড্শ্লো ১ ককৃদহণ্ড্ শ্লো ১ ককৃৎ। অহমস্মি প্রথমজা ঋতা ৩ স্য। পূর্ব্বং দেবে-

নেকাত্মকস্য পরার্থেন হেতুনা সঙ্ঘাতকৃৎ। ত্রিরুক্তির্ব্বিস্ময়ত্বখ্যাপনার্থা। অহমস্মি ভবামি। প্রথমজঃ প্রথমোৎপন্নঃ। ঋতস্য সত্যস্য মূর্ত্তামূর্ত্তস্যাস্য জগতো দেবেভ্যশ্চ পূর্ব্বমমৃতস্য নাভির্ম্মধ্যং মৎসংস্থমমৃতত্বং প্রাণিনামিত্যর্থঃ। যঃ কশ্চিন্মামামন্নমন্নার্থিভ্যো দদাতি প্রযচ্ছতি অন্নাত্মনা ব্রবীতি স ইত ইত্যর্থঃ। এবমেবমবিনষ্টং যথাভূতং মাং আবা অবতীত্যর্থঃ। যঃ পুনরন্যো মামদত্বার্থিভ্যঃ কালে প্রাপ্তেঽন্নমত্তি তমন্নমদন্তমহমন্নমেব ভক্ষয়ন্তং পুরুষং ভোজয়ামি প্রত্যদ্মি। অত্রাহৈবং তর্হি বিভেমি সর্ব্বাত্মত্বপ্রাপ্তের্ম্মোক্ষাদস্তু সংসার এব যতো মুক্তোঽপ্যহমন্নভূত আদ্যঃ স্যামন্নস্যৈব মা ভৈষীঃ সংব্যবহারবিষয়ত্বাৎসর্ব্বকামাশনস্যাত্তীত্যায়ং সব্যবহারবিষয়মন্নান্নাদাদিলক্ষণমবিদ্যাকৃতং বিদ্যয়া ব্রহ্মত্বমাপন্নো বিদ্বাংস্তস্য নৈব দ্বিতীয়ং

যে, আমিই সেই অদ্বিতীয় নিরঞ্জন পরমব্রহ্মস্বরূপ; আমিই এই জগতের একমাত্র কর্ত্তা, আমার উপর আর কোন ব্যক্তির কোন বিষয়ে কর্ত্তৃত্ব নাই। আমিই অন্ন, আমি অন্নাদ অর্থাৎ আমি ভক্ষণ করি; আমি অন্নাদির ও অন্নভক্ষকের কর্ত্তা চেতনাবান্ পুরুষ, আমার সর্ব্ববিষয়ে ক্ষমতা আছে, আমি সকলের কর্ত্তা সকল জীব আমার অভিমান করিয়া থাকে। আমার প্রতি জীবের কোন বিষয়ে কিঞ্চিন্মাত্র কর্ত্তৃত্ব নাই। আমি মূর্ত্তামূর্ত্ত সদসৎ ও সচরাচর জগতের আদিপুরুষ; আমিই মধ্যম এবং আমি এই অনন্তজগতের অবসানেও বিদ্যমান থাকি। আমি সত্যের এবং দেবগণেরও আদি অর্থাৎ আমি দেবতাদিগের পূর্ব্বে জন্মিয়াছে, আমার আদি কেহই নাই। আমি প্রাণিবর্গকে মোক্ষপদ প্রদান করিতে পারি। এই জগতে আমিই সত্য, আমি চিরস্থায়ী, আমি ভিন্ন জগতের আর

ভ্যোঽমৃতস্য না৩ ভায়ি। যো মা দদাতি স ইদেব

---

বস্তন্তরমস্তি যতো বিভেতি অতো ন বিভেতব্যং মোক্ষাৎ। এবং তর্হি কিমিদমাহ অহমন্নমহমন্নমহমন্নাদ ইত্যুচ্যতে। যোঽহমন্নান্নাদাদিলক্ষণঃ সংব্যবহারঃ কার্য্যভূতঃ। সসংব্যবহার কার্য্যভূতমেব ন পরমার্থবস্তু। স এবম্ভূতোঽপি ব্রহ্মনিমিত্তো ব্রহ্মব্যতিরেকেণাসন্বিতি কৃত্বা ব্রহ্মবিদ্যাকার্য্যং সর্ব্বভাবস্য স্তুত্যর্থমুচ্যতে। অহমন্নমহমন্নমহমন্নম্। অহমন্নাদোঽহমন্নাদোঽহমন্নাদ ইত্যাদ্যন্তো ভয়াদিদোষগন্ধোঽপ্যবিদ্যানিমিত্তো বিদ্যোচ্ছেদাৎ ব্রহ্মভূতস্য নাস্তীত্যহং বিশ্বং সমস্তং ভুবনং ভূতৈঃ সম্ভজনীয়ং ব্রহ্মাদিভির্ভবন্তীতি বাস্মিন্ ভূতানীতি ভুবনমভ্যভবামভিভবামি পরমেশ্বরেণ স্বরূপেণ। সুবর্ণজ্যোতিঃ সুবরাদিত্যো নকার উপমার্থঃ। আদিত্য ইব

---

কিছুই সত্য ও চিরস্থায়ী নহে। আমিই অমৃতের নাভি, যে কোন ব্যক্তি আমাকে উদ্দেশ করিয়া অন্নার্থীকে অন্নপ্রদান করে, সে ইহলোক হইতে প্রস্থান করিয়া আমাকে প্রাপ্ত হয় ও আমাকে রক্ষা করে। যে আমার উদ্দেশে অন্নার্থী অতিথিকে অন্নপ্রদান না করিয়া অন্নভক্ষণ করে, সেই অন্নভোক্তা পুরুষকে আমি ভক্ষণ করি। সে চিরকাল অসার সংসারে পতিত থাকে, কদাপি মোক্ষপদ পাইতে পারে না। যাহারা অবিদ্যার বশীভূত ও প্রকৃত ব্রহ্মতত্ত্বপরিজ্ঞানের রসাস্বাদ জানে না, তাহারাই এই অন্ন এবং আমিই অন্নভোক্তা, এইরূপ ভ্রমজ্ঞানে অন্ধ হইয়া প্রকৃত ব্রহ্মতত্ত্ব বিস্মরণপূর্ব্বক সংসারে আবদ্ধ হইয়া থাকে। আর যাঁহারা সকল জগৎ ব্রহ্মময় বলিয়া জানেন এবং এই জগতে ব্রহ্মভিন্ন কিছুই নাই, এইরূপ যাঁহারা জ্ঞান করেন, তাঁহারা সর্ব্বদা নির্ভয়চিত্তে পরমানন্দ ভোগ করিতে থাকেন। যাবৎ অবিদ্যার আক্রমণে জীব অভিভূত থাকে,

মা ৩ বাঃ। অহমন্নমন্নমদন্তমা ৩ দ্মি। অহং বিশ্বং ভুবনমভ্য-
ভবাং ৩। সুবর্ণজ্যোতীঃ। য এবং বেদ। ইত্যুপনিষৎ ॥৬॥
রাধ্যতে বিদ্যুতি মানবান্ ভবত্যেকো হা ৩ বু য এবং
বেদৈকঞ্চ ॥

ইতি দশমোঽনুবাকঃ ॥ ১০ ॥

---

সকৃদ্বিভাতমস্মদীয়ং জ্যোতির্জ্জ্যোতিঃ প্রকাশ ইত্যর্থঃ ইতি বল্লীদ্বয়বিহি-
তোপনিষৎপরমাত্মজ্ঞানং নাম। তামেতাং যথোক্তামুপনিষদং শান্তো
দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বা ভৃগুবত্তপো মহদাস্থায় য এবং বেদ
তস্যেদং ফলং যথোক্তমোমিত্যুক্তেরিতি ॥ ৬ ॥

ইতি দশমোঽনুবাকঃ ॥ ১০ ॥

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদ-
শিষ্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ তৈত্তিরীয়োপনিষদ্ভাষ্যে
ভৃগুবল্লী নাম তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ৩ ॥

---

তাবৎ অবিদ্যার কার্য্যভূত এই অন্ন, আমি ইহা ভোজন করি,
ইত্যাদি পৃথক্ বুদ্ধি দৃষ্ট হয়। পরন্তু যখন সেই অবিদ্যা বিনাশ
পাইয়া আত্মাতে প্রকৃত ব্রহ্মজ্যোতির আবির্ভাব হয়, তখন
আর তাঁহার ভেদজ্ঞান থাকে না, সমস্ত ব্রহ্মাণ্ডই ব্রহ্মময় বলিয়া
বোধ হয়। তখন তিনি বলেন, যে আমি সূর্য্যের জ্যোতির
ন্যায় সমস্ত ভুবনকে পরাভব করি। যেমন সূর্য্য উদিত হইলে
অন্ধকার সকল বিনষ্ট হইয়া জগৎ আলোক পূর্ণ হয়, সেইরূপ
ব্রহ্মবিজ্ঞান অবির্ভূত হইলে অবিদ্যা জনিত অজ্ঞান বিনষ্ট
হইয়া আত্মা জ্যোতির্ম্ময় হইয়া থাকে। যিনি এইরূপ উপ-
নিষদের গূঢ়মর্ম্মার্থ অবগত হইয়া ভৃগুর ন্যায় তপস্যাচরণাদি
দ্বারা জ্ঞানের পরিপাকসাধন করিতে পারেন, তাঁহার আর

ভৃগুস্তস্মৈ যতো বিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ব্রহ্মেতি। ... 

কোন স্থানে কোন প্রকার ভয় থাকে না। তিনি সর্ব্বদা সেই জগৎপতি পরমপুরুষ বিশ্বনাথের কৃপাতরণী আরোহণ করিয়া ভবজলধির ভীষণতরঙ্গ অতিক্রমপূর্ব্বক নিত্যধামে গমন করিয়া সর্ব্বদা অলৌকিক সুখ ভোগকরতঃ জীবনের সার্থকতা সাধন করিয়া থাকেন। ইহাই উপনিষৎ বাক্য ॥ ৬ ॥

ইতি দশমোঽনুবাক ॥ ১০ ॥

---

আচার্য্য উপসংহারকালে শিষ্যকে বলিতেছেন,—ভৃগু স্বীয় জনকের নিকট উপদিষ্ট ও দীক্ষিত হইয়া যেরূপ তপস্যাদি দ্বারা ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান পূর্ব্বক সেই সচ্চিদানন্দময় পরমব্রহ্মেতে ঐক্যভাব প্রাপ্ত হইয়াছিলেন, সেইরূপ সর্ব্বানন্দময় পুরুষোত্তমের তত্ত্বানুসন্ধান করিয়া সেই জগন্নাথের তত্ত্বপরিজ্ঞানদ্বারা তাঁহার সহিত একত্বভাব অবলম্বনে যত্ন কর। যে আত্মা অন্নময়াদি পঞ্চকোষে অধিষ্ঠানপূর্ব্বক সেই সেই কোষের তত্ত্বপরিজ্ঞাত হইয়া সেই পরমব্রহ্মেতে বিলীন হয়, তপস্যাদ্বারা তাঁহার তত্ত্বানুসন্ধান কর। সর্ব্বানন্দময় পরমপুরুষের সাক্ষাৎকারলাভে তৎপর থাক। কদাচ অন্নকে নিন্দা করিও না; কারণ সেই জগৎপতি পরমপুরুষ প্রাণস্বরূপ, শরীর তাঁহার অন্ন। অতএব অন্ন পরিত্যাগ অবিধেয়। তিনি জলস্বরূপ এবং জ্যোতির্ম্ময়, অতএব সকলেরই অন্নসঞ্চয় করা

একাদশৈকাদশ। ন কঞ্চনৈকষষ্টিরেকান্নবিংশতিরেকান্ন-বিংশতি ॥ * ॥

ভৃগুরিত্যুপনিষৎ। শন্নো মিত্রঃ ॥ আবীদ্বক্তারম্ ॥

॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ওঁ ॥

ইতি ভৃগুবল্লী তৃতীয়াধ্যায়ঃ ॥ ৩ ॥

---

কর্ত্তব্য। অন্নদ্বারাই সেই দুর্লভ ব্রহ্মের উপাসনা হইয়া থাকে। সর্ব্বময়ব্রহ্ম, পৃথিবী ও আকাশস্বরূপ তাঁহার উপসনাই জগতে এক-মাত্র সারভূত কর্ম্ম ॥ * ॥

ইতি তৃতীয় অধ্যায় ভৃগুবল্লী ॥

## শান্তিপাঠঃ।

ও ॥ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বিনাবধীতমস্তু। মা বিদ্বিষাবহৈ ॥ *

॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥

॥ * ॥ ওঁ হরিঃ ওঁ ॥ * ॥

---

পরংব্রহ্ম আমাদিগকে (গুরু ও শিষ্য উভয়কে) রক্ষা এবং প্রতিপালন করুন। গুরু যেন নিরালস্য হইয়া আমাদিগকে ব্রহ্মতত্ত্ব বিদ্যা প্রদান করেন এবং আমরাও যেন নিরাপদে উপদিষ্ট হইয়া আত্মতত্ত্ব লাভ করিতে পারি। তিনি আমাদিগকে বিদ্যা ও উপদেশ গ্রহণে সমর্থ করুন। তাঁহার অনুগ্রহে আমরা যে বিদ্যাভ্যাসদ্বারা তেজস্বী হইয়াছি, সেই বিদ্যা এবং গৃহীত উপদেশ সকল সফল হইয়া স্বয়ং প্রকাশিত হউক। পরন্তু ইহাও আমাদের প্রার্থনীয় যে, কখন যেন আমাদিগের পরস্পরের বিদ্বেষভাব না জন্মে।

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-তৈত্তিরীয়োপনিষৎ সম্পূর্ণ।

॥ * ॥ ওঁ তৎ সৎ ওঁ ॥ * ॥

---

* উপনিষৎ মন্ত্র সমূহের দোষ নিরাকরণের নিমিত্ত আদ্যন্তে শান্তিপাঠ করা আবশ্যক।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

# প্রশ্নোপনিষৎ।

( শ্রুতি, শাঙ্করভাষ্য ও বঙ্গানুবাদ-সমেত। )

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং "দর্শনশাস্ত্রাদি" প্রকাশক
শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।
( যোড়াসাঁকো ; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্ ; কলিকাতা। )

কলিকাতা।

যোড়াসাঁকো ; শিবকৃষ্ণ দাঁর লেন, ৭ নং ভবনে জ্যোতিষপ্রকাশ-যন্ত্রে
শ্রীগোপালচন্দ্র ঘোষাল-কর্ত্তৃক মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৬, চৈত্র।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

# প্রশ্নোপনিষৎ।

## অথ প্রথমঃ প্রশ্নঃ।

॥ ওঁ ॥ নমঃ পরমাত্মনে ॥ ওঁ হরিঃ ওঁ ॥

ওঁ ॥ সুকেশা চ ভারদ্বাজঃ শৈব্যশ্চ সত্যকামঃ সৌর্য্যায়ণী চ গার্গ্যঃ কৌশল্যশ্চাশ্বলায়নো ভার্গবো বৈদর্ভিঃ

---

অথর্ব্ববেদীয়প্রশ্নোপনিষদ্ভাষ্যম্।

ওঁ ॥ নমঃ পরমাত্মনে নমঃ ॥ মন্ত্রোক্তস্যার্থস্য বিস্তরানুবাদীদং ব্রাহ্মণমারভ্যতে। ঋষিপ্রশ্নপ্রতিবচনাখ্যায়িকা তু বিদ্যাস্তুতয়ে এবং সম্বৎসরব্রহ্মচর্য্যসংবাসাদিযুক্তৈস্তপোযুক্তৈর্গ্রাহ্যা পিপ্পলাদাদিবৎ সর্ব্বজ্ঞকল্পৈরাচার্য্যৈর্ব্বক্তব্যা চ। ন সা যেন কেনচিদিতি বিদ্যাং স্তৌতি। ব্রহ্মচর্য্যাদিসাধনসূচনাচ্চ তৎ কর্ত্তব্যতা স্যাৎ ॥

সুকেশা চ নামতঃ ভরদ্বাজস্যাপত্যং ভারদ্বাজঃ। শৈব্যশ্চ শিবেরপত্যং শৈব্যঃ সত্যকামো নামতঃ। সৌর্য্যায়ণী সূর্য্যস্যাপত্যং সৌর্য্যস্তস্যাপত্যং সৌর্য্যায়ণিশ্ছান্দসঃ সৌর্য্যায়ণীতি গার্গ্যঃ গর্গগোত্রোৎপন্নঃ। কৌশল্যশ্চ

---

ভরদ্বাজের পুত্র সুকেশা, শিবির পুত্র সত্যকাম, সৌর্য্যের পুত্র গার্গ্য, অশ্বলের পুত্র কৌশল্য, ভৃগুর পুত্র বৈদর্ভী ও

কবন্ধী কাত্যায়নস্তে হৈতে ব্রহ্মপরা ব্রহ্মনিষ্ঠাঃ পরং ব্রহ্মান্বেষমাণা এষ হ বৈ তৎসর্ব্বং বক্ষ্যতীতি তে হ সমিৎপাণয়ো ভগবন্তং পিপ্পলাদমুপসন্নাঃ ॥ ১ ॥

তান্ হ স ঋষিরুবাচ ভূয় এব তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া

---

নামতঃ অশ্বলস্যাপত্যমাশ্বলায়নঃ। ভার্গবো ভৃগোর্গোত্রাপত্যং ভার্গবঃ বৈদর্ভির্ব্বিদর্ভে প্রভবঃ। কবন্ধী নামতঃ কত্যস্যাপত্যং কাত্যায়নঃ। বিদ্যমানপ্রপিতমহো যস্য সঃ। যুবার্থপ্রত্যয়ঃ তে হৈতে ব্রহ্মপরা অপরং ব্রহ্মপরত্বেন গতাস্তদনুষ্ঠাননিষ্ঠাশ্চ ব্রহ্মনিষ্ঠাঃ পরং ব্রহ্মান্বেষমাণাঃ কিন্তৎ। যন্নিত্যং বিজ্ঞেয়মিতি তৎ প্রাপ্ত্যর্থং যথাকামং যতিষ্যাম ইত্যেবং তদন্বেষণং কুর্ব্বন্তস্তদধিগমায় এষ হ বৈ তৎসর্ব্বং বক্ষ্যতীত্যাচার্য্যমুপজগ্মুঃ। কথম্ তে হ সমিৎপাণয়ঃ সমিদ্ভারগৃহীতহস্তাঃ সন্তো ভগবন্তং পূজাবন্তং পিপ্পলাদমাচার্য্যমুপসন্না উপজগ্মুঃ ॥ ১ ॥

তানেবমুপগতান্ হ স কিল ঋষিরুবাচ ভূয়ঃ পুনরেব যদ্যপি পূর্ব্বে তপস্বিন এব তপসেন্দ্রিয়সংযমেন তথাপীহ বিশেষতো ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া

---

কত্যের পুত্র কবন্ধী, ইহারা সকলেই ব্রহ্মপরায়ণ ছিলেন। কিন্তু একদা সকলে ব্রহ্মতত্ত্বানুসন্ধানে কৃতসঙ্কল্প হইয়া "ইনি আমাদিগকে ব্রহ্মতত্ত্ব উপদেশ করিবেন" এইরূপ স্থির করিয়া ব্রহ্মবিজ্ঞানলাভার্থ সমিদ্ভারগ্রহণপূর্ব্বক আচার্য্যপ্রবর ভগবান্ পিপ্পলাদ ঋষির নিকট উপস্থিত হইলেন এবং যথাবিধি সম্মানপুরঃসর ব্রহ্মবিদ্যা জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

তখন ঋষিবর পিপ্পলাদ ভারদ্বাজ-সুকেশাপ্রভৃতি শিষ্যবর্গকে ব্রহ্মবিজ্ঞান লাভে সমুৎসুক দেখিয়া কহিলেন, হে শিষ্যগণ! তোমরা পূর্ব্বে তপস্বী ছিলে বটে, কিন্তু পুনর্ব্বার তোমাদিগকে তপস্যাচরণ করিতে হইবে, অতএব একবৎসরকাল সবিশেষ যত্নসহকারে শ্রদ্ধাসমন্বিত হইয়া ব্রহ্মচর্য্য অবলম্বন-

সংবৎসরং সংবৎস্যথ যথাকামং প্রশ্নান্ পৃচ্ছথ যদি বিজ্ঞাস্যামঃ সর্ব্বং হ বো বক্ষ্যাম ইতি ॥ ২ ॥

অথ কবন্ধী কাত্যায়ন উপেত্য পপ্রচ্ছ। ভগবন্ কুতো হ বা ইমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি ॥ ৩ ॥

---

চাস্তিক্যবুদ্ধ্যাদরবন্তঃ সংবৎসরং কালং সংবৎস্যথ সম্যগ্‌গুরুশুশ্রূষাপরাঃ সন্তো বৎস্যথ। ততো যথাকামং যো যস্য কামস্তমনতিক্রম্য যদ্বিষয়ে যস্য জিজ্ঞাসা তদ্বিষয়ান্ প্রশ্নান্ পৃচ্ছথ। যদি তদ্‌যুষ্মৎপৃষ্টং বিজ্ঞাস্যামঃ। অনুদ্ধতত্বপ্রদর্শনার্থো যদিশব্দো নাজ্ঞানসংশয়ার্থঃ। প্রশ্ননির্ণয়াদবসীয়তে সর্ব্বং হ বো বঃ পৃষ্টং বক্ষ্যাম ইতি ॥ ২ ॥

অথ সংবৎসরাদূর্দ্ধং কবন্ধী কাত্যায়ন উপেত্যাগত্য পপ্রচ্ছ পৃষ্টবান্। হে ভগবন্ কুতঃ কস্মাদ্ধ বৈ ইমা ব্রাহ্মণাদ্যাঃ প্রজাঃ প্রজায়ন্তে উৎপদ্যন্তে। অপরবিদ্যাকর্ম্মণোঃ সমুচ্চিতাসমুচ্চিতয়োর্যৎ কার্য্যং যা গতিস্তদ্বক্তব্যমিতি তদর্থোঽয়ং প্রশ্নঃ ॥ ৩ ॥

---

পূর্ব্বক গুরুশুশ্রূষাতৎপর হইয়া থাক, পরে আমার নিকট আগমন করিয়া যাহার যে জিজ্ঞাস্য থাকে, তাহা প্রশ্ন করিও। যদি তোমাদিগের প্রশ্নের উত্তর আমার অবিদিত থাকে, তাহাহইলে অবশ্যই আমি তোমাদিগের সেই সকল প্রশ্নের যথার্থ উত্তর প্রদান করিব ॥ ২ ॥

অনন্তর কাত্যায়ন-কবন্ধী পিপ্পলাদ ঋষির উপদেশানুসারে একবৎসরকাল গুরুশুশ্রূষণাপূর্ব্বক ব্রহ্মচর্য্য সমাপন করিয়া পুনর্ব্বার আচার্য্যপ্রবর পিপ্পলাদমুনির নিকট উপস্থিত হইলেন এবং গুরুদেবকে যথাবিধি সৎকার করিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! কিরূপে এই ব্রাহ্মণাদি প্রজা উৎপন্ন হইতেছে, তাহা আমাদিগের নিকট সবিশেষ বর্ণন করুন ॥ ৩ ॥

তস্মৈ স হোবাচ প্রজাকামো বৈ প্রজাপতিঃ স তপো-ঽতপ্যত স তপস্তপ্ত্বা স মিথুনমুৎপাদয়তে। রয়িঞ্চ প্রাণ-ঞ্চেত্যেতৌ মে বহুধা প্রজাঃ করিষ্যত ইতি ॥ ৪ ॥

আদিত্যো হ বৈ প্রাণো রয়িরেব চন্দ্রমা রয়ির্ব্বা এতৎ সর্ব্বং যন্মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ তস্মান্মূর্ত্তিরেব রয়িঃ ॥ ৫ ॥

---

তস্মা এবং পৃষ্টবতে স হোবাচ। তদপাকরণায়াহ। প্রজাকামঃ প্রজা আত্মনঃ সিসৃক্ষুর্ব্বৈ প্রজাপতিঃ সর্ব্বাত্মা সন্ জগৎ স্রক্ষ্যামীত্যেবং বিজ্ঞানবান্ যথোক্তকারী তদ্ভাবভাবিতঃ কল্পাদৌ নির্ব্বৃতো হিরণ্যগর্ভসৃজ্যমানানাং প্রজানাং স্থাবরজঙ্গমানাং পতিঃ সন্ জন্মান্তরভাবিতং জ্ঞানং শ্রুতিপ্রকাশিতার্থবিষয়ং তপোঽন্বালোচয়দতপ্যত। অথ তু স এবং তপস্তপ্ত্বা শ্রৌতং জ্ঞানমন্বালোচ্য সৃষ্টিসাধনভূতং মৈথুনমুৎপাদয়তে মিথুনং দ্বন্দ্বমুৎপাদিতবান্। রয়িঞ্চ সোমমন্নং প্রাণঞ্চাগ্নিমত্তারমেতাবগ্নীসোমাবত্তান্নভূতৌ মে মম বহুধাঽনেকধা প্রজাঃ করিষ্যত ইত্যেবং সঞ্চিন্ত্যাণ্ডোৎপত্তিক্রমেণ সূর্য্যাচন্দ্রমসাবকল্পয়ৎ ॥ ৪ ॥

তত্রাদিত্যো হ বৈ প্রাণোঽত্তা অগ্নিঃ। রয়িরেব চন্দ্রমাঃ। রয়িরেবান্নং

---

মহর্ষি পিপ্পলাদ কাত্যায়ন-কবন্ধীর প্রশ্ন শ্রবণ করিয়া কহিলেন, কল্পাদিসময়ে প্রজাপতি প্রজাসৃষ্টিকামনায় শ্রৌতজ্ঞানালোচনারূপ তপস্যাচরণ করিতে লাগিলেন। অনন্তর শ্রৌতজ্ঞান আলোচনা করিয়া সৃষ্টির সাধনীভূত মিথুন, অর্থাৎ রয়ি ও প্রাণ, (চন্দ্রসূর্য্য) উৎপাদন করিয়া সেই চন্দ্রাদিত্যসাধ্য, সংবৎসর, অয়ন, মাস, পক্ষ, দিন, রাত্রি প্রভৃতি এবং বৎসরাদিকালসাধ্য ব্রীহিপ্রভৃতি অন্ন, অন্নসাধ্য রেতঃ ও রেতঃসাধ্য প্রজা সৃষ্টি হইবে, এইরূপে চন্দ্র সূর্য্য ইহারা বহুবিধ প্রজা সৃষ্টি করিবে; ইহা নিশ্চয় করিয়া প্রথমে চন্দ্র ও সূর্য্য উৎপাদান করিলেন ॥ ৪ ॥

শ্রুতি স্বয়ংই রয়ি ও প্রাণশব্দের ব্যাখ্যা করিতেছেন।—

অথাদিত্য উদয়ন্‌যৎ প্রাচীং দিশং প্রবিশতি তেন প্রাচ্যান্‌ প্রাণান্‌রশ্মিষু সন্নিধত্তে। যদ্দক্ষিণাং যৎ প্রতীচীং

---

সোম এব। তদেতদেকমত্তা চান্নঞ্চ প্রজাপতিরেকং তু মিথুনম্‌। গুণ-প্রধানকৃতো ভেদঃ কথম্‌। রয়িৰ্ব্বৈ অন্নং বৈ এতৎ সর্ব্বং কিন্তদ্‌যন্মূর্ত্তঞ্চ স্থূলঞ্চ অমূর্ত্তঞ্চ সূক্ষ্মঞ্চ মূর্ত্তামূর্ত্তে অত্রন্নরূপে রয়িরেব। তস্মাৎ প্রবিভক্তা-দমূর্ত্তাদ্‌যদন্যন্মূর্ত্তরূপং মূর্ত্তিঃ সৈব রয়িরমূর্ত্তং অন্নাদ্যমানত্বাৎ॥ ৫॥

তথাঽমূর্ত্তোঽপি প্রাণোঽত্তা সর্ব্বমেব যচ্চাদ্যম্‌। কথং অথ আদিত্য উদয়ন্‌ উদ্গচ্ছন্‌ যৎ প্রাচীং দিশং প্রবিশতি তেন তৎ প্রাচীং দিশং স্বপ্র-কাশেন প্রবিশতি ব্যাপ্নোতি। তেন স্বাত্মব্যাপ্ত্যা সর্ব্বাংস্তৎস্থান্‌ প্রাণান্‌ প্রাচ্যানন্তর্ভূতান্‌ রশ্মিষু স্বাত্মাবভাসরূপেষু ব্যাপ্তিমৎসু ব্যাপ্তত্বাৎ প্রাণিনঃ সন্নিধত্তে সন্নিবেশয়তি আত্মভূতান্‌ করোতীত্যর্থঃ। তথৈব যৎ প্রবিশতি

---

আদিত্যই প্রাণ, এই প্রাণই ভোক্তা অগ্নি। রয়িশব্দের অর্থ চন্দ্রমাঃ, ইহাই অন্ন। অতএব রয়ি ও প্রাণ ইহাদিগের একের অর্থ অন্ন ও অপরের অর্থ ভোক্তা। সুতরাং মূর্ত্ত, অমূর্ত্ত, স্থূল ও সূক্ষ্ম সমুদায়ই রয়ি। প্রজাপতি প্রথমে রয়ি ও প্রাণ এই মিথুন সৃষ্টি করিয়া পরে মূর্ত্তামূর্ত্তাদি বিভাগ করিয়া সমুদায় প্রজা সৃষ্টি করিয়াছেন॥ ৫॥

যদিও প্রাণ অমূর্ত্ত, তথাপি সেই প্রাণই সর্ব্বময়। পূর্ব্ব-শ্রুতিতে উক্ত হইয়াছে যে, প্রাণই আদিত্য, এই আদিত্য উদিত হইয়া পূর্ব্বদিকে প্রবেশ করেন, অর্থাৎ স্বকীয় দীপ্তিদ্বারা সেই পূর্ব্বদিগকে ব্যাপ্ত করেন এবং তত্রত্য সকল প্রাণিকে স্বীয় রশ্মিমধ্যে ধারণ করিয়া আত্মস্বরূপে প্রকাশ করেন। এইরূপে যখন দক্ষিণদিকে প্রবেশ করেন, তখন দক্ষিণদিক প্রকাশ করিয়া তত্রস্থ প্রাণী সকলকে, যখন পশ্চিমদিকে প্রবেশ করেন, তখন পশ্চিমদিককে প্রকাশ করিয়া পশ্চিমদিগ্‌বর্ত্তী

যদুদীচীং যদধো যদূর্দ্ধং যদন্তরা দিশো যৎ সর্ব্বং প্রকাশয়তি তেন সর্ব্বান্ প্রাণান্ রশ্মিষু সন্নিধত্তে ॥ ৬ ॥

স এষ বৈশ্বানরো বিশ্বরূপঃ প্রাণোঽগ্নিরুদয়তে। তদে-তদৃচাভ্যুক্তম্ ॥ ৭ ॥

---

দক্ষিণাং যৎ প্রতীচীং যদুদীচীমধ ঊর্দ্ধং যৎ প্রবিশতি যচ্চান্তরা দিশঃ কোণদিশোঽবান্তরদিশো যচ্চান্যৎ সর্ব্বং প্রকাশয়তি তেন স্বপ্রকাশব্যাপ্ত্যা সর্ব্বান্ সর্ব্বদিক্‌স্থান্ প্রাণান্ রশ্মিষু সন্নিধত্তে ॥ ৬ ॥

স এষোঽত্তা প্রাণো বৈশ্বানরঃ সর্ব্বাত্মা বিশ্বরূপো বিশ্বাত্মত্বাচ্চ প্রাণো-ঽগ্নিশ্চ স এবাত্তোদয়তে উদ্গচ্ছতি প্রত্যহং সর্ব্বা দিশ আত্মসাৎ কুর্ব্বন্। তদেতদুক্তং বস্তু ঋচা মন্ত্রেণাপ্যভ্যুক্তম্ ॥ ৭ ॥

---

প্রাণীদিগকে, যখন উত্তরদিকে প্রবেশ করেন, তখন সেই দিককে প্রকাশ করিয়া উত্তরস্থিত প্রাণী সকলকে, যখন ঊর্দ্ধ-দিকে প্রবেশ করেন, তখন ঊর্দ্ধদিককে প্রকাশ করিয়া তত্রস্থ প্রাণিসকলকে এবং যখন অধোদিকে প্রবেশ করেন, তখন অধোদিককে প্রকাশ করিয়া অধোবর্ত্তী প্রাণীকে আত্মভূত করিয়া থাকেন। আর যখন অগ্নি, নৈঋত, বায়ু ও ঈশান এই কোণচতুষ্টয়ে প্রবেশ করেন, তখন সেই সকল কোণকে প্রকাশ করিয়া তত্তৎ কোণবর্ত্তী প্রাণিগণকে আত্মস্বরূপ করেন; সুতরাং আদিত্যস্বরূপ প্রাণই যে সর্ব্বময়, তাহা প্রতি-পন্ন হইল ॥ ৬ ॥

এই প্রাণই বৈশ্বানর অর্থাৎ সমস্ত জীবস্বরূপ এবং সকল নর, অর্থাৎ জীবই ইহার অন্তর্গত। ইনি বিশ্বরূপী, এই প্রপঞ্চ বিশ্বই সেই প্রাণস্বরূপ, অর্থাৎ এই অনন্ত ব্রহ্মাণ্ডই প্রাণরূপী আদিত্যের মাহাত্ম্য সন্দেহ নাই। এই বৈশ্বানর প্রাণময়

বিশ্বরূপং হরিণং জাতবেদসং পরায়ণং জ্যোতিরেকং তপন্তম্। সহস্ররশ্মিঃ শতধা বর্ত্তমানঃ প্রাণঃ প্রজানামুদয়ত্যেষ সূর্য্যঃ॥ ৮॥

সংবৎসরো বৈ প্রজাপতিস্তস্যায়নে দক্ষিণঞ্চোত্তরঞ্চ। তদ্‌যে হ বৈ তদিষ্টাপূর্ত্তে কৃতমিত্যুপাসতে। তে চান্দ্র-

---

বিশ্বরূপং সর্ব্বরূপং হরিণং রশ্মিমন্তং জাতবেদ সং জাতপ্রজ্ঞানং পরায়ণং সর্ব্বপ্রাণাশ্রয়ং জ্যোতিরেকং সর্ব্বপ্রাণিনাং চক্ষুর্ভূতমদ্বিতীয়ং তপন্তং তাপক্রিয়াং কুর্ব্বাণং স্বাত্মানং সূর্য্যং সূরয়ো বিজ্ঞাতবন্তো ব্রহ্মবিদঃ। কোঽসৌ য বিজ্ঞাতবন্তঃ। সহস্ররশ্মিরনেকরশ্মিঃ শতধা অনেকধা প্রাণিভেদেন বর্ত্তমানঃ প্রজানামুদয়ত্যেষ সূর্য্যঃ॥ ৮॥

যশ্চাসৌ চন্দ্রমা মূর্ত্তিরন্নমমূর্ত্তিশ্চ প্রাণোঽত্তাদিত্যস্তদেতদেকমেতন্মিথুনং কথং সর্ব্বং প্রজাঃ করিষ্যত ইতি। উচ্যতে তদেব। কালঃ সংবৎসরো বৈ প্রজাপতিস্তন্নির্ব্বর্ত্ত্যত্বাৎ সংবৎসরস্য। চন্দ্রাদিত্যনির্ব্বর্ত্ত্যতিথ্যহোরাত্রসমুদায়ো হি সংবৎসরস্তদনন্যত্বাদ্রয়িপ্রাণস্তন্মিথুনাত্মক এবেত্যুচ্যতে তৎ কথং

---

সর্ব্বভোক্তা অগ্নিই আদিত্যরূপে প্রকাশ পাইতেছেন। ইনিই প্রতিদিন আত্মপ্রভাদ্বারা সকলদিক প্রকাশ করিতেছেন। পরন্তু ইহাই উক্ত শ্রুতিতে উক্ত হইয়াছে॥ ৭॥

এই যে সূর্য্য উদিত হইতেছেন, ইনি বিশ্বরূপী ও রশ্মিজালে পরিবৃত। ইহার রশ্মিই সর্ব্বত্র পরিব্যাপ্ত রহিয়াছে। ইনি সর্ব্বজ্ঞানময় ও সকলের আশ্রয়, জ্যোতির্ম্ময় অর্থাৎ সর্ব্বপ্রাণীর চক্ষুঃস্বরূপ ও অদ্বিতীয়। এই সূর্য্য জগতের সর্ব্বত্র তাপক্রিয়া সাধন করিতেছেন। ইনি অসংখ্যরশ্মিযুক্ত এবং অনন্ত প্রাণিরূপে বর্ত্তমান আছেন এবং এই সূর্য্যই সকলের প্রাণভূত॥ ৮॥

চন্দ্র ও সূর্য্য ইহারাই সংবৎসরাদিদ্বারা সমস্ত প্রজা সৃষ্টি করিতেছেন। সংবৎসরাত্মক কালও প্রজাপতি, যেহেতু চন্দ্র

মসমেব লোকমভিজয়ন্তে। ত এব পুনরাবর্ত্তন্তে তস্মাদেতে ঋষয়ঃ প্রজাকামা দক্ষিণং প্রতিপদ্যন্তে। এষ হ বৈ রয়ির্যঃ পিতৃযাণঃ ॥ ৯ ॥

---

তস্য সংবৎসরস্য প্রজাপতেরয়নে মার্গৌ দ্বৌ দক্ষিণং চোত্তরঞ্চ। দ্বে প্রসিদ্ধে হ্যয়নে ষণ্মাসলক্ষণে যাভ্যাং দক্ষিণেনোত্তরেণ চ যাতি সবিতা কেবলকর্ম্মিণাং জ্ঞানসংযুক্তকর্ম্মবতাঞ্চ লোকান্ বিদধৎ। কথং তত্র চ ব্রাহ্মণাদিষু যে বৈ তদুপাসত ইতি ক্রিয়াবিশেষণো দ্বিতীয়স্তচ্ছব্দঃ। ইষ্টঞ্চ পূর্ত্তঞ্চ ইষ্টাপূর্ত্তে ইত্যাদি কৃতমেবোপাসতে নাকৃতং নিত্যং তে চান্দ্রমসং চন্দ্রমসি ভবং প্রজাপতের্ম্মিথুনাত্মকস্যাংশং রয়িমন্নভূতং লোকমভিজয়ন্তে কৃতরূপত্বাচ্চান্দ্রমসস্য। তএব চ কৃতক্ষয়াৎ পুনরাবর্ত্তন্তে ইমং লোকং হীনতরং বা বিশন্তীতি হ্যুক্তম্। যস্মাদেবং প্রজাপতিমন্নাত্মকং ফলত্বেনাভিনির্ব্বর্ত্তয়ন্তি চন্দ্রমিষ্টাপূর্ত্তকর্ম্মণা ঋষয়ঃ স্বর্গদ্রষ্টারঃ প্রজাকামাঃ প্রজার্থিনো গৃহস্থাঃ। তস্মাৎ স্বকৃতমেব দক্ষিণং দক্ষিণায়নোপলক্ষিতং চন্দ্রং প্রতিপদ্যন্তে। এষ হ বৈ রয়িরন্নং যঃ পিতৃযাণঃ পিতৃযাণোপলক্ষিতশ্চন্দ্রঃ ॥ ৯ ॥

---

ও সূর্য্য ইহারাই সম্বৎসরকে সম্পাদিত করিয়াছেন। তিথি, দিন, রাত্রি, উদয় ও অস্ত সমুদায়ই সম্বৎসরের অন্তর্নিবিষ্ট। দক্ষিণায়ন ও উত্তরায়ণ এই দুইটি তাহার মার্গ। সূর্য্যদেব এই মার্গদ্বয়ে গমনাগমন করিয়া লোক সকল সৃষ্টি করিতেছেন। যাঁহারা অগ্নিহোত্র, তপস্যা, সত্য, বেদানুষ্ঠান, অতিথিসেবা, বৈশ্বদেবার্চ্চন প্রভৃতি ইষ্টাখ্য কর্ম্ম ও বাপী, কূপ, তড়াগাদি পূর্ত্তখ্যযাগের উপাসনা করেন, তাঁহারা দক্ষিণমার্গোপলক্ষিত চন্দ্রলোক জয় করিতে পারেন, পুনর্ব্বার কৃতপুণ্যের ক্ষয় হইলে সংসারে প্রত্যাবর্ত্তন করেন, অথবা ইতোঽধিক হীনতর লোকেও প্রবেশ করিয়া থাকেন। যেহেতু এইরূপে অন্নাত্মক প্রজাপতিস্বরূপ চন্দ্র ইষ্টাপূর্ত্তাদি কর্ম্মদ্বারা প্রতিনির্ব্বর্ত্তিত

অথোত্তরেণ তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া বিদ্যয়াত্মান-মন্বিষ্যাদিত্যমভিজয়ন্তে এতদ্বৈ প্রাণানামায়তনমেতদমৃত-

---

অথোত্তরেণায়নেন। প্রাজাপত্যং প্রাণমত্তারমাদিত্যমভিজয়ন্তে। কেন তপসা ইন্দ্রিয়জয়েন বিশেষতো ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া বিদ্যয়া চ প্রজাপত্যাত্ম-বিষয়য়াত্মনং প্রাণং সূর্য্যং জগতস্তস্থুষশ্চান্বিষ্যাহমস্মীতি বিদিত্বাদিত্যমভি-জয়ন্তেঽভিপ্রাপ্নুবন্তি এতদ্বৈ আয়তনং সর্ব্বপ্রাণানাং সামান্যমায়তনমাশ্রয়ঃ এতদমৃতমবিনাশি অভয়ং অতএব ভয়বর্জ্জিতং ন চন্দ্রবৎ ক্ষয়বৃদ্ধিভয়-বদেতৎ পরায়ণং পরাগতির্ব্বিদ্যাবতাং কর্ম্মিণাঞ্চ জ্ঞানবতামেতস্মান্ন পুনরাবর্ত্তন্তে যথেতরে কেবলকর্ম্মিণ ইতি যস্মাদেষোঽবিদুষাং নিরোধ-

---

হয়েন, অতএব ঋষিরা স্বর্গ দর্শন করিয়াও প্রজাকামনায় গৃহস্থ হইয়াছেন; ইত্যাদিরূপে প্রজাসৃষ্টিই রয়িশব্দের অর্থ এবং ইহাকেই পিতৃযাণ বলা যায়॥ ৯॥

ইন্দ্রিয়সংযমনাদিরূপ তপস্যা, বিশেষরূপ ব্রহ্মচর্য্য, শ্রদ্ধা অর্থাৎ ঈশ্বরে দৃঢ় অনুরাগ ও বিদ্যাদ্বারা জগতের স্থাপনকর্ত্তা ভোক্তা প্রাণাত্মক সূর্য্যকে "অহমস্মি" এইরূপে জানিয়া আদি-ত্যকে প্রাপ্ত হয়। এই আদিত্যই সর্ব্বপ্রাণের আশ্রয়, অবি-নাশী ও ভয়বর্জ্জিত। চন্দ্রমার ন্যায় ইহার ক্ষয় ও বৃদ্ধি নাই। এই আদিত্যই জ্ঞানী ও কর্ম্মিদিগের একমাত্র আশ্রয়। জ্ঞানীরা ইহাহইতে প্রতিনিবৃত্ত হয় না, কেবল কর্ম্মমার্গীরাই নিবৃত্ত হইয়া থাকে। অতএব এই আদিত্য অজ্ঞানী কর্ম্মি-দিগের নিরোধস্বরূপ। এইক্ষণ ইহাই প্রতিপন্ন হইতেছে যে, সংবৎসরই প্রজাপতি, চন্দ্র দক্ষিণায়ন ও সূর্য্য উত্তরায়ণ, অর্থাৎ সংসার ও মোক্ষধাম। দক্ষিণায়নে (সংসারে) যাহারা আবদ্ধ থাকে, তাহারা চন্দ্রের ন্যায় ক্ষয় ও বৃদ্ধিপ্রাপ্ত হয়, আর যাহারা উত্তরায়নে (মোক্ষমার্গে) অনুসরণ করে, তাহারা মুক্তিপদ

মভয়মেতৎ পরায়ণমেতস্মান্ন পুনরাবর্ত্তন্ত ইত্যেষ নিরোধস্তদেষ শ্লোকঃ॥ ১০॥

পঞ্চপাদং পিতরং দ্বাদশাকৃতিং দিব আহুঃ পরে অর্দ্ধে

আদিত্যাদ্দিনিরুদ্ধা আবিদ্বাংসো নৈতে সংবৎসরমাদিত্যমাত্মানং প্রাণমভিপ্রাপ্নুবন্তি। স হি সংবৎসরঃ কালাত্মাহবিদুষাং নিরোধঃ। তত্তত্রাস্মিন্নর্থ এষ শ্লোকো মন্ত্রঃ॥ ১০॥

পঞ্চপাদং পঞ্চর্ত্তবঃ পাদা ইবাস্য সংবৎসরাত্মন আদিত্যস্য তৈরসৌ পাদৈরিবর্ত্তুভির্ব্বর্ত্ততে। হেমন্তশিশিরাবেকীকৃত্যেযং কল্পনা। পিতরং সর্ব্বস্য জনয়িতৃত্বাৎ পিতৃত্বং তস্য দ্বাদশমাসা ঋতবোহবয়বা আকরণং বা অবয়বিকরণমস্য দ্বাদশমাসৈস্তং দ্বাদশকৃতিং দিবঃ ক লোকাৎ পরে উর্দ্ধে উর্দ্ধস্থানে তৃতীয়স্যাং দিবীত্যর্থঃ। পুরীষিণং পুরীষবন্তমুদকবন্তমাহুঃ। কালবিদঃ। বিচক্ষণং নিপুণং সর্ব্বজ্ঞং সপ্তচক্রে সপ্তহয়রূপে চক্রে সততং

পায়। কর্ম্মীরা কর্ম্মদ্বারা নানাপ্রকার লোক প্রাপ্ত হয় এবং জ্ঞানানুসন্ধান করিয়া পরমাত্মতত্ত্ব জানিতে পারে। অতএব ইহাদ্বারা জানা যাইতেছে যে, কর্ম্মদ্বারাই প্রজাসৃষ্টি হইয়া থাকে॥ ১০॥

সম্বৎসরাত্মক আদিত্যদেব পঞ্চপাদ, অর্থাৎ পঞ্চঋতু * ইহার পঞ্চপাদস্বরূপ। ইনি সর্ব্বলোকের জনক, অতএব এই আদিত্য জগৎপিতা। দ্বাদশমাস ইহার অবয়ব, অর্থাৎ দ্বাদশমাসদ্বারা দ্বাদশাকারে প্রকাশ পাইয়া থাকেন। ইনি আকাশলোকের উর্দ্ধে অবস্থান করেন। কালবিৎ ঋষিগণ ইহাঁকে উদকবান্ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। অন্যান্য ঋষিরা বলিয়া থাকেন, ইনি বিচক্ষণ, অর্থাৎ সর্ব্বকার্য্যে কুশল ও সর্ব্বজ্ঞ। ইনি সপ্তাশ্বচক্রে সতত পরিভ্রমণ করিতেছেন, ছয় ঋতু ঐ চক্রের অর্গল।

* বেদান্তিকেরা হেমন্ত ও শিশির এই ঋতুদ্বয়কে এক ঋতু বলিয়া গণ্য করেন; সুতরাং তাঁহাদিগের মতে ঋতুর সংখ্যা পাঁচ।

পুরীষিণম্। অথেমে অন্য উপরে বিচক্ষণং সপ্তচক্রে ষড়র আহুরর্পিতমিতি ॥ ১১ ॥

মাসো বৈ প্রজাপতিস্তস্য কৃষ্ণপক্ষ এব রয়িশুক্লঃ প্রাণস্তস্মাদেতে ঋষয়ঃ শুক্ল ইষ্টিং কুর্ব্বন্তীতর ইতরস্মিন্ ॥ ১২ ॥

---

গতিকালাত্মনি ষড়রে ষড়্‌ঋতুমতি আহুঃ সর্ব্বমিদং জগৎ কথয়ন্তি। অর্পিতমরা ইব রথনাভৌ নিবিষ্টমিতি। যদি পঞ্চপাদো দ্বাদশাকৃতির্যদি সপ্তচক্রঃ ষডরঃ সর্ব্বথাপি সংবৎসরঃ কালাত্মা প্রজাপতিশ্চন্দ্রাদিত্যলক্ষণোঽপি জগতঃ কারণম্ ॥ ১১ ॥

যস্মিন্নিদং শ্রিতং বিশ্বং স এব প্রজাপতিঃ সংবৎসরাখ্যঃ স্বাবয়বে মাসে কৃৎস্নঃ পরিসমাপ্যতে। মাসো বৈ প্রজাপতির্যথোক্তলক্ষণ এব। মিথুনাত্মকস্তস্য মাসাত্মনঃ প্রজাপতেরেকো ভাগঃ কৃষ্ণপক্ষো রয়িরন্নং চন্দ্রমা অপরো ভাগঃ। শুক্লঃ শুক্লপক্ষঃ প্রাণ আদিত্যোঽত্তাগ্নির্যস্মাচ্ছুক্লপক্ষাত্মানং

---

যেমন রথচক্রের নাভিতে অর্গল নিবিষ্ট আছে, সেইরূপ ছয় ঋতু সেই সপ্তাশ্বচক্রের নাভিতে অর্পিত রহিয়াছে। যদিও পঞ্চপাদ, দ্বাদশাকৃতি, সপ্তচক্র ও ষড়র্গলবিশিষ্ট এই সম্বৎসর কালাত্মক এবং প্রজাপতি ও চন্দ্রাদিত্যস্বরূপ বটে, তথাপি উক্তরূপ সম্বৎসর ও চন্দ্রাদিত্যলক্ষণ প্রজাপতি, ইহারাই জগৎকারণ তাহার সন্দেহ নাই ॥ ১১ ॥

যাহাতে এই বিশ্ব সমাশ্রিত আছে, সেই সম্বৎসরাখ্য প্রজাপতির অবয়বে মাস সকল পরিসমাপ্ত হইয়াছে। সম্বৎসরের অবয়বীভূত মাস সকলও প্রজাপতি। এই মাসাত্মক প্রজাপতি মিথুনাত্মক, অর্থাৎ উভয়পক্ষাত্মক। ইহার এক ভাগ কৃষ্ণপক্ষ অর্থাৎ অন্ন ও অপর ভাগ শুক্লপক্ষই প্রাণ-অত্তা। এই কৃষ্ণপক্ষই অন্নস্বরূপ চন্দ্রমাঃ এবং অপর ভাগ শুক্লপক্ষ প্রাণস্বরূপ আদিত্য, ইহাই ভোক্তা অগ্নি। যেহেতু শুক্লপক্ষাত্মক প্রাণকে

অহোরাত্রো বৈ প্রজাপতিস্তস্যাহরেব প্রাণো রাত্রিরেব

প্রাণং সর্ব্বমেব পশ্যন্তি তস্মাৎ প্রাণদর্শিন এতে ঋষয়ঃ কৃষ্ণপক্ষেঽপীষ্টং যাগং কুর্ব্বন্তঃ শুক্লপক্ষ এব কুর্ব্বন্তি প্রাণব্যতিরেকেণ কৃষ্ণপক্ষস্তৈর্ন দৃশ্যতে যস্মাদিতরে তু প্রাণং ন পশ্যন্তীত্যদর্শনলক্ষণং কৃষ্ণাত্মানমেব পশ্যন্তি। ইতরদিরশ্মিন্ কৃষ্ণপক্ষ এব কুর্ব্বন্তি শুক্লে কুর্ব্বন্তোঽপি ॥ ১২ ॥

সোঽপি মাসাত্মা প্রজাপতিঃ স্বাবয়বেঽহোরাত্রে পরিসমাপ্যতে। পূর্ব্ববৎ। তস্যাপ্যহরেব প্রাণোঽত্তাগ্নীরাত্রিরেব রয়িঃ পূর্ব্ববৎ প্রাণমহরাত্মানং বৈ এতে প্রস্কন্দন্তি নির্গময়ন্তি শোষয়ন্তি বা স্বাত্মনো বিচ্ছিদ্যাঽপনয়ন্তি। কে যে দিবাঽহনি রত্যা রতিকারণভূতয়া সহ স্ত্রিয়া সংযুজ্যন্তে মিথুনমৈথুমাচরন্তি মূঢ়াঃ। যত এবং তস্মাত্তন্ন কর্ত্তব্যমিতি প্রতিষেধঃ

সর্ব্বময় দর্শন করে, অতএব সেই প্রাণদর্শী ঋষিগণ কৃষ্ণপক্ষে ইষ্টযাগ করিয়াও শুক্লপক্ষে কর্তৃত্বলাভ করিয়া থাকে। প্রাণ ব্যতিরেকে কখনও দর্শন সম্ভব হয় না, অতএব কৃষ্ণপক্ষও শুক্লপক্ষস্বরূপ, সুতরাং কৃষ্ণপক্ষের কৃত কার্য্যও শুক্লপক্ষের কৃতরূপে পরিণত হয়। যাহারা প্রাণকে সর্ব্বময় বলিয়া জানে না, সেই সকল অজ্ঞানীরা কৃষ্ণপক্ষত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ আত্মজ্ঞানপরাঙ্মুখ ব্যক্তিরা সর্ব্বদা সংসারে অবরুদ্ধ থাকে ॥ ১২ ॥

পূর্ব্বশ্রুতিতে যে মাসাত্মকপ্রজাপতি উক্ত হইয়াছে, তাহাও দিবারাত্রিরূপ মিথুনাত্মক ও অবয়ববিশিষ্ট। ইহার এক অবয়ব দিবা ও অন্য অবয়ব রাত্রি। দিবাই ইহার প্রাণ এবং ভোক্তা অগ্নিস্বরূপ। আর রাত্রি অন্নময় চন্দ্রমাস্বরূপ। এই দিবা ও রাত্রি উভয়ই আত্মা হইতে প্রাণকে বিচ্ছিন্ন করিয়া অপনীত করে। যাহারা দিবাতে রতিসম্ভোগের সুখাভিলাষে স্ত্রীর সহিত মিলিত হইয়া মৈথুন আচরণ করে, তাহারা নিতান্ত মূঢ়, কারণ তাহারা স্বীয় প্রাণকে ক্ষয় করে। অতএব

রয়িঃ প্রাণং বা এতে প্রস্কন্দন্তি। যে দিবা রত্যা সংযুজ্যন্তে ব্রহ্মচর্য্যমেব তদ্যদ্রাত্রৌ রত্যা সংযুজ্যন্তে ॥ ১৩ ॥

অন্নং বৈ প্রজাপতিস্ততো হ বৈ তদ্রেতস্তস্মাদিমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি ॥ ১৪ ॥

তদ্যে হ তৎ প্রজাপতিব্রতং চরন্তি তে মিথুনমুৎপাদ-

প্রাসঙ্গিকঃ। যদ্রাত্রৌ সংযুজ্যন্তে রত্যা ঋতৌ ব্রহ্মচর্য্যমেব তদিতি প্রশস্তত্বাদৃতৌ ভার্য্যাগমনং কর্ত্তব্যমিতি। অয়মপি প্রাসঙ্গিকো বিধিঃ। প্রকৃতস্তূচ্যতে সোঽহোরাত্রাত্মকঃ প্রজাপতির্ব্রীহিযবাদ্যন্নাত্মনাব্যবস্থিতঃ ॥১৩॥

এবং ক্রমেণাহোরাত্রঃ প্রজাপতিরন্নে বিপরিণমতে অন্নং বৈ প্রজাপতিঃ। কথম্। ততস্তস্মাদ্ধবৈ রেতো নৃবীজং তৎ প্রজাকারণং তস্মাদ্যোষিতি সিক্তাদিমা মনুষ্যাদিলক্ষণাঃ প্রজাঃ প্রজায়ন্তে যৎপৃষ্টং কুতো হ বৈ প্রজাঃ প্রজায়ন্ত ইতি। তদেবং চন্দ্রাদিত্যমিথুনাদিক্রমেণাহোরাত্রান্তেনান্নরেতোদ্বারেণেমাঃ প্রজাঃ প্রজায়ন্ত ইতি নির্ণীতম্॥ ১৪ ॥

তত্ত্বৈবং সতি যে গৃহস্থা হ বৈ ইতি প্রসিদ্ধস্মরণার্থৌ নিপাতৌ।

দিবাতে রমণীসহযোগ পরিত্যাগ করিয়া ব্রহ্মচর্য্য আশ্রয় করিবে। আর ঋতুকালে রাত্রিতে স্ত্রীসম্ভোগও ব্রহ্মচর্য্য তুল্য। এইরূপ দোষাদোষ বিবেচনা করিয়া দিবারাত্রির কর্ত্তব্যকার্য্য যথানিয়মে সাধন করিলেই প্রজা উৎপন্ন হয়; সুতরাং দিবা ও রাত্রি উভয়ই প্রজাসৃষ্টির কারণ ॥ ১৩ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে সম্বৎরাদি কালের প্রজাপতিত্ব প্রতিপাদিত হইয়াছে, এইক্ষণ ব্রীহিপ্রভৃতি অন্নেরও প্রজাপতিত্ব প্রতিপাদন করিতেছেন।—অন্নই প্রজাপতি, যেহেতু ব্রীহিপ্রভৃতি অন্ন হইতেই রেতঃ সমুৎপন্ন হয় এবং সেই রেতঃ হইতেই প্রজার উৎপত্তি হইয়াছে। অতএব জানা যাইতেছে যে, চন্দ্র, আদিত্য, সম্বৎসর, অয়ন, ঋতু, মাস, পক্ষ, অহোরাত্র এই সকলই প্রজাসৃষ্টির কারণ ॥ ১৪ ॥

য়ন্তে। তেষামেবৈষ ব্রহ্মলোকো যেষাং তপো ব্রহ্মচর্য্যং যেষু সত্যং প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

তেষামসৌ বিরজো ব্রহ্মলোকো ন যেষু জিহ্মমনৃতং ন মায়া চেতি ॥ ১৬ ॥

ইতি প্রথমঃ প্রশ্নঃ ॥ ১ ॥

---

তৎপ্রজাপতের্ব্রতম্। ঋতৌ ভার্য্যাগমনং চরন্তি কুর্ব্বন্তি তেষাং দৃষ্টফলমিদম্। কিম্। তে মিথুনং পুত্রং দুহিতরঞ্চোৎপাদয়ন্তে। অদৃষ্টঞ্চ ফলমিষ্টাপূর্ত্তদত্তকারিণাং তেষামেব। এষ যশ্চান্দ্রমসো ব্রহ্মলোকঃ পিতৃযাণলক্ষণো যেষাং তপঃ স্নাতকব্রতাদীনি ব্রহ্মচর্য্যম্। ঋতাবন্যত্র মৈথুনাসমাচরণং ব্রহ্মচর্য্যম্। যেষু চ সত্যমনৃতবর্জ্জনং প্রতিষ্ঠিতমব্যভিচারিতয়া বর্ত্ততে ॥ ১৫ ॥

যস্তু পুনরাদিত্যোপলক্ষিত উত্তরায়ণঃ প্রাণাত্মভাবো বিরজঃ শুদ্ধো ন চন্দ্রব্রহ্মলোকবদ্রজস্বলো বৃদ্ধিক্ষয়াদিযুক্তোঽসৌ। কেষাং তেষামিত্যুচ্যতে। যথা গৃহস্থানামনেকবিরুদ্ধসংব্যবহারপ্রয়োজনবত্ত্বাজ্জিহ্মং কৌটিল্যং বক্রভাবোঽবশ্যম্ভাবি। তথা ন যেষু জিহ্মম্। যথা চ গৃহস্থানাং ক্রীড়াদি-

---

যে সকল গৃহস্থ প্রজাপতিব্রত, অর্থাৎ ঋতুকালে ভার্য্যাগমনাদি আচরণ করেন, তাঁহারা মিথুন অর্থাৎ পুত্রকন্যা উৎপাদন করিতে পারেন ; ইহা প্রাজাপত্যব্রতের দৃষ্ট ফল। যাঁহারা ইষ্টাপূর্ত্তাদি অদৃষ্টফলজনক প্রজাপতিব্রত করেন, তাঁহারা ব্রহ্মলোকপ্রাপ্ত হইয়া থাকেন। আর যাঁহারা ব্রহ্মচর্য্য ও স্নাতকব্রতাদি তপস্যাচরণ করেন এবং যে সকল ব্যক্তিতে সর্ব্বদা সত্যপ্রতিষ্ঠিত আছে, তাঁহারাও ব্রহ্মলোকে গমন করেন ॥ ১৫ ॥

যাহাদিগের কৌটিল্য, মিথ্যা ও মায়া বিদ্যমান নাই, তাহাদিগের পক্ষেই এই বিরজ ব্রহ্মলোক প্রাপ্তি হইয়া থাকে।

নিমিত্তমনৃতমবর্জনীয়ং তথা ন যেষু তত্তথা মায়া গৃহস্থানামিব ন যেষু বিদ্যতে। মায়ানাম বহিরন্যথাত্মানং প্রকাশ্যান্যথৈব কার্য্যং করোতি সা মায়া মিথ্যাচাররূপা। মায়েত্যেবমাদয়ো দোষা যেম্বধিকারিষু ব্রহ্মচারিবান-প্রস্থভিক্ষুষু নিমিত্তাভাবান্ন বিদ্যন্তে তৎসাধনানুরূপেণৈব তেষামসৌ বিরজো ব্রহ্মলোক ইত্যেষা জ্ঞানযুক্তকর্ম্মবতাং গতিঃ। পূর্ব্বোক্তস্ত ব্রহ্ম-লোকঃ কেবলকর্ম্মিণাং চন্দ্রলোক ইতি ॥ ১৬ ॥

ইতি প্রথমঃ প্রশ্নভাষ্যং সমাপ্তম্ ॥ ১ ॥

---

যাহা আদিত্যোপলক্ষিত প্রাণময়, তাহা বিরজ ও বিশুদ্ধ। চন্দ্রোপলক্ষিত লোকের ন্যায় উর্জ্জস্বল ও বৃদ্ধিক্ষয়াদিযুক্ত নহে। যেমন গ্রহস্থদিগের বিরুদ্ধ ব্যবহার প্রয়োজনপ্রযুক্ত কৌটিল্য-ভাব থাকে, সেইরূপ কৌটিল্যভাব যাহাদিগের নাই এবং গৃহস্থদিগের ন্যায় যাহারা ক্রীড়াদি নিমিত্ত মিথ্যাবর্জ্জিত, গৃহস্থ-গণ যেরূপ মায়াবদ্ধ, যাহারা সেইরূপ মায়াবদ্ধ নহে, সেই সকল ব্যক্তিরাই ব্রহ্মলোকের অধিকারী ॥ ১৬ ॥

ইতি প্রথমপ্রশ্ন সমাপ্ত ॥ ১ ॥

# অথ দ্বিতীয়ঃ প্রশ্নঃ।

অথ হৈনং ভার্গবো বৈদর্ভিঃ পপ্রচ্ছ। ভগবন্! কত্যেব দেবা প্রজাং বিধারয়ন্তে কতর এতৎ প্রকাশয়ন্তে কঃ পুনরেষাং বরিষ্ঠ ইতি ॥ ১ ॥

---

অথ দ্বিতীয়প্রশ্নভাষ্যং।

প্রাণোঽত্তা প্রজাপতিরিত্যুক্তম্। তস্য প্রজাপতিত্বমত্তৃত্বঞ্চাস্মিঞ্ছরীরেঽবধারয়িতব্যমিত্যয়ং প্রশ্ন আরভ্যতে। অথানন্তরং হ কিলৈনং ভার্গবো বৈদর্ভিঃ পপ্রচ্ছ। হে ভগবন্! কত্যেব দেবাঃ প্রজাং শরীরলক্ষণাং বিধারয়ন্তে বিশেষেণ ধারয়ন্তে। কতরে বুদ্ধীন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়বিভক্তানামেতৎ প্রকাশনং স্বমাহাত্ম্যপ্রখ্যাপনং প্রকাশয়ন্তে। কোঽসৌ পুনরেষাং বরিষ্ঠঃ প্রধানঃ কার্য্যকারণলক্ষণানামিতি ॥ ১ ॥

---

প্রথম প্রশ্নে উক্ত হইয়াছে যে, প্রাণই ভোক্তা ও প্রজাপতি। এক্ষণে এই শরীরেই সেই প্রাণের প্রজাপতিত্ব ও ভোক্তৃত্ব অবধারণ করিতে হইবে। ইহাই এই দ্বিতীয় প্রশ্নে বিবৃত হইবে।—অনন্তর ভৃগুতনয় বৈদর্ভি ঋষিপ্রবর পিপ্পলাদকে জিজ্ঞাসা করিলেন, ভগবন্! এই জগতে কোন্ কোন্ দেবতা শরীরী প্রজা ধারণকরিতেছেন এবং কোন্ দেবতাই বা বাক্ পাণি প্রভৃতি কর্ম্মেন্দ্রিয় ও চক্ষু-কর্ণ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়ের প্রকাশ করিতেছেন, আর যে সকল দেবতারা উক্ত কার্য্য সকল সাধন করিতেছেন, তাঁহাদিগের মধ্যে কোন দেবতাই বা সর্ব্বপ্রধান? তাহা আমাদিগের নিকট সবিস্তর বর্ণন করিয়া আমাদিগের সমুৎসুক চিত্তের অভিলাষ পূর্ণ করুন। ১।

তস্মৈ স হোবাচাকাশো হ বা এষ দেবো বায়ুরগ্নিরাপঃ পৃথিবী বাঙ্মনশ্চক্ষুঃ শ্রোত্রঞ্চ। তে প্রকাশ্যাভিবদন্তি বয়মেতদ্বাণমবষ্টভ্য বিধারয়ামঃ ॥ ২ ॥

---

এবং পৃষ্টবতে তস্মৈ স হোবাচ। আকাশো হ বা এষ দেবো বায়ুরগ্নিরাপঃ পৃথিবীত্যেতানি পঞ্চমহাভূতানি শরীরারম্ভকাণি বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রমিত্যাদীনি কর্ম্মেন্দ্রিয়বুদ্ধীন্দ্রিয়াণি চ শরীরং ধারয়ন্তে। তন্মধ্যে কর্ম্মেন্দ্রিয়বুদ্ধীন্দ্রিয়াণি শরীরে স্বমাহাত্ম্যখ্যাপনং প্রকাশয়ন্তে। কার্য্যলক্ষণাঃ করণলক্ষণাশ্চ তে দেবা আত্মনো মাহাত্ম্যং প্রকাশ্যাভিবদন্তি স্পর্দ্ধমানাঃ শ্রেষ্ঠতায়ৈ। কথং বদন্তি। বয়মেতদ্বাণং শরীরং কার্য্যকারণসঙ্ঘাতমবষ্টভ্য প্রাসাদমিব স্তম্ভাদয়োঽবিশিথিলীকৃত্য বিধারয়ামো বিস্পষ্টং ধারয়ামঃ। ময়ৈবৈকেনায়ং সঙ্ঘাতো ধ্রিয়ত ইত্যেকৈকস্যাভিপ্রায়ঃ ॥ ২ ॥

---

এইরূপে ভৃগুনন্দন বৈদর্ভি পিপ্পলাদমুনির নিকট প্রশ্ন করিলে, তখন ঋষিবর পিপ্পলাদ তাহাকে কহিলেন, আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবী এই পঞ্চ (দেবতা) মহাভূতই শরীরের উৎপত্তিতে কারণ। বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই সকল কর্ম্মেন্দ্রিয় ও চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ এই সকল জ্ঞানেন্দ্রিয় এই সমুদায়ই উক্ত পঞ্চ মহাভূত হইতে উৎপন্ন হয় এবং তাহাতেই শরীর জন্মিয়া থাকে। এই জগতে আকাশাদি পঞ্চ মহাভূত কারণ এবং বাক্পাণি প্রভৃতি ইন্দ্রিয় ও শরীর ইহারা কার্য্য। আকাশপ্রভৃতি দেবতারা শরীরোৎপাদনরূপ স্বস্ব মাহাত্ম্যপ্রকাশ করিয়া আপন আপন প্রাধান্য স্থাপনার্থ পরস্পরের প্রতি স্পর্দ্ধাপুরঃসর প্রত্যেকেই বলিয়া থাকেন, আমিই এই কার্য্যকারণ সংযোজনা করিয়া অতিকুৎসিত দেশান্তরগমনক্ষম বিনাশশীল এই সমস্ত শরীর ধারণ করিতেছি ॥ ২ ॥

তান্ বরিষ্ঠঃ প্রাণ উবাচ। মা মোহমাপদ্যথাঽহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভজ্যৈতদ্বাণমবষ্টভ্য বিধারয়ামীতি॥ ৩॥

তেঽশ্রদ্দধানা বভূবুঃ সোঽভিমানাদূর্দ্ধমুৎক্রামত ইব তস্মিন্নুৎক্রামত্যথেতরে সর্ব্ব এবোৎক্রামন্তে তস্মিংশ্চ

---

তানেবমভিমানবতো বরিষ্ঠঃ প্রাণো মুখ্য উবাচোক্তবান্। মা মৈবং মোহমাপদ্যথ অবিবেকতয়াঽভিমানং মা কুরুত। অস্মাদহমেবৈতদ্ বাণমবষ্টভ্য বিধারয়ামি পঞ্চধাত্মানং প্রবিভজ্য প্রাণাদিবৃত্তিভেদং স্বস্য কৃত্বা বিধারয়ামীতি॥ ৩॥

ইত্যুক্তবতি চাস্মিংস্তেঽশ্রদ্দধানা অপ্রত্যয়বন্তো বভূবুঃ কথমেতদেবমিতি। স চ প্রাণঃ তেষামশ্রদ্দধানতামালক্ষ্যাভিমানাদূর্দ্ধমুৎক্রামত ইবোৎক্রামতি ইবেদমুৎক্রান্তবানিব সরোষান্নিরপেক্ষস্তস্মিন্নুৎক্রামতি যদ্বৃত্তং তদ্দৃষ্টান্তেন প্রত্যক্ষীকরোতি। তস্মিন্নুৎক্রামতি সতি অথানন্তরমেবেতরে

---

সর্ব্বশ্রেষ্ঠ প্রাণ অভিমানী ইন্দ্রিয়দিগকে কহিলেন, তোমরা অবিবেকের বশীভূত হইয়া বৃথা অভিমান করিও না। তোমাদিগের মধ্যে কেহই কিছু করিতে পারে না, আমিই এই শরীর ধারণ করিতেছি। তোমরা কেন "আমি কর্ত্তা, আমি কর্ত্তা" বলিয়া পরস্পর স্পর্দ্ধা করিয়া মূঢ়ের ন্যায় উচ্চৈঃস্বরে বাগ্বিতণ্ডা করিতেছ? কেবল আমিই আপনাকে পঞ্চধা বিভক্ত করিয়া শরীরধারণ করিতেছি। ৩।

প্রাণ ইন্দ্রিয়গণকে এইরূপ বলিলে তাহারা সকলেই নিতান্ত বিরক্ত হইয়া উঠিল, কেহই প্রাণের কথায় প্রত্যয় করিল না। প্রাণও ইন্দ্রিয়গণকে অবিশ্বস্ত দেখিয়া অভিমান প্রকাশপূর্ব্বক নিরপেক্ষ হইয়া সরোষে দৃষ্টান্তপ্রদর্শন করিয়া আপন উক্ত বিষয়ে প্রত্যক্ষপ্রমাণ দর্শাইতে লাগিলেন। অনন্তর ইন্দ্রিয়-

প্রতিষ্ঠমানে সর্ব্বএব প্রাতিষ্ঠন্তে। তদ্‌যথা মক্ষিকা মধু-
কররাজানমুৎক্রামন্তং সর্ব্বাএবোৎক্রামন্তে তস্মিংশ্চ
প্রতিষ্ঠমানে সর্ব্বা এব প্রাতিষ্ঠন্ত এবং বাঙ্মনশ্চক্ষুঃ শ্রোত্রঞ্চ
তে প্রীতাঃ প্রাণং স্তুন্বন্তি ॥ ৪ ॥

---

সর্ব্ব এব প্রাণাশ্চক্ষুরাদয় উৎক্রামন্তে উৎক্রামন্তি উচ্চক্রমুঃ। তস্মিংশ্চ প্রাণে প্রতিষ্ঠমানে তূষ্ণীং ভবত্যনুৎক্রামতি সতি সর্ব্ব এব প্রতিষ্ঠন্তে তূষ্ণীং ব্যবস্থিতা অভূবন্। তদ্‌যথা লোকে মক্ষিকা মধুকরাঃ স্বরাজানং মধুকর-রাজানমুৎক্রামন্তং প্রতি সর্ব্বা এবোৎক্রামন্তে তস্মিংশ্চ প্রতিষ্ঠমানে সর্ব্বা এব প্রতিষ্ঠন্তে প্রতিষ্ঠন্তি। যথাঽয়ং দৃষ্টান্ত এবং বাঙ্‌মনশ্চক্ষুঃশ্রোত্রঞ্চেত্যা-দয়স্ত উৎসৃজ্যাশ্রদ্দধানতাং বুদ্ধা প্রাণমাহাত্ম্যং প্রীতাঃ প্রাণং স্তুবন্তি ॥ ৪ ॥

---

গণ প্রাণের সগর্ব্ব ব্যাপার দেখিয়া চক্ষুরাদি সকলেই আপন আপন ক্ষমতা প্রকাশের উপক্রমে প্রবৃত্ত হইলেন। প্রাণ তাহাদিগের উপক্রম দেখিয়া স্বয়ং নিশ্চেষ্ট হইলেন। কিন্তু প্রাণ নিশ্চেষ্ট হইলে পর, আর কোন ইন্দ্রিয়ও কোন ব্যাপার সাধন করিতে সমর্থ হইলেন না। প্রাণ নিশ্চেষ্টতা আশ্রয় করিলে সকলেই নিশ্চেষ্ট হইয়া পড়িলেন। যেমন মধুমক্ষিকা সকল আপনাদিগের রাজা, অর্থাৎ প্রধান মক্ষিকাকে কোন ব্যাপারের উপক্রম করিতে দেখিলে, সকল মক্ষিকাই সেই ব্যাপারে প্রবৃত্ত হয় এবং যখন মধুকররাজ স্থৈর্য্য অবলম্বন করেন, তখন সকলেই নিস্তব্ধ হইয়া থাকে; সেইরূপ প্রাণের ব্যাপারেই সকল ইন্দ্রিয় আপন আপন কার্য্য করে এবং প্রাণ স্থির হইলে সকল ইন্দ্রিয়কেই স্থৈর্য্য আশ্রয় করিতে হয়। এই সকল দেখিয়া বাক্য, মনঃ, চক্ষুঃ, কর্ণপ্রভৃতি সকলেই প্রাণের প্রতি সন্তুষ্ট হইয়া সেই প্রাণকেই স্তব করিতে লাগিলেন। আর তাঁহারা তখন ইহাও জানিতে পারিলেন যে, আমাদিগের কোন

এষোঽগ্নিস্তপত্যেষ সূর্য্য এষ পর্জ্জন্যো মঘবানেষ বায়ু-রেষ পৃথিবী রয়ির্দ্দেবঃ সদসচ্চামৃতঞ্চ যৎ ॥ ৫ ॥

অরা ইব রথনাভৌ প্রাণে সর্ব্বং প্রতিষ্ঠিতম্। ঋচো যজূংষি সামানি যজ্ঞঃ ক্ষত্রং ব্রহ্ম চ ॥ ৬ ॥

---

কথমেষ প্রাণোঽগ্নিঃ সংস্তপতি জ্বলতি। তথৈষ সূর্য্যঃ সন্ প্রকাশতে। তথৈষ পর্জ্জন্যঃ সন্ বর্ষতি। কিঞ্চ মঘবানিন্দ্রঃ সন্ প্রজাঃ পালয়তি জিঘাংসত্যসুররক্ষাংসি। এষ বায়ুরাবহপ্রবাহাদিভেদঃ। কিঞ্চৈষ পৃথিবী রয়ির্দ্দেবঃ সর্ব্বস্য জগতঃ সন্ মূর্ত্তমসদমূর্ত্তঞ্চামৃতঞ্চ যদ্দেবানাং স্থিতিকারণং কিঞ্চ বহুনা ॥ ৫ ॥

অরা ইব রথনাভৌ শ্রদ্ধাদিনামান্তং সর্ব্বং শরীরং স্থিতিকালে প্রাণে প্রতিষ্ঠিতম্। তথা ঋচো যজূংষি সামানীতি ত্রিবিধা মন্ত্রাস্তৎসাধ্যশ্চ যজ্ঞঃ

---

ক্ষমতাই নাই। প্রাণই আমাদিগের কর্ত্তা, প্রাণের মাহাত্ম্য আশ্রয় করিয়াই আমরা স্বস্ব শক্তি প্রকাশ করিয়া থাকি, অতএব আমাদিগের গর্ব্ব বৃথা ॥ ৪ ॥

এই প্রাণই অগ্নিরূপে পাকক্রিয়া সাধন করিতেছেন, এই প্রাণই সূর্য্য হইয়া জগতে তাপপ্রদান করিতেছেন, ইনিই মেঘরূপ ধারণ করিয়া বারিবর্ষণ করেন, এই প্রাণই ইন্দ্ররূপী হইয়া প্রজাপালন করিতেছেন, ইনিই বায়ুরূপগ্রহণ করিয়া মেঘ ও জ্যোতির্ম্মণ্ডল বহন করিতেছেন, ইনিই পৃথিবীরূপে স্থাবরজঙ্গম অনন্তপদার্থ ধারণ করিতেছেন, ইনিই চন্দ্ররূপ পরিগ্রহ করিয়া জগতের পোষণক্রিয়াসাধন করিতেছেন। আর অধিক কি, এই প্রাণই সৎ, অসৎ, মূর্ত্ত, অমূর্ত্ত, স্থূল ও সূক্ষ্মস্বরূপ। এই প্রাণই জগতের ও দেবতাদিগেরও স্থিতির কারণ ॥ ৫ ॥

যেমন রথচক্রের নাভিমধ্যে অর্গল প্রবিষ্ট হইয়া সেই

প্রজাপতিশ্চরসি গর্ভে ত্বমেব প্রতিজায়সে। তুভ্যং প্রাণঃ প্রজাস্ত্বিমা বলিং হরন্তি যঃ প্রাণৈঃ প্রতিতিষ্ঠসি ॥৭॥

---

ক্ষত্রঞ্চ সর্ব্বস্য পালয়িতৃ ব্রহ্ম চ যজ্ঞাদিকর্ম্মকর্তৃত্বেঽধিকৃতঞ্চৈবৈষ প্রাণঃ সর্ব্বম্ ॥ ৬ ॥

কিঞ্চ যঃ প্রজাপতিরপি স ত্বমেব গর্ভে চরসি পিতুর্ম্মাতুশ্চ প্রতি প্রতিরূপঃ সন্ প্রতিজায়সে প্রজাপতিত্বাদেব প্রাগেব সিদ্ধং তব মাতৃপিতৃত্বং সর্ব্বদেহদেহ্যাকৃতিচ্ছন্ন একঃ প্রাণঃ সর্ব্বাত্মাসীত্যর্থঃ। তুভ্যং ত্বদর্থায় ইমা মনুষ্যাদ্যাঃ প্রজাহেতুঃ প্রাণশ্চক্ষুরাদিদ্বারৈর্ব্বলিং হরন্তি। যস্ত্বং প্রাণৈশ্চক্ষুরাদিভিঃ সহ প্রতিতিষ্ঠসি সর্ব্বশরীরেষ্বতস্তুভ্যং বলিং হরন্তীতি যুক্তম্। ভোক্তা হি যস্ত্বং তবৈবান্যৎ সর্ব্বং ভোজ্যম্ ॥ ৭ ॥

---

চক্রেক প্রতিষ্ঠিত করিয়া রাখে, সেইরূপ স্থিতিকালে এই প্রাণেতেই সর্ব্বশরীর অবস্থিত থাকে এবং ঋক্, যজুঃ ও সাম এই ত্রিবিধ মন্ত্র, সেই মন্ত্রত্রয়সাধ্য যজ্ঞ, পৃথিবীস্থ প্রজাবর্গের পালনকর্ত্তা ক্ষত্রিয় ও যজ্ঞাদিসম্পাদনকারী ব্রাহ্মণ সকলই প্রাণস্বরূপ ; সুতরাং সমুদায় পদার্থই প্রাণে প্রতিষ্ঠিত আছে, ইহা প্রতিপন্ন হইল। এইরূপে ইন্দ্রিয়গণ প্রাণের স্তব করিতেছেন ॥ ৬ ॥

ইন্দ্রিয়গণ পুনর্ব্বার প্রাণের স্তব করিতে লাগিলেন। তুমিই প্রজাপতিরূপে গর্ভে প্রবেশ কর, অর্থাৎ পিতার রেতঃস্বরূপ ধারণ করিয়া মাতৃগর্ভে সঞ্চরণ করিয়া থাক এবং তুমিই পিতৃমাতৃস্বরূপ। সকল দেহ ও দেহী তোমারই আকৃতিবিশেষ, তুমিই পিতৃমাতৃরূপে উৎপন্ন হইয়া পুনর্ব্বার সেই পিতামাতা হইতে উৎপন্ন হইয়া থাকে। হে প্রাণ! তোমার কার্য্যসাধনের নিমিত্ত এই সকল প্রজা রহিয়াছে। চক্ষুরাদি ইন্দ্রিয় তোমারই কার্য্যসাধন করিয়া থাকে এবং তুমিই প্রাণরূপে প্রতিষ্ঠিত হইয়া সর্ব্বকার্য্য সাধন করিতেছ ॥ ৭ ॥

দেবানামসি বহ্নিতমঃ পিতৃণাং প্রথমা স্বধা। ঋষীণাং চরিতং সত্যমথর্ব্বাঙ্গিরসামসি ॥ ৮ ॥

ইন্দ্রস্ত্বং প্রাণ তেজসা রুদ্রোঽসি পরিরক্ষিতা। ত্বমন্তরিক্ষে চরসি সূর্য্যস্ত্বং জ্যোতিষাম্পতিঃ ॥ ৯ ॥

---

কিঞ্চ দেবানামিন্দ্রাদীনামসি ভবসি ত্বং বহ্নিতমঃ হবিষাং প্রাপয়িতৃতমঃ পিতৃণাং নান্দীমুখে শ্রাদ্ধে যা পিতৃভ্যো দীয়তে স্বধাঽন্নং সা দেবপ্রদানমপেক্ষ্য প্রথমা ভবতি। তস্যা অপি পিতৃভ্যঃ প্রাপয়িতা ত্বমেবেত্যর্থঃ। কিঞ্চ ঋষীণাং চক্ষুরাদীনাং প্রাণানামঙ্গিরসামঙ্গিরসভূতানামথর্ব্বণাং তেষামেব প্রাণো বাঽথর্ব্বা ইতি শ্রুতেঃ। চরিতং চেষ্টিতং সত্যমবিতথং দেহধারণাদ্যুপকারলক্ষণং ত্বমেবাসি ॥ ৮ ॥

কিঞ্চেন্দ্রঃ পরমেশ্বরস্ত্বং হে প্রাণ তেজসা বীর্য্যেণ। রুদ্রোঽসি হরন্ জগৎ। স্থিতৌ চ পরি সমন্তাদ্রক্ষিতা পালয়িতা পরিরক্ষিতা ত্বমেকো

---

পুনর্ব্বার ইন্দ্রিয়গণ প্রাণকে বলিতেছেন, হে প্রাণ! তুমি ইন্দ্রাদিদেবগণের সম্বন্ধে বহ্নিস্বরূপ, অর্থাৎ প্রজাবর্গ দেবতাদিগের উদ্দেশে আহুতি প্রদান করিলে তুমি সেই হোমীয় ঘৃত বহন করিয়া দেবগণের তৃপ্তিসাধন কর এবং পিতৃগণের পক্ষে তুমি স্বধাস্বরূপ, অর্থাৎ শ্রাদ্ধকালে পিতৃলোককে উদ্দেশ করিয়া স্বধাশব্দ উল্লেখে যে অন্নপ্রদান করে, তুমি সেই অন্ন পিতৃলোকদিগকে অর্পণ করিয়া থাক। তুমি চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় ও অন্যান্য অঙ্গসকলের কার্য্যসাধন কর, তোমার অভাবে চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় অকর্ম্মণ্য হইয়া পড়ে এবং অন্যান্য অঙ্গসকলও শুষ্ক হইয়া যায়। অতএব তুমিই প্রধান ॥ ৮ ॥

হে প্রাণ! তুমিই পরমেশ্বর এবং তেজেতে ইন্দ্রস্বরূপ, তুমি স্বীয় বীর্য্যপ্রভাবে রুদ্ররূপ ধারণ করিয়া অবসানকালে এই

যদা ত্বমভিবর্ষস্যথেমাঃ প্রাণ তে প্রজাঃ। আনন্দরূপাস্তিষ্ঠন্তি কামায়ান্নং ভবিষ্যতীতি ॥ ১০ ॥

---

জগতঃ সৌম্যেন রূপেণ। ত্বমন্তরিক্ষেঽজস্রং চরসি উদয়াস্তময়াভ্যাং সূর্য্যস্ত্বমেব চ সর্ব্বেষাং জ্যোতিষাম্পতিঃ ॥ ৯ ॥

যদা পর্জ্জন্যো ভূত্বাভিবর্ষসি ত্বং অথ তদান্নং প্রাপ্যেমাঃ প্রজাঃ প্রাণ তে প্রাণচেষ্টাং কুর্ব্বন্তীত্যর্থঃ। অথবা প্রাণ তে তবেমাঃ প্রজাঃ স্বাত্মভূতাস্ত্বদন্নসংবর্দ্ধিতাস্ত্বদভিবর্ষণদর্শনমাত্রেণ চানন্দরূপাঃ সুখং প্রাপ্তা ইব সত্যস্তিষ্ঠন্তি। কামায় ইচ্ছাতোঽন্নং ভবিষ্যতীত্যেবমভিপ্রায়ঃ ॥ ১০ ॥

---

অনন্ত জগতের সংহার করিতেছ, তুমিই বিষ্ণুরূপ পরিগ্রহ করিয়া এই পরিদৃশ্যমান জগতের সর্ব্বত্র স্থাবর, জঙ্গম, স্থূল, সূক্ষ্ম মূর্ত্ত, অমূর্ত্ত সকল পদার্থ পান করিয়া থাক, তুমি ভিন্ন পরিরক্ষণকর্ত্তা আর নাই। হে প্রাণ! তুমিই নিয়ত আকাশমার্গে সঞ্চরণ করিতেছ, তুমিই উদয়াস্তগামী সূর্য্য এবং তুমিই অনন্ত জ্যোতিষ্কমণ্ডলের অধীশ্বর। তোমার প্রভা গ্রহণ করিয়াই জ্যোতিষ্কগণ তেজস্বী হইয়াছেন ॥ ৯॥

হে প্রাণ। যখন তুমি মেঘরূপ ধারণ করিয়া বারিবর্ষণ করিতে থাক, তখনই প্রজাবর্গ আপন আপন আহারীয় অন্নলাভ করিয়া প্রাণযাত্রা নির্ব্বাহ করে। তোমার মেঘরূপ হইতে ক্ষিতিতলে বারিবর্ষণ হইলেই পৃথিবীতে অন্ন উৎপন্ন হয় এবং সেই অন্নদ্বারা প্রজাগণ জীবিত থাকে। হে প্রাণ! তোমার এই সকল প্রজা তোমার প্রদত্ত অন্নদ্বারা সংবর্দ্ধিত হইয়া তোমার বারিবর্ষণ দর্শনে আনন্দ অনুভব করে এবং সেই আনন্দে আনন্দিত হইয়াই বর্ত্তমান আছে ॥ ১০ ॥

ব্রাত্যস্ত্বং প্রাণৈকঋষিরত্তা বিশ্বস্য সৎপতিঃ। বয়মাদ্যস্য দাতারঃ পিতা ত্বং মাতরিশ্বনঃ॥ ১১॥

যা তে তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা যা শ্রোত্রে যা চ চক্ষুষি। যা চ মনসি সন্ততা শিবাং তাং কুরু মোৎক্রমীঃ॥ ১২॥

---

কিঞ্চ প্রথমজত্বাদন্যস্য সংস্কর্ত্তুরভাবাদসংস্কৃতো ব্রাত্যস্ত্বং স্বভাবত এব শুদ্ধ ইত্যভিপ্রায়ঃ। হে প্রাণ এক ঋষিস্ত্বমাথর্ব্বণানাং প্রসিদ্ধ একর্ষি-নামাঽগ্নিঃ সন্নত্তা সর্ব্বহবিষাম্। ত্বমেব বিশ্বস্য সর্ব্বস্য সতো বিদ্যমানস্য পতিঃ সৎপতিঃ সাধুর্ব্বা পতিঃ সৎপতিঃ। বয়ং পুনরাদ্যস্য তবাদনীয়স্য হবিষো দাতারঃ। ত্বং পিতা মাতরিশ্বনোঽস্মাকম্। অথবা মাতরিশ্বনো বায়োস্ত্বম্। অতশ্চ সর্ব্বস্যৈব জগতঃ পিতৃত্বং সিদ্ধম্॥ ১১॥

কিং বহুনা যা তে ত্বদীয়া তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা বক্তৃত্বেন বদনচেষ্টাং কুর্ব্বতী। যা শ্রোত্রে যা চ চক্ষুষি যা মনসি সঙ্কল্পাদিব্যাপারেণ সন্ততা

---

হে প্রাণ! তুমি সকলের আদিতে উৎপন্ন হইয়াছ, সুতরাং তোমার সংস্কারকর্ত্তা আর কেহ নাই, তথাপি তুমি সংস্কারাভাবদোষে দূষিত না হইয়া স্বভাবতই শুদ্ধভাবে বিদ্যমান আছ। হে প্রাণ! তুমিই অথর্ব্ববেদপ্রসিদ্ধ একঋষিনামা অগ্নির স্বরূপ পরিগ্রহ করিয়া সর্ব্বপ্রকার হোমীয়দ্রব্য ভক্ষণ করিয়া থাক। তুমিই এই বিদ্যমান পদার্থসকলের অধিপতি এবং সাধুগণের অদ্বিতীয় অধীশ্বর। আমরা কেবল তোমাকে হোমীয়দ্রব্য প্রদান করিয়া থাকি, তদ্ভিন্ন আমাদিগের অন্য কোন ক্ষমতাই নাই। তুমিই জগৎপ্রাণভূত বায়ুরও পিতা; সুতরাং আমাদিগের সকলেরও পিতা তুমি॥ ১১॥

হে প্রাণ! তোমার যে অপানরূপা তনু বাক্যেতে, ব্যান-রূপা তনু কর্ণেতে, প্রাণরূপা তনু চক্ষুতে এবং সমানরূপা তনু মনেতে প্রতিষ্ঠিত আছে, তুমি সেই সকল তনুর কল্যাণসাধন

প্রাণস্যেদং বশে সর্ব্বং ত্রিদিবে যৎ প্রতিষ্ঠিতম্।
মাতেব পুত্রান্ রক্ষস্ব শ্রীশ্চ প্রজ্ঞাঞ্চ বিধেহি ন ইতি ॥১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্নঃ ॥ ২ ॥

---

সমনুগতা তনুস্তাং শিবাং শান্তাং কুরু মোৎক্রমীরুৎক্রমণেনাশিবাং মাকার্ষী-
রিত্যর্থঃ ॥ ১২ ॥

কিং বহুনা অস্মিঁল্লোকে প্রাণস্যৈব বশে সর্ব্বমিদং যৎকিঞ্চিদুপভোগ-জাতং ত্রিদিবে তৃতীয়স্যাং দিবি চ যৎ প্রতিষ্ঠিতং দেবাদ্যুপভোগলক্ষণং তস্যাপি প্রাণ এব ঈশিতা রক্ষিতা। অতো মাতেব পুত্রানস্মান্রক্ষস্ব পাল-য়স্ব। ত্বন্নিমিত্তা হি ব্রাহ্ম্যঃ ক্ষাত্রিয়াশ্চ শ্রিয়স্তাস্ত্বং শ্রীশ্চ প্রজ্ঞা চ ত্বৎস্থিতি-

---

কর। তোমার অপানরূপ শরীর বাক্যেতে প্রতিষ্ঠিত হইয়া বাক্যকথনশক্তি, ব্যানরূপ শরীর কর্ণেতে প্রতিষ্ঠিত হইয়া শ্রবণশক্তি, প্রাণরূপ শরীর চক্ষুতে প্রতিষ্ঠিত হইয়া দর্শন-শক্তি এবং সমানরূপ শরীর মনেতে প্রতিষ্ঠিত হইয়া মানসিক শক্তিপ্রদান করিতেছে, অতএব সেই সকল শরীরকে কার্য্যক্ষম করিয়া রাখ। ১২ ॥

হে প্রাণ! তোমার মাহাত্ম্য আর অধিক কি বর্ণন করিব? এই পৃথিবীতে সমুদায় পদার্থই প্রাণের বশীভূত হইয়া আছে এবং উপভোগযোগ্য যে সকল পদার্থ, তাহাও প্রাণের অধীন। কেবল পৃথিবীস্থ কেন? স্বীয় সমুদায় দ্রব্যেরও অধীশ্বর প্রাণ। স্বর্গপুরে দেবগণ যে সকল বস্তু উপভোগ করেন, তাহাও প্রাণের বশীভূত। অতএব হে প্রাণ! তুমিই সকলের কর্ত্তা। যেমন মাতা পুত্রগণকে পালন করেন, সেইরূপ তুমিও প্রজা-বর্গ রক্ষা কর। ব্রাহ্মণগণ ও ক্ষত্রিয়গণ যে সকল সম্পদ্লাভ

নিমিত্তাং বিধেহি নো বিধৎস্বেত্যর্থঃ। ইত্যেবং সর্ব্বাত্মনা যো বাগাদিভিঃ প্রাণৈঃ স্তুত্যা গমিতমহিমানঃ স প্রজাপতিরেবেত্যবধৃতম্॥ ১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্নভাষ্যম্॥ ২॥

---

করে, তাহাও তোমার প্রদত্ত, অতএব আমাদিগকে উৎকৃষ্ট সম্পদ্ ও প্রকৃষ্টজ্ঞান প্রদান কর॥ ১৩॥

ইতি দ্বিতীয়প্রশ্ন॥ ২॥

# অথ তৃতীয়ঃ প্রশ্নঃ।

অথ হৈনং কৌশল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ। ভগবন্ কুত এষ প্রাণো জায়তে কথমায়াত্যস্মিঞ্ছরীর আত্মানং বা প্রবিভজ্য কথং প্রাতিষ্ঠতে কেনোৎক্রমতে কথং বাহ্যমভিধত্তে কথমধ্যাত্মমিতি ॥ ১ ॥

---

অথ হৈনং কৌশল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ। প্রাণৈর্হ্যেবং নির্দ্ধারিততত্ত্ব উপলব্ধমহিমাঽপি সংহতত্বাৎ স্যাদস্য কার্য্যত্বমতঃ পৃচ্ছামি। ভগবন্ কুতঃ কস্মাৎ কারণাদেষ যথাবধৃতঃ প্রাণো জায়তে। জাতশ্চ কথং কেন বৃত্তিবিশেষেণায়াত্যস্মিঞ্ছরীরে। কিন্নিমিত্তকমস্য শরীরগ্রহণমিত্যর্থঃ। প্রবিষ্টশ্চ শরীরে আত্মানং বা প্রবিভজ্য প্রবিভাগং কৃত্বা কথং কেন প্রকারেণ প্রাতিষ্ঠতে প্রতিতিষ্ঠতি। কেন বা বৃত্তিবিশেষেণাস্মাচ্ছরীরাদুৎক্রমতে

---

পূর্ব্বোক্তপ্রকারে প্রাণের প্রজাপতিত্ব ও ভোক্তৃত্ব নির্দ্ধারণ করিয়া এইক্ষণ সেই প্রাণের উৎপত্তি নির্দ্ধারণপূর্ব্বক তাহার উপাসনা নিরূপণকামনায় পুনর্ব্বার পিপ্পলাদঋষির নিকট প্রশ্ন করিতেছেন।—অনন্তর অশ্বলের পুত্র কৌশল্য জিজ্ঞাসা করিলেন, ভগবন্! কি কারণে পূর্ব্বোক্ত প্রাণের উৎপত্তি হয়, উৎপন্ন প্রাণ কিরূপেই এই শরীরে প্রবেশ করেন, কিনিমিত্তই প্রাণ এই শরীরে আগমন করেন, আর শরীরপ্রবিষ্ট প্রাণ কিরূপেই বা আত্মাকে বিভাগ করিয়া প্রতিষ্ঠিত আছে, কোন্ কোন্ বৃত্তিবিশেষদ্বারা প্রাণ এই শরীরে প্রভুত্ব করে, কিরূপে প্রাণ বাহ্যবিষয় ধারণ করে এবং কি প্রকারেই বা অধ্যাত্মবিষয় গ্রহণ করিয়া থাকে? ঋষিবর! এই সমুদায়

তস্মৈ স হোবাচাতিপ্রশ্নান্ পৃচ্ছসি ব্রহ্মিষ্ঠোঽসীতি তস্মাত্তেঽহং ব্রবীমি ॥ ২ ॥

আত্মন এষ প্রাণো জায়তে। যথৈষা পুরুষেচ্ছায়ৈতস্মিন্নেতদাততং মনোকৃতেনায়াত্যস্মিঞ্ছরীরে ॥ ৩ ॥

---

উৎক্রামতি। কথং বাহ্যমধিভূতমধিদৈবঞ্চাভিধত্তে ধারয়তি। কথমধ্যাত্মমিতি ধারয়তীতি শেষঃ ॥ ১ ॥

ইত্যেবং পৃষ্টস্তস্মৈ স হোবাচাচার্য্যঃ। প্রাণ এব তাবদ্দুর্বিজ্ঞেয়ত্বাদ্বিষমপ্রশ্নার্হস্তস্যাপি জন্মাদি ত্বং পৃচ্ছস্যতোঽতিপ্রশ্নান্ পৃচ্ছসি। ব্রহ্মিষ্ঠোঽসীত্যতিশয়েন ত্বং ব্রহ্মবিদতস্তুষ্টোঽহং তস্মাত্তে তুভ্যং প্রব্রবীমি যৎপৃষ্টং শৃণু ॥ ২ ॥

আত্মনঃ পরস্মাৎ পুরুষাদক্ষরাৎ সত্যাদেবৈষ উক্তঃ প্রাণো জায়তে। কথমিত্যত্র দৃষ্টান্তঃ। যথা লোকে এষা পুরুষে শিরঃ পাণ্যাদিলক্ষণে নিমিত্তে ছায়া নৈমিত্তিকী জায়তে তদ্বদেতস্মিন্ ব্রহ্মণ্যেতৎপ্রাণাখ্যং

---

প্রশ্নের সদুত্তরপ্রদান করিয়া আমাদিগের কৌতূহলাক্রান্ত চিত্তকে পরিতৃপ্ত করুন্ ॥ ১ ॥

কৌশল্য পিপ্পলাদঋষির নিকট এইরূপ প্রশ্ন করিলে পিপ্পলাদ তাঁহাকে বলিলেন, প্রাণই অতিদুর্জ্ঞেয় পদার্থ; বিশেষতঃ তাহার তত্ত্বানুসন্ধান অতিদুরূহ ব্যাপার, অতএব তুমি অতিবিষম প্রশ্ন করিতেছ। তোমার এইরূপ দুর্জ্ঞেয় বিষয় পরিজ্ঞানে যেরূপ আগ্রহ দেখিতেছি, তাহাতে তুমি যে ব্রহ্মজ্ঞানী, তাহাই সবিশেষ প্রতিপন্ন হইতেছে। অতএব এইক্ষণ আমি তোমার প্রশ্নের সদুত্তর বলিতেছি, শ্রবণ কর ॥ ২ ॥

অক্ষর সনাতন পরমাত্মপুরুষ (আত্মা) হইতে প্রাণের উৎপত্তি হয়। যেমন হস্তপদাদিলক্ষণান্বিত ছায়া পুরুষ হইতে উৎ-

যথা সম্রাড়েবাধিকৃতান্ বিনিযুঙ্‌ক্তে। এতান্ গ্রামা-নেতান্ গ্রামানধিতিষ্ঠস্বেত্যেবমেবৈষ প্রাণঃ। ইতরান্ প্রাণান্ পৃথক্ পৃথগেব সন্নিধত্তে ॥ ৪ ॥

---

ছায়াস্থানীয়মনৃতরূপং তত্ত্বং সত্যে পুরুষে আততং সমর্পিতমিত্যেতৎ। ছায়েব দেহে মনোকৃতেন মনঃকৃতেন মনঃ সঙ্কল্পেচ্ছাদিনিষ্পন্নকর্ম্মনিমিত্তে-নেত্যেতদ্বক্ষ্যতি হি পুণ্যেন পুণ্যমিত্যাদি। তদেব সক্তঃ সহকর্ম্মণেতি চ শ্রুত্যন্তরাৎ। আয়াত্যাগচ্ছত্যস্মিঞ্ছরীরে ॥ ৩ ॥

যথা যেন প্রকারেণ লোকে রাজা সম্রাড়েব গ্রামাদিষ্বধিকৃতান্বি-নিযুঙ্‌ক্তে। কথম্ এতান্ গ্রামানেতান্ গ্রামানধিতিষ্ঠস্বেতি। এবমেব

---

পন্ন হয় এবং সেই ছায়া পুরুষেতেই সমর্পিত থাকে। সেইরূপ এই প্রাণও পরমাত্মপুরুষ হইতে উৎপন্ন হয় এবং সেই আত্মা-তেই বিলয় পায়। এই প্রাণ মনের সঙ্কল্পের বশীভূত হইয়াই শরীরে আগমন করে। (অন্যান্যশ্রুতিতেও লিখিত আছে যে প্রাণ কর্ম্মজন্যভোগে আসক্ত হইয়াই শরীর পরিগ্রহ করিয়া থাকে। প্রাণের মানসিক সঙ্কল্প হইলেই নানাপ্রকার কর্ম্ম করে এবং সেই সকল পুণ্যাপুণ্যকর্ম্মের ফলভোগার্থ শরীরে আগমন করে)॥ ৩ ॥

যেমন সম্রাট্ আপন অধিকারমধ্যে অধিকৃত লোকসকল নিযুক্ত করেন, অর্থাৎ "তুমি এই গ্রামে এবং তুমি অমুকগ্রামে প্রতিষ্ঠিত হইয়া স্বস্ব অধিকৃত গ্রামের শাসন কর" এইরূপে পৃথক্ পৃথক গ্রামে শাসনকর্ত্তা নিযুক্ত করেন। সেইরূপে প্রাণই বিভাগ করিয়া পৃথক্ পৃথক্ কার্য্যে নিযুক্ত করেন। (যেমন রাজ্যমধ্যে সম্রাটই প্রধান, সেইরূপ দেহমধ্যে প্রাণই মুখ্যকর্ত্তা। যেমন সম্রাটের আজ্ঞানুসারে অধিকারে নিযুক্ত লোকসকল স্বস্ব কার্য্যসম্পাদন করে, সেইরূপ চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয় প্রাণের

পায়ূপস্থেঽপানং চক্ষুঃশ্রোত্রে মুখনাসিকাভ্যাং প্রাণঃ স্বয়ং প্রাতিষ্ঠতে মধ্যে তু সমানঃ। এষ হ্যেতদ্ধুতমন্নং সমন্নয়তি তস্মাদেতাঃ সপ্তার্চ্চিষো ভবন্তি ॥ ৫ ॥

---

যথা দৃষ্টান্তঃ। এষ মুখ্যঃ প্রাণ ইতরান্ প্রাণাংশ্চক্ষুরাদীনাত্মভেদাংশ্চ পৃথক্ পৃথগেব যথাস্থানং সন্নিধত্তে বিনিযুঙ্‌ক্তে ॥ ৪ ॥

তত্র বিভাগঃ পায়ূপস্থে পায়ুশ্চ উপস্থশ্চ পায়ূপস্থং তস্মিন্। অপানমাত্মভেদং মূত্রপুরীষাদ্যপনয়নং কুর্ব্বংস্তিষ্ঠতি সন্নিধত্তে। তথা চক্ষুঃশ্রোত্রে চক্ষুশ্চ শ্রোত্রঞ্চ চক্ষুঃশ্রোত্রং তস্মিংশ্চক্ষুঃশ্রোত্রে। মুখনাসিকাভ্যাঞ্চ মুখঞ্চ নাসিকা চ মুখনাসিকে তাভ্যাং মুখনাসিকাভ্যাঞ্চ নির্গচ্ছন্ প্রাণঃ স্বয়ং সম্রাট্‌স্থানীয়ঃ প্রাতিষ্ঠতে প্রতিতিষ্ঠতি। মধ্যে তু প্রাণাপানয়োঃ স্থানয়োর্নাভ্যাম্। সমানমশিতং পীতঞ্চ সমং নয়তীতি সমানঃ। এষ হি যস্মাদ্‌যদেতদ্ধুতং ভুক্তং পীতঞ্চাত্মাগ্নৌ প্রক্ষিপ্তমন্নং সমং নয়তি তস্মাদশিতপীতেন্ধনাদগ্নেরৌদর্য্যাদ্ধৃদয়দেশাদেতাঃ সপ্তসংখ্যাকা অর্চ্চিষো দীপ্তয়ো নির্গ-

---

আজ্ঞাবশবর্ত্তী হইয়া স্বস্ব স্থানে অবস্থানপূর্ব্বক আপন আপন কার্য্যসাধন করিয়া থাকে) ॥ ৪ ॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে, প্রাণ আপনাকে বিভাগ করিয়া পৃথক পৃথক্ কার্য্যে নিযুক্ত করিয়া থাকে। এই শ্রুতিতে প্রাণ আপনার কোন্ কোন্ অংশ কোন্ কোন্ স্থানে সংস্থাপন করেন, তাহাই প্রকাশ করিতেছেন।—প্রাণের নিয়মানুসারে অপানবায়ু মূত্র ও পুরীষনিঃসারণার্থ উপস্থ ও গুহ্যস্থানে অবস্থিতি করিতেছেন। প্রাণ স্বয়ং চক্ষুঃ ও কর্ণে অবস্থান করিয়া মুখ ও নাসিকাদ্বারা নির্গমনাগমন করিয়া থাকেন। এই প্রাণই সম্রাট্‌স্থানীয়। প্রাণ ও অপান এই উভয়ের মধ্যে নাভিদেশে সমানবায়ু অবস্থান করে, ইনি ভুক্ত অন্নাদি ও পীতজলাদির সমতাসাধন করেন। এই ভুক্ত অন্ন ও পীত-

**হৃদি হ্যেষ আত্মা। অত্রৈতদেকশতং নাড়ীনাং তাসাং শতং শতমেকৈকস্যাং দ্বাসপ্ততির্দ্বাসপ্ততিঃ প্রতিশাখানাড়ী-সহস্রাণি ভবন্ত্যাসু ব্যানশ্চরতি ॥ ৬ ॥**

---

চ্ছন্ত্যো ভবন্তি শীর্ষণ্যঃ। প্রাণদ্বারা দর্শনশ্রবণাদিলক্ষণরূপাদিবিষয়প্রকাশ ইত্যভিপ্রায়ঃ ॥ ৫ ॥

হৃদি হ্যেষ ইতি পুণ্ডরীকাকারমাংসপিণ্ডপরিচ্ছিন্নে হৃদয়াকাশে এষ আত্মা আত্মসংযুক্তো লিঙ্গাত্মা জীবাত্মেত্যর্থঃ। অত্রাস্মিন্ হৃদয়ে এতদেকশত-মেকোত্তরশতং সংখ্যায়া প্রধাননাড়ীনাং ভবতীতি। তাসাং শতং শত-মেকৈকস্যাং প্রধাননাড্যাং ভেদাঃ। পুনরপি দ্বাসপ্ততির্দ্বাসপ্ততির্দ্বে দ্বে সহস্রেঽধিকসপ্ততিশ্চ সহস্রাণি। সহস্রাণাং দ্বাসপ্ততিঃ প্রতিশাখানাড়ী-সহস্রাণি প্রতি প্রতিনাড়ীশতসংখ্যয়া প্রধাননাড়ীনাং সহস্রাণি ভবন্তি। আসু নাড়ীষু ব্যানো বায়ুশ্চরতি। ব্যানো ব্যাপনাৎ। আদিত্যাদিব রশ্ময়ো

---

জল হৃদয়দেশস্থিত অগ্নির কাষ্ঠস্বরূপ। হৃদয়গত অগ্নি উক্তরূপ কাষ্ঠদ্বারা প্রজ্বলিত হয়, এইজন্য মস্তকোপরি সেই অগ্নির সপ্ত-জ্বালা নির্গত হইয়া থাকে। তাহাতেই শ্রবণদর্শনাদিক্রিয়া হইয়া থাকে ॥ ৫ ॥

পুণ্ডরীকসদৃশ মাংসপিণ্ডপরিচ্ছিন্ন হৃদয়াকাশে জীবাত্মা প্রতিষ্ঠিত আছেন। এই হৃদয়েতে একাধিকশত নাড়ী আছে। ইহারাই সর্ব্বপ্রধাননাড়ী। এই একাধিকশত নাড়ীর প্রত্যে-কেই দ্বিসপ্ততি সহস্র (৭২০০০) শাখানাড়ীসম্বন্ধ রহি-য়াছে। এই সকল নাড়ীর মধ্যে ব্যানবায়ু সঞ্চরণ করে। যেমন আদিত্যরশ্মি ভুবনব্যাপী, সেইরূপ ব্যানবায়ু সর্ব্বশরীর ব্যাপিয়া রহিয়াছে; এইনিমিত্ত এই বায়ুকে ব্যানবায়ু বলে। হৃদয়দেশ হইতে যে সকল নাড়ী বহির্গত হইয়া সর্ব্বশরীর পরিব্যাপ্ত করিয়াছে, ব্যানবায়ু ঐ সকল নাড়ীদ্বারা শরীরের

অথৈকয়োর্দ্ধ উদানঃ পুণ্যেন পুণ্যং লোকং নয়তি পাপেন পাপমুভাভ্যামেব মনুষ্যলোকম্ ॥ ৭ ॥

আদিত্যো হ বৈ বাহ্যঃ প্রাণ· উদয়ত্যেষ হ্যেনং চাক্ষুষং

---

হৃদয়াৎ সর্ব্বতো গামিনীভির্নাড়ীভিঃ সর্ব্বদেহং সংব্যাপ্য ব্যানো বর্ত্ততে। সন্ধিস্কন্ধমর্ম্মদেশেষু বিশেষেণ প্রাণাপানবৃত্ত্যোশ্চ মধ্য উদ্ভূতবৃত্তিবীর্য্যবৎ কর্ম্মকর্ত্তা ভবতি ॥ ৬ ॥

অথ যা তু তত্রৈকশতানাং নাড়ীনাং মধ্যে উর্দ্ধগা সুষুম্না নাড়ী তয়ৈকয়োর্দ্ধঃ সন্নুদানো বায়ুরাপাদতলমস্তকবৃত্তিঃ সঞ্চরন্ পুণ্যেন কর্ম্মণা শাস্ত্রবিহিতেন পুণ্যং লোকং দেবাদিস্থানলক্ষণং নয়তি প্রাপয়তি। পাপেন তদ্বিপরীতেন পাপং নরকং তির্য্যগ্‌যোন্যাদিলক্ষণম্। উভাভ্যাং সমপ্রধানাভ্যাং পুণ্যপাপাভ্যামেব মনুষ্যলোকং নয়তীত্যনুবর্ত্ততে ॥ ৭ ॥

আদিত্যো হ বৈ প্রসিদ্ধো হ্যাধিদৈবতং বাহ্যঃ প্রাণঃ স এষ উদয়ত্যাদ্গচ্ছতি। এষ হ্যেনমাধ্যাত্মিকং চক্ষুষি ভবং চাক্ষুষং প্রাণং প্রকাশেনানু-

---

সর্ব্বস্থানে সঞ্চরণ করিয়া থাকে। সন্ধি, স্কন্ধ, মর্ম্মস্থানেও ব্যানবায়ুর গতি হয়, বিশেষতঃ প্রাণ ও অপানবায়ুর মধ্যে ব্যানবায়ুরও গমন হয় ॥ ৬ ॥

পূর্ব্বোক্ত একাধিকশত নাড়ীর মধ্যে যে উর্দ্ধগত একটি নাড়ী আছে, তাহার নাম সুসুম্না নাড়ী। ঐ নাড়ীর মধ্যদিয়া উদানবায়ু উর্দ্ধে গমন করে এবং এই উদানবায়ুই পুণ্যাপুণ্য কর্ম্মদ্বারা উত্তমাধম লোকপ্রদান করিয়া থাকে। শাস্ত্রবিহিত পুণ্যকর্ম্মদ্বারা মনুষ্যকে দেবলোকাদি উত্তম স্থান প্রদান করে এবং গর্হিতকার্য্যের অনুষ্ঠানরূপ পাপকর্ম্মদ্বারা তির্য্যগ্‌যোনি-প্রভৃতি অধোগতি প্রদান করিয়া থাকে। পুণ্যাপুণ্য উভয় কর্ম্মদ্বারা মনুষ্যলোকে লইয়া যায় ॥ ৭ ॥

এই যে প্রসিদ্ধ আদিত্যদেব উদিত হইতেছেন, ইনি বাহ্য-

প্রাণমনুগৃহ্লানঃ। পৃথিব্যাং যা দেবতা সৈষা পুরুষস্যা-
পানমবষ্টভ্যান্তরা যদাকাশঃ স সমানো বায়ুর্ব্যানঃ ॥ ৮ ॥

তেজো হ বৈ উদানস্তস্মাদুপশান্ততেজাঃ। পুনর্ভব-
মিন্দ্রিয়ৈর্ম্মনসি সম্পদ্যমানৈঃ ॥ ৯ ॥

---

গৃহ্লানো রূপোপলব্ধৌ চক্ষুষ আলোকং কুর্ব্বন্নিত্যর্থঃ। তথা পৃথিব্যামভি-
মানিনী যা দেবতা প্রসিদ্ধা সৈষা পুরুষস্যাপানবৃত্তিমবষ্টভ্যাকৃষ্য বশীকৃত্যাধ
এবাপকর্ষণেনানুগ্রহং কুর্ব্বতী বর্ত্তত ইত্যর্থঃ। অন্যথা হি শরীরং গুরুত্বাৎ
পতেৎ সাবকাশে বোদ্গচ্ছেৎ। যদেতদন্তরা মধ্যে দ্যাবাপৃথিব্যোর্য
আকাশস্তৎস্থো বায়ুরাকাশ উচ্যতে। মঞ্চস্থবৎ স সমানঃ সমানমনুগৃহ্লানো
বর্ত্তত ইত্যর্থঃ। সমানস্যান্তরাকাশস্থত্বসামান্যাৎ সামান্যেন চ যো বাহ্যো
বায়ুঃ স ব্যাপ্তিসামান্যাদ্ব্যানো ব্যানমনুগৃহ্লানো বর্ত্তত ইত্যভিপ্রায়ঃ ॥ ৮ ॥

যদ্বাহ্যং হ বৈ প্রসিদ্ধং সামান্যং তেজস্তচ্ছরীরে উদানং বায়ুমনুগৃহ্লাতি
স্বেন প্রকাশেনেত্যভিপ্রায়ঃ। যস্মাত্তেজোভাবো বাহ্যতেজোঽনুগৃহীত

---

প্রাণ। এই আদিত্যই স্বীয় প্রকাশদ্বারা আধ্যাত্মিক চাক্ষুষ-
রূপ গ্রহণকরিয়া চক্ষুর আলোকপ্রদান করেন। যিনি
পৃথিবীর অভিমানী প্রসিদ্ধ দেবতা, তিনি পুরুষের অপানবৃত্তি
স্তব্ধীভূত করিয়া অধোদেশ হইতে আকর্ষণপূর্ব্বক জীবের প্রতি
বিশেষ অনুগ্রহ করিয়া বর্ত্তমান আছেন। এই আকর্ষণেই
জীবের শরীর স্থিরতর থাকে। অন্যথা শরীরের গুরুত্ববশতঃ
পতিত হইতে পারে। সমানবায়ু শরীরের সাম্যাবস্থা প্রদান
করিয়া শরীরধারণরূপ অনুগ্রহ করে। অন্যথা উদানবায়ুর
ঊর্দ্ধ-আকর্ষণে শরীরের ঊর্দ্ধগতি এবং অপানবায়ুর অধঃ-আক-
র্ষণে শরীরের অধোগতি হইবার সম্ভাবনা ॥ ৮ ॥

উদানবায়ু স্বীয় প্রকাশদ্বারা বাহ্য সামান্য তেজকে শরীরে
আনয়ন করে। ঐ তেজঃ যখন উপশান্ত, অর্থাৎ ক্ষীণায়ু হয়,

যচ্চিত্তস্তেনৈষ প্রাণমায়াতি প্রাণস্তেজসা যুক্তঃ। সহাত্মনা যথা সঙ্কল্পিতং লোকং নয়তি ॥ ১০ ॥

---

উৎক্রান্তিকর্ত্তা তস্মাদ্যদা লৌকিকঃ পুরুষ উপশান্ততেজা ভবতি। উপশান্তং স্বাভাবিকং তেজো যস্য সঃ। তদা তং ক্ষীণায়ুষং মুমূর্ষুং বিদ্যাৎ। স পুনর্ভবং শরীরান্তরং প্রতিপদ্যতে। কথম্ সহেন্দ্রিয়ৈর্ম্মনসি সম্পদ্যমানৈঃ প্রবিশদ্ভির্ব্বাগাদিভিঃ ॥ ৯ ॥

মরণকালে যচ্চিত্তো ভবতি তেনৈষ জীবঃ চিত্তেন সঙ্কল্পেনেন্দ্রিয়ৈঃ সহ প্রাণং মুখ্যপ্রাণবৃত্তিমায়াতি। মরণকালে ক্ষীণেন্দ্রিয়বৃত্তিঃ সন্মুখ্যয়া প্রাণবৃত্ত্যৈবাবতিষ্ঠত ইত্যর্থঃ। তদা হি বদন্তি জ্ঞাতয় উচ্ছসিতি জীবতীতি।

---

তখনই সেই পুরুষকে মুমূর্ষু বলিয়া জানিবে। উক্ত বাহ্যতেজঃ একশরীরে প্রবিষ্ট হইয়া উপশান্ত হইলে পুনর্ব্বার শরীরান্তর পরিগ্রহপূর্ব্বক ইন্দ্রিয়াদির সহিত মিলিত হইয়া কার্য্যকারী হয়। (উক্তরূপে প্রাণ, অপান, সমান, উদান, ব্যানাত্মক মুখ্যপ্রাণের অনুগ্রহেই আধ্যাত্মিক প্রাণবৃত্তি সম্পন্ন হয়। উক্ত মুখ্যপ্রাণই আদিত্য, অগ্নি, আকাশ, বায়ু ও তেজোরূপী হইয়া বাহ্যকার্য্যসম্পাদন করে; সুতরাং প্রাণই বাহ্য ও আধ্যাত্মিককার্য্য সম্পাদনপূর্ব্বক শরীর ধারণ করিতেছে। শ্রুত্যন্তরপ্রমাণে জানা যায় যে, সেই প্রাণই চক্ষুঃ, সেই অপানই বাক্য, সেই ব্যানই শ্রোত্র, সেই সমানই মনঃ, সেই উদানই শ্বাসপ্রশ্বাসরূপী; সুতরাং উক্ত প্রাণই চক্ষুরাদির কার্য্যসাধনরূপ অনুগ্রহদ্বারা বাহ্য ও আধ্যাত্মিক কার্য্যসাধন করিতেছে) ॥ ৯ ॥

মরণকালে চিত্ত যেরূপ থাকে, জীব সেই চিত্তদ্বারা ইন্দ্রিয় ও সঙ্কল্পের সহিত সেইরূপ প্রাণ প্রাপ্ত হয়, অর্থাৎ মরণসময়ে ইন্দ্রিয়বৃত্তিসকল ক্ষীণ হইলে জীব প্রাণের মুখ্যবৃত্তিতে অবস্থিত হয়। তখন সেই প্রাণ উদানবৃত্তির সহিত যুক্ত হইয়া থাকে।

য এবং বিদ্বান্ প্রাণং বেদ। ন হাস্য প্রজা হীয়তে-ঽমৃতো ভবতি তদেষ শ্লোকঃ ॥ ১১ ॥

---

স চ প্রাণস্তেজসো দানবৃত্ত্যা যুক্তঃ সন্ সহাত্মনা স্বামিনা ভোক্ত্রা স এবমুদানবৃত্ত্যৈব যুক্তঃ প্রাণস্তং ভোক্তারং পুণ্যপাপকর্ম্মবশাদ্‌যথাসঙ্কল্পিতং যথাঽভিপ্রেতলোকং নয়তি প্রাপয়তি ॥ ১০ ॥

যঃ কশ্চিদেবং বিদ্বান্ যথোক্তবিশেষণৈর্ব্বিশিষ্টমুৎপত্ত্যাদিভিঃ প্রাণং বেদ জানাতি তস্যেদং ফলমৈহিকমামুষ্মিকঞ্চোচ্যতে। ন হাস্য নৈবাস্য বিদুষঃ প্রজাঃ পুত্রপৌত্রাদিলক্ষণা হীয়তে হীয়ন্তে ছিদ্যন্তে। পতিতে চ শরীরে প্রাণসাযুজ্যতয়াঽমৃতোঽমরণধর্ম্মা ভবতি তদেতস্মিন্নর্থে সংক্ষেপাভিধায়ক এষ শ্লোকো মন্ত্রো ভবতি ॥ ১১ ॥

---

তাহাতেই ভোক্তা প্রাণের পুণ্যপাপকর্ম্মবশতঃ সংকল্পানুসারে যথাভিপ্রেত লোক প্রাপ্ত হয়। (প্রাণ আত্মার সহিত মিলিত হইলে যখন যেরূপ সঙ্কল্প করে, তখন সেইরূপ লোকপ্রাপ্তি হয়) ॥ ১০ ॥

যে কোন ব্যক্তি উক্তরূপে উৎপত্তিপ্রভৃতি দ্বারা প্রাণকে জানিতে পারেন, তাঁহার উক্তরূপ ঐহিক ও পারত্রিক ফলভোগ হইয়া থাকে। সেই ব্যক্তির কখন পুত্রপৌত্রাদি প্রজা ক্ষীণ হয় না, অর্থাৎ প্রাণই মনঃকৃত ধর্ম্মাধর্ম্মাদিদ্বারা শরীরগ্রহণ করে, আপনাকে পঞ্চধা বিভক্ত করিয়া শরীর উৎপাদন করে, পায়ু ও উপস্থাতে অপানস্বরূপ, চক্ষুঃ ও শ্রোত্রেতে প্রাণস্বরূপ, নাভিতে সমানস্বরূপ, নাড়ীসমূহে জ্ঞানস্বরূপ, সুষুম্নাতে উদানস্বরূপ স্থাপন করে। এইরূপে প্রাণাপানাদিস্বরূপ এবং বাহ্য পৃথিব্যাদিদ্বারা প্রাণই আধ্যাত্মিক ও বাহ্য শরীরধারণ করে, ইত্যাদিরূপে প্রাণকে জানিতে পারিলে শরী-

উৎপত্তিমায়তিং স্থানং বিভুত্বঞ্চৈব পঞ্চধা। অধ্যাত্মঞ্চৈব প্রাণস্য বিজ্ঞায়ামৃতমশ্নুতে বিজ্ঞায়ামৃতমশ্নুত ইতি॥ ১২॥

ইতি তৃতীয়ঃ প্রশ্নঃ॥ ৩॥

---

উৎপত্তিপরমাত্মনঃ প্রাণস্যায়তিমাগমনং মনোকৃতেন মনঃকৃতেন নাস্মিঞ্শরীরে স্থানং স্থিতিঞ্চ পায়ুপস্থাদিস্থানেষু বিভুত্বং চ স্বাম্যমেব সম্রাড়িব প্রাণবৃত্তিভেদানাং পঞ্চধা স্থাপনম্। বাহ্যমাদিত্যাদিরূপেণাধ্যাত্মঞ্চৈব চক্ষুরাদ্যাকারেণাবস্থানং বিজ্ঞায়ৈবং প্রাণমমৃতমশ্নুত ইতি। বিজ্ঞায়ামৃতমশ্নুত ইতি দ্বির্ব্বচনং প্রশ্নার্থপরিসমাপ্ত্যর্থম্॥ ১২॥

ইতি তৃতীয়প্রশ্নভাষ্যম্॥ ৩॥

---

রের পতন হইলেও প্রাণের সাযুজ্যবশতঃ অমরণধর্ম্ম প্রাপ্ত হয়॥ ১১॥

উক্তরূপে প্রাণের উৎপত্তি, প্রাণের আগমন ও সঙ্কল্পবশতঃ শরীরে অবস্থান, পায়ু উপস্থপ্রভৃতি স্থানে বিভুত্ব, অর্থাৎ রাজা যেমন প্রজাবর্গের প্রতি আধিপত্য করিয়া থাকেন, প্রাণও সেইরূপ পায়ুপস্থপ্রভৃতি ইন্দ্রিয়ের প্রতি প্রভুত্ব করে, ইত্যাদি প্রাণের কার্য্য। এক প্রাণেরই পঞ্চপ্রকারে বাহ্য ও আদিত্যাদিরূপে ও আধ্যাত্মিক চক্ষুরূপে অবস্থান ইত্যাদিসমুদায় জানিয়া প্রাণ অমৃতত্ব প্রাপ্ত হয়॥ ১২॥

ইতি তৃতীয়প্রশ্ন॥ ৩॥

## অথ চতুর্থঃ প্রশ্নঃ।

অথ হৈনং সৌর্য্যায়ণো গার্গ্যঃ পপ্রচ্ছ। ভগবন্নেতস্মিন্

---

অথ হৈনং সৌর্য্যায়ণো গার্গ্যঃ পপ্রচ্ছ প্রশ্নত্রয়েণাপরবিদ্যাগোচরং সর্ব্বং পরিসমাপ্য সংসারং ব্যাকৃতবিষয়ং সাধ্যসাধনলক্ষণমনিত্যম্। অথেদানীমসাধনলক্ষণমপ্রাণমমনোগোচরমতীন্দ্রিয়মবিষয়ং শিবং শান্তমবিকৃতমক্ষরং সত্যং পরবিদ্যাগম্যং পুরুষাখ্যং সবাহ্যাভ্যান্তরমজং বক্তব্যমিত্যুত্তরং প্রশ্নত্রয়মারভ্যতে। তত্র সুদীপ্তাদিবাগ্নের্যস্মাৎ পরাদক্ষরাৎ সর্ব্বে ভাবা বিস্ফুলিঙ্গা ইব জায়ন্তে তত্রৈবাপি যন্তীত্যুক্তম্। দ্বিতীয়ে মুণ্ডকে কে তে সর্ব্বভাবা অক্ষরাদ্বিভজ্যন্তে। কথং বা বিভক্তাঃ সন্তস্তত্রৈবাপি যন্তি। কিং লক্ষণং বা তদক্ষরমিতি। এতদ্বিবক্ষয়াঽধুনা প্রশ্নানুদ্ভাবয়তি। ভগবন্নেতস্মিন্ পুরুষে শিরঃপাণ্যাদিমতি কানি করণানি স্বপন্তি স্বাপং কুর্ব্বন্তি

---

শিষ্যগণ পরবিদ্যাগতিশ্রবণে বিরক্ত হইয়া প্রাণবিদ্যাদ্বারা চিত্তের একাগ্রতা সাধিত হইলে শুদ্ধচিত্ত শমদমাদিসাধনচতুষ্টয়সম্পন্ন মুখ্যাধিকারীর পরবিদ্যা উৎপত্তির নিমিত্ত প্রশ্ন করিতেছেন। অনন্তর সৌর্য্যের পুত্র গার্গ্য জিজ্ঞাসা করিলেন, মহাত্মন্! ইতিপূর্ব্বে প্রশ্নত্রয়ের উত্তরপ্রসঙ্গে অপরবিদ্যার গোচরীভূত সাধ্যসাধনলক্ষণ অনিত্যসংসার বিস্তাররূপে বর্ণিত হইয়াছে, এইক্ষণ কারণাতীত, অপ্রাণ, অবাঙ্‌মনসগোচর, অতীন্দ্রিয়, অবিষয়, সর্ব্বমঙ্গলময়, শান্ত, অবিকৃত, অক্ষয়, পরবিদ্যার বিষয়ীভূত, বাহ্যাভ্যন্তরবর্ত্তী, সনাতন পুরুষ বলিতে হইবে। যেমন সুদীপ্ত অগ্নি হইতে অনন্ত বিস্ফুলিঙ্গ বহির্গত হয়, সেইরূপ

পুরুষে কানি স্বপন্তি কান্যস্মিন্ জাগ্রতি কতর এষ দেবঃ

---

স্বব্যাপারাদুপরমন্তে। কানি চাস্মিন্ জাগ্রতি জাগরণমনিদ্রাবস্থাব্যাপারং কুর্ব্বন্তি। স্বব্যাপারান্ কুর্ব্বন্তীত্যর্থঃ। কতরঃ কার্য্যকারণলক্ষণানাং য এষ দেবঃ স্বপ্নান্ পশ্যতি। স্বপ্নো নাম জাগ্রদ্দর্শনান্নিবৃত্তস্য জাগ্রদ্বদন্তঃ-শরীরে যদ্দর্শনম্। তৎ কিং কার্য্যলক্ষণেন দেবেন নির্ব্বর্ত্ত্যতে কিং বা করণলক্ষণেন কেনচিদিত্যভিপ্রায়ঃ। উপরতে চ জাগ্রৎস্বপ্নব্যাপারে যৎ প্রসন্নং নিরায়াসলক্ষণমনাবাধং সুখং কস্যৈতদ্ভবতি। তস্মিন্ কালে জাগ্রৎ-স্বপ্নব্যাপারাদুপরতাঃ সন্তঃ কস্মিন্ উ সর্ব্বে সম্যগেকীভূতাঃ সম্প্রতিষ্ঠিতাঃ। মধুনি রসবৎসমুদ্রং প্রবিষ্টনদ্যাদিবচ্চ বিবেকানর্হাঃ প্রতিষ্ঠিতা ভবন্তি সঙ্গতাঃ সম্প্রতিষ্ঠিতা ভবন্তীত্যর্থঃ। ননু ন্যস্তদাত্রাদিকরণবৎ স্বব্যাপারাদুপরতানি পৃথক্ পৃথগেব স্বাত্মন্যবতিষ্ঠন্ত ইত্যেতদ্যুক্তং কুতঃ প্রাপ্তিঃ সুষুপ্ত-পুরুষাণাং করণানাং কস্মিংশ্চিদেকীভাবগমনাশঙ্কায়াঃ। প্রষ্টুঃ যুক্তৈব-

---

যে অক্ষয়পুরুষ হইতে অনন্তভাবের আবির্ভাব হয়, সেই অক্ষয়-পুরুষের স্বরূপ কি? ইহা জানাই আমার আধুনিক প্রশ্নের উদ্দেশ্য। অতএব ভগবন্! আপনি যে ইতিপূর্ব্বে পুরুষের উৎ-পত্তি সবিস্তর বর্ণন করিয়াছেন, সেই পুরুষেতে শিরঃপাণ্যাদি-প্রভৃতি কোন্ কোন্ ইন্দ্রিয় নিদ্রিত, অর্থাৎ আপন আপন কার্য্য হইতে নিবৃত্ত আছে? এবং কোন্ কোন্ ইন্দ্রিয়ই বা জাগরিত থাকিয়া স্বস্বব্যাপার সাধন করিতেছে? কোন্ দেবই বা স্বপ্নদর্শন করিতেছেন? কোন্ দেব জাগ্রদ্দর্শনের ন্যায় অন্তঃশরীরে দর্শন করেন। জাগ্রৎ এবং স্বপ্নব্যাপার নিবৃত্ত হইলে কাহার নিরা-য়াসসুখ অনুভূত হয় এবং জাগ্রৎ ও স্বপ্নব্যাপার নিবৃত্ত হইলে কাহাতে সমুদায় একত্রীভূত হইয়া প্রতিষ্ঠিত থাকে। যেমন মধুতে রস পরিব্যাপ্ত থাকে এবং সমুদ্রেতে নদীসকল প্রতিষ্ঠিত হয়, সেইরূপ কাহাতে এই সমুদায় সঙ্গত আছে? আমরা ইহার

স্বপ্নান্ পশ্যতি কস্যৈতৎ সুখং ভবতি কস্মিন্নু সর্ব্বে সংপ্রতিষ্ঠিতা ভবন্তীতি ॥ ১ ॥

তস্মৈ স হোবাচ। যথা গার্গ্যমরীচয়োঽর্কস্যাস্তং গচ্ছতঃ সর্ব্বা এতস্মিংস্তেজোমণ্ডল একীভবন্তি। তাঃ পুনঃ-পুনরুদয়তঃ প্রচরন্ত্যেবং হ বৈ তৎসর্ব্বং পরে দেবে মন-

---

স্বাশঙ্কা। যতঃ সংহতানি করণানি স্বাম্যর্থানি পরতন্ত্রাণি চ জাগ্রদ্বিষয়ে তস্মাৎ স্বাপেঽপি সংহতানাং পারতন্ত্র্যেণৈব কস্মিংশ্চিৎ সঙ্গতির্ন্যায্যেতি। তস্মাদাশঙ্কানুরূপ এব প্রশ্নোঽয়ম্। অত্র তু কার্য্যকারণসঙ্ঘাতো যস্মিংশ্চ প্রলীনঃ সুষুপ্তপ্রলয়কালয়োস্তদ্বিশেষং বুভুৎসোঃ স কোনু স্যাদিতি কস্মিন্ সর্ব্বে সম্প্রতিষ্ঠিতা ভবন্তীতি ॥ ১ ॥

তস্মৈ স হোবাচাচার্য্যঃ। শৃণু হে গার্গ্য যত্ত্বয়া পৃষ্টম্। যথা মরীচয়ো রশ্ময়োঽর্কস্যাদিত্যস্যাস্তমদর্শনং গচ্ছতঃ সর্ব্বা অশেষত এতস্মিংস্তেজোমণ্ডলে তেজোরাশিরূপে একীভবন্তি বিবেকানর্হত্বমবিশেষতাং গচ্ছন্তি তা মরীচয়-

---

কিছুই বিবেচনা করিতে পারি না। যেমন দাত্র কোনস্থানে স্থাপিত করিয়া রাখিলে, সেই দাত্র কোন কার্য্যকারী হয় না, সেইরূপ সুষুপ্তপুরুষের ইন্দ্রিয়গণ কেন স্বস্বব্যাপার হইতে নিবৃত্ত হয়? এই সকল প্রশ্নের সদুত্তরপ্রদান করিয়া আমাদিগের সমুৎসুকচিত্তের শান্তিবিধান করুন্ ॥ ১ ॥

ঋষিপ্রবর পিপ্পলাদ গার্গ্যের প্রশ্ন শ্রবণ করিয়া তাঁহাকে কহিলেন, হে গার্গ্য! তুমি যে সকল প্রশ্ন করিয়াছ, তাহাদিগের সদুত্তর শ্রবণ কর। যেমন সূর্য্য অস্তগামী হইলে তাহার কিরণজাল তেজোমণ্ডলে মিলিত হইয়া থাকে এবং যখন সেই সূর্য্য উদয়াচলে উদিত হয়েন, তখন সেই সকল কিরণ আসিয়া আবার সূর্য্যকে আশ্রয় করে, সেইরূপ সুষুপ্তিকালে চক্ষুরাদি ইন্দ্রিয়ের কার্য্যসকল মনের সহিত মিলিত

তথাপি বাস্তবিক পুরুষের ভোগ প্রতীয়মান হয়, এই মতও যুক্তিযুক্ত নহে, তাহাহইলে প্রধান আত্মারও ভোগকালে অবিক্রিয়ত্বপ্রযুক্ত ভোক্তৃত্বপ্রসঙ্গ হয়। যদি বল, প্রধান আত্মা ভোগ করেন না, ভোক্তৃত্ব তাঁহার বিকারমাত্র, তাহাহইলে উষ্ণত্বাদি-অসাধারণগুণশালী অগ্ন্যাদিরও ভোক্তৃত্ববিষয়ে হেতুর অনুপপত্তি হয়। তবে প্রধান ও পুরুষ এই উভয়ের একদাই ভোক্তৃত্ব বলি, তবে আর প্রধানের পরমার্থতা কি রহিল? উভয়কে ভোক্তা বলিলে তাহাদিগের পরস্পর কোন গুণপ্রভেদ থাকে না। যেমন দুইটি প্রকাশক বস্তু উভয়েই পরস্পরকে প্রকাশ করে, তাহাদিগের কোন ইতরবিশেষ থাকে না, সেইরূপ উভয়কে ভোক্তা বলিলে তাহাদিগের কোন বিশেষ প্রতীত হইতে পারে না। বাস্তবিক পুরুষই ভোক্তা, কর্ত্তা নহে এবং প্রধান আত্মাই কর্ত্তা, কিন্তু ভোক্তা নহে। পরমার্থ সৎবস্তু পুরুষ হইতে ভিন্ন. এইরূপ কল্পনা শাস্ত্রবহির্ভূত এবং হেতুবিহীন। অতএব মুমুক্ষুরা ইহার আদর করেন না এবং নানারূপ শাস্ত্রপ্রমাণে প্রধান আত্মা ও পুরুষ ইহাদিগের একত্বস্বীকার করা যায় না। বিশেষতঃ কে কাহাকে

কর্ম্মদেশকালনিমিত্তাপেক্ষয়া চ বন্ধমোক্ষাদিফলার্থা নিয়তা পুরুষং প্রতি প্রবৃত্তির্নোপপদ্যতে। যথোক্তসর্ব্বজ্ঞেশ্বরকর্তৃত্বপক্ষে তূপপন্না ঈশ্বরেণৈব সর্ব্বাধিকারী প্রাণঃ পুরুষেণ সৃজ্যতে। কথং স পুরুষ উক্তপ্রকারেণেক্ষিত্বা সর্ব্বপ্রাণং হিরণ্যগর্ভাখ্যং সর্ব্বপ্রাণিকরণাধারমন্তরাত্মানমসৃজত সৃষ্টবান্। অতঃ প্রাণাৎ শ্রদ্ধাং সর্ব্বপ্রাণিনাং শুভকর্ম্মপ্রবৃত্তিহেতুভূতাম্। ততঃ কর্ম্মফলোপভোগসাধনাধিষ্ঠানানি কারণভূতানি মহাভূতান্যসৃজত। খং শব্দগুণং বায়ুং স্বেন স্পর্শেন কারণগুণেন চ বিশিষ্টং দ্বিগুণম্। তথা জ্যোতিঃ স্বেন রূপেণ পূর্ব্বাভ্যাঞ্চ বিশিষ্টং ত্রিগুণং শব্দস্পর্শাভ্যাম্। তথাপো

---

দেখে, ইত্যাদি শ্রুতিপ্রমাণদ্বারাও পুরুষস্বীকার না করিয়া কেবল একমাত্র আত্মা স্বীকার করা যায় না। পূর্ব্বে যে দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে, রাজার সর্ব্বাধিকারী ভৃত্যের প্রতি যেমন রাজবৎ ব্যবহার হয়, সেইরূপ পুরুষের প্রতিই আত্মবৎ ব্যবহার হইয়া থাকে। সেই পুরুষই মুক্ত ও বদ্ধ হয় এবং কর্তৃত্ব-কর্ম্মত্ব দেশকালাদির নিমিত্তাপেক্ষায় মোক্ষফলাদিও সেই পুরুষেতেই নিয়ত আছে। অতএব সেই ঈশ্বরই সর্ব্বাধিকারী প্রাণের সৃষ্টি করেন। তিনি পূর্ব্বোক্তপ্রকারে সর্ব্ববিষয় পরিদর্শন করিয়া সকলের প্রাণস্বরূপ হিরণ্যগর্ভাখ্য সর্ব্বপ্রাণীর ইন্দ্রিয়গণের আধারস্বরূপ অন্তরাত্মা সৃজন করিয়াছেন এবং সেই প্রাণ হইতে সর্ব্বপ্রাণীর শুভকর্ম্মের প্রবৃত্তির হেতুভূত শ্রদ্ধা এবং সেই শ্রদ্ধা হইতে কর্ম্মফলোপভোগের সাধনাধিষ্ঠানরূপ আকাশাদি মহাভূতসকল সৃষ্টি করিয়াছেন। প্রথমে শব্দগুণ-বিশিষ্ট আকাশ সৃষ্টি করিয়া এই আকাশ হইতে স্বীয় গুণ স্পর্শ এবং কারণগুণ শব্দ, এই উভয়গুণযুক্ত বায়ু; বায়ু হইতে স্বীয়গুণ রূপ ও কারণগুণ শব্দ ও স্পর্শ, এই ত্রিগুণশালী তেজ; তেজ হইতে স্বীয়গুণ রস এবং কারণগুণ শব্দ, স্পর্শ ও রূপ

রসেন গুণেনাসাধারণেন পূর্ব্বগুণানুপ্রবেশেন চতুর্গুণাঃ। তথা গুণেন পূর্ব্বগুণানুপ্রবেশেন পঞ্চগুণা পৃথিবী। তথা তৈরেব ভূতৈরারব্ধমিন্দ্রিয়ং দ্বিপ্রকারং বুদ্ধ্যর্থং কর্ম্মার্থঞ্চ দশসঙ্খ্যম্। তস্য চেশ্বরমতস্থং সংশয়সঙ্কল্পাদিলক্ষণং মনঃ। এবং প্রাণিনাং কার্য্যং কারণঞ্চ সৃষ্ট্বা তৎস্থিত্যর্থং ব্রীহিযবাদিলক্ষণমন্নম্। ততশ্চান্নাদদ্যমানাদ্বীর্য্যং সামর্থ্যং বলং সর্ব্বকর্ম্মপ্রবৃত্তিসাধনম্। তদ্বীর্য্যবতাঞ্চ প্রাণিনাং তয়োর্ব্বিশুদ্ধিসাধনং সঙ্কীর্য্যমাণানাং মন্ত্রাস্তপোবিশুদ্ধান্তর্ব্বহিঃকরণেভ্যঃ। কর্ম্মসাধনমেতা ঋগ্‌যজুঃসামাথর্ব্বাঙ্গিরসঃ। ততঃ কর্ম্মাগ্নিহোত্রাদিলক্ষণম্। ততো লোকাঃ কর্ম্মণাং ফলম্। তেষু চ সৃষ্টানাং প্রাণিনাং নাম চ দেবদত্তো যজ্ঞদত্তইত্যাদি। এবমেতাঃ

---

এই চতুর্গুণান্বিত জল এবং জল হইতে স্বীয়গুণ গন্ধ এবং কারণগুণ শব্দ, স্পর্শ, রূপ ও রস এই পঞ্চগুণযুক্ত পৃথিবী সৃষ্টি করেন। পরে ঐ সকল ভূত হইতে সেই সেই ভূতের গুণবিশিষ্ট দ্বিবিধ ইন্দ্রিয় সৃজনকরিয়াছেন। পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সমুদায়ে দশেন্দ্রিয় উৎপন্ন হয়। আকাশ হইতে কর্ণ, বায়ু হইতে ত্বক্, তেজ হইতে চক্ষুঃ, জল হইতে রসনা এবং পৃথিবী হইতে নাসিকার উৎপত্তি হইয়াছে, এইনিমিত্ত কর্ণের শব্দগ্রহণশক্তি, ত্বকের স্পর্শানুভবশক্তি, চক্ষুর দর্শনশক্তি, রসনার আস্বাদনশক্তি এবং নাসিকার গন্ধগ্রহণশক্তি হইয়াছে। অনন্তর সংশয় ও সঙ্কল্পাদিলক্ষণ মনঃ সৃজন করিলেন। এইরূপে প্রাণীসৃষ্টি করিয়া তাহাদিগের অবস্থিতির নিমিত্ত ব্রীহিযবাদি অন্নসৃজন করিয়াছেন। পরে অন্নাদিভোজনজন্য সর্ব্বকর্ম্মপ্রবৃত্তিসাধন বীর্য্য, সামর্থ্য ও বল সৃষ্টি করেন। অনন্তর বলবীর্য্যশালী প্রাণিদিগের বাহ্যাভ্যন্তরশুদ্ধির নিমিত্ত মন্ত্র ও তপস্যা, তপঃপ্রভৃতি সর্ব্বকর্ম্মসাধনীভূত ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয়, বেদচতু-

পৃথিবীন্দ্রিয়ম্। মনোঽন্নমন্নাদ্বীর্য্যং তপো মন্ত্রাঃ কর্ম্ম-লোকা লোকেষু চ নাম চ ॥ ৪ ॥

স যথেমা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রায়ণাঃ সমুদ্রং প্রাপ্যাস্তং গচ্ছন্তি ভিদ্যেতে তাসাং নামরূপে সমুদ্র

কলাঃ প্রাণিণামবিদ্যাদিদোষবীজাপেক্ষয়া সৃষ্টাস্তৈমিরিকদৃষ্টিসৃষ্টাইব দ্বিচন্দ্রমশকমক্ষিকাদ্যাঃ স্বপ্নদৃক্‌সৃষ্টা ইব চ সর্ব্বপদার্থাঃ পুনস্তস্মিন্নেব পুরুষে প্রলীয়ন্তে হিত্বা নামরূপাদিবিভাগম্ ॥ ৪ ॥

কথং স দৃষ্টান্তঃ। যথা লোকে ইমা নদ্যঃ স্যন্দমানাঃ স্রবন্ত্যঃ সমুদ্রা-য়ণাঃ সমুদ্রময়নং গতিরাত্মভাবো যাসাং তাঃ সমুদ্রায়ণাঃ সমুদ্রং প্রাপ্যোপ-গম্যাস্তং নামরূপতিরস্কারং গচ্ছন্তি। তাসাঞ্চাস্তং গতানাং ভিদ্যেতে বিন-শ্যেতে নামরূপে গঙ্গাযমুনেত্যাদিলক্ষণে। তদভেদে সমুদ্র ইত্যেবং প্রো-চ্যতে। তদ্বস্তূদকলক্ষণমেবং যথায়ং দৃষ্টান্তঃ। উক্তলক্ষণস্য প্রকৃতস্য পুরুষস্য পরিদ্রষ্টুঃ পরিসমন্তাদ্‌দ্রষ্টুর্দ্দর্শনস্য কর্ত্তুঃ স্বরূপভূতস্য। যথার্কঃ স্বাত্মপ্রকা-

ষ্টয় হইতে অগ্নিহোত্রাদি যজ্ঞ, অগ্নিহোত্রাদি যজ্ঞ হইতে সেই সেই কর্ম্মের ফলস্বরূপ স্বর্গাদিলোক এবং দেবদত্ত, যজ্ঞদত্তাদি-নাম সৃষ্টি করিলেন। এইরূপে ষোড়শকলার সৃষ্টি হয়। প্রাণিগণের অবিদ্যাদিদোষই উক্ত ষোড়শকলার কারণ। পরে মক্ষিকামশকাদির সৃষ্টি হইয়াছে, সকল পদার্থই পুরুষ হইতে উৎপন্ন হয় এবং প্রলয়কালে সেই পুরুষেই লয় পায় ॥৪॥

যেমন নদীসকল প্রবাহিত হইয়া সমুদ্রাভিমুখে গমন করিতে করিতে যখন সমুদ্রে উপস্থিত হয়, তখন সমুদ্রকে পাইয়া তাহার সহিত অভিন্নরূপে মিলিত হইয়া যায়। তখন আর কোন প্রভেদ থাকে না এবং গঙ্গা, যমুনা ইত্যাদি নামও বিলুপ্ত হইয়া যায়। পরন্তু তৎকালে উহাকে কেবল উদকময় সমুদ্রই বলিয়া থাকে। সেইরূপ এই ষোড়শকলা যখন সর্ব্বদর্শী পুরুষকে

ইত্যেবং প্রোচ্যতে। এবমেবাস্য পরিদ্রষ্টুরিমাঃ ষোড়শ-কলাঃ পুরুষায়ণাঃ পুরুষং প্রাপ্যাস্তং গচ্ছন্তি ভিদ্যেতে তাসাং নামরূপে পুরুষ ইত্যেবং প্রোচ্যতে স এষোঽক-লোঽমৃতো ভবতি তদেষ শ্লোকঃ॥ ৫॥

অরা ইব রথনাভৌ কলা যস্মিন্ প্রতিষ্ঠিতাঃ। তং বেদ্যং

---

শস্য কর্ত্তা তদ্বদিমাঃ ষোড়শকলাঃ প্রাণাদ্যা উক্তাঃ কলাঃ পুরুষায়ণা নদীনামিব সমুদ্রঃ পুরুষোঽয়নমাত্মভাবগমনং যাসাং কলানাং তাঃ পুরুষায়ণাঃ পুরুষং প্রাপ্য পুরুষাত্মভাবমুপগম্য যথৈবাস্তং গচ্ছন্তি। ভিদ্যেতে তাসাং নামরূপে কলানাং প্রাণাদ্যাখ্যারূপঞ্চ। যথা স্বভেদে চ নাম-রূপয়োর্যদনষ্টং তত্ত্বং পুরুষ ইত্যেবং প্রোচ্যতে ব্রহ্মবিদ্ভিঃ। য এবং বিদ্বান্ গুরুণা প্রদর্শিতকলঃ প্রলয়মার্গঃ স এব বিদ্যয়া প্রবিলাপিতাস্ববিদ্যাকাম-কর্ম্মজনিতাসু প্রাণাদিকলাস্বকলোঽবিদ্যাকৃতকলানিমিত্তো হি মৃত্যুস্তদ-পগমেঽকলত্বাদেবামৃতো ভবতি তদেতস্মিন্নর্থে এষ শ্লোকঃ॥ ৫॥

অরা রথচক্রপরিবারা ইব রথনাভৌ রথচক্রস্য নাভৌ যথা প্রবেশিতা-

---

পাইয়া তাহাতে অস্ত হয়, তখন আর তাহাদিগের নামরূপাদি-ভেদ কিছুই থাকে না, তৎকালে ঐ সমুদায়কে পুরুষ বলিয়া থাকে। যেমন সূর্য্য আত্মপ্রকাশের কর্ত্তা, সেইরূপ এই ষোড়শ-কলা পুরুষপ্রকাশের কর্ত্তা। সমুদ্র যেমন নদীসকলদ্বারা সমুদ্র-রূপে প্রকাশ পায়, সেইরূপ ষোড়শকলাদ্বারা পুরুষ প্রকাশ পাইয়া থাকে। যিনি এইরূপে গুরু-কর্ত্তৃক উপদিষ্ট হইয়া ষোড়শকলাবিশিষ্ট পুরুষকে জানিতে পারেন, তিনি উক্ত বিদ্যাদ্বারা অবিদ্যাকামকর্ম্মজনিত প্রাণাদি ষোড়শকলারূপ উপাধিপরিত্যাগ করিয়া অমৃতত্বলাভ করিয়া থাকেন এবং তাঁহার মৃত্যুজন্য ক্লেশ অনুভূত হয় না॥ ৫॥

যেমন রথচক্রের নাভিতে অর্গল প্রতিষ্ঠিত থাকে, সেইরূপ

পুরুষং বেদ যথা মা বো মৃত্যুঃ পরিব্যথা ইতি ॥ ৬ ॥

তান্ হোবাচৈতাবদেবাহমেতৎ পরং ব্রহ্ম বেদ। নাতঃ পরমস্তীতি ॥ ৭ ॥

---

স্তদাশ্রয়া ভবন্তি যথা তথেত্যর্থঃ। কলাঃ প্রাণাদ্যা যস্মিন্ পুরুষে প্রতিষ্ঠিতা উৎপত্তিস্থিতিলয়কালেষু তং পুরুষং কলানামাত্মভূতং বেদ্যং বেদনীয়ং পূর্ণত্বাৎ পুরুষং পুরিশয়নাদ্বা বেদ জানীয়াৎ। যথা হে শিষ্যা বো যুষ্মান্ মৃত্যুর্মা পরিব্যথাঃ মা পরিব্যথয়তু। ব্যথামাপন্না দুঃখিন এব যূয়ং স্থ অতস্তন্মাভূদ্‌যুষ্মাকমিত্যভিপ্রায়ঃ ॥ ৬ ॥

তানেবমনুশিষ্য শিষ্যান্ তান্ হোবাচ পিপ্পলাদঃ কিলৈতাবদেব বেদ্যং পরং ব্রহ্ম বেদ বিজানাম্যহমেতৎ নাতোঽস্মাৎ পরমস্তি প্রকৃষ্টতরং বেদিতব্যমিত্যেবমুক্তবান্ শিষ্যাণামবিদিতশেষ্যাস্তিত্বাশঙ্কানিবৃত্তয়ে কৃতার্থবুদ্ধিজননার্থঞ্চ। ততস্তে শিষ্যা গুরুণাঽনুশিষ্টাস্তং গুরুং কৃতার্থাঃ সন্তো বিদ্যানিষ্ক্রিয়মপশ্যন্তঃ কিং কৃতবন্ত ইত্যুচ্যতে। অর্চ্চয়ন্তঃ পাদয়োঃ পুষ্পা-

---

এই ষোড়শকলা যে পুরুষেতে প্রবেশিত আছে, অর্থাৎ যে পুরুষেতে এই ষোড়শকলার উৎপত্তি, স্থিতি ও লয় হইয়া থাকে, সেই সকল কলার আত্মভূত পুরুষকে অবশ্য জানিবে। হে শিষ্যগণ! তোমরা সেই পূর্ণপুরুষকে জানিতে যত্নবান্ হও, তাহাহইলে মৃত্যু তোমাদিগকে কোনরূপ ক্লেশ দিতে পারিবে না, এইক্ষণ তোমরা মৃত্যুজন্য ক্লেশে অভিভূত হইয়া আছ। অতএব ভবিষ্যতে আর যেন তোমাদিগের সেইরূপ মৃত্যুযন্ত্রণাভোগ হয় না ॥ ৬ ॥

পিপ্পলাদঋষি এইরূপে শিষ্যদিগকে উপদেশ দিয়া সম্বোধন করিয়া বলিলেন। হে শিষ্যগণ! আমি এই পর্য্যন্তই পরব্রহ্মতত্ত্ব জানি, অতঃপর আমি আর কিছু জানি না এবং আমি যাহা বলিলাম, ব্রহ্মতত্ত্ববিষয়ে আর কিছুই অবশিষ্ট

তে তমর্চ্চয়ন্তস্তং হি নঃ পিতা যোঽস্মাকমবিদ্যায়াঃ

---

ঞ্জলিপ্রকিরণেন প্রণিপাতেন চ শিরসা কিমূচুরিত্যাহ। ত্বং হি নোঽস্মাকং পিতা ব্রহ্মশরীরস্য বিদ্যয়া জনয়িতৃত্বান্নিত্যস্যাজরামরস্যাভয়স্য। যস্ত্বমেবাস্মাকমবিদ্যায়া বিপরীতজ্ঞানাজ্জন্মজরামরণরোগদুঃখাদিগ্রহাদবিদ্যামহোদধের্ব্বিদ্যাপ্লবেন পরমপুনরাবৃত্তিলক্ষণং মোক্ষাখ্যং মহোদধেরিব পারং তারয়স্যস্মান্ প্রতি। অতঃ পিতৃত্বং তবাস্মান্ প্রত্যুপপন্ন ইতরস্মাৎ। ইতরোঽপি হি পিতা শরীরমাত্রং জনয়তি তথাপি সম্প্রপূজ্যতমো লোকে

---

নাই। এই কথা বলিয়া গুরু শিষ্যগণের চিত্তের সংশয়নিবারণ করিলেন, তখন তাহারা বুঝিতে পারিল, গুরুদেব যাহা বলিলেন, অতঃপর আর কিছুই নাই। আমরা এইক্ষণ কৃতার্থ হইলাম ॥ ৭ ॥

অনন্তর শিষ্যগণ গুরুকর্ত্তৃক উপদিষ্ট হইয়া আপনাদিগকে চরিতার্থ জ্ঞান করিলেন এবং এইরূপ বিদ্যাশিক্ষার সমুচিত গুরুদক্ষিণা নিতান্তই অসম্ভব দেখিয়া মনে মনে বিবেচনা করিলেন, গুরুদেব আমাদিগকে যেরূপ বিদ্যার উপদেশ করিয়াছেন, ইহার নিষ্ক্রয় দিতে পারিব না, এই স্থির করিয়া তাঁহার পাদদ্বয়ে পুষ্পবিকিরণপূর্ব্বক অর্চ্চনা করিতে লাগিলেন এবং অবনতশিরে নমস্কারপুরঃসর বিনয়বচনে বলিলেন, গুরো! আপনি আমাদিগের পিতা, আপনি বিদ্যাপ্রদানদ্বারা আমাদিগের ব্রহ্মশরীর উৎপাদন করিলেন। আপনি আমাদিগকে যে ব্রহ্মশরীর প্রদান করিলেন, তাহা নিত্য, জরামরণবিহীন এবং অভয়। আপনি আমাদিগের অবিদ্যার বিপরীত জ্ঞানপ্রদান করিয়া বিদ্যারূপ প্লব (ভেলা) দ্বারা জন্ম, জরা, মরণ, রোগ, দুঃখাদি-ভয়সঙ্কুল অবিদ্যামহোদধির পারে আনয়নপূর্ব্বক

পরং পারং তারয়সীতি। নমঃ পরমঋষিভ্যো নমঃ পরম-ঋষিভ্যঃ ॥ ৮ ॥

ইতি ষষ্ঠঃ প্রশ্নঃ ॥ ৬ ॥

ইতি প্রশ্নোপনিষৎ সমাপ্তা ॥

॥ * ॥ ওঁ তৎ সৎ ॥ হরিঃ ওঁ ॥ * ॥

---

কিমু বক্তব্যমাত্যন্তিকাভয়দাতুরিত্যভিপ্রায়ঃ। নমঃ পরমঋষিভ্যো ব্রহ্ম-বিদ্যাসম্প্রদায়কর্তৃভ্যো নমঃ পরমঋষিভ্য ইতি। দ্বির্ব্বচনমাদরার্থম্ ॥৭-৮॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকা-চার্য্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতাবাথর্ব্বণপ্রশ্নোপনিষ-দ্ভাষ্যং সমাপ্তম্ ॥ ওঁ তৎসৎ ॥

---

পুনর্জ্জন্মবর্জ্জিত মোক্ষফলপ্রদান করিলেন। আমাদিগের যে অন্য পিতা আছেন, তিনি কেবল শরীরমাত্র উৎপাদন করিয়াছেন, অতএব সম্প্রতি তিনি পূজার্হ নহেন। আর আপনাকে অধিক কি বলিব, ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্ত্তা পরমঋষিদিগকে পুনঃপুনঃ নমস্কার করি। ৮ ॥

ইতি ষষ্ঠপ্রশ্ন সমাপ্ত ॥ ৬ ॥

ইতি অথর্ব্ববেদীয়-প্রশ্নোপনিষৎ ভাষার্থ সম্পূর্ণ ॥

# শান্তি-পাঠঃ।

ওঁ ॥ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম্ দবাভদ্রং পশ্যেম অক্ষভির্যজত্রা। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনুভির্ব্ব্যশমদেবহিতং যদায়ুঃ ॥ *

॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥

॥ * ॥ ওঁ হরিঃ ওঁ ॥ * ॥

---

হে যজ্ঞরক্ষক দেবতাসকল! আমরা যেন শ্রবণদ্বারা সেই সচ্চিদানন্দময় পূর্ণব্রহ্মের গুণানুবাদই শ্রবণ করি, চক্ষুদ্বারা যেন তাঁহার সর্ব্বমঙ্গলপ্রদ রূপই দর্শন করি এবং এইরূপে আমাদিগের অবয়বসকল যেন তাঁহারই আরাধনায় তৎপর থাকে। পরন্তু আপনাদিগের ন্যায় আমাদিগের আয়ুর্ব্বৃদ্ধি করুন্ এবং আমরা যেন সুস্থশরীরে সেই সর্ব্বমঙ্গলময় বিভুর আরাধনা করিয়া তাঁহার স্বরূপ জানিতে পারি।

ইতি অথর্ব্ববেদীয়-প্রশ্নোপনিষৎ সম্পূর্ণ।

। * । ওঁ তৎসৎ ওঁ। * ।

---

* উপনিষৎ মন্ত্রসমুদায়ের দোষনিরাকরণের নিমিত্ত আদ্যন্তে শান্তিপাঠ করা কর্ত্তব্য।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

# শির-উপনিষৎ।

( মূল, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত। )

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সাত্ত্বানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" ও "পঞ্চদশী"
এবং "বেদান্তসার" প্রভৃতির প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।
( যোড়াসাঁকো ; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট ; কলিকাতা। )

---

কলিকাতা।

যোড়াসাঁকো ; শিবকৃষ্ণ দাঁর লেন, ৭ নং ভবনে যোতিষপ্রকাশ-যন্ত্রে
শ্রীগোপালচন্দ্র ঘোষাল-কর্ত্তৃক মুদ্রিত।

শকাব্দা ১৮০৫, মাঘ।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

# শির-উপনিষৎ।

॥ ওঁ ॥ রুদ্রায় নমঃ ॥

ওঁ ॥ দেবা হ বৈ স্বর্গলোকমায়ংস্তে রুদ্রমপৃচ্ছন্ কো-

---

অথর্ব্বশিরসো-দীপিকা।

রুদ্রাধ্যায়োঽথর্ব্বশিরঃ সপ্তখণ্ডো হ্যথর্ব্বণঃ।

শিরো ভিত্ত্বা যতো জাতং ততোঽথর্ব্বশিরঃ স্মৃতং ॥

যোগমারূঢ়স্য মহৎপদমারুরুক্ষোর্ম্মুনের্দ্দেবাদিকৃত-বিঘ্নসম্ভাবনাগম্যা-র্থোপদেশাপেক্ষা চ স্যাৎ অতো বিঘ্ননিবৃত্তয়ে উপদেশায় চ রুদ্রস্তুতি-রারভ্যতে। কিঞ্চ যোগোঽপি তৎপ্রসাদং বিনা ন সিধ্যতি। যথা স্মৃতিঃ।

---

অথর্ব্ববেদ সপ্তখণ্ডে বিভক্ত, তন্মধ্যে রুদ্রাধ্যায় অথর্ব্ব-শিরোনামে প্রসিদ্ধ। এই ভাগ অথর্ব্বনামক ঋষির শিরোভেদ করিয়া উদ্ভূত হইয়াছে, এই জন্য ইহা "শির-উপনিষৎ" নামে খ্যাত হইয়াছে।

যে সকল মুনিবর যোগমার্গ অবলম্বন করিয়া শ্রেষ্ঠ পদ-মোক্ষধাম প্রাপ্ত হইতে অভিলাষ করেন, তাঁহাদিগের বিবিধ দৈবীয় বিঘ্নের সম্ভাবনা আছে এবং অভিলষিত কার্য্যসিদ্ধি বিষয়ে উপদেশ ব্যতিরেকে মনোরথ সফল হয় না। এই-

ভবানিতি। সোঽব্রবীদহমেকঃ প্রথমমাসীদ্বর্ত্তামি চ ভবি-

---

ন সিধ্যতি মহাযোগো মদীয়ারাধনং বিনা। মৎপ্রসাদ-বিহীনানাং মন্নিন্দাপরচেতসাম্। পশূনাং পাশবদ্ধানাং যোগঃ ক্লেশায় জায়তে। সন্ত্যজ্যাজ্ঞাং শিবেনোক্তাং পূজাং সন্ত্যজ্য মামিকাম্॥ ইতি তৎপ্রসাদে চ নির্ব্বিঘ্নসিদ্ধিরুক্তা।

যুঞ্জতঃ সততং দেবি! সর্ব্বলোকময়ং শিবম্। মদ্ধ্যানাসক্তচিত্তস্য তুষ্যন্তে সর্ব্বদেবতাঃ। তস্মাৎ সম্পূজ্য যুঞ্জীত মৎপ্রসাদেন খেচরী। অন্যথা ক্লিশ্যতেঽত্যর্থং ন সিদ্ধির্জন্মকোটিভিঃ॥ ইতি।

---

নিমিত্ত মুনিগণ স্বীয় কার্য্যসিদ্ধির প্রতিবন্ধকীভূত বিঘ্ন সমুদয় নিবারণপূর্ব্বক যোগসাধনের উপদেশ প্রাপ্তির অভিলাষে প্রথমতঃ রুদ্রদেবের স্তুতি আরম্ভ করিলেন। বিশেষতঃ ভগবান্ রুদ্রদেবের আরাধনা ব্যতিরেকে যোগসিদ্ধির সম্ভব নাই; এইবিষয়ে ভগবান্ রুদ্রদেব স্বয়ং বলিয়াছেন,—আমার আরাধনা ব্যতিরেকে কদাচ মহাযোগ সিদ্ধ হয় না। যাহারা আমার অনুগ্রহের অনুপযুক্তপাত্র ও সর্ব্বদা আমার নিন্দা করিয়া থাকে, সেই সকল পাশবদ্ধ পশুর যোগসাধন কেবল ক্লেশের কারণ হয়। আর যে সকল যোগী আমার সর্ব্বমঙ্গলময় রূপ ধ্যান করতঃ যোগসাধনে নিযুক্ত হয়, তাহাদিগের প্রতি সর্ব্বদেবতা সন্তুষ্ট থাকেন, অতএব আমার অর্চ্চনা করিয়া যোগসাধনে প্রবৃত্ত হইবে, তাহাহইলেই নির্ব্বিঘ্নে যোগসাধন সফল হইয়া থাকে। নতুবা সেই যোগী সর্ব্বদাই ক্লেশে নিপতিত থাকে এবং কোটিজন্ম যোগসাধন করিলেও তাহার কোনরূপ সদ্গতি হয় না। অতএব রুদ্রদেবের আরাধনাই যোগসিদ্ধির প্রধান অঙ্গ, এইহেতু যোগসাধন সমুৎসুক যোগিগণ অবশ্যই রুদ্রদেবের আরাধনা করিবে।

য্যাশ্চ নান্যঃ কশ্চিন্মত্তো ব্যতিরিক্ত ইতি। সোঽন্তরা-দন্তরং প্রাবিশৎ, দিশশ্চান্তরং প্রাবিশৎ, সোঽহং নিত্যা-

---

অমৃতবিদৌ রুদ্রারাধন-তৎপরস্ত ইতি। তস্মাৎ রুদ্রারাধনস্ত যোগসিদ্ধ্যঙ্গত্বেনোক্তত্বাৎ সিদ্ধিমিচ্ছন্তো রুদ্রোঽপ্যবশ্যং সেব্য ইতি রুদ্র-স্তুতিরারভ্যতে ওঁ দেবা ইতি ॥ আধ্যাত্মিকাবিদ্যাস্তত্ত্বার্থাঃ দেবাঃ ইন্দ্রিয়াণি ইন্দ্রাদয়ো বা স্বর্গং সত্ত্ববৃত্তিং কৈলাসং বা ঋষিভির্দ্রষ্টং রুদ্রম্ আত্মানম্ উমাপতিং বা। আসীৎ ব্যত্যয়েন প্রথমপুরুষঃ। বর্ত্তামি ব্যত্যয়েন পরস্মৈপদম্। সঃ রুদ্রো মন্নক্ষণঃ অন্তরাদন্তরং গুহা-

---

এইনিমিত্ত যোগতৎপর দেবগণ যোগসিদ্ধির প্রারম্ভে রুদ্র-দেবের স্তুতি আরম্ভ করিলেন।

দেবগণ যোগসিদ্ধির বিঘ্ননিবারণকামনায় রুদ্রদেবের আরাধনমানসে স্বর্গধাম কৈলাসপুরে গমন করিয়াছিলেন। অনন্তর তাঁহারা দেবদেব রুদ্রদেবের স্বরূপ পরিজ্ঞান মানসে তাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—আপনি কে? আমরা আপনার স্বরূপ কিছুই জানি না। অতএব আমাদিগের প্রতি অনুকম্পা করিয়া আপনার যথার্থস্বরূপ বর্ণনপূর্ব্বক আমাদিগের মনো-রথের সাফল্যসম্পাদনে অনুগ্রহ প্রকাশ করুন। তাহাহইলেই আমরা কৃতকৃত্য হইতে পারি। তখন দেবাদিদেব রুদ্র দেবতাদিগের অনুরোধের বাধ্য হইয়া স্বীয়স্বরূপ বর্ণনে প্রবৃত্ত হইলেন। তিনি বলিলেন,—এই সচরাচর পরিদৃশ্যমান জগ-তের পূর্ব্বে একমাত্র আমিই ছিলাম, এখনও আমিই বর্ত্তমান আছি এবং ভবিষ্যৎকালেও কেবল আমিই থাকিব; আমি ভিন্ন এই জগতে আর কিছুই ছিল না, এখনও কিছুই নাই এবং পরেও কিছু থাকিবে না। কেবল আমিই ব্রহ্মাণ্ডমধ্যে নিত্য পদার্থ ও চিরকাল স্থায়ী, তদ্ভিন্ন সমুদায় পদার্থই অনিত্য ও

নিত্যো ব্যক্তাবক্তো ব্রহ্মাব্রহ্মাহং প্রাঞ্চঃ প্রত্যঞ্চোহহং দক্ষিণাঞ্চ উদঞ্চোহহম্ অধশ্চোর্দ্ধশ্চাহং দিশশ্চ প্রতিদিশশ্চাহং পুমানপুমান্ স্ত্রিয়শ্চাহং সাবিত্র্যহং গায়ত্র্যহং ত্রিষ্টুব্‌জগত্যনুষ্টুপ্ চাহং ছন্দোহহং সত্যোহহং গার্হপত্যো দক্ষিণাগ্নিরাহবনীয়োহহং গৌরহং গৌর্য্যহমৃগহং যজুরহং

---

দ্গুহং প্রবিষ্টঃ দিশো ব্যন্তরং জাতাবেকবচনং দিশাং বিবিধম্ অন্তরম্ প্রাবিশৎ প্রাবিশম্ সর্ব্বাত্মা সর্ব্বব্যাপী চ বভূবেত্যর্থঃ। অপুমান্ নপুংসকম্। পুষ্করং পদ্মং পুষ্করং পঙ্কজে ব্যোম্নি পয়ঃকরিকরাগ্রয়োঃ। ওষধী-

---

ক্ষণভঙ্গুর; সেই রুদ্ররূপী আমিই সচরাচর জগতে ব্যক্তাব্যক্ত যাবতীয় পদার্থে সাররূপে প্রবিষ্ট আছি, আমিই দিগ্‌দিগন্ত ব্যাপিয়া রহিয়াছি, আমিই সকলের আত্মা ও সর্ব্বব্যাপী। আমিই নিত্য ও অনিত্য, আমিই স্থূল ও সূক্ষ্ম, আমিই ব্রহ্মরূপী এবং ব্রহ্ম ভিন্ন যাবতীয় পদার্থও আমি। আমিই পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ এই দিক্‌চতুষ্টয়। আমি ঊর্দ্ধ, আমিই অধঃ এবং আমিই অগ্নি, নৈঋত, বায়ু ও ঈশান এই সকল বিদিক্‌স্বরূপ। আমি পুরুষ, আমি নপুংসক এবং আমিই স্ত্রী। আমিই সাবিত্রী, গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী, অনুষ্টুপ প্রভৃতি ছন্দঃস্বরূপ। আমিই সত্য, মদ্ভিন্ন সকলই মিথ্যা। গার্হপত্য, দক্ষিণাগ্নি ও আহবনীয় নামে যে ত্রিবিধ অগ্নি আছে, তাহাও আমি। আমি গো, আমি গৌরী, আমি ঋগ্‌বেদ, আমি যজুর্ব্বেদ, আমি সামবেদ এবং আমিই আঙ্গিরস অথর্ব্ববেদ। এই জগতে আমি সর্ব্ব জ্যেষ্ঠ, আমি সর্ব্বশ্রেষ্ঠ এবং আমি সর্ব্বপ্রধান। আমি জল এবং আমিই তেজঃস্বরূপ। আমিই সর্ব্বভূতে অব্যক্তরূপে বিদ্যমান আছি; আমি

সামাহমথর্ব্বাঙ্গিরসোঽহং জ্যেষ্ঠোঽহং শ্রেষ্ঠোঽহং বরিষ্ঠোঽহমাপোঽহং তেজোঽহং গুহ্যোঽহমরণ্যোঽহমক্ষরমহং ক্ষরমহং পুষ্করমহং পবিত্রমহমুগ্রঞ্চ বলিশ্চ পুরস্তাজ্জ্যোতিরিত্যহমেব, সর্ব্বেভ্যো মামেব স সর্ব্বঃ সমা যো মাং বেদ স দেবান্ বেদ সর্ব্বাংশ্চ বেদান্ সাঙ্গানপি ব্রহ্ম

দ্বীপ-বিহগ-তীর্থরোগোরগান্তরে ইতি বিশ্বঃ। অহমেব সর্ব্বে ভাবাঃ ব্যোমমেব স ইতি সোঽহমেব সর্ব্বাত্মকোঽপি ব্যোমমেব ব্যোমাত্মতাং শুদ্ধাত্মতাং ন জহামীত্যর্থঃ। ব্যোমশব্দোঽকারান্তোঽয়ম্। তর্হি ত্বমুৎকৃষ্টঃ অন্যে অপকৃষ্টা ইতি ব্রহ্মণি বৈষম্যং স্যাৎ অত আহ সর্ব্বে সমা ইতি। সমাঃ তুল্যাঃ মত্তো ভেদকৈর্ব্বিশেষৈ রহিতাঃ তেন মত্তোঽন্য-ন্নাস্তীতি কথমুৎকর্ষাপকর্ষসম্ভব ইতি ভাবঃ। ঐক্যজ্ঞানফলমাহ যো-মামিতি। সঙ্গানপি বেদেত্যনুষঙ্গঃ ব্রহ্ম ব্রাহ্মণৈস্তর্পয়ামীত্যগ্রতনেন সম্বন্ধঃ। ব্রহ্ম বেদঃ স হ্যভ্যাসেন তৃপ্তো ভবতি তদুক্তং বিদ্যামভ্যসনে-

অরণ্য, আমি নিশ্চল এবং আমিই সচল। আমি পদ্ম, আমিই পবিত্র, আমি উগ্র, আমি বলবান্, এই যে পুরোবর্ত্তী জ্যোতির্ম্ময় রূপ দেখিতেছ, তাহাও আমি, আমি সকল ভাবস্বরূপ, আমি সর্ব্বব্যাপী, আমি আকাশস্বরূপ। এই জগতে সকল পদার্থই তুল্য, কোন বস্তুর উৎকৃষ্ট বা অপকৃষ্টত্ব নাই, সকল পদার্থেই আমার সহিত ঐক্যজ্ঞান করিবে, কোন পদার্থে ইতরবিশেষ নাই; সুতরাং এই জগতে সকলকে মৎস্বরূপ জ্ঞান করিবে, মদ্ভিন্ন কিছুই নাই। যাহারা এইরূপে জগতের যাবতীয় পদার্থে আমার সহিত ঐক্যভাবনা করে, তাহারা সকল দেবতাকে জানিতে পারে এবং সাঙ্গবেদসকল পরিজ্ঞাত হইয়া থাকে। আমারই প্রসাদে ব্রাহ্মণগণ বেদ-অভ্যাস করিয়া পরিতৃপ্ত হয়। আমিই স্ত্রী ও পুরুষের সংযোগ সম্পাদন

ব্রাহ্মণৈশ্চ গাং গোভির্ব্রাহ্মণান্ ব্রাহ্মণ্যেন হবির্হবিষা আয়ুরায়ুষা সত্যেন সত্যং ধর্ম্মেণ ধর্ম্মং তর্পয়ামি স্বেন তেজসা। ততো হ বৈ তে দেবা রুদ্রমপৃচ্ছন্ তে দেবা রুদ্রমপশ্যন্ তে দেবা রুদ্রমধ্যায়ন্ তে দেবা ঊর্দ্ধবাহবো রুদ্রং স্তুবন্তি ॥ ১ ॥

---

নৈব প্রসাদয়িতুমর্হসি ইতি। গাং স্ত্রিয়ং গোভিঃ পুংভিঃ গোশব্দেন লিঙ্গমেব বিবিক্ষিতং ন সুরভিত্বমনুগতঞ্চ জাতিঃ। ব্রাহ্মণ্যেন ব্রহ্ম-তেজসা হবিঃ ওদনাদি হবিষা সংস্কারকেণ সর্পিরাদিনা পিত্রাদ্যায়ুঃ পুত্রাদ্যায়ুষা সত্যেন সত্যং সত্যবাদী সত্যবাদি-দর্শনেন তৃপ্তো ভবতি। এবং ধার্ম্মিকো ধার্ম্মিকস্য স্বেনেতি যতৃপ্তিহেতুস্তন্মমৈব তেজঃ। তদুক্তম। যা যা প্রকৃতিরুদারা যো যোঽপ্যানন্দসুন্দরো ভাবঃ। যদপি চ কিঞ্চি-দ্রমণীয়ং বস্তু শিবস্তত্তদাকারঃ॥ ইতি। যদ্যদ্বিভূতিমৎসত্ত্বম্ ইত্যাদি চ॥ রুদ্রমপৃচ্ছন্ তাৎপর্য্যেণ পারমার্থিকং রূপং পুনরপৃচ্ছন্ অপশ্যন্ যথাভূতং জ্ঞাতবস্তুঃ তত উচ্চৈঃ স্তুবন্তিস্ম ॥ ১ ॥

---

করিয়া জগৎ উৎপাদন করিতেছি। আমিই ব্রাহ্মণদিগকে ব্রহ্মতেজের সহিত সংযোজিত করিতেছি। আমিই অন্নাদি হোমীয়দ্রব্যের সহিত সংস্কৃত আজ্যপ্রভৃতির যোগ করিয়া দেব-গণের তৃপ্তিসাধন করিতেছি। আমিই পিতার আয়ুঃদ্বারা পুত্র-গণের আয়ুঃসম্বর্দ্ধন করিতেছি। আমিই সত্যবাদীকে সত্যের সহিত এবং ধার্ম্মিককে ধর্ম্মের সহিত মিলিত করিতেছি। ইত্যাদি জগতের যতকিছু কার্য্যকারণ দেখিতেছ, সকলই আমার তেজঃসম্ভূত। অনন্তর দেবগণ রুদ্রদেবের প্রকৃতস্বরূপ পরিজ্ঞানার্থ যাহা জিজ্ঞাসা করিলেন এবং তাঁহার স্বরূপ দর্শন করিয়া যথার্থস্বরূপ তত্ত্ব জানিতে পারিলেন। তখন তাঁহারা রুদ্রদেবের সেই প্রকৃতরূপ চিন্তা করিতে করিতে ঊর্দ্ধবাহু হইয়া উচ্চৈঃস্বরে স্তব করিতে লাগিলেন ॥ ১ ॥

ওঁ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ ব্রহ্মা তস্মৈ বৈ নমোনমঃ॥ ১॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ বিষ্ণুস্তস্মৈ বৈ নমোনমঃ॥ ২॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ স্কন্দ-স্তস্মৈ বৈ নমোনমঃ॥৩॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চেন্দ্র-স্তস্মৈ বৈ নমোনমঃ॥ ৪॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চাগ্নিস্তস্মৈ বৈ নমোনমঃ॥ ৫॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ বায়ুস্তস্মৈ বৈ নমোনমঃ॥ ৬॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ সূর্য্যস্তস্মৈ বৈ নমোনমঃ॥ ৭॥ যোবৈ রুদ্রঃ স

---

ততো ব্রহ্ম-বিষ্ণুস্কন্দেন্দ্রাগ্নি-বায়ু-সূর্য্য-সোমাষ্টগ্রহাষ্ট-প্রতিগ্রহ-ভূর্ভুবঃ

---

যিনি সেই রুদ্ররূপী ভগবান্ এবং যিনি ব্রহ্মরূপ আশ্রয় করিয়া অখিলব্রহ্মাণ্ডের সৃষ্টি করিয়াছেন, সেই সনাতন পূর্ণব্রহ্মস্বরূপ রুদ্রদেবকে পুনঃ পুনঃ নমস্কার করি। যিনি সেই রুদ্ররূপী পূর্ণব্রহ্ম সনাতন এবং যিনি পরাৎপর পরংব্রহ্ম বিষ্ণুরূপ ধারণ করিয়া অনন্ত জগৎ পরিপালন করিতেছেন এবং যিনি স্কন্দরূপে দেবগণের সেনাপতিত্ব স্বীকার করিয়া দৈত্যবিনাশপূর্ব্বক দেবকার্য্য সাধন করিয়া জগৎ রক্ষা করিতে-ছেন, সেই রুদ্রদেবকে পুনঃ পুনঃ নমস্কার করি। যিনি সনা-তন পূর্ণব্রহ্ম এবং যিনি ইন্দ্ররূপে জগতে বারিতবর্ষণ করিয়া জীবাদি যাবতীয় পদার্থের হিতসাধন করিতেছেন, যিনি অগ্নি-রূপ ধারণকরিয়া অনন্ত জগতের পাকক্রিয়াসাধন করিতেছেন, যিনি বায়ুরূপধারণ করিয়া জগৎ-প্রাণরূপে বিদ্যমান আছেন, যিনি সূর্য্যরূপ ধারণকরিয়া জগৎপ্রকাশনপূর্ব্বক তাপপ্রদান করিয়া এই অনন্ত ব্রহ্মাণ্ড রক্ষাকরিতেছেন, যিনি চন্দ্ররূপে জগতে অমৃতবর্ষণ করিতেছেন, যিনি রব্যাদি অষ্টগ্রহরূপ

ভগবান্ যশ্চ সোমস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যে চাষ্টৌ গ্রহাস্তস্মৈ বৈ নমোনমঃ ॥৯॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যে চাষ্টৌ প্রতিগ্রহাস্তস্মৈ বৈ নমো-নমঃ ॥ ১০ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ ভূস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১১ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ ভুবস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১২ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ স্বস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৩ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ মহ-স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৪ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যা চ পৃথিবী তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৫ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চান্তরীক্ষং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৬ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যা চ দ্যৌস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৭ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যাশ্চাপস্তস্মৈ বৈ নমোনমঃ ॥১৮॥

---

স্বঃ-পৃথিব্যন্তরীক্ষ-দিবপ্-তেজ-আকাশ-কাল যম-মৃত্বামৃত-বিশ্ব-স্থূল-সূক্ষ্ম-কৃষ্ণ-

---

ধারণকরিয়া আছেন, সেই সচ্চিদানন্দময় পরমপুরুষ রুদ্রদেবকে পুনঃ পুনঃ নমস্কার করি। যিনি অষ্ট উপগ্রহরূপে জগতের হিতসাধন করিতেছেন, যিনি ভূর্লোকস্বরূপ, যিনি ভুবর্লোক-স্বরূপ, যিনি স্বর্লোকস্বরূপ এবং যিনি মহর্লোকস্বরূপ সেই রুদ্র-রূপী পরমদেবকে পুনঃ পুনঃ নমস্কার করি। যিনি পৃথিবীরূপ ধারণ করিয়া স্থাবরজঙ্গমাদি যাবতীয় পদার্থ পৃষ্ঠে ধারণ করিতেছেন, সেই অনন্তশক্তিমান্ পরমাত্মা রুদ্রদেবকে পুনঃ পুনঃ নমস্কার করি। যিনি অন্তরীক্ষরূপে জ্যোতিষ্ক-বর্গের আশ্রয়স্বরূপ হইয়াছেন, যিনি স্বর্গরূপ ধারণ করিয়া অমরগণের আবাসস্বরূপে তাঁহাদিগকে আশ্রয় প্রদান করিতে-ছেন, যিনি জলরূপী হইয়া যাবতীয় জীবজন্তুসহ সচরা-

যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ তেজস্তস্মৈ বৈ নমোনমঃ ॥১৯॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ কালস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২০ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ যমস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২১ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যশ্চ মৃত্যুস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২২ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চামৃতং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৩ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চাকাশং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৪ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ বিশ্বং তস্মৈ বৈ নমোনমঃ ॥২৫॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ স্থূলং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৬ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ সূক্ষ্মং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৭ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ শুক্লং তস্মৈ বৈ

---

কৃৎস্ন-সত্য-সর্ব্বরূপৈ-রেকত্রিংশৎপর্য্যায়ৈঃ অস্তুবন্ অত্র যমপর্য্যায়ানন্তর-

---

চর জগৎকে পরিতৃপ্ত করিতেছেন, যিনি তেজোরূপ ধারণ করিয়া অখণ্ডভুবন পরিপালন করিতেছেন, যিনি কালরূপী হইয়া ব্রহ্মাণ্ডের আদি, অন্ত ও মধ্যে বিদ্যমান রহিয়াছেন, যিনি যমরূপ ধারণ করিয়া জগতের প্রাণিবর্গকে সংহার করিতেছেন, যিনি মৃত্যুরূপী হইয়া এই অখণ্ড ব্রহ্মাণ্ডকে অহরহঃ পরিবর্ত্তন করিয়া সৃষ্টিরক্ষা করিতেছেন, যিনি অমৃতরূপ পরিগ্রহ করিয়া জগতের জীবগণের পুষ্টিসাধন করিতেছেন, যিনি আকাশ রূপ ধারণ করিয়া ব্রহ্মাণ্ডে যাবতীয় পদার্থকে অবকাশ প্রদান করিতেছেন, যিনি বিশ্বময় অনন্তরূপ ধারণ করিয়া বিশ্বব্যাপক হইয়া রহিয়াছেন, যিনি স্থূলরূপে জগতের সর্ব্বত্র বিদ্যমান আছেন, যিনি সূক্ষ্মরূপে অনন্ত ব্রহ্মাণ্ডে বাস করিতেছেন, যিনি শুক্লরূপী অর্থাৎ বিশুদ্ধ সত্ত্বস্বরূপ ও নির্ম্মলরূপে

নমোনমঃ ॥ ২৮ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ কৃষ্ণং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৯ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ কৃৎস্নং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩০ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ সত্যং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩১ ॥ যোবৈ রুদ্রঃ স ভগবান্ যচ্চ সর্ব্বং তস্মৈ বৈ নমোনমঃ ॥৩২ ॥ ২ ॥

ভূস্তে আদির্ম্মধ্যং ভুবস্তে স্বস্তে শীর্ষং বিশ্বরূপোঽসি ব্রহ্মৈকস্ত্বং দ্বিধা ত্রিধা বৃদ্ধিস্ত্বং শান্তিস্ত্বং পুষ্টিস্ত্বং হুতমহুতং দত্তমদত্তং সর্ব্বমসর্ব্বং বিশ্বমবিশ্বং কৃতমকৃতং পরমপরং পরায়ণঞ্চ ত্বম্। অপামসোমমমৃতা অভূমাগন্মে জ্যোতি-

মস্তক পর্য্যায়োঽপি পঠনীয়ঃ তেন ত্র্যম্বক-মন্ত্রাক্ষর-সংখ্যয়া দ্বাত্রিংশৎ-পর্য্যায়াভবন্তি। ব্রহ্মরূপেণৈকস্ত্বং ॥ ২ ॥

বিরাড়্রূপেণ স্তুতিমাহ ভূরিতি। আদিঃ পাদৌ মধ্যম্ উদরম্ ব্রহ্ম-রূপেণৈকস্ত্বং দ্বিধা বদ্ধঃ সদসদ্রূপেণ ত্রিধা বদ্ধঃ গুণত্রয়ভেদেন। পরায়ণং পরময়নং স্থানম। অপামসোমম্ ইতি ত্বয়ি দৃষ্টে সর্ব্বং সিদ্ধমিত্যর্থঃ।

রহিয়াছেন, যিনি কৃষ্ণবর্ণরূপে জগতে বিদ্যমান আছেন, যিনি বিশ্বরূপ ধারণ করিয়া অনন্ত জগতে অবস্থিতি করিতে-ছেন, যিনি সত্যরূপে সর্ব্বত্র বিদ্যমান আছেন এবং যিনি এই অনন্ত ব্রহ্মাণ্ডস্বরূপ, সেই রুদ্ররূপী অনন্তশক্তিমান্ পরমাত্মাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২ ॥

প্রথমতঃ দেবতাগণ সূক্ষ্মরূপে রুদ্রদেবের সর্ব্বময়ত্ব প্রদর্শন-পূর্ব্বক স্তুতি করিয়া এইক্ষণ বিরাটরূপে স্তব করিতেছেন।—হে রুদ্র! এই ভূর্লোক তোমার পাদদ্বয়, ভুবর্লোক তোমার মধ্যদেশ অর্থাৎ উদর এবং স্বর্লোক তোমার শীর্ষদেশ, সুতরাং সমস্ত ব্রহ্মাণ্ড তোমার স্বরূপ। এইজন্য তোমাকে বিশ্বরূপ বলে, তুমি এক ব্রহ্ম জগতে অনন্তরূপধারণ করিয়া অসীম

রবিদাম দেবান্। কিং নূনমস্মান্ কৃণবদরাতিঃ। কিমুধূর্ত্তি-রমৃতং মর্ত্ত্যস্য সোমসূর্য্যপুরস্তাৎ সূক্ষ্মঃ পুরুষঃ। সর্ব্বং

---

কৃণবৎ ছিন্দন্ অরাতিঃ শত্রুঃ অস্মান্ প্রতি ন কিঞ্চিদিত্যর্থঃ। ধূর্ত্তিঃ হিংস্রাপ্যস্মাকং কিং ত্বদভিরক্ষিতানাং ত্বদ্রূপমাপন্নানাং হিংসাকৃতদোষাভাবাৎ যদ্গীতাসু হত্বাপি স ইমান্ লোকান্ ন হন্তি ন নিবধ্যতে ইতি অথবা শত্রুকৃতা হিংসা ত্বচ্ছরণানস্মান্ ন স্পৃশতীত্যর্থঃ। অমৃতম্ আদেয়ং মর্ত্ত্যং হেয়ঞ্চ ত্বদাপ্তা কৃতার্থানাং নো নাস্তীত্যর্থঃ। সোমশ্চাসৌ সূর্য্যশ্চ সোমসূর্য্যঃ তেনোভয়াত্মক এক ইত্যর্থঃ। সোমসূর্য্য ইত্যুপলক্ষণং পঞ্চভূতানি সোমসূর্য্যৌ যজমানশ্চেত্যষ্টমূর্ত্তিরীশ্বরঃ পুরস্তাৎ পূর্ব্বস্যাং দিশি উদেতীতি শেষঃ। সূক্ষ্মো যঃ পুরুষঃ স এব সর্ব্বং স্থূলং সম্পন্নম্।

---

মহিমা প্রকাশ করিতেছ। হে ভগবন্! তুমি সদসৎরূপে দ্বিধা আবদ্ধ আছ; জগতের সৎ ও অসৎ যাবতীয় পদার্থ তোমারই স্বরূপ। হে ব্রহ্মরূপিন্! তুমি গুণত্রয়ভেদে ত্রিধা আবদ্ধ আছ; সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয় তোমারই মাহাত্ম্য। তুমিই জগতে শান্তিরূপে বিদ্যমান আছ, তুমিই জীবাদি যাবতীয় পদার্থের পুষ্টিস্বরূপ, যে সকল হবনীয় দ্রব্য বিদ্যমান আছে, তাহাও তুমি এবং যাহা হোমকার্য্যের অনর্হ তাহাও তুমি; যে সকল দ্রব্য দান করাযায় তাহাও তোমার স্বরূপ এবং অপ্রদত্ত বস্তুও তুমি; তুমিই সর্ব্বময় ও তুমি সকলের অতিরিক্ত, তুমি বিশ্বময় ও বিশ্বাতীত, তুমি কৃত এবং তুমি অকৃত, তুমি পরমপদার্থ, তুমি অপর এবং তুমিই পরমধাম, তোমাকে লাভ করিলেই উৎকৃষ্ট গতি লাভ হয়; তোমাকে জানিতে পারিলে সকল বিষয়ই পরিজ্ঞাত হয়, তোমার দর্শনেই সর্ব্ব কার্য্যসিদ্ধি হইয়া থাকে; এইক্ষণ আমরা এই প্রার্থনা করি,—আমাদিগের সেই দিব্য জ্যোতি

জগদ্ধিতং বা এতদক্ষরং প্রাজাপত্যং সৌম্যং সূক্ষ্মং পুরুষং গ্রাহ্যমগ্রাহ্যেণ ভাবং ভাবেন সৌম্যং সৌম্যেন সূক্ষ্মং

নন্থ সৰ্ব্বভাবাপত্ত্যা কিমর্থং সৃষ্টিং তনোতীত্যত আহ জগদিতি। জগতাং হিতং জগদ্ধিতং এতদক্ষরং ব্রহ্ম জীবভোগাপবর্গার্থং কৃপয়া সৃষ্টিরিতি ভাবঃ। প্রাজাপত্যং প্রজাপতিরূপেণ প্রসতি তথা ভাবাদিকং তেনৈব রূপেণ পালিতম্ সৌম্যং সোমোঽস্মিং যদ্রূপেণাপ্যায়িতং সূক্ষ্মং

আবির্ভূত হউক। আমাদিগের প্রতি যেন শত্রুগণ কোনরূপ অনিষ্টাচরণ করিতে না পারে। আমরা তোমার শরণাপন্ন হইলাম, তুমি আমাদিগকে রক্ষা করিলে শত্রুকৃত হিংসা আমাদিগের কোন বাধা জন্মাইতে পারিবে না। যাহারা তোমার শরণাগত, শত্রুকৃত হিংসা তাহাদিগকে স্পর্শ করিতে পারে না। তুমি গ্রহণীয় ও পরিত্যাজ্য; যাহারা তোমার তত্ত্ব জানে, তাহারা আদরপূর্ব্বক তোমাকে গ্রহণ করে এবং যাহারা তোমার তত্ত্ববিমুখ তাহারা তোমাকে পরিত্যাগ করে। হে পুরুষোত্তম! তোমার অষ্টটি মূর্ত্তি আছে, তাহার মধ্যে তোমার যে ক্ষিতিমূর্ত্তি, তাহার নাম সর্ব্ব, জলমূর্ত্তির নাম ভব, অগ্নিমূর্ত্তির নাম রুদ্র, বায়ুমূর্ত্তির নাম উগ্র, আকাশমূর্ত্তির নাম ভীম, যজমানমূর্ত্তির নাম পশুপতি, সূর্য্যমূর্ত্তির নাম ঈশান এবং সোমমূর্ত্তির নাম মহাদেব। তুমি উক্ত ক্ষিত্যাদি পঞ্চ-মূর্ত্তি এবং যজমান, সূর্য্য ও সোম এই অষ্টমূর্ত্তিদ্বারা স্থূল ও সূক্ষ্মরূপে জগৎ ব্যাপিয়া আছ, তুমিই পূর্ব্বদিকে চন্দ্র সূর্য্য-রূপে উদিত হও, তুমি সর্ব্বময় জগতের হিতসাধক ব্রহ্ম এই অক্ষরদ্বয়, তুমি জীববর্গের ভোগ ও মোক্ষসাধনার্থ জগৎসৃষ্টি করিয়াছ, তুমি প্রজাপতিরূপে প্রজাবর্গ পালন করিতেছ, তুমি স্থূল সূক্ষ্মজীবাদি জগতের যাবতীয় পদার্থের

সূক্ষ্মেণ বায়ব্যং বায়ব্যেন গ্রসতি তস্মৈ মহাগ্রাসায় বৈ নমোনমঃ।

হৃদিস্থা দেবতাঃ সর্ব্বা হৃদি প্রাণাঃ প্রতিষ্ঠিতাঃ।
হৃদি ত্বমসি যো নিত্যং তিস্রো মাত্রাঃ পরস্তু সঃ॥

---

পুরুষং জীবং গ্রাহ্যং দেহভাবাপন্নম্ অগ্রাহ্যেন কালরূপেণ গ্রসতি স্থূলস্য সূক্ষ্মেঽন্তর্ভাবাৎ বায়ব্যং বায়ব্যেন বাহ্যবায়ুরূপেণ মহাগ্রাসায় উক্তপ্রকারেণ সর্ব্বভক্ষকায় মৃত্যুমৃত্যবে।

হৃদিস্থাঃ অন্তঃকরণবর্ত্তিন্যঃ দেবতাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ প্রাণাঃ বাগাদয়ঃ ত্বমন্তর্য্যামিরূপেণ যো হৃদি ত্বমসি তস্মৈ নমো নমঃ ইত্যন্বয়ঃ অতএব স্বপ্নে অন্তঃকরণেনৈব সর্ব্বেন্দ্রিয়ব্যবহারঃ ইত্যুক্ত্বা ধ্যানেন দেবা উপরতাঃ। ইদানীং শ্রুতেরাখ্যায়িকামুপসংহৃত্য স্বেন রূপেণাহ তিস্র ইতি। তিস্রোমাত্রাঃ অকারোকার-মকারাঃ সর্ব্বদেবময়াঃ পরস্তু অর্দ্ধমাত্রাত্মকঃ সঃ শিবঃ॥

---

কর্ত্তা, তুমি জীবগণকে কালরূপে গ্রাস করিতেছ; জগতে যে সকল পদার্থ বিদ্যমান দেখিতেছি, তুমি সকল পদার্থেই অবস্থিতি করিয়া থাক; তুমি সৌম্যবস্তুতে সৌম্যরূপে, সূক্ষ্ম পদার্থে সূক্ষ্মরূপে বায়ব্য পদার্থকে বায়ুরূপে গ্রাস কর, তুমি সকলের সৃষ্টিস্থিতি প্রলয়কারী এবং মৃত্যুরও মৃত্যুস্বরূপ তোমাকে ভূয়োভূয়ঃ প্রণাম করি।

যে সকল দেবতা জীববৃন্দের অন্তঃকরণে অবস্থিতিপূর্ব্বক ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতা হইয়া রহিয়াছেন এবং যাঁহারা প্রাণাদি পঞ্চবায়ুরূপে জীবগণের জীবত্ব সম্পাদন করিতেছেন, তুমিই সেই সেই অন্তর্য্যামী দেবতা, অতএব তোমাকে বারম্বার নমস্কার করি। অকার, উকার ও মকার এই ত্রিমাত্রময় সর্ব্বদেবাত্মক যে ওঙ্কার তাহাও তুমি এবং তুমিই পরাৎপর

তস্যোত্তরতঃ শিরো দক্ষিণতঃ পাদৌ, য উত্তরতঃ স ওঙ্কারঃ, য ওঙ্কারঃ স প্রণবঃ, য প্রণবঃ স সর্ব্বব্যাপী, যঃ সর্ব্বব্যাপী সোঽনন্তঃ যোঽনন্তস্তত্তারং, যত্তারং তচ্ছুক্লং, যচ্ছুক্ল তৎ সূক্ষ্মং, যৎ সূক্ষ্মং তদ্বৈদ্যুতং, যদ্বৈদ্যুতং তৎ

---

তস্যেতি মাত্রাত্রয়াতীতো হৃদি ত্বমসীত্যুক্তম্ তত্র সন্দেহঃ কস্যাং দিশি তস্য শিরঃ ? কস্যাং বা পাদৌ ? ইত্যত উক্তং তস্য পরস্য হৃদিস্থস্য উত্তরতঃ শিরো বর্ত্ততে-তেনোত্তরমার্গেণ গতানাং যাতায়াতেন ভবতো রুদ্রমুখাদুপদেশলাভাৎ দক্ষিণতঃ পাদৌ তেন দক্ষিণমার্গগামিনাং গতাগতে ভবতঃ পাদয়োর্গমনশীলত্বাৎ য উত্তরতঃ স ওঙ্কারঃ স প্রণব ইতি তথা প্রসিদ্ধেঃ সর্ব্বব্যাপী সর্ব্বব্যাপকোঽপি ব্রহ্মবাচকত্বাৎ সোঽনন্তঃ অন্যথা সর্ব্বব্যাপ্ত্যসম্ভবাৎ তারম্ শুক্লং নির্ম্মলং সূক্ষ্মম্ ইন্দ্রিয়াদ্যগ্রাহ্যম্। কথং তর্হি তজ্জ্ঞানম্ ? অত উক্তম্ তদ্বৈদ্যুতং স্বপ্রকাশং পরং ব্রহ্ম সর্ব্ববৃহৎ

---

সর্ব্বমঙ্গলময় শিবরূপে সর্ব্বজীবের হৃদয়ে বাস কর, অতএব তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥

সেই হৃদিস্থিত পরমপুরুষ রুদ্রদেবের শিরঃ উত্তরদেশে বর্ত্তমান আছে, জীব সেই উত্তরমুখে গমনাগমন করিয়া তত্ত্বলাভ করে। তাঁহার পাদদ্বয় দক্ষিণদিকে আছে, সেই নিমিত্ত জীব দক্ষিণভাগে যাতায়াত করিয়া গমনশক্তি পাইয়াছে। যিনি উত্তরদিগ্‌ভাগে বর্ত্তমান আছেন, তিনি ওঙ্কারস্বরূপ, যিনি ওঙ্কারস্বরূপ, তিনি প্রণবরূপী, যিনি প্রণবরূপী তিনি সর্ব্বব্যাপী; যিনি সর্ব্বব্যাপী, তিনি অনন্ত, যিনি অনন্ত, তিনি তারক অর্থাৎ পরিত্রাণকর্ত্তা, যিনি তারক তিনি শুক্ল অর্থাৎ নির্ম্মল, যিনি শুক্ল তিনি সূক্ষ্ম, তাঁহাকে কদাচ ইন্দ্রিয়গণ গ্রহণ করিতে পারে না। যিনি সূক্ষ্ম তিনি বৈদ্যুত

পরং ব্রহ্ম, যৎ পরং ব্রহ্ম স একঃ, যঃ একঃ স রুদ্রঃ, যো রুদ্রঃ স ঈশানঃ, য ঈশানঃ স ভগবান্ মহেশ্বরঃ ॥ ৩ ॥

অথ কস্মাদুচ্যতে ওঙ্কারঃ, যস্মাদুচ্চার্য্যমাণ এব প্রণান্ ঊর্দ্ধমুৎক্রাময়তি তস্মাদুচ্যতে ওঙ্কারঃ। অথ কস্মাদুচ্যতে প্রণবঃ, যস্মাদুচ্চার্য্যমাণ এব ঋগ্‌যজুঃসামাথর্ব্বাঙ্গিরসং ব্রহ্ম

---

অন্যেষামাত্মলাভস্য তদধীনত্বাৎ অতএবৈকঃ অন্যাত্মনস্তদপেক্ষত্বেন তদনতিরেকাৎ। সঃ রুদ্রঃ একো রুদ্র ইতি মন্ত্রবর্ণাৎ ঈশানঃ স্বতন্ত্রঃ অতএব ভগবান্ ষড়্‌বিধৈশ্বর্য্যসম্পন্নঃ এষ মহেশ্বরঃ অনবধিকৈশ্বর্য্যঃ সর্ব্বেঽপ্যেতে প্রবৃত্তি-নিমিত্ত-ভেদেঽপ্যেকার্থাঃ সমানাধিকরণবৎ ॥ ৩ ॥

পর্য্যায়াত্ব শঙ্কা-নিবৃত্তয়ে ত্রয়োদশানামপি প্রবৃত্তি-নিমিত্তভেদং পৃচ্ছন্তি অথেতি উর্দ্ধোৎক্রাম-শব্দয়োরোঙ্কার ইতি নিপাতনম উপাযস্যোপায়ান্তরাবিরোধান্ন ব্যাকরণ-বিরোধঃ শঙ্ক্যঃ এবমুত্তরেষ্বপি। চতুর্ব্বেদাত্মকং

---

অর্থাৎ স্বপ্রকাশস্বরূপ ; যিনি স্বপ্রকাশস্বরূপ তিনি পরংব্রহ্ম, যিনি পরংব্রহ্ম তিনি অদ্বিতীয়, যিনি অদ্বিতীয় তিনি রুদ্র, যিনি রুদ্র তিনি ঈশান, যিনি ঈশান তিনি ভগবান্ মহেশ্বর ॥ ৩ ॥

পূর্ব্বোক্ত ওঙ্কারাদি ত্রয়োদশ বিশেষণই একার্থক ও এক রুদ্রদেবকে প্রতিপাদন করিতেছে। এইক্ষণ প্রশ্নোত্তরছলে ঐ সকল বিশেষণ পদের অর্থভেদ প্রদর্শন করিতেছেন,—প্রথম প্রশ্ন এই যে, সেই রুদ্রদেবকে "ওঙ্কার" বলিয়া বিশেষ করিবার প্রয়োজন কি ? এই প্রশ্নে মীমাংসায় কথিত হইতেছে—যেহেতু সেই রুদ্র প্রতিপাদক ওঙ্কার উচ্চারণ করিলে তৎক্ষণাৎ প্রাণাদি পঞ্চ বায়ু উর্দ্ধে সংক্রামিত হয়, এইনিমিত্ত তাঁহাকে "ওঙ্কার" বলা যায়। দ্বিতীয় প্রশ্ন এই যে, কেন তাঁহাকে "প্রণব" বলিয়া বিশেষ করা হয় ? তাহার মীমাংসা

ব্রাহ্মণেভ্যঃ প্রণাময়তি নময়তি চ তস্মাদুচ্যতে প্রণবঃ। অথ কস্মাদুচ্যতে সর্ব্বব্যাপী, যস্মাদুচ্চার্য্যমাণ এব যথা স্নেহেন পললপিণ্ডমিব শান্তরূপমোতপ্রোতমনুপ্রাপ্তো ব্যতিষক্তশ্চ তস্মাদুচ্যতে সর্ব্বব্যাপী। অথ কস্মাদুচ্যতেঽনন্তঃ যস্মা-দুচ্চার্য্যমাণ এব তির্যগূর্দ্ধমধস্তাচ্চাস্যান্তো নোপলভ্যতে

---

ব্রহ্ম ব্রাহ্মণেভ্যঃ অধ্যেতৃভ্যঃ প্রণাময়তি প্রণতং নম্রং করোতি নাময়তি প্রকরোতি তত্তম্রমিব করোতি স প্রণবঃ পললং তিলপিষ্টং তস্য পিণ্ডং গুড়িকা ইব শব্দো বাক্যালঙ্কারে যথা তিলপিষ্টপিণ্ডং সর্ব্বতঃ স্নেহেন তৈলেন ব্যাপ্তম্ এবং পটে তন্তুমিব কার্য্যমাত্রে ওতঞ্চ প্রোতঞ্চ তান-বিতানভাবমাপন্নং শান্তরূপং ব্রহ্ম উচ্চার্য্যমাণঃ বাচা প্রযুক্তঃ প্রতীতঃ এবং সর্ব্বত্র অনু অনুসৃত্য প্রাপ্তঃ ভেদমাপন্নঃ প্রতিমেব দেবেন তথা বাচকভাবেন ব্যতিষক্তঃ সম্বদ্ধঃ সর্ব্বাত্মকং ব্রহ্ম তদ্রূপেণ ব্যাপ্নোতি বাচক-তয়া বা সম্বধ্নাতি সর্ব্বব্যাপীত্যর্থঃ। এবং প্রণবস্য সর্ব্বব্যাপিত্বাদিকম্ অর্থাভেদবিবক্ষয়া দ্রষ্টব্যম্। উচ্চার্য্যমাণেঽস্মিন্ তস্য ওঙ্কারস্য অন্তো

---

এই,—যেহেতু প্রণব উচ্চারণমাত্র ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয় প্রণত হয়। যে সকল ব্রাহ্মণ বেদ অভ্যাস করেন, প্রণব উচ্চারণে তাঁহাদিগের সেই অধীত বেদচতুষ্টয় আয়ত্ত হইয়া থাকে, এইনিমিত্ত তাঁহাকে "প্রণব" বলিয়া থাকে। তৃতীয় প্রশ্ন এই,—কেন তাঁহাকে "সর্ব্বব্যাপী" বলিলে? ইহার সিদ্ধান্ত এই,—যেহেতু তাঁহার নাম বাক্যদ্বারা উচ্চারণ করিলে সর্ব্বত্র পরিব্যাপ্ত বলিয়া বোধহয়। যেমন তিল-পিণ্ডমধ্যে তৈল সর্ব্বত্র পরিব্যাপ্ত আছে; পরন্তু যেমন বস্ত্রমধ্যে সূত্র সকল সর্ব্বত্র সম্বদ্ধ রহিয়াছে, সেইরূপ তিনি অনন্তব্রহ্মাণ্ডে সর্ব্বত্র ব্যাপ্ত আছেন, এইনিমিত্ত তাঁহাকে "সর্ব্বব্যাপী" বলিয়া থাকে। চতুর্থ প্রশ্ন এই,—তাঁহাকে কেন "অনন্ত" বলিলে?

তস্মাদুচ্যতেঽনন্তঃ। অথ কস্মাদুচ্যতে তারং, যস্মাদুচ্চার্য্যমাণ এব গর্ভ-জন্ম-ব্যাধি-জরা-মরণ-সংসার-মহাভয়াৎ তারয়তি ত্রায়তে চ তস্মাদুচ্যতে তারম্। অথ কস্মাদুচ্যতে শুক্লং, যস্মাদুচ্চার্য্যমাণ এব ক্লন্দতে ক্লাময়তি চ তস্মাদুচ্যতে শুক্লম্। অথ কস্মাদুচ্যতে সূক্ষ্মং যস্মাদুচ্চার্য্যমাণ এব

---

ব্রহ্মৈক্যান্নোপলভ্যতে তেনানন্তঃ। আশু ক্লন্দতে কন্দতে ক্রন্দতে ধ্বনিরূপেণ ব্যজ্যতে ক্লাময়তি চ উদাত্ততয়া উচ্চারণে প্রযত্নাধিক্যাৎ শরীরং ক্লমযুক্তং করোতি তৎ শুক্লম্ পূর্ব্বোত্তরপদয়োরাদ্যন্তলোপঃ। সূক্ষ্মো-

---

এইবিষয়ের মীমাংসা এই,—যেহেতু তাঁহার নাম উচ্চারণপূর্ব্বক তাঁহাকে চিন্তা করিলে ঊর্দ্ধে, অধোভাগে এবং চতুষ্পার্শ্বে কোনদিকেও তাঁহার অন্ত পাওয়া যায় না, এইহেতু তাঁহাকে "অনন্ত" বলিয়া থাকে। পঞ্চম প্রশ্ন এই যে, সেই মহাপুরুষকে "তারক" বলিবার প্রয়োজন কি? এই প্রশ্নের উত্তরে বক্তব্য এই যে, সাধকগণ সেই পরমাত্মার নাম উচ্চারণপূর্ব্বক ধ্যান করিলে তৎক্ষণাৎ গর্ভযাতনা, জন্মযন্ত্রণা, ব্যাধি, জরা ও মরণসংকুল সংসাররূপ মহাভয় হইতে পরিত্রাণ পায় এবং তিনিও সেই তারকব্রহ্ম নামদ্বারা অপরকে পরিত্রাণ করিতে পারেন, এই নিমিত্ত সেই রুদ্রদেবকে "তারক" বলাযায়। ষষ্ঠ প্রশ্ন এই যে, কেন সেই মহাপুরুষকে "শুক্ল" বলিয়া বিশেষ করিলেন? ইহার কারণ এই,—সেই পরমাত্মরূপী রুদ্রদেবের নাম উচ্চারণে প্রযত্নাধিক্যবশতঃ শরীর ক্লান্ত হয়, সেই নিমিত্ত তাঁহাকে "শুক্ল" বলিয়া থাকে। সপ্তম প্রশ্ন এই যে, সেই মহাপুরুষকে "সূক্ষ্ম" বলিয়া স্তুতি করিলেন কেন? এই বিষয়ে বক্তব্য এই,

সূক্ষ্মো ভূত্বা শরীরাণ্যধিতিষ্ঠতি, সর্ব্বাণি চাঙ্গান্যভিমৃশতি তস্মাদুচ্যতে সূক্ষ্মম্। অথ কস্মাদুচ্যতে বৈদ্যুতম্ যস্মা-দুচ্চার্য্যমাণ এব ব্যক্তে মহতি সমসি দ্যোতয়তি তস্মাদুচ্যতে বৈদ্যুতং। অথ কস্মাদুচ্যতে পরং ব্রহ্ম যস্মাৎ পরমপরং পরায়ণঞ্চ বৃহদ্ বৃহত্যা বৃংহয়তি তস্মাদুচ্যতে

---

ভূত্বা অঙ্কুরাবস্থায়ামেবাপি শরীরাণি দেহাবয়বান্ স্বহেতুপ্রাণাভেদেন প্রযত্নাভেদেন ব্রহ্মাভেদেন বা অধিতিষ্ঠতি আরোহতি অভিমৃশতি সম্বধ্নাতি ব্যাপ্নোতি চ সূক্ষ্মম্ তস্মাৎ অব্যক্তে মহতি তমসি অবিদ্যায়াং দ্যোতয়তি তন্নিরাসেন ব্রহ্মপ্রকাশং করোতি তৎ বৈদ্যুতম্ পরমপরং সগুণং নির্গুণঞ্চ পরায়ণং পরমগতি তস্মাৎ পরমিত্যন্বয়ঃ।

ব্রহ্মশব্দনিমিত্তমাহ বৃহদিতি যস্মাৎ বৃহৎ মহৎ তস্মাৎ ব্রহ্মেত্যন্বয়ঃ। নিমিত্তান্তরমাহ বৃহত্যেতি। বৃহত্যা মায়য়া বৃংহয়তি বর্দ্ধয়তি কার্য্যং

---

—যেহেতু তাঁহাকে উচ্চারণ করিলে তৎক্ষণাৎ তিনি সূক্ষ্মরূপে শরীরমধ্যে অধিষ্ঠান করিয়া ইন্দ্রিয়গণকে সম্বদ্ধ করিয়া রাখেন এবং সর্ব্বশরীরে পরিব্যাপ্ত হন, এইনিমিত্ত সেই পুরুষো-ত্তম রুদ্রদেবকে "সূক্ষ্ম" বলিয়া বর্ণন করা যায়। অষ্টম প্রশ্ন এই যে, কেন সেই রুদ্রদেবকে "বৈদ্যুত" বলিলেন? এই প্রশ্নের মীমাংসা এই,—যেহেতু সেই অচিন্তনীয় পরমাত্মস্বরূপ রুদ্র-দেবের নাম উচ্চারণ করিলে ব্যক্তীভূত মহাতমঃস্বরূপ অজ্ঞান বিনষ্ট হইয়া ব্রহ্মবিদ্যার প্রকাশ হয়, সেইনিমিত্ত তাঁহাকে "বৈদ্যুত" অর্থাৎ স্বপ্রকাশস্বরূপ বলাযায়। নবম প্রশ্ন এই যে, তবে তাঁহাকে "পরমব্রহ্ম" বলিলেন কেন? এইবিষয়ে বক্তব্য এই যে,—যেহেতু তিনি পরমপুরুষ পরাৎপর অর্থাৎ সগুণ ও নির্গুণ প্রাণিবর্গের পরমাগতি, চরাচর ব্রহ্মাণ্ডমধ্যে বৃহৎ এবং তিনিই স্বীয় মায়া বিস্তারকরিয়া এই অখিল জগৎ-

পরং ব্রহ্ম। অথ কস্মাদুচ্যতে একঃ যঃ সর্ব্বান্ প্রাণান্ সম্ভক্ষ্য সম্ভক্ষণেনাজঃ সংসৃজতি বিসৃজতি তীর্থমেকে ব্রজন্তি তীর্থমেকে দক্ষিণাঃ প্রত্যঞ্চ উদঞ্চঃ প্রাঞ্চোঽভিব্রজন্ত্যেকে তেষাং সর্ব্বেষামিহ সঙ্গতিঃ। সাকং স একো-

---

তেন পরং ব্রহ্ম ওঙ্কারঃ। যঃ সর্ব্বান্ প্রাণান্ প্রাণাভিব্যঙ্গান্ বেদান্ অর্থপক্ষে বাগাদীন্ সম্ভক্ষ্য সংহারকালে আত্মন্যুপসংহৃত্য সম্ভক্ষণেন কৃত্বা সংসৃজতি তৈরেকীভবতি স্বয়ম্ভু অজঃ বাচা বিরূপনিত্যয়েতি লিঙ্গাৎ নিত্যং বিজ্ঞানমিতি শ্রুতেশ্চ পুনঃ সিসৃক্ষায়াং বিসৃতি চেতি কার্য্যকারণযোরভেদাৎ মৃদাদিবদেকঃ অতএব কৃতে তু প্রণবো বেদঃ ইত্যাদ্যুপপন্নম্। কারণত্বেনৈক্যমুক্ত্বা ফলত্বেনাপ্যৈক্যং মন্ত্রেণাহ তীর্থমিতি তীর্থম্ উপায়ঃ তদ্ব্রজনম্ অনুষ্ঠানম্ দিক্‌চতুষ্কগ্রহণং তন্নানাত্বোপলক্ষণার্থং নানামার্গৈবপ্যুপায়ৈঃ সর্ব্বেষাম্ ইহ ঈশ্বরে সঙ্গতিঃ ফলত্বেন প্রাপ্তিঃ।

---

বর্দ্ধিত করিতেছেন, এইনিমিত্ত সেই রুদ্ররূপী ভগবান্‌কে “পরং ব্রহ্ম” বলিয়া সম্বোধন করা যায়। দশম প্রশ্ন এই যে, কেন সেই রুদ্রদেবকে “এক” বলিয়া অভিহিত করিলেন? এই প্রশ্নের মীমাংসাস্বরূপে বলিতেছেন,—যেহেতু সেই ভগবান্ রুদ্রদেব প্রাণিবর্গকে সংহারকালে বিনাশ করিয়া অর্থাৎ আপনাতে লয় করিয়া পুনর্ব্বার সৃষ্টি করেন; কিন্তু তিনি অজ, তাঁহার জন্মদাতা বা সংহারকর্ত্তা কেহ নাই, তিনিই জগতের যাবতীয় পদার্থকে কার্য্যকারণভেদে নানারূপে বিকৃত করিয়া থাকেন। যাহারা তীর্থাদিগমনকে ব্রহ্মপ্রাপ্তির উপায় জ্ঞান করিয়া পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ এই দিক্‌চতুষ্টয়স্থিত নানাতীর্থে গমনপূর্ব্বক দেহপাতাদি স্বীকার করিয়াও অশেষপ্রকার তপস্যা করিয়া থাকে, তাহাদিগেরও সেই পরমপুরুষ সনাতন ব্রহ্মই একমাত্র অবলম্বনস্থান, তাহারা সেই ব্রহ্ম-

ভূতশ্চরতি প্রজানাং তস্মাদুচ্যতে একঃ। অথ কস্মাদুচ্যতে রুদ্রঃ যস্মাদৃষিভির্নান্যৈর্ভক্তৈর্দ্রুতমস্য রূপমুপলভ্যতে তস্মাদুচ্যতে রুদ্রঃ। অথ কস্মাদুচ্যতে ঈশানঃ যঃ সর্ব্বান্ দেবানীশতে ঈশানীভির্জ্জননীভিশ্চ শক্তিভিঃ। অভিত্বা

---

সাকং সহৈব সঃ একো ভূতঃ সিদ্ধঃ চরতি সৃষ্ট্যা প্রবর্ত্ততে ভক্ষয়তি বা প্রজানামশুভকর্ম্ম-বিপাকম্ তদুক্তং কবিভিঃ।

বহুধাপ্যাগমৈর্ভিন্নাঃ পন্থানঃ সিদ্ধিহেতবঃ।
ত্বয্যেব নিপতন্ত্যোঘা জাহ্নবীয়া ইবার্ণবে॥ ইতি।

বাচ্যধর্ম্মেণ বাচকো ব্যবহ্রিয়তে। ঋষিভিঃ জ্ঞানিভিঃ দ্রুতং গম্যতে ইতি রুদ্রঃ। ঈশতে ঈষ্টে ইতি ঈশানঃ ঈশ্যতে এভিরিতি ঈশিন্যঃ তাভিঃ দেবান্ স্বেচ্ছয়া নিযুনক্তি অজাতানাং বিনিয়োগাসম্ভবাৎ জননীভিশ্চ

---

প্রাপ্তির আশাতেই নানাপ্রকার তীর্থাদি পর্য্যটন করে। পরন্তু সেই রুদ্ররূপী মহাপুরুষই সকলের সহিত ভূরাদিলোকে বিচরণ করেন, তিনিই সকলের সহিত ঐক্যভাবে প্রসিদ্ধ আছেন, তিনিই সৃষ্টিস্থিতি সংহার করিতেছেন, তিনিই প্রজাপুঞ্জের অশুভ কর্ম্মবিপাক সংক্ষয় করিয়া থাকেন, অতএব সেই অদ্বিতীয় পুরুষ রুদ্ররূপী ভগবানকে "এক" বলা যায়। অনন্তর একাদশ প্রশ্ন এই যে, কেন সেই পরমপুরুষকে "রুদ্র" বলিলেন? উক্ত প্রশ্নের মীমাংসা এই,—যেহেতু কেবল পরমার্থতত্ত্বজ্ঞ ঋষিগণই তাঁহাকে জানিতে পারেন, অন্য কোন ব্যক্তি সেই মহাপুরুষকে জানিতে পারে না, এই নিমিত্ত সেই পরমদেবতাকে "রুদ্র" বলিয়া অভিহিত করে। দ্বাদশ প্রশ্ন এই যে, তাঁহাকে তবে "ঈশান" বলিলেন কেন? এই বিষয়ে বক্তব্য এই যে,— যিনি ঈশানীশক্তিদ্বারা স্বেচ্ছাপূর্ব্বক দেবগণকে নিযুক্ত করিয়া রাখিয়াছেন এবং জননীশক্তিদ্বারা জগতের

শূরণো নুমো দুগ্ধা ইব ধেনবঃ। ঈশানমস্য জগতঃ স্বদর্শ-মীশানমিন্দ্রতস্থুষ ইতি তস্মাদুচ্যতে ঈশানঃ। অথ কস্মা-দুচ্যতে ভগবান্ মহেশ্বরঃ যস্মাদ্ভক্তাজ্ঞানেন ভজত্যনুগৃহ্লাতি

শক্তিভিঃ জনয়ন্তি ঈশতে। ঈশানত্বে মন্ত্রসঙ্গতিমাহ অভীতি হে শূরঃ! ইন্দ্র! পরমেশ্বর! ত্বা ত্বাম্ অভিতো নুমঃ আভিমুখ্যেনাতিশয়েন স্তুমঃ অদুগ্ধাঃ দুগ্ধরহিতাঃ পয়োঽর্থিনো বৎসাঃ ধেনবঃ দোগ্ধ্রীঃ গা ইব স্তুবন্তি দ্বিতীয়ার্থে প্রথমা অদুগ্ধাঃ প্রসূতাঃ ধেনবঃ গাবো বৎসানিবেতি ন ব্যাখ্যাতম্ স্নেহসাম্যেঽপ্যুপাসকস্য মাতৃতা উপাস্যস্য বৎসতেতি হীনো-পমাদোষ-প্রসঙ্গাৎ। জগতঃ জঙ্গমস্য তস্থুষঃ স্থাবরস্য ঈশানম্ আদরার্থং পুনঃ প্রযোগঃ স্ব ঈশঃ দিব্যদৃষ্টিম্। ভক্তা ভজনকর্ত্তা তস্যৈবার্থো জ্ঞানে-নেতি যদ্বা ভক্তাঃ ভক্তান্ জ্ঞানেন ভজতি সেবতে অনুগৃহ্লাতি চেতি ভগ

জীবগণকে বশীভূত করিয়াছেন, এই নিমিত্ত তাঁহাকে "ঈশান" বলা যায়। পরন্তু যেহেতু দেবগণ ঈশানকে এইরূপে স্তবকরিয়া-থাকেন—হে শূর, হে ইন্দ্র, হে পরমেশ্বর! তোমাকে সর্ব্বতো-ভাবে নমস্কার করি। যেমন দুগ্ধপিপাসু বৎসগণ দুগ্ধাভিলাষে দুগ্ধবতী ধেনুকে প্রার্থনা করে, সেইরূপ স্থাবরজঙ্গমাত্মক জগতে সকলেই অদ্বিতীয় অধীশ্বর রুদ্ররূপী ভগবানকে বন্দনা করেন, এই নিমিত্ত তাঁহাকে "ঈশান" বলা যায়। ত্রয়োদশ প্রশ্ন এই যে, তবে তাঁহাকে "ভগবান্ মহেশ্বর" বলিলে কেন? এই প্রশ্নের মীমাংসাতে বলিতেছেন,—যেহেতু সেই পুরুষোত্তম রুদ্রদেব জ্ঞানোপদেশদ্বারা ভক্তগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন। তিনিই বেদবাক্য সৃজন করিয়া ব্রহ্মার মুখে অর্পণপূর্ব্বক বেদচতুষ্টয় প্রকাশ করিয়াছেন, এইনিমিত্ত সেই পরাৎপর রুদ্রদেবকে "ভগবান্" বলাযায়। "মহেশ্বর" বলিয়া বিশেষণ প্রয়োগের কারণ এই,—যেহেতু তিনি নিজের ভক্ত-গণকে বিষয়ানুরাগ হইতে নিবর্ত্তিত করিয়া বেদোপদেশপূর্ব্বক

চ বাচং সংসৃজতি বিসৃজতি চ সর্ব্বান্ ভাবান্ পরি-ত্যজ্যাত্মজ্ঞানেন যোগৈশ্বর্য্যেণ মহতী মহীয়তে তস্মা-দুচ্যতে ভগবান্ মহেশ্বরঃ তদেতদ্রুদ্রচরিতম্ ॥ ৪ ॥

একো হ দেবঃ প্রদিশোনুসর্ব্বাঃ পূর্ব্বো হ জাতঃ স

---

শব্দার্থঃ বাচং বেদাখ্যাং সংসৃজতি ব্রহ্মাদিমুখে বিসৃজতি স্বমুখাদিতি বান্ শব্দার্থঃ। মহেশ্বরশব্দার্থমাহ য ইতি ভাবান্ বিষয়ান্ পরিত্যজ্য ত্যাজয়িত্বা বেদমুপদিশ্য তদর্থবোধনদ্বারা বিষয়-বৈরাগ্যমুৎপাদ্য অধি-কারিণং কৃত্বা দত্তেন আত্মজ্ঞানেন মনঃস্থিরতায়ৈ চ অষ্টাঙ্গযোগজনৈ-শ্বর্য্যেণ চ ভক্তান্ মহতি পূজয়তি তেন পরানুগ্রহেণ চ মহীয়তে মহি-মানং যাতি জগদ্বিখ্যাতযশা ভবতি তেন ভগবান্ মহেশ্বরঃ অক্ষরসাম্যেন নির্ব্রূয়াৎ ইতি ন্যায়েনেদং নির্ব্বচনম্।

ননু পরব্রহ্মপর্য্যায়াদাবভ্যোচ্চার্য্যমাণ এবেতি কস্মান্নোক্তম্ অত আহ তদেতদ্রুদ্রচরিতমিতি নাম-নামিনোরৈক্যবোধনায়োঙ্কারোপক্রমশ্চ আদিত আরভ্য রুদ্রস্যৈবৈতদ্বর্ণিতমিত্যর্থঃ ॥ ৪ ॥

ঈশস্য প্রতিজ্ঞাতমৈক্যমুপপাদয়িতুং সাধনানি চ বক্তুমবয়বশঃ প্রণব-স্যোপাসনায়াঃ পৃথক্ ফলানি প্রতিপাদ্য ঈশভক্তিপ্রধানেন জ্ঞানেনৈব পরমপুরুষার্থ-সিদ্ধিরিতি প্রতিপাদয়িতুঞ্চোত্তরপণ্ড আরভ্যতে একো

---

তদর্থ পরিবোধদ্বারা তাহাদিগের বিষয়বৈরাগ্য সমুৎপাদন পুরঃসর যথার্থ জ্ঞানোপদেশের অধিকারী করিয়া ভক্তবৃন্দের মনোবৃত্তির স্থৈর্য্যসম্পাদনার্থ অষ্টাঙ্গ যোগসিদ্ধিজনিত মহৈ-শ্বর্য্যদ্বারা সেই সকল নিজভক্তকে পরিত্রাণ করিয়াছেন এবং এইরূপ পরানুগ্রহপ্রকাশদ্বারা জগতে বিখ্যাতযশাঃ হইয়াছেন, এইনিমিত্ত তাঁহাকে "মহেশ্বর" বলিয়া থাকে। এইরূপে দেব-গণ রুদ্রচরিত বর্ণন করতঃ স্তুতি করিয়াছিলেন ॥ ৪ ॥

ঈশ্বরের ঐক্যজ্ঞান প্রতিপাদনার্থ প্রণবোপাসনার পৃথক্ পৃথক্ ফল প্রতিপাদন করিয়া ঈশ্বরভক্তিযুক্ত তত্ত্বজ্ঞানদ্বারা

উ গর্ভ অন্তঃ। স এব জাতঃ স জনিষ্যমাণঃ প্রত্যঙ্জনা-
স্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ॥ একো রুদ্রো ন দ্বিতীয়ায় তস্মৈ

---

হ দেব ইতি এক এব দেবঃ সর্ব্বা দিশঃ প্রজাতঃ সর্ব্বদিগ্রূপো বভূব দিগ্‌গ্রহণং তৎস্থবস্তু নামপ্যুপলক্ষণম্।

নমু কথমেকস্যানেকত্ব-সম্ভবঃ ইত্যাশঙ্ক্য সর্ব্বাশ্চর্য্যো ভগবতি কিং কিং রূপং ন সম্ভবতি? ইত্যাশয়েন পরিহরতি পূর্ব্বো হেতি পূর্ব্বঃ স উ স এব গর্ভে জগতো মধ্যাবস্থায়াং স এব অন্তোঽপি সর্ব্বান্তে বর্ত্তমানোঽপি। স এব উৎপত্ত্যপাধিনা কালবিবোধং পবিহবতি স এবেতি

---

পরমার্থ সিদ্ধি হয়, এইবিষয় পরিজ্ঞাপনার্থ ঈশ্বরের সর্ব্বময়ত্ব প্রতিপাদন করিতেছেন।—একমাত্র পরাৎপর পরমপিতা জগদীশ্বরই সমস্ত দিক্ ও সেই সেই দিকে অবস্থিত যাবতীয় বস্তুস্বরূপ। তিনি এক হইয়া জগতে নানারূপ ধারণ করিয়া প্রকাশ পাইতেছেন। যিনি সর্ব্বশক্তিমান্ অনন্তমাহাত্ম্যশালী, তাঁহার নিকট কিছুই আশ্চর্য্যের বিষয় নহে, তিনি করিতে না পারেন, এইরূপ কার্য্যই নাই। তিনি জগতের পুর্ব্ব, তিনিই জগতের মধ্য এবং তিনিই জগতের অন্তে বর্ত্তমান থাকিবেন। সেই সর্ব্বশক্তিমান্ অনন্তমাহাত্ম্য পরমাত্মস্বরূপ রুদ্রদেবই কালত্রয়ে বিদ্যমান আছেন। সেই ঈশানদেব আবালবৃদ্ধবনিতা প্রভৃতি সকল জনের মুখস্বরূপ। তিনি অবস্থাত্রয় অনুভব করতঃ বিদ্যমান আছেন এবং তিনিই সকলের পরিজ্ঞেয় সেই পরমপুরুষকে জানিতে পারিলেই মনুষ্যজন্মের সাফল্য হইয়া থাকে॥

সেই এক রুদ্রদেব ঈশানীশক্তিদ্বারা এই অনন্তভুবনের সর্ব্বকর্ত্তৃত্ব করিতেছেন। তিনি অদ্বিতীয় কাহারও সাহায্যের অপেক্ষা করেন না। সেই সর্ব্বেশ্বর জগৎপ্রভুর অনন্তশক্তি ও

য ইমাঁল্লোকানীশত ঈশানীভিঃ। প্রত্যঙ্জনাস্তিষ্ঠতি-সঙ্কুকোচান্তকালে সংসৃজ্য বিশ্বা ভুবনানি গোপ্তা ॥ যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো যেনেদং সর্ব্বং বিচরতি

---

নন্নু কথমস্যানুভব? ইত্যাশঙ্ক্যাহ প্রত্যঙ্ঙিতি। হ জনাঃ আবাল-স্ত্রী-গোপালাঃ! সর্ব্বজনীনমনুভবং পশ্যতেতি শ্রুতের্ব্বচঃ কিং তৎ? সর্ব্বতোমুখঃ আদিত্যবৎ সর্ব্বেষাং সম্মুখঃ প্রত্যঙ্ অবস্থাত্রয়ানুভূয়মানাহং-প্রত্যয়-বেদ্যাত্মরূপেণ তিষ্ঠতি যঃ স ঈশঃ।

দ্বিতীয়গন্ধমপি নিষেধতি এক ইতি স দ্বিতীয়মৈচ্ছদিতি শ্রুতেঃ প্রাপ্তাং সহায়াপেক্ষাং নিষেধতি ন দ্বিতীয়ায় তস্থাবিতি। তত্তু লীলা-মাত্রং দ্বিতীয়-চেতনাভাবাদেকো দ্রষ্টেতি শ্রুতেঃ সঙ্কুকোচ ইতি অন্তকালে প্রলয়কালে সঙ্কোচং কৃতবান্ সংসৃজ্য ব্যাপ্য।

নন্নু বহবঃ শরীরিণশ্চেতনা দৃশ্যন্তে একত্বস্ত্বীশ্বরাপেক্ষমেবেত্যত আহ যো যোনিং যোনিমিতি সর্ব্বে জীবা ব্যুচ্চরন্তীতি শ্রুতেঃ বিস্ফুলিঙ্গ ইব ততো ভিন্ন এব ইতি ভাবঃ। জ্ঞানশক্তিবৎ ক্রিয়াশক্তিবপ্যেকত্রৈবা-স্তীত্যাহ সর্ব্বমিতি। সর্ব্বং সঞ্চরতি প্রবিশতি বিচরতি নানা গচ্ছতি চ

---

অপরিসীম মাহাত্ম্যপ্রভাবে শিশু, যুবা, বৃদ্ধ ও বনিতাদি সকল জনের ও সর্ব্বপদার্থের অধীশ্বর হইয়া আছেন। সেই পর-মাত্মা পরমপুরুষ রুদ্রদেবই এই অসীম চরাচর জগতের সৃষ্টি করিয়া পালন করিতেছেন এবং অন্তকালে প্রলয় করিয়া থাকেন; সুতরাং সেই রুদ্রদেবই এই অনন্ত ব্রহ্মাণ্ডের এক-মাত্র অধীশ্বর, তিনি ভিন্ন জগৎকর্ত্তা আর কেহ নাই।

পূর্ব্বশ্লোকে কেবল একমাত্র ঈশ্বরকেই স্বীকার করিলেন, কিন্তু নানারূপ চেতনাযুক্ত শরীরী জীবাদি দেখা যায় কেন? উক্ত সংশয়ের মীমাংসা এই,—সেই অদ্বিতীয় সচ্চিদানন্দস্বরূপ পরমব্রহ্মই প্রতিযোনিতে অধিষ্ঠান করিয়া এই অখণ্ড ব্রহ্মাণ্ডে

সর্ব্বম্। তমীশানং বরদং দেবমীড্যং নিচায্যেমাং শান্তি-মত্যন্তমেতি ॥

ক্ষমাং হিত্বা হেতুজালস্য মূলং বুদ্ধ্যা সঞ্চিতং স্থাপয়িত্বা তু রুদ্রে রুদ্রমেকত্বমাহুঃ। শাশ্বতং বৈ পুরাণমিষমূর্জ্জেন পশবোঽনুনাময়ন্তং মৃত্যুপাশান্ ॥

---

যেন শক্তিমতা ইত্যর্থঃ। সর্ব্বগুণৈঃ সম্পন্নঃ স এব সেব্য ইত্যাহ তমিতি। বরদং সকামানামপ্যুপাস্যং দেবং স্বতো দ্রষ্টারম ঈড্যং স্তুত্যং বেদানাং নিচায্যং নিতরাং সর্ব্বভাবেন পূজয়িত্বা ইমাম্ ঈশ্বরাবস্থামেব অত্যন্তশান্তিং কৈবল্যাখ্যাম এতি।

তৎ প্রাপ্ত্যন্তরঙ্গোপায়ানাহ ক্ষমামিতি হেতুজালস্য হেতুবাদ-কল্পনা-সমূহস্য মূলং কারণভূতাং ক্ষমাং ভূমিম অবিবেকদৃষ্টিলক্ষণাং হিত্বা ত্যক্ত্বা বুদ্ধ্যা নিপুণধিয়া সঞ্চিতং স্বীকৃতং বস্তু রুদ্রে স্থাপয়িত্বা সমর্প্য তৎ কুরুষ মদর্পণম্ ইত্যুক্তত্বাৎ রুদ্রমেব একত্বম একভাবমেকরসমেতীত্যনুষঙ্গঃ আহুঃ ইতি আত্মবাচার্য্যা ইত্যর্থঃ। কীদৃশং রুদ্রং শাশ্বতং সর্ব্বকাল-

---

বিচরণ করিতেছেন। এই সচরাচর জগৎ তাঁহারই প্রতিবিম্ব মাত্র, তিনিই অনন্ত-জীবরূপে ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছেন। তিনিই সর্ব্বসম্পন্ন ও জগতের সেব্য, তিনি বরদ অর্থাৎ সর্ব্ব-কামীর উপাস্য। যে ব্যক্তি যে কামনা করিয়া তাঁহার উপাসনা করে, তাহার সেই অভিলাষ পরিপূর্ণ হয়, দেবগণ তাঁহাকেই স্তবকরিয়া থাকেন, অতএব সেই পরমব্রহ্মরূপী ঈশানকে সর্ব্বতোভাবে অর্চ্চনা করিলে কৈবল্য মুক্তিস্বরূপ শান্তি লাভ হয় ॥

পূর্ব্বতন আচার্য্যগণ ব্রহ্মপ্রাপ্তির যে অসাধারণ কারণ বলিয়া থাকেন, তাহা এই,—ব্রহ্মজিজ্ঞাসু ব্যক্তি সাংসারিক হেতুবাদ ও কল্পনার মূলকারণস্বরূপ অবিবেক দৃষ্টি পরিত্যাগ করিয়া বুদ্ধির নৈপুণ্যদ্বারা স্বীকৃত বস্তু সকল সেই রুদ্রদেবে

তদেতেনাত্মন্নেতেনার্দ্ধচতুর্থেন মাত্রেণ শান্তিং সংসৃজতি পশুপাশবিমোক্ষণম্ যা সা প্রথমা মাত্রা ব্রহ্মদেবত্যা রক্তা

---

ব্যাপিনং পুরাণং পুরাপি নবং ন কদাচিজ্জীর্ণম্ ইষম্ অন্নম্ উর্জ্জেন বলেন সহ পশবঃ দ্বিতীয়ার্থে প্রথমা পশূন্ অনুনামযন্তম্ অধীনীকুর্ব্বন্তং ভক্তেভ্যোঽর্পয়ন্তমিতি যাবৎ মৃত্যুপাশান্ নাময়ন্তং ছক্কুর্ব্বন্তং তেভ্যো মোচয়ন্তমিতি যাবৎ ভক্তিমুক্তিপ্রদমিত্যর্থঃ ॥

ইদানীং প্রণবস্য মাত্রাভেদেন ধ্যানভেদস্য ফলানি বক্তুং প্রথমং প্রাধান্যাৎ চতুর্ম্মাত্রস্য তস্য ফলমাহ তদেতেনাত্মন্নিতি তৎ তস্মাৎ পূর্ব্বোক্ত-প্রকারাৎ এতেন প্রণবেন আত্মন্ আত্মনি এতেন আদৃতেন আগতেন আত্মপ্রতিপাদকেন অর্দ্ধা চতুর্থী মাত্রা যস্য তেন ওঙ্কারেণ শান্তিং সংসৃজতি ঈশ্বরঃ। তথা পশুপাশ-বিমোক্ষণ-শান্তিদ্বারা কর্ম্মপাশহানিং করোতি। প্রত্যেকমাত্রাণাং ফলমাহ যা সেতি। প্রথমা অকাররূপা অর্দ্ধচতুর্থী মাত্রা চতুর্থী অর্দ্ধরূপা মাত্রেত্যর্থঃ সর্ব্বদেবত্যা ব্রহ্ম-বিষ্ণু-রুদ্র-

---

সমর্পণপূর্ব্বক সর্ব্বব্যাপী পুরাণপুরুষকে এবং যিনি বলের সহিত অন্ন ও পশুদিগকে স্বাধীন করিয়া রাখিয়াছেন, অর্থাৎ যিনি ভক্তগণকে অন্ন ও বল অর্পণ করেন, যিনি ভক্তগণের মৃত্যু-পাশ ছেদন করিয়া তাহাদিগকে মোচন করেন, সেই অদ্বি-তীয় ব্রহ্মরূপী রুদ্রদেবকে প্রাপ্ত হয় ॥

এইক্ষণে প্রণবের মাত্রাভেদে বিশেষ বিশেষ ফলসাধনার্থ প্রথমতঃ প্রণবের মাত্রাচতুষ্টয়ের ফল কথিত হইতেছে,—পূর্ণ-মাত্র "ওঁ" এই শব্দ ধ্যান করিলে তাহাকে ঈশ্বর সর্ব্বশান্তি প্রদান করেন; তাহার সংসারের পশুপাশের ন্যায় মায়াপাশ ছিন্ন হইয়া কর্ম্মপাশ ছেদনপূর্ব্বক পরমপাদ লাভ হয়। ওঙ্কারের অকারস্বরূপ প্রথমমাত্রা ব্রহ্মদৈব, অর্থাৎ ব্রহ্মাই উক্ত অকার-রূপ প্রথমমাত্রার দেবতা। উক্ত মাত্রা, রক্তবর্ণ, যে ব্যক্তি

বর্ণেন যস্তাং ধ্যায়তে নিত্যং স গচ্ছেদ্‌ব্রহ্মপদম্‌। যা সা দ্বিতীয়া মাত্রা বিষ্ণুদেবত্যা কৃষ্ণা বর্ণেন যস্তাং ধ্যায়তে নিত্যং স গচ্ছেদ্বৈষ্ণবং পদম্‌। যা সা তৃতীয়া মাত্রা ঈশানদেবত্যা কপিলা বর্ণেন যস্তাং ধ্যায়তে নিত্যং স গচ্ছেদৈশানং পদম্‌। যা সার্দ্ধচতুর্থী মাত্রা সর্ব্বদেব-

---

দেবত্যা অব্যক্তীভূতা অবর্ণকত্বাৎ অব্যক্তীভূতা বর্ণরূপেণানির্ব্বাচ্যা থং মূর্দ্ধানং প্রবিচরতি। শুদ্ধা ইতি বিশুদ্ধসত্ত্বাত্মকত্বাৎ পদ্মনামকং সহস্র-দলং পদ্মমিতি প্রসিদ্ধম্‌। তদুক্তং মূর্দ্ধ্নি প্রতিষ্ঠিতং পদ্মং সহস্রদলসংযুতম্‌ ইতি ষোড়শদলং বা। তদিতি তৎ তস্মাৎ কারণাৎ এতৎ পদ্মনামকং পদং চতুর্থমাত্রাদ্বারা উপাস্তে। তস্থ পদ্মান্তরবৈলক্ষণ্যমাহ মুনয়ো বাগ্‌-

---

সেই অকাররূপিণী ব্রহ্মদৈবত রক্তবর্ণা প্রথমমাত্রার ধ্যান করে, সেই ব্যক্তি নিত্যধাম-ব্রহ্মপদ লাভ করে। ওঁকারের দ্বিতীয়মাত্রা উকারস্বরূপা ও কৃষ্ণবর্ণা। যিনি সেই উকাররূপিণী বিষ্ণুদৈবত কৃষ্ণবর্ণা দ্বিতীয়মাত্রাকে চিন্তা করেন, তিনি সনাতন বৈষ্ণবপদ প্রাপ্ত হন। ওঙ্কারের তৃতীয়মাত্রা মকারস্বরূপিণী রুদ্রদৈবত ও কপিলবর্ণা। যে মনুষ্য সেই মকাররূপিণী রুদ্র-দৈবত কপিলবর্ণ তৃতীয়মাত্রার ধ্যান করে, সেই মনুষ্য নিত্য-ধাম-ঈশানপদ পাইয়া থাকে। ওঙ্কারের চতুর্থী মাত্রা সম্পূর্ণ ওঙ্কারস্বরূপ ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রদৈবত ও অব্যক্তভূতা। ঐ পূর্ণ-মাত্র ওঙ্কার সর্ব্বদা সহস্রারপদ্মে বিচরণ করেন এবং বিশুদ্ধ স্ফটীকসন্নিভ নির্ম্মল। যে ব্যক্তি সেই সর্ব্বদৈবত পূর্ণমাত্র ওঙ্কারের ধ্যান করে, সেই ব্যক্তি অনাময় নিত্যধাম পরমপদ লাভ করে। অতএব পরমপদ মোক্ষধামপ্রাপ্তির আশয়ে পূর্ণ-মাত্রা ওঙ্কারের উপাসনা করা অবশ্য কর্ত্তব্য। সেই সহস্রার-পদ্ম অধোমুখ মূর্দ্ধাতে প্রতিষ্ঠিত, ঐ পদ্ম ভেদকরিয়া ব্রহ্মচিন্তা

ত্যাঽব্যক্তীভূতা খং বিচরতি শুদ্ধা স্ফটিকসন্নিভা বর্ণেন যস্তাং ধ্যায়তে নিত্যং স গচ্ছেৎ পদমনাময়ম্। তদেতদুপাসীত মুনয়ো বাগ্বদন্তি ॥

ন তস্য গ্রহণময়ং পন্থা বিহিত উত্তরেণ যেন দেবা যান্তি যেন পিতরো যেন ঋষয়ঃ পরমপরং পরায়ণঞ্চেতি ॥

---

বদন্তীতি অবাক্ অধোমুখং যচ্ছ্রুতিঃ অবাগ্মুখশ্চমস ঊর্দ্ধবুধ্নস্তস্মিন্ যশো নিহিতং বিশ্বরূপম ইতি। যাজ্ঞবল্ক্যোঽপি। ষোড়শচ্ছন্দসংযুক্তং শিরঃপদ্মাদধোমুখং। নিগত্যামৃতধা[illegible]ভং ইতি।

বিশেষাস্তবমাহ ন তস্য গ্রহণমিতি গৃহ্যতে অনেনেতি গ্রহণং নালং তৎ যস্য নাস্তি অধোমুখস্য তস্য মূর্দ্ধোপরি নালত্বাদর্শনাৎ। এতৎ ভিত্ত্বা যে যান্তি তেষাং গতিমাহ অয়মিতি। অয়ং পন্থাঃ ওঙ্কারোপাসন-লক্ষণঃ যেন উত্তরেণ পথা দেবা যান্তি গচ্ছন্তি পিতরঃ জ্ঞানবর্জ্জিত কর্ম্মোপাসনেন গচ্ছন্তি। যেন পিতর ইতি পাঠে যে পিতরঃ তে উত্তরেণ পথা ন গচ্ছন্তীত্যর্থঃ। নৈষ্ঠাপূরুষা একাকিনাং জ্ঞানবর্জ্জিতানামুত্তরেণ পথা গতি-

---

বিধি সম্মানপুরঃসর বলিতেছেন। ব্রহ্মন্! আপনি আমার গৃহে অতিথিরূপে উপস্থিত হইয়া ত্রিরাত্রি অনাহারে বাস করিয়াছেন। মহাশয়! আপনি আমার নমস্য, আপনাকে নমস্কার করি। আর আমি আপনার নিকট এই প্রার্থনাকরি, মহাশয়ের অনুগ্রহে আমার মঙ্গল হউক। আমি আপনার সমধিক প্রসন্নতাপ্রত্যাশায় এই বলিতেছি যে, আপনি যে আমার গৃহে ত্রিরাত্রি অনশনে কালাতিপাত করিয়াছেন, তাহার প্রতিরাত্রিতে এক একটি বর প্রার্থনা করুন। আমি আপনার অভিলষিত বরত্রয় প্রদানে সম্মত আছি ॥ ৯ ॥

যমরাজের বাক্যাবসানে নচিকেতাঃ কৃতান্তকে সম্বোধন করিয়া কহিলেন। মহাত্মন্! যদি আমাকে বরপ্রদান করা আপনার অভিপ্রেত হয়, তাহা হইলে আমাকে তিনটি

ত্বৎপ্রসৃষ্টং মাভিবদেৎ প্রতীত
এতত্ত্রয়াণাং প্রথমং বরং বৃণে ॥ ১০ ॥
যথা পুরস্তাদ্ভবিতা প্রতীত
ঔদ্দালকিরারুণির্মৎপ্রসৃষ্টঃ।

পিতা নাভি মাং প্রতি হে মৃত্যো কিঞ্চ ত্বংপ্রসৃষ্টং ত্বয়া বিনির্মুক্তং প্রেষিতং গৃহং প্রতি মামভিবদেৎ প্রতীতো লব্ধস্মৃতিঃ স এবায়ং পুত্রো মমাগত ইত্যেবং প্রত্যভিজ্ঞাননিত্যর্থঃ। এতৎ প্রয়োজনং ত্রয়াণাং বরাণাং প্রথমমাদ্যং বরং বৃণে প্রার্থয়েয়ম ॥ ১০ ॥

যৎ পিতুঃ পরিতোষণং মৃত্যুরুবাচ যথা বুদ্ধিস্ত্বয়ি পুরস্তাৎ পূর্ব্বমাসীৎ স্নেহসমন্বিতা পিতুস্তব ভবিতা প্রীতিসমন্বিতস্তব পিতা তথৈব প্রতীতঃ

বরপ্রদানকরিতে হইবে। আমি প্রথমতঃ আপনার নিকট এই প্রার্থনা করিতেছি, আমার পিতা গৌতমের সঙ্কল্প শান্তি হউক, অর্থাৎ আমি যমালয়ে আসিয়া কি করিতেছি, তাঁহার এই চিন্তা বিদূরিত হউক। তিনি যে আমার প্রতি কুপিত আছেন, পিতৃদেবের সেই কোপের নিবৃত্তি হইয়া আমার প্রতি তাঁহার চিত্ত প্রসন্ন হউক। যমরাজ! আমি তোমার নিকট মুক্তি-লাভ করিয়া গৃহে প্রতিগমন করিলে, তিনি যেন এই মনে করেন যে, আমার সেই পুত্র সাক্ষাৎ শমনভবন হইতে প্রত্যাগত হইল। আপনার প্রতিশ্রুত তিনটি বরের মধ্যে আমি এই প্রথম বর প্রার্থনা করিলাম। মহাশয়! আপনার অঙ্গীকৃত প্রতিপালন করিয়া আমাকে পূর্ণমনোরথ করুন ॥ ১০ ॥

কৃতান্ত নচিকেতাকে "তথাস্তু" বলিয়া পূর্ব্বপ্রতিশ্রুত প্রথম বর-প্রদানকরিয়া বলিলেন, বৎস! তুমি আমার নিকট যে অভিলাষ প্রকাশ করিলে তাহা সফল হইবে। তাহাতে অণুমাত্র সন্দেহ করিও না। পূর্ব্বে তোমার পিতা তোমার প্রতি পুত্রবাৎসল্যে

সুখং রাত্রীঃ শয়িতা বীতমন্যু-
স্ত্বাং দদৃশিবান্মৃত্যুমুখাৎ প্রমুক্তম্ ॥ ১১ ॥
স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চ নাস্তি
ন তত্র ত্বং ন জরয়া বিভেতি।

---

প্রীতবান্ সন্নৌদ্দালকিঃ। উদ্দালক এবৌদ্দালকিঃ। অরুণস্যাপত্য-মারুণির্দ্ব্যামুষ্যায়ণো বা মৎপ্রসৃষ্টো ময়াঽনুজ্ঞাতঃ সন্নিতরাং অপি রাত্রীঃ সুখং প্রসন্নমনাঃ শয়িতা স্বপ্তা বীতমন্যুর্ব্বিগতমন্যুশ্চ ভবিতা স্যাত্ত্বাং পুত্রং দদৃশিবান্দৃষ্টবান্ স মৃত্যুমুখান্মৃত্যুগোচরাৎ প্রমুক্তং সন্তং নচিকেতা উবাচ ॥ ১১ ॥

স্বর্গে লোকে রোগাদিনিমিত্তং ভয়ং কিঞ্চিদপি নাস্তি। ন চ তত্র ত্বং মৃত্যো সহসা প্রভবসাতো জরয়া যুক্ত ইহ লোকবত্ততো ন বিভেতি

---

যেরূপ প্রীত ছিলেন, এখনও সেইরূপ সন্তুষ্ট থাকিবেন। আর তোমার জনক, যাহার নাম ঔদ্দালকি ও আরুণি, তিনি আমার অনুগ্রহভাজন হইয়া পূর্ব্বপূর্ব্বরাত্রিতে সেরূপ সুখসম্ভোগে যামিনী যাপন করিয়াছেন, অতঃপর যে সকল রজনী সমাগত হইবে, তাহাতেও সেরূইপ সুখসম্ভোগে শয়ান হইয়া নিদ্রাসুখভোগ করিতে পারিবেন, তাহার মনে কিঞ্চিন্মাত্র অসুখের আবির্ভাব হইবে না। তোমাকে মৃত্যুহস্ত হইতে বিমুক্ত দেখিয়া তাঁহার সকল ক্রোধের শান্তি হইবে এবং তোমার পিতার এই বিশ্বাস হইবে যে, আমার পুত্র যমালয় পর্য্যন্ত গিয়া পুনর্ব্বার আমার সাক্ষাৎ আসিয়াছে, কদাচ পথ হইতে ফিরিয়া আইসে নাই ॥ ১১ ॥

নচিকেতাঃ যমের নিকট দ্বিতীয়বার বর প্রার্থনা করিলেন। যমরাজ! স্বর্গলোকে কোনরূপ রোগাদির ভয় নাই। তোমার আধিপত্য সর্ব্বত্র অখণ্ডিত, কিন্তু অমরপুরে তোমারও

উভে তীর্ত্বাঽশনায়াপিপাসে
শোকাতিগো-মোদতে স্বর্গলোকে ॥ ১২ ॥
স ত্বমগ্নিꣳ স্বর্গ্যমধ্যেষি মৃত্যো
প্রব্রূহি তꣳশ্রদ্দধানায় মহ্যম্।
স্বর্গলোকা অমৃতত্বং ভজন্ত—
এতদ্দ্বিতীয়েন বৃণে বরেণ ॥ ১৩ ॥

---

কুতশ্চিত্তত্র কিঞ্চোভেঽশনায়াপিপাসে তীর্ত্বাতিক্রম্য শোকমতীত্য গচ্ছতীতি শোকাতিগঃ সন্মানসেন দুঃখেন বর্জ্জিতো মোদতে হৃষ্যতি স্বর্গলোকে দিব্যে ॥ ১২ ॥

এবং গুণবিশিষ্টস্য স্বর্গলোকস্য প্রাপ্তিসাধনভূতমগ্নিং স্বর্গ্যং স ত্বং মৃত্যুরধ্যেষি স্মরসি জানাসীত্যর্থঃ। হে মৃত্যো যতস্ত্বং প্রব্রূহি কথয় শ্রদ্দধানায় শ্রদ্ধাবতে মহ্যং স্বর্গার্থিনে। যেনাগ্নিনা চিতেন স্বর্গলোকাঃ স্বর্গলোকো যেষাংস্তে স্বর্গলোকা যজমানা অমৃতত্বমমরণতাং দেবত্বং ভজন্তে প্রাপ্নুবন্তি তদেতদগ্নিবিজ্ঞানং দ্বিতীয়েন বরেণ বৃণে ॥ ১৩ ॥

---

কোন প্রকার প্রভুতা সম্ভবে না। মর্ত্ত্যলোক বাসিরা জরাদিদ্বারা অভিভূত হইলে তোমাকে যেরূপ ভয় করে, স্বর্গবাসিরা তোমা হইতে সেইরূপ ভয় পায় না। তাহারা ক্ষুধা ও পিপাসা এই উভয়ের অধিকার হইতে বিমুক্ত হইয়া ও শোকাদির আক্রমণ অতিক্রম করিয়া পরম সুখে স্বর্গধামে বাসকরিতেছে ॥ ১২ ॥

যমরাজ! সর্ব্বসুখাকর স্বর্গধামে যাহারা বাস করে, তাহাদের সৌভাগ্য তুমি সবিশেষ অবগত আছ। ঐ স্বর্গপ্রাপ্তির কারণ যে অগ্নি, আমি সেই অগ্নির স্বরূপ জানিতে অভিলাষী হইয়াছি; তুমি অগ্নির স্বরূপ আমার নিকট যথার্থ বর্ণনা করিয়া আমাকে চরিতার্থ কর। যজমান সকল যজ্ঞাদি দ্বারা অমরত্ব প্রাপ্তির হেতু যে

প্রতে ব্রবীমি তদু মে নিবোধ
স্বর্গ্যমগ্নিন্নচিকেতঃ প্রজানন্।
অনন্তলোকাপ্তিমথো প্রতিষ্ঠাং
বিদ্ধি ত্বমেতন্নিহিতং গুহায়াম্॥ ১৪॥
লোকাদিমগ্নিন্তমুবাচ তস্মৈ
যা ইষ্টকা যাবতীর্ব্বা যথা বা।

---

মৃত্যোঃ প্রতিজ্ঞেয়ং প্র তে তুভ্যং প্রব্রবীমি। যত্ত্বয়া প্রার্থিতং তৎ উ মে মম বচো নিবোধ বুধ্যস্বৈকাগ্রমনাঃ সন্ স্বর্গ্যং স্বর্গায় হিতং স্বর্গসাধনমগ্নিং হে নচিকেতঃ প্রজানন্ বিজ্ঞাতবানহং সনিত্যর্থঃ। প্রব্রবীমি তন্নিবোধেতি চ শিষ্যবুদ্ধিসমাধানার্থং বচনম্। অধুনা অগ্নিং স্তৌতি অনন্তলোকাপ্তিং স্বর্গলোকফলপ্রাপ্তিসাধনমিত্যেতৎ। অথো অপি প্রতিষ্ঠামাশ্রয়ং জগতো বিরাড্রূপেণ তমেতমগ্নিং ময়োচ্যমানং বিদ্ধি জানীহি ত্বং নিহিতং স্থিতং গুহায়াং বিদুষাং বুদ্ধৌ নিবিষ্টমিত্যর্থঃ॥ ১৪॥

ইদং শ্রুতের্ব্বচনং লোকাদিং লোকানামাদিং প্রথমশরীরিত্বাদগ্নিং তং

---

অগ্নি তাহার সেবা করিয়া দেবত্ব পাইয়া থাকে, তুমি সেই স্বর্গ লাভের কারণ অগ্নির স্বরূপ আমাকে বল; ইহাই আমি তোমার নিকট দ্বিতীয় বর প্রার্থনা করিলাম্॥ ১৩॥

যম নচিকেতার দ্বিতীয় বর প্রার্থনা শ্রবণ করিয়া অঙ্গীকার করিতেছেন। হে নচিকেতঃ! সর্ব্বসুখাকর স্বর্গপ্রাপ্তির কারণীভূত অগ্নির স্বরূপ আমি বিলক্ষণ অবগত আছি। আমি তোমাকে সেই অগ্নির স্বরূপ বলিব। তুমি অবহিতচিত্তে শ্রবণ কর। অগ্নিই স্বর্গলাভের হেতু ও জগতের আশ্রয়। অগ্নির স্বরূপ পরিজ্ঞানভিন্ন স্বর্গলাভের উপায় নাই এবং জগতের কোন কার্য্যই অগ্নি ব্যতিরেকে সম্পন্ন হয় না। আত্মতত্ত্ববিদ্ বুদ্ধিমান্ ব্যক্তিরা এই অগ্নির স্বরূপ পরিজ্ঞাত আছেন॥ ১৪॥

স চাপি তৎপ্রত্যবদদ্‌যথোক্ত-
মথাস্য মৃত্যুঃ পুনরেবাহ তুষ্টঃ ॥ ১৫ ॥
তমব্রবীৎ প্রীয়মাণো-মহাত্মা
বর-ন্তবেহাদ্য দদামি ভূয়ঃ।

---

প্রকৃতং নচিকেতসা প্রার্থিতমুবাচোক্তবান্মৃত্যুস্তস্মৈ নচিকেতসে। কিঞ্চ যা ইষ্টকাশ্চেতব্যাঃ স্বরূপেণ। যাবতীর্ব্বা সংখ্যয়া। যথা চীয়তেঽগ্নির্যেন প্রকারেণ সর্ব্বমেতদুক্তবানিত্যর্থঃ। স চাপি নচিকেতাস্তৎপ্রত্যবদদ্‌-যথোক্তমথাস্য তন্মৃত্যুনোক্তং যথা যৎপ্রত্যয়েনাবদৎ প্রত্যুচ্চারিতবান্। তস্য প্রত্যুচ্চারণেন তুষ্টঃ সন্মৃত্যুঃ পুনরেবাহ বরত্রয়ব্যতিরেকেণাঽন্যং বরং দিৎসুঃ ॥ ১৫ ॥

কথং তং নচিকেতসমব্রবীৎ প্রীয়মাণঃ শিষ্যযোগ্যতাং পশ্যন্ প্রীয়মাণঃ প্রীতিমনুভবন্মহাত্মাক্ষুদ্রবুদ্ধির্ব্বরং তব চতুর্থ মিহ প্রীতিনিমিত্তম। অদ্যে-

---

অগ্নি যে সকল লোকের আদি, তদ্বিষয়ে যমরাজ নচিকেতাকে সবিশেষ উপদেশ প্রদান করিলেন এবং অগ্নিচয়নের নিমিত্ত যেরূপ ইষ্টকের প্রয়োজন ও যতগুলি ইষ্টক আবশ্যকীয় এবং যে প্রকারে অগ্নিচয়ন করিতে হয়, তৎসমুদায়ও নচিকেতার নিকট সবিশেষ বর্ণন করিলেন। যমের উপদেশ সমাপ্ত হইলে, নচিকেতাঃ যে কৃতান্তের উপদিষ্টবাক্য-সকলের নিগূঢ় মর্ম্ম অবগত হইয়াছিলেন, যমরাজ তাহা বিলক্ষণ বুঝিতে পারিয়াছিলেন; তথাপি যমরাজের বিশেষ প্রতীতির নিমিত্ত নচিকেতাঃ যমকথিত বাক্যগুলি পুনর্ব্বার যমসমীপে অবিকল বলিলেন। তখন যমরাজ নচিকেতার প্রতিবাক্য শ্রবণে বিশেষ তুষ্টিলাভ করিয়া নচিকেতাঃ যে যে বর প্রার্থনা করিয়াছিলেন, তদতিরিক্ত বর প্রদানে অভিলাষী হইয়া পুনর্ব্বার নচিকেতাকে বলিলেন ॥ ১৫ ॥

তবৈব নাম্না ভবিতাহয়মগ্নিঃ
সৃঙ্কাঞ্চেমামনেকরূপাং গৃহাণ ॥ ১৬ ॥
ত্রিণাচিকেতস্ত্রিভিরেত্য সন্ধিং
ত্রিকর্ম্মকৃত্তরতি জন্মমৃত্যূ।

---

দানীং দদামি ভূয়ঃ প্রযচ্ছামি। তবৈব নচিকেতসো নাম্নাভিধানেন প্রসিদ্ধো ভবিতা ময়োচ্যমানোহয়মগ্নিঃ। সৃঙ্কাং শব্দবতীং রত্নময়ীং মালামিমামনেকরূপাং বিচিত্রাং গৃহাণ স্বীকুরু। যদ্বা সৃঙ্কামাকৎসিতাং গতিং কর্ম্মময়ীং গৃহাণ। অন্যদপি কর্ম্মবিজ্ঞানমনেকফলহেতুত্বাৎ স্বীকুর্ব্বিত্যর্থঃ ॥ ১৬ ॥

পুনরপি কর্ম্মস্তুতিমেবাহ। ত্রিণাচিকেতস্ত্রিঃ কৃত্বো নাচিকেতোহগ্নিশ্চিতো যেন স ত্রিণাচিকেতস্তদ্বিজ্ঞানস্তদধ্যয়নস্তদনুষ্ঠানবান্ বা। ত্রিভির্ম্মাতৃপিতাচার্য্যৈরেত্য প্রাপ্য সন্ধিং সন্ধানং সম্বন্ধং মাত্রাদ্যনুশাসনং যথাবৎ প্রাপ্যেত্যেতৎ। তদ্ধি প্রামাণ্যকারণং শ্রুত্যন্তরাদবগম্যতে। যথা মাতৃমানিত্যাদির্ব্বেদস্মৃতিশিষ্টৈর্ব্বা প্রত্যক্ষানুমানাগমৈর্ব্বা তেভ্যোহি বিশুদ্ধিপ্রত্যক্ষাৎ

---

মহানুভব যমরাজ নচিকেতাকে শিষ্যের উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া প্রীতিপ্রফুল্লচিত্তে তাহাকে বলিলেন। বৎস! আমি তোমার প্রতি শাতিশয় সন্তুষ্ট হইয়াছি। আমি তোমাকে আর একটি অভিলষিত বরপ্রদানে প্রস্তুত আছি। তুমি যে অগ্নির স্বরূপ আমাকে জিজ্ঞাসা করিলে, সেই অগ্নি তোমার নামে বিখ্যাত হইবে। অদ্য হইতে অগ্নির "নচিকেতাঃ" একটী নাম হইল। আর আমি তোমাকে এই বিচিত্র রত্নময়ী মালা প্রদান করিতেছি, তুমি আমার প্রদত্ত মালা গ্রহণ কর ॥ ১৬ ॥

যে ব্যক্তি পিতা, মাতা ও আচার্য্যের উপদেশে শিক্ষিত হইয়া শাস্ত্রোদিতবিধি অনুসারে তিনবার অগ্নি চয়ন করেন

ব্রহ্মজজ্ঞং দেবমীড্যং বিদিত্বা
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১৭ ॥
ত্রিণাচিকেতস্ত্রয়মেতদ্বিদিত্বা
য এবং বিদ্বাংশ্চিনুতে নাচিকেতম্।

---

ত্রিকর্ম্মকৃদিজ্যাধ্যয়নদানানাং কর্ত্তা তরত্যতিক্রামতি জন্মমৃত্যূ। কিঞ্চ ব্রহ্মজজ্ঞং ব্রহ্মণো হিরণ্যগর্ভাজ্জাতো ব্রহ্মজঃ। ব্রহ্মজশ্চাসৌ জ্ঞশ্চেতি ব্রহ্ম-জজ্ঞঃ সর্ব্বজ্ঞো হ্যসৌ। তং দেবং দ্যোতনাজ্জ্ঞানাদিগুণবন্তমীড্যং স্তুত্যং বিদিত্বা শাস্ত্রতো নিচায্য দৃষ্ট্বা চাত্মভাবেনেমাং স্ববুদ্ধিপ্রত্যক্ষাং শান্তি-মুপরতিমত্যন্তমেতি অতিশয়েনৈতি বৈরাজং পদং জ্ঞানকর্ম্মসমুচ্চয়ানুষ্ঠানেন প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৭ ॥

ইদানীমগ্নিবিজ্ঞানচয়নফলমুপসংহরতি। প্রকরণঞ্চ ত্রিণাচিকেত-স্ত্রয়ং যথোক্তং যা ইষ্টকা যাবতীর্ব্বা যথা বেত্যেতদ্বিদিত্বা হবগম্য যশ্চৈব-

---

এবং যিনি যাগানুষ্ঠান, বেদাধ্যয়ন ও দান এই ত্রিবিধ কার্য্যে তৎপর থাকেন, সেই ব্যক্তি জন্ম মৃত্যু প্রভৃতি সংসারযাতনা হইতে মুক্তি লাভ করেন। যে অগ্নিদেব স্বয়ং প্রকাশ পাইতে-ছেন। ইনি ব্রহ্মার দেহ হইতে উৎপন্ন ও সর্ব্বজ্ঞ। সুরনর প্রভৃতি সকলেই ইহাঁর আরাধনা করে। যে ব্যক্তি উক্ত অগ্নিকে শাস্ত্রালোচনদ্বারা আত্মরূপে জানিতে পারে, সেই ব্যক্তি পরম শান্তি লাভ করে, বিষয়তৃষ্ণার বশীভুত হইয়া সংসারে আবদ্ধ থাকে না ও ব্রহ্মপদ প্রাপ্ত হইয়া সমস্ত বিষয়বাসনা বিসর্জ্জন করে ॥ ১৭ ॥

অগ্নিরস্বরূপ ও অগ্নিচয়নপ্রকার পরিজ্ঞাত হইলে সবিশেষ ফল লাভ হইয়া থাকে। অগ্নিচয়ন কার্য্যে যেরূপ ইষ্টকের প্রয়োজন ও যত সংখ্যক ইষ্টকদ্বারা অগ্নিচয়ন করিতে হয়,

স মৃত্যুপাশান্ পুরতঃ প্রণোদ্য
শোকাতিগো-মোদতে স্বর্গলোকে ॥ ১৮ ॥
এষ-তেঽগ্নির্নচিকেতঃ স্বর্গ্যোঽয়-
মবৃণীথা দ্বিতীয়েন বরেণ।

---

মাত্মরূপেণাগ্নিং বিদ্বাংশ্চিনুতে নির্ব্বর্ত্তয়তি নাচিকেতমগ্নিং ক্রতুং স মৃত্যুপাশানধর্ম্মাজ্ঞানরাগদ্বেষাদিলক্ষণান্ পুরতোঽগ্রতঃ পূর্ব্বমেব শরীরপাতাদিত্যর্থঃ। প্রণোদ্যাপহায়। শোকাতিগো মানসৈর্দুঃখৈর্ব্বর্জ্জিত ইত্যেতন্মোদতে স্বর্গলোকে বৈরাজে বিরাড়াত্মস্বরূপপ্রতিপত্ত্যা ॥ ১৮ ॥

এষ তে তুভ্যমগ্নির্ব্বরো হে নচিকেতঃ স্বর্গ্যঃ স্বর্গসাধনো যমগ্নিং বরমবৃণীথাঃ প্রার্থিতবানসি দ্বিতীয়েন বরেণ সোঽগ্নির্ব্বরো দত্ত ইত্যুক্তোপসংহারঃ। কিঞ্চৈতমগ্নিং তবৈব নাম্না প্রবক্ষ্যন্তি জনাসো জনা ইত্যেতদেষ বরো

---

এবং যেরূপে অগ্নিচয়ন বিধি প্রসিদ্ধ আছে, যে জ্ঞানবান্ ব্যক্তি উক্ত কার্য্যত্রয় সবিশেষ পরিজ্ঞাত হইয়া আত্মার সহিত অভিন্নরূপে অগ্নিকে ধ্যান করিয়া যজ্ঞ সম্পাদন করেন, তিনি মরণের পুর্ব্বেই মৃত্যুর পাশস্বরূপ অধর্ম্ম, অজ্ঞান, রাগ, দ্বেষ প্রভৃতি পরিবর্জ্জন করিয়া সংসারের শোকাদি অতিক্রম করিতে পারেন এবং অনন্তকাল স্বর্গলোকে বাস করতঃ অক্ষয় সুখসম্ভোগে কালযাপন করিতে থাকেন ॥ ১৮ ॥

হে নচিকেতঃ! তুমি যে দ্বিতীয় বরদ্বারা স্বর্গসাধন অগ্নির স্বরূপপরিজ্ঞান আমার নিকট প্রার্থনা করিয়াছিলে, আমি সন্তুষ্টচিত্তে তোমার সেই অভিলষিত বর প্রদান করিলাম। তুমি অগ্নির স্বরূপ পরিজ্ঞাত হইয়াছ। আর সকল মনুষ্যই তোমার নামানুসারে "নচিকেতাঃ বলিয়া" অগ্নির একটী নাম কীর্ত্তন করিবে। নচিকেতঃ! এইক্ষণে তুমি তৃতীয় বর প্রার্থনা

এতমগ্নিং তবৈব প্রবক্ষ্যন্তি
জনাসস্তৃতীয়ং বরন্নচিকেতো বৃণীষ্ব ॥ ১৯ ॥
যেয়ম্প্রেতে বিচিকিৎসা মনুষ্যেহ-
স্তীত্যেকে নায়মস্তীতি চৈকে।

---

দত্তো ময়া চতুর্থঃ। তুষ্টেন তৃতীয়ং বরং নচিকেতো বৃণীষ। তস্মিন্ হ্যদত্তে ঋণবানহমিত্যভিপ্রায়ঃ ॥ ১৯ ॥

এতাবদ্ব্যতিক্রান্তেন বিধিপ্রতিষেধার্থেন মন্ত্রব্রাহ্মণেনাবগন্তব্যং যদ্বরদ্বয়ং সূচিতং বস্তুনাত্মতত্ত্ববিষয়যাথাত্ম্যবিজ্ঞানম্। অতো বিধিপ্রতিষেধার্থস্য বিষয়স্যাত্মনি ক্রিয়াকারকফলাধ্যারোপলক্ষণস্য স্বাভাবিকস্যাজ্ঞানস্য সংসারবীজস্য নিবৃত্ত্যর্থং তদ্বিপরীতব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং ক্রিয়াকারকফলাধ্যারোপণলক্ষণশূন্যমাত্যন্তিকনিঃশ্রেয়সপ্রয়োজনং বক্তব্যমিত্যুত্তরো গ্রন্থ আরভ্যতে। তমেতমর্থং দ্বিতীয়বরপ্রাপ্ত্যাপ্যকৃতার্থত্বং তৃতীয়বরগোচরমাত্মজ্ঞানমন্তরেণেত্যাখ্যায়িকয়া প্রপঞ্চয়তি। যতঃ পূর্ব্বস্মাৎকর্ম্মগোচরাৎ সাধ্যসাধনলক্ষণাদনিত্যাদ্বিরক্তস্যাত্মজ্ঞানেঽধিকার ইতি তন্নিন্দার্থং পুত্রাদ্যুপন্যাসেন

---

কর। তোমার অভীষ্ট তৃতীয় বর প্রদান করিয়া আমি প্রতিজ্ঞা পাশ হইতে মুক্ত হই ॥ ১৯ ॥

নচিকেতাঃ শমনবাক্য শ্রবণ করিয়া তৃতীয় বর প্রার্থনার অভিলাষে যমরাজকে কহিলেন। যমরাজ! আমার মনে একটি সংশয় বহুকাল হইতে বদ্ধমূল হইয়া রহিয়াছে; আপনি সদুপদেশদ্বারা আমার চিত্তক্ষেত্রহইতে সেই চিরজাত সংশয় অপনয়ন করুন। কেহ কেহ বলিয়া থাকেন যে, মনুষ্যের মৃত্যুর পর শরীর, ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি হইতে পৃথক্ এবং পরলোকোপযোগিদেহ সমন্বিত জীবাত্মা নামে একটী পদার্থ আছে। অন্য মতে বলিয়া থাকেন যে, এরূপ জীবাত্মা

এতদ্বিদ্যামনুশিষ্টস্ত্বয়াঽহং
বরাণামেষ বরস্তৃতীয়ঃ ॥ ২০ ॥
দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা
ন হি সুবিজ্ঞেয়মণুরেষ ধর্ম্মঃ।

---

প্রলোভনং ক্রিয়তে। নচিকেতা উবাচ তৃতীয়ং বরং নচিকেতো বৃণীষ্বেত্যুক্তঃ সন্। যেয়ং বিচিকিৎসা সংশয়ঃ প্রেতে মৃতে মনুষ্যেঽস্তীত্যেকেঽস্তি শরীরেন্দ্রিয়মনোবুদ্ধিব্যতিরিক্তো দেহান্তরসম্বন্ধ্যাত্মা ইত্যেকে নায়মস্তীতি চৈকে নায়মেবম্বিধোঽস্তীতি চৈকেঽতশ্চাস্মাকং ন প্রত্যক্ষেণ নাপ্যনুমানেন নির্ণয়বিজ্ঞানমেতদ্বিজ্ঞানাধীনো হি পরঃ পুরুষার্থ ইত্যেতদ্বিদ্যাং বিজানীয়ামহমনুশিষ্টো জ্ঞাপিতস্ত্বয়া বরাণামেষ বরস্তৃতীয়োঽবশিষ্টঃ ॥২০॥

কিময়মেকান্ততো নিঃশ্রেয়সসাধনাত্মজ্ঞানার্হো ন বেত্যেতৎপরীক্ষার্থমাহ দেবৈরপ্যত্রৈতস্মিন্ বস্তুনি বিচিকিৎসিতং সংশয়িতং পুরা পূর্ব্বং ন হি সুজ্ঞেয়ং সুষ্ঠু জ্ঞেয়ং শ্রুতমপি প্রাকৃতৈর্জ্জনৈর্যতোঽণুঃ সূক্ষ্ম এষ

---

নামে কোন পদার্থই নাই। শরীর, ইন্দ্রিয় প্রভৃতি ইহারাই জগতে সকল কার্য্য করিতেছে এবং ঐ সকল শরীরাদি সুকৃতি ও দুষ্কৃতির ফলভোগ করিয়া থাকে। আপনি উপদেশদ্বারা উক্ত মতদ্বয়ের একতর পক্ষ নির্ণয় করিলেই আমি চরিতার্থতা লাভ করিব। আমি এই তৃতীয় বর প্রার্থনা করিলাম ॥ ২০ ॥

যমরাজ জ্ঞানপিপাসু নচিকেতার ভক্তি পরীক্ষার্থ তাহাকে লোভপ্রদর্শনপূর্ব্বক কহিতেছেন। নচিকেতঃ! আমি তোমাকে তিনটী বর প্রদান করিব বলিয়া প্রতিশ্রুত হইয়াছি। ঐ বরত্রয় যে তোমাকে প্রদান করিব, তাহার অন্যথা হইবে না। কিন্তু তোমাকে একটী কথা বলিতেছি; তুমি জ্ঞানসাধন প্রার্থনা পরিত্যাগ করিয়া অন্য বর কামনা কর। জ্ঞানসাধন

অন্যং বরং নচিকেতো বৃণীষ্ব
মামোপরোৎসীরতি মা সৃজৈনম্‌ ॥ ২১ ॥
দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিল
ত্বঞ্চ মৃত্যো যন্ন সুবিজ্ঞেয়মাত্থ ।

---

আত্মাখ্যো ধর্ম্মোঽতোঽন্যমসন্দিগ্ধফলং বরং নচিকেতো বৃণীষ্ব মা মাং মোপরোৎসীরুপরোধং মাকার্ষীরধমর্ণমিবোত্তমর্ণঃ। অতিসৃজ বিমুঞ্চৈনং বরং মাং প্রতি ॥ ২১ ॥

এবমুক্তো নচিকেতা আহ দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিলেতি। ভবত এবমুপশ্রুতং ত্বঞ্চ মৃত্যো যদাত্মান্ন সুজ্ঞেয়মাত্মতত্ত্বমাত্থ কথয়স্যতঃ পণ্ডিতৈরপ্যবেদনীয়ত্বাদ্বক্তা চাস্য ধর্ম্মস্য ত্বাদৃক্‌ ত্বত্তুল্যোঽন্যঃ পণ্ডিতশ্চ ন লভ্যোঽন্বিষ্যমাণোঽপ্যয়ং তু বরো নিঃশ্রেয়সপ্রাপ্তিহেতুবতো নান্যো

---

অতি কঠিন কর্ম্ম, অতি সূক্ষ্ম বুদ্ধি ব্যক্তিরাই তত্ত্বানুসন্ধানের অধিকারী, এবিষয় সাধারণের ক্ষমতার অধীন নহে। অমরবৃন্দও এই দুরূহ ব্যাপারের অধিকারী কি না? তদ্বিষয়ে সন্দেহ আছে। সুতরাং তত্ত্বজ্ঞানচর্চ্চা মনুষ্যের সাধ্যায়ত্ত নহে, ইহা বিলক্ষণ বুঝিতেছ। অতএব তুমি আর এবিষয়ে আমাকে অনুরুদ্ধ করিও না, তুমি অন্য যে বর প্রার্থনা করিবে, তাহাই প্রদান করিতে প্রস্তুত আছি, তুমি এই সাধ্যাতীত উদ্যম হইতে নিবৃত্ত হও ॥ ২১ ॥

নচিকেতাঃ কৃতান্তের বাক্য শ্রবণ করিয়া বলিতেছেন, যমরাজ! আপনি নিশ্চয়ই বলিতেছেন যে, দেবগণও আত্মতত্ত্বজ্ঞানে অধিকারী কি না, তাহাতে বিশেষ সন্দেহ আছে, আর আত্মতত্ত্বানুসন্ধান যে, অতি দুজ্ঞেয় তাহাও শুনিলাম। যাহা হউক আপনি ভিন্ন এই দুর্ব্বোধধর্ম্মবক্তা যে আর কেহ আছেন, তাহাও অন্বেষণ করিয়া দেখিতেছি না। আমি

বক্তা চাস্য ত্বাদৃগন্যো ন লভ্যো-
নান্যো বরস্তুল্যং এতস্য কশ্চিৎ ॥ ২২ ॥
শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব
বহূন্ পশূন্ হস্তিহিরণ্যমশ্বান্।

---

বরস্তুল্যঃ সদৃশোঽস্ত্যেতস্য কশ্চিদপ্যনিত্যফলত্বাদন্যস্য সর্ব্বস্যৈবেত্যভিপ্রায়ঃ ॥ ২২ ॥

এবমুক্তোঽপি পুনঃ প্রলোভয়ন্নুবাচ মৃত্যুঃ। শতায়ুষঃ শতং বর্ষাণ্যায়ুংষি যেষাং তান্ শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব। কিঞ্চ গবাদিলক্ষণান্ বহূন্ পশূন্। হস্তিহিরণ্যং হস্তী চ হিরণ্যঞ্চ হস্তিহিরণ্যম্। অশ্বাংশ্চ। কিঞ্চ ভূমেঃ পৃথিব্যা মহদ্বিস্তীর্ণমায়তনমাশ্রয়ং মণ্ডলং সাম্রাজ্যং রাজ্যং বৃণীষ্ব। কিঞ্চ সর্ব্বমপ্যেতদনর্থকং স্বয়ঞ্চেদল্পায়ুরিত্যতশ্চাহ। স্বয়ঞ্চ জীব ত্বং জীবং

---

যে মোক্ষসাধন তত্ত্বজ্ঞানোপদেশ প্রার্থনা করিয়াছি, তাহাই আমার প্রার্থনীয়; আমি অন্য বরের অভিলাষ করি না। আপনি তত্ত্বজ্ঞানোপদেশ প্রদান করিয়া আমার মনোরথ সফল করুন। আমাকে বঞ্চিত করিবেন না ॥ ২২ ॥

পুনর্ব্বার যমরাজ লোভপ্রদর্শনপূর্ব্বক নচিকেতার তত্ত্বানুসন্ধানে অধ্যবসায় পরীক্ষা করিতেছেন। নচিকেতঃ! তুমি শতবর্ষজীবী পুত্রপৌত্রাদি কামনা কর, আমি তাহাই প্রদান করিতেছি। আর যদি গো, অশ্ব, হস্তি প্রভৃতি অনেক পশুধন কামনা কর, তাহাও তোমাকে অদেয় হইবে না। স্বর্ণ প্রভৃতি রত্নের অভিলাষ কর, তোমার সে অভিলাষও পরিপূর্ণ হইবে। আর সসাগরা ধরার আধিপত্য ইচ্ছাকর, তাহাও তোমাকে দিতে পারি। তুমি যদি আপন ইচ্ছানুরূপ আয়ুঃ প্রার্থনা কর, সে বরও তোমাকে অবশ্য প্রদান করিব। অতএব তুমি

ভূমের্ম্মহদায়তনং বৃণীষ্ব
স্বয়ঞ্চ জীব শরদো যাবদিচ্ছসি ॥ ২৩ ॥
এতত্তুল্যং যদি মন্যসে বরং
বৃণীষ্ব বিত্তং চিরজীবিকাঞ্চ।
মহাভূমৌ নচিকেতস্ত্বমেধি
কামানাস্ত্বা কামভাজং করোমি ॥ ২৪ ॥

---

ধারয় শরীরং সমগ্রেন্দ্রিয়কলাপং শরদো বর্ষাণি যাবদিচ্ছসি জীবিতু-মিত্যর্থঃ ॥ ২৩ ॥

এতত্তুল্যমেতেন যথোপদিষ্টেন সদৃশমন্যমপি যদি মন্যসে বরং তমপি বৃণীষ্ব। কিঞ্চ বিত্তং প্রভূতং হিরণ্যরত্নাদি চিরজীবিকাঞ্চ সহ বিত্তেন বৃণীষ্বেত্যেতৎ। কিং বহুনা মহাভূমৌ মহত্যাং ভূমৌ রাজা নচিকেতস্ত্বমেধি ভব। কিঞ্চান্যৎ কামানাং দিব্যানাং মনুষ্যাণাঞ্চ ত্বা ত্বাং কামভাজং কামভাগিনং কামার্হং করোমি সত্যসঙ্কল্পো হ্যহং দেব ইতি ভাবঃ ॥২৪॥

---

এই সকল বরের মধ্যে যাহা কামনা করিবে, তাহাই তোমাকে দিব, তুমি আত্মতত্ত্বানুসন্ধানে বিরত হও ॥ ২৩ ॥

হে নচিকেতঃ! আমি যে সকল বরের কথা উল্লেখ করিলাম, ইচ্ছা হইলে উক্ত বরসকলের মধ্যে কোন একটি কামনা কর, কিম্বা পূর্ব্বোক্ত বরের তুল্য অন্য কোন অভি-লষিত বর প্রার্থনা কর, অথবা অনেক সুবর্ণরত্ন প্রভৃতি ধন, বা দীর্ঘজীবন যাচ্ঞা কর, কিম্বা কোন সুবিশাল সাম্রাজ্যের অধীশ্বর হইতে বাসনা কর, আমি তোমাকে তাহাও প্রদান করিতে পরাঙ্মুখ হইব না। তুমি স্বর্গ বা মর্ত্ত্যসম্পর্কীয় যে কোন কামনা করিবে, আমি তাহা নিশ্চয়ই ফলবতী করিব। কিন্তু এক্ষণে তুমি আত্মতত্ত্বানুসন্ধানের অধ্যবসায়হইতে নিবৃত্ত হও ॥ ২৪ ॥

যে যে কামা দুর্ল্লভা মর্ত্ত্যলোকে
সর্ব্বান্ কামাংশ্ছন্দতঃ প্রার্থয়স্ব।
ইমা রামাঃ সরথাঃ সতূর্য্যা
ন হীদৃশা লম্ভনীয়া মনুষ্যৈঃ।

---

যে যে কামাঃ প্রার্থনীয়া দুর্লভাশ্চ মর্ত্ত্যলোকে সর্ব্বাংস্তান্ কামাংশ্ছ-ন্দতঃ প্রার্থয়স্ব। কিঞ্চেমা দিব্যা অপ্সরসো রময়ন্তি পুরুষানিতি রামাঃ সহ রথৈর্বর্ত্তন্ত ইতি সরথাঃ সতূর্য্যাঃ সবাদিত্রাস্তাশ্চ ন হি লম্ভনীয়াঃ প্রাপ-ণীয়া ঈদৃশা এবম্বিধা মনুষ্যৈর্ম্মর্ত্ত্যৈরস্মদাদিপ্রসাদমন্তরেণাভির্ম্মৎপ্রত্তাভি-র্ম্ময়া দত্তাভিঃ পরিচারিণীভিঃ পরিচারয়স্বাত্মানং পাদপ্রক্ষালনাদিশুশ্রূষাং

---

বৎস নচিকেতঃ! তুমি মরণান্তে জীবের অবস্থাঘটিত যে প্রশ্ন করিয়াছ, তাহা এই ক্ষণ নিবারণ কর। আমার নিকট আর ঐরূপ প্রশ্ন করিও না। তুমি অন্য বর প্রার্থনা কর। এই মর্ত্ত্যলোকে যে সকল বস্তু অতিদুর্লভ, তন্মধ্যে আপনার অভিপ্রায়ানুসারে যাহা কামনা করিবে, আমি তোমাকে তাহা প্রদান করিব। আর যদি তুমি এইরূপ ইচ্ছা কর যে, এইক্ষণ স্বর্গবিদ্যাধরীগণ বিমানে আরোহণ করিয়া গীতবাদ্যাদি করিতে করিতে তোমার নিকট আসিয়া উপ-স্থিত হউক, তাহা হইলেও তোমার অভিলাষ অসংপূর্ণ থাকিবে না। আমাদিগের প্রসাদ ব্যতীত মনুষ্যগণ কখনও এইরূপ মনোরথ সফল করিতে পারে না। তুমি উক্ত বর প্রার্থনা করিয়া আপনার আত্মাকে সুখী কর। তুমি এই বরলব্ধকিন্নরীরূপ পরিচারিকাবৃন্দদ্বারা আপনার শুশ্রূষা ও আত্মার বিনোদন কর। কদাচ তত্ত্বজ্ঞানলাভে তোমার এই-

আভির্ম্মৎপ্রত্তাভিঃ পরিচারয়স্ব
নচিকেতো মরণং মানুপ্রাক্ষীঃ॥ ২৫॥
শ্বো ভাবা মর্ত্ত্যস্য যদন্তকৈতৎ
সর্ব্বেন্দ্রিয়াণাঞ্জরয়ন্তি তেজঃ।

---

কাবয়াত্মন ইত্যর্থঃ। নচিকেতো মরণং মরণসম্বন্ধং প্রশ্নং প্রেত্যাস্তি নাস্তীতি কাকদন্তপরীক্ষারূপং মানুপ্রাক্ষীর্ম্মৈবং প্রষ্টুমর্হসি॥ ২৫॥

এবং প্রলোভ্যমানোঽপি নচিকেতা মহাহ্রদবদক্ষোভ্যাহ। শ্বো ভবিষ্যন্তি ন ভবিষ্যন্তি বেতি সন্দিহ্যমান এব যেষাং ভাবো ভবনং ত্বয়োপন্যস্তানাং ভোগানাং তে শ্বোভাবাঃ। কিঞ্চ মর্ত্ত্যস্য মনুষ্যস্যান্তক হে মৃত্যো যদেতৎসর্ব্বেন্দ্রিয়াণাং তেজস্তজ্জরয়ন্তি অপক্ষয়ন্তি অপ্সরঃ প্রভৃতয়ো ভোগা অনর্থায়ৈবৈতে। ধর্ম্মবীর্য্যপ্রজ্ঞাতেজোযশঃপ্রভৃতীনাং ক্ষয়য়িতৃত্বাৎ।

---

রূপ অতুল সুখসম্ভোগের সম্ভব হইবে না। অতএব তুমি তত্ত্বজ্ঞানলাভের অভিলাষ পরিত্যাগ কর॥ ২৫॥

যমরাজ নচিকেতাকে এই প্রকার পুনঃ পুনঃ প্রলোভন প্রদর্শন করিলেও নচিকেতাঃ তাহাতে মুগ্ধ না হইয়া পুনর্ব্বার যমকে কহিতেছেন। যমরাজ! আপনি আমাকে যে সকল ভোগ্যবস্তু প্রদান করিতে চাহিলেন, তাহার ভোগের বিশ্বাস নাই। যে সকল ভোগ্যবস্তু আপনি অদ্য আমাকে প্রদান করিবেন, তাহা কল্য আমি ভোগ করিতে পারিব কি না তাহাতে সংপূর্ণ সন্দেহ আছে। আর আপনি যে অপ্সরঃ-সম্ভোগের বরপ্রদানের কথা বলিলেন, তাহাতেও আমি বাধ্য নহি। কারণ অপ্সরাসম্ভোগে সুখের আশা দেখিতেছি না। বরং অসুখবৃদ্ধির সংপূর্ণ সম্ভাবনা আছে। নিয়ত অপ্সরোগণের সহিত আপাত-মধুর পরিণাম-বিরস

অপি সর্ব্বংজীবিতমল্পমেব
তবৈব বাহাস্তব নৃত্যগীতে॥ ২৬॥
ন বিত্তেন তর্পণীয়ো-মনুষ্যো-
লপ্স্যামহে বিত্তমদ্রাক্ষ্ম চেত্ত্বা।

---

যাঞ্চাপি দীর্ঘজীবিকাং ত্বং দিৎসসি তত্রাপি শৃণু সর্ব্বম্। যদ্ব্রহ্মণোঽপি জীবিতমায়ুরল্পমেব কিমুতাস্মদাদিদীর্ঘজীবিকাম্। অতস্তবৈব তিষ্ঠতু বাহ রথাদয়স্তথা তব নৃত্যগীতে চ॥ ২৬॥

কিঞ্চ ন প্রভূতেন বিত্তেন তর্পণীয়ো-মনুষ্যঃ। ন হি লোকে বিত্তলাভঃ কস্যচিত্তৃপ্তিকরো-দৃষ্টঃ যদি নামাস্মাকং বিত্ততৃষ্ণা স্যাল্লপ্স্যামহে প্রাপ্স্যামহ-ইতি। এতদ্বিত্তমদ্রাক্ষ্ম দৃষ্টবন্তো-বয়ং চেত্ত্বা ত্বাং জীবিতমপি তথৈব

---

সুখসম্ভোগে থাকিলে, মনুষ্যের ইন্দ্রিয়সকল নিস্তেজঃ হইয়া যায়। আর আপনি যে দীর্ঘায়ুঃ বর দিতে চাহিলেন, তাহাও আমি প্রার্থনাকরি না। আমি দীর্ঘজীবনকেও অল্প-ক্ষণস্থায়ী বোধকরি। অতএব আপনি যে রথাদি-বর প্রদান-করিতে স্বীকৃত হইলেন, তাহা আপনারই বাহন হউক। বিদ্যাধরী-সম্ভোগ আপনারই সুখ বৃদ্ধিকরুক। আপনিই দীর্ঘায়ুঃ হইয়া থাকুন। আমার ঐ সকল বরের প্রয়োজন নাই॥ ২৬॥

নচিকেতাঃ যমকে পুনর্ব্বার বলিতেছেন,—কৃতান্ত! ধনদ্বারা মনুষ্যের যথার্থ পরিতোষ হইতে পারে না;—কারণ ধনের উপার্জনে যেরূপ কষ্ট, সেই ধনের রক্ষণেও সেইরূপ ক্লেশ হইয়া থাকে; অতএব ধন সর্ব্বদাই অসুখের কারণ; আর ধনপ্রাপ্তির অভিলাষ হইলে, যদি তাহা সংঘটন না হয়, তাহাতে আশাভঙ্গজন্য অধিক মনস্তাপ উপস্থিত হয়।

জীবিষ্যামো যাবদীশিষ্যসি ত্বং
বরস্তু মে বরণীয়ঃ স এব ॥ ২৭ ॥
অজীর্য্যতামমৃতানামুপেত্য
জীর্য্যন্মর্ত্ত্যঃ ক্বধঃস্থঃ প্রজানন্।

---

জীবিষ্যামো-যাবদ্যাম্যে পদে ত্বমীশিষ্যসি ত্বমীশিষ্যসে প্রভুঃ স্যাঃ। কথং হি মর্ত্ত্যঃ ত্বপাশমেত্যাল্পধনায়ুর্ভবেৎ। বরস্তু মে বরণীয়ঃ স এব যদাত্মবিজ্ঞানম্ ॥ ২৭ ॥

যতশ্চ জীর্য্যতাং বয়োহানিমপ্রাপ্তবতামমর্ত্ত্যানাং সকাশমুপেত্যোপগম্যাত্মন-উৎকৃষ্টং প্রয়োজনান্তরং প্রাপ্তব্যং তেভ্যঃ প্রজানন্নুপলভ্যমানঃ স্বয়ন্তু জীর্য্যন্মর্ত্ত্যো-জরামরণবান্ ক্বধঃস্থঃ কুঃ পৃথিব্যধশ্চান্তরীক্ষাদিলোকাপেক্ষয়া তস্যাং তিষ্ঠতীতি ক্বধঃস্থঃ সন্ কথমেবং বিবেকিভিঃ প্রার্থনীয়ং পুত্রবিত্তহিরণ্যাদ্যস্থিরং বৃণীতে। ক তদা স্থ ইতি বা পাঠান্তরম্। অস্মিন্ পক্ষেঽক্ষরযোজনা তেষু পুত্রাদিষাস্থা আস্থিতিস্তাৎপর্য্যেণ বর্ত্তনং যস্য স তদাস্যস্ততোঽধিকতরং পুরুষার্থং দুষ্প্রাপমপি প্রাপয়িষুঃ ক তদাস্থা

---

আমি আপনাকে স্বচক্ষে দর্শনকরিলাম; যাবৎ আপনি শাসনকর্ত্তা থাকিবেন, তাবৎ দীর্ঘজীবনের ফলও হইতে পারে, অতঃপর যখন এই শাসন অন্যহস্তে ন্যস্ত হইবে, তখন সে দীর্ঘজীবনও থাকিবে না। শমন দেব! আমি অন্য বর প্রার্থনাকরি না, তত্ত্বজ্ঞানলাভই আমার অভিলষিত। আপনি উক্ত বর প্রদানকরিয়া আমার মনোরথ সফল করুন ॥ ২৭ ॥

মনুষ্যগণ জরামৃত্যুর অধীন, সুরবৃন্দ জরামরণের বাধ্য নহে। মানবগণ অমরবৃন্দের নিকট উপস্থিত হইয়া ঐ সকল বর প্রার্থনাকরিলে আরাধনাদ্বারা লাভকরিতে পারে। আমি ঐরূপ অকিঞ্চিৎকর বর প্রার্থনাকরি না। যে সকল মনুষ্য রথ অশ্ব ও অপ্সরোগণের সহিত আমোদ

অভিধ্যায়ন্ বর্ণরতিপ্রমোদা-
নতিদীর্ঘে জীবিতে কো-রমেত ॥ ২৮ ॥
যস্মিন্নিদং বিচিকিৎসন্তি মৃত্যো
যৎসাম্পরায়ে মহতি ব্রূহি নস্তৎ।

---

ভবেন্ন কশ্চিত্তদসারজ্ঞস্তদর্থী স্যাদিত্যর্থঃ। সর্ব্বো-হ্যপর্য্যুপর্য্যেব বুভূষতি লোকস্তস্মান্ন পুত্রবিত্তাদিলোভৈঃ প্রলোভ্যোঽহং কিঞ্চাপ্সরঃপ্রমুখান্ বর্ণ-রতিপ্রমোদান্ অনবস্থিতরূপতয়াঽভিধ্যায়ন্ নিরূপয়ন্ যথা বদতি দীর্ঘে জীবিতে কো-বিবেকী রমেত অতো বিহায়ানিত্যৈঃ কামৈঃ প্রলোভনং যন্ময়া প্রার্থিতম্ ॥ ২৮ ॥

যস্মিন্ প্রেতে ইদং বিচিকিৎসনং বিচিকিৎসন্তি অস্তি নাস্তীত্যেবং-প্রকারং হে মৃত্যো সাম্পরায়ে পরলোকবিষয়ে মহতি মহৎপ্রয়োজন-নিমিত্তে আত্মনো-নির্ণয়বিজ্ঞানং যত্তদ্ব্রূহি কথয় নোঽস্মভ্যং কিং বহুনা যোঽয়ং প্রকৃতাত্মবিষয়ো-বরো গূঢ়ং গহনং দুর্ব্বিবেচনং প্রাপ্তোঽমু-

---

প্রমোদ অভিলাষকরে, তাহাদিগের অন্তকালে অধোগতি লাভ হয়। এই জানিয়া শুনিয়া কোন্ বিবেকী ব্যক্তি উক্তরূপ কেবল ঐহিকসুখকর বর কমনাকরিয়া থাকে? যাঁহারা পরমার্থদর্শী, তাঁহারা দীর্ঘজীবনকে অকিঞ্চিৎকর জ্ঞানকরিয়া তত্ত্বজ্ঞান পরম পদার্থ বলিয়া সেই জ্ঞানলাভ করিতে যত্নবান্ থাকেন ॥ ২৮ ॥

হে যমরাজ! মনুষ্যমাত্রেরই অন্তঃকরণে এই সংশয় সর্ব্বদা জাগরূক আছে,—এখন যে আত্মা অনুভূত হই-তেছে, মনুষ্যের মরণের পর এই আত্মা কি বিদ্যমান থাকে? না দেহের সহিত বিলয় প্রাপ্ত হয়? এই বিষয় নির্ণয়করা অতিমহৎ কার্য্য ও তাহাতে মনুষ্যমাত্রেরই অশেষ উপকার হইয়া থাকে। অতএব আপনি অনুগ্রহকরিয়া এই দুর্জ্ঞেয়

যোঽয়ং বরো-গূঢ়মনুপ্রবিষ্টো-
নান্যস্তস্মান্নচিকেতা-বৃণীতে ॥ ২৯ ॥
ইতি কঠোপনিষৎসু প্রথমা বল্লী ॥ ১ ॥

---

প্রবিষ্টঃ। তস্মাদ্বরাদন্যমবিবেকিভিঃ প্রার্থনীয়মনিত্যবিষয়ং বরং নচিকেতা-ন বৃণীতে মনসাপীতি শ্রুতের্ব্বচনমিতি ॥ ২৯ ॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যপরমহংস-পরিব্রাজকাচার্য্য-
শ্রীমচ্ছঙ্করভগবৎপ্রণীতে কঠোপনিষদ্ভাষ্যে
প্রথমা বল্লী ॥ ১ ॥

---

আত্ম-তত্ত্বের উপদেশপ্রদানদ্বারা আমাকে চরিতার্থকরুন। এই গূঢ়বর ব্যতীত নচিকেতাঃ অন্য বর প্রার্থনাকরে না। যাহাতে আত্মতত্ত্বানুসন্ধানে কৃতকার্য্য হইয়া এই মানবজন্ম সফল করিতে পারি, তাহাই আমার একমাত্র বাসনা ॥ ২৯ ॥

ইতি প্রথমা বল্লী।

# দ্বিতীয়া বল্লী।

অন্যচ্ছ্রেয়োঽন্যদুতৈব প্রেয়-
স্তে উভে নানার্থে পুরুষংসিনীতঃ।
তয়োঃ শ্রেয়-আদদানস্য সাধু
ভবতি হীয়তেঽর্থাদ্য উ প্রেয়ো-বৃণীতে ॥ ১ ॥

---

পরীক্ষ্য শিষ্যং বিদ্যাযোগ্যতাঞ্চাবগম্যাহ। অন্যৎ পৃথগেব শ্রেয়ো-নিঃশ্রেয়সং তথাঽন্যদুতৈবাপি চ প্রেয়ঃ প্রিয়তরমপি তে প্রেয়ঃ শ্রেয়সী উভে নানার্থভিন্নপ্রয়োজনে সতি পুরুষমধিকৃতং বর্ণাশ্রমাদিবিশিষ্টং সিনীতো-বধ্নীতস্তাভ্যাং বিদ্যাঽবিদ্যাভ্যামাত্মকর্ত্তব্যতয়া প্রযুজ্যতে সর্ব্বঃ পুরুষঃ। শ্রেয়ঃপ্রেয়সোর্হ্যভ্যুদয়ামৃতত্বার্থী পুরুষঃ প্রবর্ত্ততে। অতঃ শ্রেয়ঃপ্রেয়ঃপ্রয়োজনকর্ত্তব্যতয়া তাভ্যাং বদ্ধ-ইত্যুচ্যতে। সর্ব্বঃ পুরুষস্তে যদ্যপ্যেকৈকপুরুষার্থসম্বন্ধিনী বিদ্যাঽবিদ্যারূপত্বাদ্বিরুদ্ধ ইত্যন্যতরাপরি-ত্যাগেনৈকেন পুরুষেণ সহানুষ্ঠাতুমশক্যত্বাত্তয়োর্হিত্বা বিদ্যারূপং প্রেয়ঃ

---

যমরাজ এই প্রকারে নচিকেতার আত্মতত্ত্বানুসন্ধানে দৃঢ় অধ্যবসায় জানিয়া নানাপ্রকার প্রলোভনদ্বারা তাহার ভক্তি পরীক্ষাপূর্ব্বক তাহাকে যথার্থ শিষ্যের উপযুক্ত পাত্র বোধকরিয়া বলিতেছেন,—মোক্ষসাধন আত্মতত্ত্বজ্ঞান, ঐহিক প্রিয়াভিলাষের কারণস্বরূপ অগ্নিহোত্রাদি যাগানুষ্ঠান হইতে স্বতন্ত্র। মোক্ষসাধন জ্ঞান ও প্রিয়সাধন কর্ম্ম পৃথক্ পৃথক্ ফলের কারণ হইয়া মনুষ্যকে স্বস্বকার্য্যে নিযুক্ত করিয়া রাখে। যে ব্যক্তি এই উভয়ের মধ্যে মোক্ষসাধনজ্ঞানানুষ্ঠানকে স্বীয় কর্ত্তব্য কার্য্য স্বীকারকরিয়া জ্ঞানসাধনে তৎপর থাকেন, তাঁহার সর্ব্বাঙ্গীন মঙ্গল হয় আর যে মনুষ্য ঐহিকপ্রিয়াভি

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেত-
স্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো-হি ধীরোঽভিপ্রেয়সো-বৃণীতে
প্রেয়ো-মন্দো-যোগক্ষেমাদ্বৃণীতে ॥ ২ ॥

---

শ্রেয়সোঽভ্যর্হিতত্বাৎ। কোঽসৌ অধীরো-যস্ত মন্দোঽল্পবুদ্ধিঃ স বিবেকা-শ্রেয়-এব কেবলমাদদানস্যোপাদানং কুর্ব্বতঃ সাধু শোভনং শিবং ভবতি। যস্তদূরদর্শী বিমূঢ়ো-হীয়তে বিযুজ্যতে অর্থাৎপুরুষার্থাৎ পারমার্থিকাৎ প্রয়োজনান্নিত্যাৎ প্রচ্যবত-ইত্যর্থঃ। কোঽসৌ য-উ প্রেয়ো-বৃণীতে উপাদত্ত-ইত্যেতৎ ॥ ১ ॥

যদ্যুভেঽপি কর্ত্তুং স্বায়ত্তে পুরুষেণ কিমর্থং প্রেয়-এবাদত্তে বাহুল্যেন লোক-ইত্যুচ্যতে। সত্যং স্বায়ত্তে তথাপি সাধনতঃ ফলতশ্চ মন্দবুদ্ধীনাং দুর্বিবেকরূপে সতী ব্যামিশ্রীভূতে ইব মনুষ্যমেতং পুরুষম্ আ ইতঃ প্রাপ্নুতঃ শ্রেয়শ্চ প্রেয়শ্চ। অতো-হংস-ইবাম্ভসঃ পয়সস্তৌ শ্রেয়ঃপ্রেয়ঃ-পদার্থৌ সম্পরীত্য সম্যক্ পরিগম্য সম্যগ্মনসালোচ্য গুরুলাঘবং বিবিনক্তি পৃথক্করোতি ধীরঃ ধীমান্ বিবিচ্য শ্রেয়ো-হি শ্রেয়-এবাভিবৃণীতে

---

লাষপরিপূরণ কামনায় কর্ম্মানুষ্ঠানকে আপনার হিতসাধনের অনুকূল মনেকরিয়া সর্ব্বদা কর্ম্মকাণ্ডের অনুষ্ঠানে যত্ন করেন, তিনি পরমপুরুষার্থরূপ মোক্ষফলে বঞ্চিত হইয়া থাকেন ॥ ১ ॥

একদা জ্ঞান ও কর্ম্ম এই উভয়ই মনুষ্যকে আশ্রয়করে। পণ্ডিত ব্যক্তি যখন জ্ঞান ও কর্ম্ম এই উভয়ের মধ্যে কাহার প্রাধান্য আছে, তাহা বিশেষরূপে বিবেচনাকরিতে থাকেন, তখন তাঁহার অন্তঃকরণে জ্ঞানের প্রাধান্যই বিলক্ষণ প্রতীত হয়; সুতরাং সুধী ব্যক্তি তৎক্ষণাৎ কর্ম্মকাণ্ডের প্রতি অনাদরকরিয়া মোক্ষসাধনজ্ঞানানুষ্ঠানে প্রবৃত্ত হন আর অপণ্ডিত

স ত্বং প্রিয়ান্ প্রিয়রূপাংশ্চ কামা-
নভিধ্যায়ন্নচিকেতোঽত্যস্রাক্ষীঃ।
নৈতাং-সৃঙ্কাং বিত্তময়ীমবাপ্তো-
যস্যাম্মজ্জন্তি বহবো-মনুষ্যাঃ ॥ ৩ ॥

---

সামর্থ্যাং যোগক্ষেমাদ্‌যোগক্ষেমনিমিত্তে শরীরাদ্যুপচয়রক্ষণনিমিত্তমিত্যে-তৎ প্রেয়ঃ পশুপুত্রাদিলক্ষণং বৃণীতে ॥ ২ ॥

স ত্বং পুনঃ পুনর্ময়া প্রলোভ্যমানোঽপি প্রিয়ান্ পুত্রাদীন্ প্রিয়রূপাংশ্চাপ্সরঃপ্রভৃতিলক্ষণান্ কামানভিধ্যায়ংশ্চিন্তয়ন্ তেষাং অনিত্যত্বাসারত্বাদিদোষান্ হে নচিকেতোঽত্যস্রাক্ষীরতিসৃষ্টবান্ পরিত্যক্তবানসি অহো-বুদ্ধিমত্তা তব নৈতামবাপ্তবানসি সৃঙ্কাং সৃতিং কুৎসিতাং মূঢ়জনপ্রবৃত্তাং বিত্তময়ীং ধনপ্রায়াম্। যস্যাং সৃতৌ মজ্জন্তি সীদন্তি বহবো-নৈকে মূঢ়া-মনুষ্যাস্তয়োঃ শ্রেয়-আদদানস্যাসাধু ভবতি হীয়তেঽর্থাৎ ॥ ৩ ॥

---

ব্যক্তি শারীরিকসুখসাধনকর্ম্মকে আপনার প্রিয়কারী বিবেচনা-করিয়া ঐহিকসুখাভিলাষে কর্ম্মানুষ্ঠান করিতে থাকেন ॥ ২ ॥

হে নচিকেতঃ! তোমাকে আমি পুনঃ পুনঃ এত লোভ প্রদর্শনকরিলাম, কিছুতেই তোমাকে মুগ্ধ করিতে পারিলাম না। তুমি পুত্র, কলত্র, রথ, অশ্ব, রত্নাদি ঐহিকসুখসামগ্রী-সকলকে অনিত্য জানিয়া ঐ সকল পুত্রকলত্রাদির বাসনা পরিত্যাগকরিলে; আমি তোমার তুল্য সুবুদ্ধি মনুষ্য দেখিতে পাই না; তোমার বালবুদ্ধির ভূয়সী প্রশংসা করিতে হয়; তুমি আমার বাক্যে ধনপ্রদ কর্ম্মপথের পথিক হইয়া সংসারসুখ-সম্ভোগে মুগ্ধ হইলে না। মনুষ্যমাত্রই ধনলোভে মুগ্ধ হইয়া কর্ম্মপথে নিমগ্ন থাকে; কেহই এই লোভের হস্তহইতে পরিত্রাণ পায় না ॥ ৩ ॥

দূরমেতে বিপরীতে বিষূচী
অবিদ্যা যা চ বিদ্যেতি জ্ঞাতা।
বিদ্যাভীপ্সিনন্নচিকেতসং মন্যে
নত্বা কামা-বহবো-লোলুপন্তঃ ॥ ৪ ॥

---

য উপ্রেয়ো বৃণীত-ইত্যুক্তং তৎ কস্মাদ্যতো-দূরং দূরেণ মহতান্তরেণৈতে বিপরীতেঽন্যোন্যব্যাবৃত্তরূপে বিবেকাবিবেকাত্মকত্বাত্তমঃপ্রকাশাবিব। বিষূচী বিষূচৌ নানাগতী ভিন্নফলে সংসারমোক্ষহেতুত্বেনেত্যেতৎ। কে তে ইত্যুচ্যতে। যা চাবিদ্যা প্রেয়োবিষয়া বিদ্যেতি চ শ্রেয়োবিষয়া। অজ্ঞাতাঽনির্জ্ঞাতাঽবগতা পণ্ডিতৈস্তত্র বিদ্যাভীপ্সিনং বিদ্যার্থিনং নচিকেতসং ত্বামহং মন্যে। কস্মাদ্যস্মাদবুদ্ধিপ্রলোভিনঃ কামাপ্সরঃপ্রভৃতয়ো-বহবোঽপি ত্বা ত্বাং ন লোলুপন্তো-ন বিচ্ছেদং কৃতবন্তঃ শ্রেয়োমার্গাদাত্মোপভোগাভিবাঞ্ছাসম্পাদনেন। অতো বিদ্যার্থিনং শ্রেয়োভাজনং মন্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৪ ॥

---

যে ব্যক্তি জ্ঞানোপার্জ্জনের পন্থা আশ্রয়করে, তাহারই পরমার্থ লাভ হয় আর যে মনুষ্য জ্ঞানলাভের রসাস্বাদনে পরাঙ্মুখ হইয়া কর্ম্মানুষ্ঠানদ্বারা সংসারসুখের অভিলাষ করে, সে ব্যক্তি পরমপদার্থ মোক্ষলাভে বঞ্চিত হইয়া থাকে। জ্ঞান ও কর্ম্ম এই উভয়ের মহাপ্রভেদ এবং পৃথক্ ফল হইয়া থাকে। জ্ঞান সাধনকরিলে পরিণামে অশেষ ক্লেশের কারণ সংসারমায়া তিরোহিত হইয়া অনন্ত সুখসম্ভোগের হেতু পরমার্থফলরূপ মোক্ষপদ প্রাপ্তি হয় এবং কর্ম্ম অনুষ্ঠানকরিলে মনুষ্য চিরকাল মোহের বশীভূত হইয়া অকিঞ্চিৎকর অসার সংসারে বদ্ধ থাকে। এইরূপে পণ্ডিতগণ জ্ঞান ও কর্ম্মের পৃথক্ ফল নিশ্চয়করিয়াছেন। হে নচিকেতঃ! তোমাকে জ্ঞানলাভে একান্ত সমুৎসুক ও দৃঢ়প্রতিজ্ঞ দেখিতেছি। আমি তোমাকে এত-

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ন্ধীরাঃ পণ্ডিতন্মন্যমানাঃ।
দন্দ্রম্যমানাঃ পরিযন্তি মূঢ়া-
অন্ধেনৈব নীয়মানা যথাঽন্ধাঃ ॥ ৫ ॥
ন সাম্পরায়ঃ প্রতিভাতি বাল-

---

যে তু সংসারভাজো-জনা-অবিদ্যায়ামন্তরে মধ্যে ঘনীভূত-ইব তমসি বর্ত্তমানা-বেষ্ট্যমানাঃ পুত্রপশ্বাদিতৃষ্ণাপাশশতৈঃ স্বয়ং ধীরাঃ প্রজ্ঞাবন্তঃ পণ্ডিতাঃ শাস্ত্রকুশলাশ্চেতি মন্যমানাস্তে দন্দ্রম্যমাণা-অত্যর্থং কুটিলামনেকরূপাং গতিং গচ্ছন্তো জরামরণরোগাদিদুঃখৈঃ পর্য্যান্তি পরিগচ্ছন্তি মূঢা অবিবেকিনোঽন্ধেনেব দৃষ্টিবিহীনেনেব নীয়মানা বিষমে পথি যথা বহবো অন্ধা মহান্তমনর্থমৃচ্ছন্তি তদ্বদত এব মূঢত্বাৎ ॥ ৫ ॥

ন সাম্পরায়ঃ প্রতিভাতি। সম্পরেয়ত ইতি সাম্পরায়ঃ পরলোক-

---

প্রকার প্রলোভন প্রদর্শনকরিলাম, কিছুতেই তোমার মনঃ বিচলিত হইল না এবং কোনপ্রকারেই তোমাকে জ্ঞানপ্রাপ্তির পথহইতে নিবৃত্ত করিতে পারিলাম না ॥ ৪ ॥

যাহারা কর্ম্মকাণ্ডের বশীভূত হইয়া অজ্ঞানান্ধকারে অবস্থিতিকরে, তাহারা “আমি বুদ্ধিমান্ ও আমি সর্ব্বশাস্ত্রের পারদর্শী” ইত্যাদি অভিমান করিয়া থাকে এবং কর্ম্মফলের প্রত্যাশায় নানাপথে পুনঃ পুনঃ পরিভ্রমণকরিয়া অশেষ যন্ত্রণা সহ্যকরে। যেমন অন্ধব্যক্তি অপর অন্ধকে অবলম্বনকরিয়া দুর্গমপথে প্রবেশকরে ও তাহাতে বিবিধ ক্লেশ পায়, সেইরূপ যাহারা মোক্ষকামনায় কর্ম্মকাণ্ডের আশ্রয় গ্রহণকরে, তাহারা ঐ ক্রিয়াকলাপের প্রভাবে সংসার-মায়াতে ভ্রান্ত হইয়া দিন দিন সুদৃঢ় কর্ম্মসূত্রে আবদ্ধ হইয়া ভ্রমণকরিতে থাকে, কখনও ঐ কর্ম্মসূত্র ছেদনকরিয়া মুক্তি লাভকরিতে পারে না ॥ ৫ ॥

প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্।
অয়ং লোকো নাস্তি পর ইতি মানী
পুনঃ পুনর্ব্বশমাপদ্যতে মে ॥ ৬ ॥
শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ

---

স্তৎপ্রাপ্তিপ্রয়োজনঃ সাধনবিশেষঃ শাস্ত্রীয়ঃ সাম্পরায়ঃ স চ বালমবিবেকিনং প্রতি ন ভাতি ন প্রকাশতে নোপতিষ্ঠত ইত্যেতৎ প্রমাদ্যন্তং প্রমাদং কুর্ব্বন্তং পুত্রপশ্বাদিপ্রয়োজনেষ্বাসক্তমনস্তয়া বিত্তমোহেন বিত্তনিমিত্তেনাবিবেকেন মূঢ়ং তমসাচ্ছন্নং সন্তময়মেব লোকো যোঽয়ং দৃশ্যমানস্ত্রন্নপানাদিবিশিষ্টো নাস্তি পরোঽদৃষ্টো লোক ইত্যেবং মননশীলো মানী পুনঃ পুনর্জনিত্বা বশমধীনতামাপদ্যতে মে মৃত্যোর্ম্ম জন্মমরণাদিলক্ষণদুঃখপ্রবন্ধারূঢ় এব ভবতীত্যর্থঃ। প্রায়েণ হ্যেবংবিধ এব লোকঃ ॥ ৬ ॥

যস্ত শ্রেয়োঽর্থী সহস্রেষু কশ্চিদেবাত্মবিদ্ভবতি ত্বদ্বিধো যস্মাচ্ছ্রবণা-

---

যে সকল মনুষ্য অজ্ঞানী ও বালক, যাহাদিগের বিবেকশক্তি নাই ও যাহারা সর্ব্বদা বিত্তলোভে অন্ধ হইয়া নিয়ত অর্থলালসায় ইতস্ততঃ ভ্রমণ করিতেছে, তাহারা পরকালে সদ্‌গতিলাভের কোন উপায় দেখিতে পায় না এবং পরকালে যাহাদিগের বিশ্বাস নাই, সেই সকল অজ্ঞ মনুষ্য মনে করে যে, আমরা যাহা প্রত্যক্ষ করিতেছি, ইহাই সত্য, তদ্ভিন্ন আর কিছুই নাই। এই জীব যে পরকালে কোন রূপ ফল ভোগের অধিকারী হইবে, এমত সম্ভব নাই। আমরা ইহ কালে যাহা করিতেছি, তাহার ফলভোগ ইহ কালেই হইয়া থাকে। এই সকল মনুষ্য চিরকাল অসার সংসার-মায়ায় আবদ্ধ থাকে এবং আয়ুষ্কাল পূর্ণ হইলে আমার অধীনে আসিয়া আমার এই করাল শাসনের বশীভূত হইয়া পুনঃ পুনঃ অশেষ যন্ত্রণা ভোগকরে, কখনও তাহারা আমার নিকট নিষ্কৃতি পায় না ॥ ৬ ॥

শৃণ্বন্তোঽপি বহবো যন্ন বিদ্যুঃ।
আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা-
শ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ ॥ ৭ ॥
ন নরেণাবরেণ প্রোক্ত এষ
সুবিজ্ঞেয়ো বহুধা চিন্ত্যমানঃ।

---

য়াপি শ্রবণার্থং শ্রোতুমপি যেন লভ্য আত্মা বহুভিরনেকৈঃ শৃণ্বন্তোঽপি বহবোঽনেকেঽন্যে যমাত্মানং ন বিদ্যুর্ন বিন্দন্ত্যভাগিনোঽসংস্কৃতাত্মানো ন বিজানীযুঃ। কিঞ্চাস্য বক্তাপ্যাশ্চর্য্যোঽদ্ভুতবদেবানেকেষু কশ্চিদেব ভবতি। তথা শ্রুত্বাপ্যস্যাত্মনঃ কুশলো নিপুণ এবানেকেষু লব্ধঃ কশ্চিদেব ভবতি। যস্মাদাশ্চর্য্যো জ্ঞাতা কশ্চিদেব কুশলানুশিষ্টঃ কুশলেন নিপুণেনাচার্য্যেণানুশিষ্টঃ সন্ ॥ ৭ ॥

কস্মান্ন হি নরেণ মনুষ্যেণাবরেণ প্রোক্তোঽবরেণ হীনেনেত্যেতদুক্ত-

---

পরমাত্মা যে কি পরমপদার্থ অনেকে তাহার অণুমাত্রও জানেন না। অনেকে চিরকাল শ্রবণাদিদ্বারা আত্মতত্ত্বানুসন্ধান করিলেও বুঝিতে পারে না। আত্মতত্ত্ব-নির্ণয়ের যথার্থ উপদেশ প্রদান করিতে পারে, এমন বক্তাও অতিদুর্ল্লভ। কোন সুনিপুণ তীক্ষ্ণবুদ্ধি ব্যক্তিও যদি বহুকাল সেই পরমাত্মার অন্বেষণ করে, তথাপি আচার্য্যের সদুপদেশ ব্যতীত তত্ত্বজ্ঞান লাভে কৃতকার্য্য হইতে পারে না। পরন্তু যদি কোন সুশিক্ষিত তত্ত্বজ্ঞানী আচার্য্য এই আত্মতত্ত্ব বিষয় উপদেশ প্রদান করেন, তাহা হৃদয়ঙ্গম্য করিতে পারে, এমত লোকও অতি বিরল। সুতরাং আত্মতত্ত্ববোধের অধিকারী ও উপদেশক উভয়ই দুর্ল্লভ। হে নচিকেতঃ! সাধারণ মনুষ্যের তত্ত্বজ্ঞান ও জ্ঞানোপদেশের অধিকার নাই ॥ ৭ ॥

তত্ত্বজ্ঞানের উপদেশ সাধারণ বুদ্ধির কার্য্য নহে। যদি

অনন্যপ্রোক্তে গতিরত্র নাস্ত্য-
ণীয়ান্ হ্যতর্ক্যমণুপ্রমাণাৎ ॥ ৮ ॥

---

এষ আত্মা যং ত্বং মাং পৃচ্ছসি। ন হি সুষ্ঠু সম্যগ্বিজ্ঞেয়ো বিজ্ঞাতুং শক্যো যস্মাদ্বহুধা অস্তি নাস্তি কর্ত্তাঽকর্ত্তা শুদ্ধোঽশুদ্ধ ইত্যাদ্যনেকধা চিন্ত্যমানো বাদিভিঃ। কথং পুনঃ সুবিজ্ঞেয় ইত্যুচ্যতে। অনন্যপ্রোক্তেঽনন্যেনাপৃথগ্দর্শিনাচার্য্যেণ প্রতিপাদ্য ব্রহ্মাত্মভূতেন প্রোক্তে উক্তে আত্মনি গতিরনেকধা অস্তিনাস্তীত্যাদিলক্ষণা চিন্তা গতিরস্মিন্নাত্মনি নাস্তি ন বিদ্যতে সর্ব্ববিকল্পগতিপ্রত্যস্তমিতত্বাদাত্মনঃ। অথবা স্বাত্মভূতেঽনন্যস্মিন্নাত্মনি প্রোক্তে অত্র গতিরন্যস্যাবগতির্নাস্তি জ্ঞেয়স্যান্যস্যাভাবাৎ। জ্ঞানস্য হ্যেষা নিষ্ঠা যদাত্মৈকত্ববিজ্ঞানম্। অতোঽবগন্তব্যাভাবান্ন গতিরত্র নাস্ত্যনন্য আত্মনি প্রোক্তে নান্তরীয়কত্বাত্তদ্বিজ্ঞানফলস্য মোক্ষস্য। অথবা প্রোচ্যমানব্রহ্মাত্মভূতেনাচার্য্যেণ প্রোক্তে আত্মন্যগতিঃ। অনববোধোঽপরিজ্ঞানমত্র নাস্তি ভবত্যেবাবগতিস্তদ্বিষয়া শ্রোতুস্তদনন্যোঽহমিত্যাচার্য্যস্যেত্যর্থঃ। এবং সুবিজ্ঞেয় আগমবতাচার্য্যেণানন্যতয়া প্রোক্ত ইত্যর্থঃ। অণীয়ানণুপ্রমাণাদপি সম্পদ্যতে আত্মা। অতর্ক্যমণুপ্রমাণেন তর্ক্যঃ। স্ববুদ্ধ্যভ্যূহেন কেবলেন তর্ক্যমাণোঽণুপরিমাণে

---

কোন অল্পবুদ্ধি আচার্য্য জ্ঞানোপদেশ প্রদান করেন, তাহা হইলে উক্ত উপদেশে কেহ যথার্থ জ্ঞান লাভকরিতে পারে না। কারণ আত্মতত্ত্ব বিষয়ে নানাপ্রকার তর্ক উপস্থিত হয়। অল্পজ্ঞানী আচার্য্যের সেই সকল তর্কের মীমাংসা করিয়া সদুপদেশ প্রদানের ক্ষমতা নাই। তর্কভঞ্জন না হইলে আত্মতত্ত্ব নির্ণীত হয় না। যদি কোন সূক্ষ্মদর্শী ব্রহ্মতত্ত্ববিদ্ আচার্য্য তত্ত্বজ্ঞানের বিরোধী কুতর্ক ভঞ্জনকরিয়া ব্রহ্মবিজ্ঞানবিষয়ে সদুপদেশ প্রদান করেন, তাহা হইলে শিষ্যবর্গের মানসিক সংশয় বিদূরিত হইয়া আত্মজ্ঞানের উদয় হইতে থাকে। যথার্থ তত্ত্বজ্ঞানির নিকট ব্রহ্মবিজ্ঞানবিষয়ক উপদেশ

নৈষা তর্কেণ মতিরাপনেয়া
প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠ।
যান্ত্বমাপঃ সত্যধৃতির্ব্বতাসি
ত্বাদৃঙ্নো ভূয়ান্নচিকেতঃ প্রষ্টা ॥ ৯ ॥

---

কেনচিৎ স্থাপিতে আত্মনি ততোঽণুতরমন্যোঽভ্যূহতি ততোঽপ্যন্যোঽণুতমমিতি। ন হি তর্কস্য নিষ্ঠা কচিদ্বিদ্যতে ॥ ৮ ॥

অতোঽনন্যপ্রোক্তে আত্মন্যুৎপন্না যেয়মাগমপ্রতিপাদ্যাত্মনি মতির্নৈষা তর্কেণ স্ববুদ্ধ্যাভ্যূহমাত্রেণাপনেয়া ন প্রাপণীয়েত্যর্থঃ। নাপনেতব্যা বা ন হন্তব্যা। তার্কিকো হ্যনাগমজ্ঞঃ স্ববুদ্ধিপরিকল্পিতং যৎকিঞ্চিদেব কথয়তি। অত এব চ যেয়মাগমপ্রসূতা মতিরন্যেনৈবাগমাভিজ্ঞেনাচার্য্যেণৈব তার্কিকাৎ প্রোক্তা সতী সুজ্ঞানায় ভবতি হে প্রেষ্ঠ প্রিয়তম। কা পুনঃ সা তর্কাগম্যা মতিরিত্যুচ্যতে। যাং ত্বং মতিং মদ্বরপ্রদানেন প্রাপ্তবানসি। সত্যাঽবিতথবিষয়া ধৃতির্য্যস্য তব স ত্বং সত্যধৃতির্বতা-

---

গ্রহণ না করিলে সূক্ষ্মাতিসূক্ষ্ম ব্রহ্মবিজ্ঞান কেহ লাভকরিতে পারে না। যথার্থ উপদেশ ভিন্ন তর্কদ্বারা তত্ত্বজ্ঞান লাভ হয় না। ॥ ৮ ॥

প্রিয়তম! বেদমার্গবিচারভিন্ন কেবল তর্কবিতর্ক করিয়া কুমার্গে অন্বেষণ করিলে ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হয় না। কুতার্কিকের মত পরিবর্জন করিয়া আত্মতত্ত্ববিদ্ ব্রহ্মজ্ঞানী আচার্য্যের অনুসরণ করিয়া তাহাদিগের উপদেশ গ্রহণ কর। তাহা হইলে তুমি যথার্থ জ্ঞান লাভকরিতে পারিবে। বৎস নচিকেতঃ! আমি তোমাকে সদুপদেশ দিতেছি, তুমি জ্ঞানলাভে কৃতসঙ্কল্প হও, তাহা হইলেই কৃতকার্য্য হইতে পারিবে। দৃঢ়প্রতিজ্ঞ না হইলে কেহ কখন আত্মজ্ঞানরূপ দুষ্প্রাপ্য রত্ন লাভ করিতে পারে না। তুমি যেরূপ প্রশ্ন করিলে, এইরূপ প্রশ্ন-

জানাম্যহং শেবধিরিত্যনিত্যং
ন হ্যধ্রুবৈঃ প্রাপ্যতে হি ধ্রুবন্তৎ।
ততো ময়া নাচিকেতশ্চিতোঽগ্নি-
রনিত্যৈর্দ্রব্যৈঃ প্রাপ্তবানস্মি নিত্যম্॥ ১০॥

---

সীত্যনুকম্পয়ন্নাহ মৃত্যুর্নচিকেতসম্। বক্ষ্যমাণবিজ্ঞানস্তুতয়ে ত্বাদৃক্ত্বাদৃশো নোঽস্মভ্যং ভূয়াৎ ভবতাদ্ভবত্বন্যঃ পুত্রঃ শিষ্যো বা প্রষ্টা। কীদৃগ্যাদৃক্ ত্বং হে নচিকেতঃ প্রষ্টা॥ ৯॥

পুনরপি তুষ্ট আহ জানাম্যহং শেবধির্নিধিঃ কর্ম্মফললক্ষণো নিধিরিব প্রার্থ্যত ইত্যসাবনিত্যমিতি জানামি। ন হি যস্মাদনিত্যৈরধ্রুবৈর্নিত্যং ধ্রুবং তৎ প্রাপ্যতে পরমাত্মাখ্যম্। শেবধির্যস্ত্বনিত্যঃ সুখাত্মকঃ শেবধিঃ স এবানিত্যৈর্দ্রব্যৈঃ প্রাপ্যতে হি যতস্তস্মান্ময়া জানতাপি নিত্যমনিত্যসাধনৈর্ন প্রাপ্যত ইতি। নাচিকেতশ্চিতোঽগ্নিরনিত্যৈর্দ্রব্যৈঃ

---

কর্ত্তা শিষ্য আমি দেখিতে পাই না। তোমার ন্যায় শিষ্য আমি সর্ব্বদা প্রার্থনা করি। তোমার এরূপ অলৌকিক অধ্যবসায় দেখিয়া আমি সাতিশয় সন্তুষ্ট হইলাম॥ ৯॥

মনুষ্যগণ কর্ম্মানুষ্ঠান করিয়া যে সকল ফল কামনাকরে, সে সমুদায়ই অনিত্য, কেহ চিরকাল কর্ম্মফল ভোগকরিতে পারে না। পূর্ব্বসঞ্চিত কর্ম্মফল ভোগকরিলেই ক্ষয়প্রাপ্ত হয়। অনিত্য কর্ম্মদ্বারা কোনরূপেও নিত্য ব্রহ্মবিজ্ঞানলাভ হইতে পারে না। বিনশ্বর ক্রিয়ানুষ্ঠান করিলে কেবল অচিরস্থায়ী স্বর্গভোগই হইয়া থাকে। আমি যে তোমাকে উপদেশ দিতেছি, তাহাতে তোমার জ্ঞানের পরিপাক হউক। কিন্তু আমি ইহা জানিয়াও তদনুরূপ কার্য্য করিতে পারি নাই। অনিত্য স্বর্গলাভের অভিলাষী হইয়া স্বর্গসাধন অগ্নির আরাধনাদ্বারা বহুকালস্থায়ী দক্ষিণদিকের অধিপতিত্ব প্রাপ্ত হইয়াছি;

কামস্যাপ্তিঞ্জগতঃ প্রতিষ্ঠাং
ক্রতোরনন্ত্যমভয়স্য পারম্।
স্তোমমহদুরুগায়ম্প্রতিষ্ঠান্
দৃষ্ট্বা ধৃত্যা ধীরো নচিকেতোঽত্যস্রাক্ষীঃ ॥১১॥

---

পশ্বাদিভিঃ স্বর্গসুখসাধনভূতোঽগ্নির্নির্ব্বর্ত্তিত ইত্যর্থঃ। তেনাহমধিকারাপন্নো নিত্যং যাম্যং স্থানং স্বর্গাখ্যং নিত্যমাপেক্ষিকং প্রাপ্তবানস্মি ॥ ১০ ॥

ত্বং তু কামস্যাপ্তিং সমাপ্তিং অত্র হি সর্ব্বে কামাঃ পরিসমাপ্তাঃ জগত আধ্যাত্মাধিভূতাধিদৈবাদেঃ প্রতিষ্ঠামাশ্রয়ং সর্ব্বাত্মত্বাৎ ক্রতোঃ ফলং হৈরণ্যগর্ভং পদং আনন্ত্যম। অভয়স্য চ পারং পরাং নিষ্ঠাম্। স্তোমং স্তুত্যং মহদণিমাদৈশ্বর্য্যাদ্যনেকগুণসহিতং স্তোমঞ্চ তন্মহচ্চ নিরতিশয়ত্বাৎ স্তোমমহৎ। উরুগায়ং বিস্তর্ণাং গতিম। প্রতিষ্ঠাং স্থিতিমাত্মন উত্তমামপি

---

কিন্তু কখনও নিত্যসুখপ্রদ ব্রহ্মজ্ঞানের অনুসন্ধান করি নাই এই জন্য সেই পরমসুখাকর মোক্ষ ফললাভেও বঞ্চিত হইয়া রহিলাম ॥ ১০ ॥

সেই হিরণ্যগর্ভ পরমপুরুষ পরংব্রহ্মের আরাধনা করিলে পরমপদ মোক্ষফল লাভ হয়। বৎস নচিকেতঃ! তুমি সেই পরম পদ ধ্যান কর, সেই পদ জগতে যাবতীয় প্রার্থনীয় বস্তুদ্বারা পরিপূর্ণ আছে। যখন যাহা অভিলাষ করিবে, তৎক্ষণাৎ ঐ অভিলাষ পরিপূর্ণ হইবে। সেই ব্রহ্মপদ অখিল জগতের আশ্রয়, তাহা লাভকরিলে যে সুখ হয়, সেই সুখ চিরকালস্থায়ী কখনও সেই নিত্যসুখের বিনাশ হয় না। ঐ পরম পদ প্রাপ্ত হইলে কোন ভয় থাকে না। যে ব্যক্তি ব্রহ্মপদ লাভকরে, সে সর্ব্বদা নির্ভয় থাকে। এই পরিদৃশ্যমান জগতে যত কিছু পদার্থ আছে, সকল অপেক্ষা সেই ব্রহ্মপদ উৎকৃষ্টতম, তাহা হইতে প্রশংসনীয়

তন্দুর্দর্শঙ্গূঢ়মনুপ্রবিষ্টং
গুহাহিতঙ্গহ্বরেষ্ঠম্পুরাণম্।

---

দৃষ্ট্বা ধৃত্বা ধৈর্য্যেণ ধীরো নচিকেতো ধীমান্ সন্নত্যস্রাক্ষীঃ পরমেবাকাঙ্ক্ষন্নতিসৃষ্টবানসি সর্ব্বমেতৎ সংসারভোগজাতম্। অহো বতাসুত্তমগুণোঽসি যং ত্বং জ্ঞাতুমিচ্ছস্যাত্মানম্॥ ১১॥

তং দুর্দর্শং দুঃখেন দর্শনমস্যেতি দুর্দর্শং অতিসূক্ষ্মত্বাৎ। গূঢ়ং গহনম্। অনুপ্রবিষ্টং প্রাকৃতবিষয়বিকারবিজ্ঞানৈঃ প্রচ্ছন্নমিত্যেতৎ। গুহাহিতং গুহায়াং বুদ্ধৌ স্থিতং তত্রোপলভ্যত্বাৎ। গহ্বরে বিষমমনেকানর্থসঙ্কটে তিষ্ঠতীতি গহ্বরেষ্ঠম্। যত এবং গূঢ়মনুপ্রবিষ্টো গুহাহিতশ্চ অতো দুর্দর্শঃ

---

বস্তু কিছুই নাই। সেই পরম পদ সমস্ত ঐশ্বর্য্যের আধার। একবার সেই পরম পদ প্রাপ্ত হইলে তাহার বিচ্যুতি নাই, অনন্তকাল তাহার নিত্যানন্দ অনুভূত হইতে থাকে। অতএব তুমি ধৈর্য্যাবলম্বন করিয়া মোক্ষধাম হস্তগত কর। নচিকেতঃ! তুমি অতিসুপণ্ডিত, যেহেতু সমস্ত ঐহিক সুখের বাসনা পরিত্যাগ করিয়াছ॥ ১১॥

হে নচিকেতঃ! তুমি যে আত্মতত্ত্ব জানিতে বাসনা করিয়াছ, তাহা অতি দুষ্কর কার্য্য। কেহ কখন সহজে আত্মজ্ঞান লাভকরিতে পারে না। সেই পরমাত্মা এই মায়াময় সংসারে গুপ্তভাবে সর্ব্বত্র ব্যাপ্ত আছেন। কোন কায়িক ব্যাপারে তাঁহাকে লাভকরা যায় না। কেবল সদ্গুরুর সদুপদেশে সংমার্জ্জিত বুদ্ধিদ্বারাই তাঁহাকে জানাযাইতে পারে, তিনি অতিদুষ্প্রাপ্য স্থানে অবস্থিতি করিতেছেন, সাধারণ বুদ্ধিদ্বারা তাঁহার তত্ত্ব নির্ণয় হইতে পারে না। সেই পরমাত্মা অনাদি ও অনন্ত, তিনি কোন্ সময়ে কোন্ পদার্থ হইতে উৎপন্ন হইয়াছেন এবং কতকালে কিরূপে

অধ্যাত্মযোগাধিগমেন দেবং
মত্বা ধীরোহর্ষশোকৌ জহাতি ॥ ১২ ॥
এতচ্ছ্রুত্বা সম্পরিগৃহ্য মর্ত্যঃ
প্রবৃহ্য ধর্ম্ম্যমণুমেতমাপ্য।

---

তং পুরাণং পুরাতনং অধ্যাত্মযোগাধিগমেন বিষয়েভ্যঃ প্রতিসংহৃত্য চেতস আত্মনি সমাধানমধ্যাত্মযোগস্তস্যাধিগমস্তেন মত্বা দেবমাত্মানং ধীরো হর্ষশোকাবাত্মন উৎকর্ষাপকর্ষয়োরভাবাজ্জহাতি ॥ ১২ ॥

কিঞ্চৈতদাত্মতত্ত্বং যদহং বক্ষ্যামি তচ্ছ্রুত্বাহহচার্য্যসকাশাৎ সম্যগাত্মভাবেন পরিগৃহ্য উপাদায় মর্ত্ত্যো মরণধর্ম্মোধর্ম্মাদনপেতং ধর্ম্ম্যং প্রবৃহ্যোদ্যম্য পৃথক্ কৃত্য শরীরাদেঃ অণুং সূক্ষ্মং এতমাত্মানমাপ্য প্রাপ্য স মর্ত্ত্যো বিদ্বান্মোদতে মোদনীয়ং হি হর্ষণীয়মাত্মানং লব্ধ্বা তদেতদেবম্বিধং ব্রহ্মসদ্ম

---

তাহার বিনাশ হইবে, তাহার নিশ্চয় নাই। বাস্তবিক সেই পরমাত্মার উৎপত্তি বা বিনাশ কিছুই নাই। আত্মতত্ত্বজ্ঞ পণ্ডিতগণ অধ্যাত্ম বিদ্যাদ্বারা তাঁহাকে জানিয়া হর্ষবিষাদময় এই সংসারক্ষেত্র হইতে মুক্তি পান। বিষয়বাসনা হইতে চিত্তকে আকর্ষণকরিয়া ব্রহ্মেতে আত্মসমর্পণ করিলেই অধ্যাত্ম-যোগসাধন হয়। এই অধ্যাত্ম-যোগসাধনব্যতীত ব্রহ্মপদ লাভের আর কোন উপায় নাই ॥ ১২ ॥

হে নচিকেতঃ! আত্মতত্ত্ববিজ্ঞান অতিপ্রধান ধর্ম্ম। যে ব্যক্তি ব্রহ্মবিজ্ঞানবিদ্ সদুপদেশক আচার্য্যের নিকট উপদিষ্ট হইয়া প্রকৃতরূপে সদ্গুরুর উপদেশের মর্ম্ম গ্রহণপূর্ব্বক বিনশ্বর শরীর হইতে নিত্য, চৈতন্যময় ও অতিসূক্ষ্ম আত্মাকে পৃথগ্রূপে জানিতে পারে, সেই মানব নিত্যানন্দময় পরমাত্মার সাক্ষাৎকার লাভকরিয়া অনন্তকাল অনন্তসুখভোগের অধিকারী হইয়া থাকে। কখনও তাহার সেই সুখভোগের ভঙ্গ

স মোদতে মোদনীয়ꣳ হি লব্ধ্বা
বিবৃতꣳ সদ্ম নচিকেতসম্মন্যে ॥ ১৩ ॥
অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ।
অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যত্তৎ পশ্যসি তদ্বদ ॥১৪॥

---

ভবনং নচিকেতসং ত্বাং প্রত্যপাবৃতদ্বারং বিবৃতমভিমুখীভূতং মন্যে মোক্ষার্হং ত্বাং মন্য ইত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

এতচ্ছ্রুত্বা নচিকেতাঃ পুনরাহ। যদ্যহং যোগ্যঃ প্রসন্নশ্চাসি ভগবন্মাং প্রত্যন্যত্র ধর্ম্মাচ্ছাস্ত্রীয়াদ্ধর্ম্মানুষ্ঠানাত্তৎফলাত্তৎকারকেভ্যশ্চ পৃথগ্ভূতমিত্যর্থঃ। তথাঽন্যত্রাধর্ম্মাত্তথাঽন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ। কৃতং কার্য্যমকৃতং কারণমস্মাদন্যত্র। কিঞ্চান্যত্র ভূতাচ্চাতিক্রান্তাৎ কালাদ্ভব্যাচ্চ যত্তদ্ভবিষ্যতশ্চ।

---

হয় না। বৎস! আমার বোধ হইতেছে, তুমি ব্রহ্মবিজ্ঞানবিষয়ে অবারিতদ্বার হইয়াছ। তোমার ব্রহ্মপদলাভে কোন বাধা দেখিতেছি না। অনায়াসে তুমি ব্রহ্মসাক্ষাৎকার লাভকরিতে পারিবে ॥ ১৩ ॥

নচিকেতাঃ যমের বাক্য শ্রবণ করিয়া পুনর্ব্বার কহিতেছেন, শমনদেব! ব্রহ্ম শাস্ত্রোক্ত ধর্ম্ম, ধর্ম্মফল, ধর্ম্মানুষ্ঠান ও ধর্ম্মকর্ত্তা এই সকল হইতে পৃথক্। তিনি ধর্ম্ম, ধর্ম্মফল, অনুষ্ঠান ও অনুষ্ঠাতা ইহার কিছুই নহেন এবং তিনি অধর্ম্মহইতেও পৃথক, তাঁহাকে অধর্ম্ম বলিয়াও বোধ হয় না; জগতের যে সকল কার্য্য দেখিতেছি, তাঁহাকে কোনও কার্য্যস্বরূপ বলিয়া প্রতীতি হয় না; এই অখিল জগতের কারণ যে প্রকৃতি, তিনি তৎস্বরূপও নহেন এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই যে কালত্রয় অনুভূত হয়, ব্রহ্মকে সেই কালস্বরূপও বলিতে পারি না; বস্তুতঃ তিনি জগতের অতীত। মহাত্মন্! আপনি সেই সর্ব্বলোকাতিগ ব্রহ্মকে জানেন; অতএব যদি আমার প্রতি

সর্ব্বে বেদা যৎপদমামনন্তি
তপাংসি সর্ব্বাণি চ যদ্বদন্তি।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যঞ্চরন্তি
তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ ॥১৫॥

---

তথা বর্ত্তমানাৎ কালত্রয়েণ যন্ন পরিচ্ছিদ্যত ইত্যর্থঃ। যদীদৃশং বস্তু সর্ব্ব-ব্যবহারগোচরাতীতং পশ্যসি জানাসি তদ্বদ মহ্যম্ ॥ ১৪ ॥

ইত্যেবং পৃষ্টবতে মৃত্যুরুবাচ পৃষ্টং বস্তু বিশেষণান্তরঞ্চ বিবক্ষন্। সর্ব্বে বেদা যৎপদং পদনীয়মবিভাগেনামনন্তি তপাংসি সর্ব্বাণি চ যদ্বদন্তি যৎপ্রাপ্ত্যর্থানীত্যর্থঃ। যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং গুরুকুলবাসলক্ষণমন্যদ্বা ব্রহ্ম-প্রাপ্ত্যর্থঞ্চরন্তি তত্তে তুভ্যং পদং যজ্জ্ঞাতুমিচ্ছসি সংগ্রহেণ সংক্ষেপতো-ব্রবীমি ওঁ ইত্যেতৎ তদেতৎ পদং যদ্বুভুৎসিতঞ্চ বা। যদেতদোমিত্যোং-শব্দবাচ্যমোংশব্দপ্রতীকঞ্চ ॥ ১৫ ॥

---

প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে সেই পরপিতা পরদেবের তত্ত্বোপদেশ প্রদান করিয়া আমাকে চরিতার্থ করুন ॥ ১৪ ॥

ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয় যে এক বস্তুর গুণ কীর্ত্তন করিতেছে, যাঁহার প্রাপ্তিকামনায় জগতে সমস্ত লোক একান্ত চিত্তে নিয়ত তপস্যা করিতেছে, ব্রহ্মষি ও দেবর্ষি গণ যে পরপদ লাভে অভিলাষী হইয়া ব্রহ্মচর্য্যাদি কঠোর ব্রত অবলম্বনপূর্ব্বক দেহ পাত করিতেছেন, সেই পরাৎপর সনাতন পরংব্রহ্মের তত্ত্ব তোমাকে সংক্ষেপে বলিতেছি। অকার, উকার ও মকারাত্মক হরি হর ও বিরিঞ্চি-স্বরূপ যে ওঙ্কার শব্দ, তিনি সেই ওঙ্কারশব্দস্বরূপ। হে নচিকেতঃ! তুমি ঐ ওঙ্কারপদের তত্ত্বানুসন্ধান কর, তাহা হইলেই আত্মতত্ত্ব পরি-জ্ঞাত হইয়া ব্রহ্মপদ লাভ করিতে পারিবে ॥ ১৫ ॥

এতদ্ধ্যেবাক্ষরম্ব্রহ্ম এতদেবাক্ষরম্পরম্।
এতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বা যোযদিচ্ছতি তস্য তৎ ॥১৬॥
এতদালম্বনংশ্রেষ্ঠমেতদালম্বনম্পরম্।
এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে ॥ ১৭ ॥

---

অত-এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্মাপরমেতদ্ধ্যেবাক্ষরঞ্চ পরং তয়োর্হি প্রতীক-মেতদক্ষরমেতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বোপাস্য ব্রহ্মেতি যো যদিচ্ছতি পরমপরং বা তস্য তদ্ভবতি। পরঞ্চেজ্জ্ঞাতব্যমপরঞ্চেৎ প্রাপ্তব্যম্ ॥ ১৬ ॥

যত এবং অত এবৈতদালম্বনং ব্রহ্মপ্রাপ্ত্যালম্বনানাং শ্রেষ্ঠং প্রশস্যতমম। এতদালম্বনং পরমপরঞ্চ। পরাপরব্রহ্মবিষয়ত্বাৎ। অত এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে। পরস্মিন্ ব্রহ্মণ্যপরস্মিংশ্চ ব্রহ্মভূতে ব্রহ্মবদু-পাস্যো ভবতীত্যর্থঃ ॥ ১৭ ॥

---

ওম্ এই শব্দ সচ্চিদানন্দ পরং ব্রহ্মের বাচক, অতএব ঐ ওম্ শব্দ সেই অদ্বিতীয় অসার সংসারের সারভূত পরংব্রহ্ম স্বরূপ। যে ব্যক্তি সর্ব্বদা কায়মনোবাক্যে সেই ওঙ্কারের ধ্যান করে, সেই ব্যক্তি যখন যাহা অভিলাষ করে তৎক্ষণাৎ সেই অভিলষিত বস্তুলাভ করিতে পারে। নচিকেতঃ! তুমিও ব্রহ্মবুদ্ধিতে ওম্ পদের উপাসনা কর, তাহাতে তোমার ব্রহ্মপদ লাভ হইবে ॥ ১৬ ॥

ব্রহ্মপদপ্রাপ্তি বিষয়ে যে সকল উপায় আছে, তন্মধ্যে প্রণবের অবলম্বনই অতিপ্রধান। এই প্রণবাবলম্বন যেমন ব্রহ্ম-জ্ঞানসাধনের প্রধান কারণ, তেমন ব্রহ্মপ্রাপ্তির উপায় আর নাই। এই প্রণবাবলম্বন উপায়দ্বারাই সকলে নিত্যা-নন্দ ব্রহ্মপদ প্রাপ্ত হয়, প্রণব মন্ত্র উচ্চারণ ও প্রণবতত্ত্ব ধ্যান করিলেই ব্রহ্ম ধ্যান করা হয়। এইরূপ ব্রহ্মোপাসনাদ্বারা

ন জয়াতে ম্রিয়তে বা বিপশ্চি
ন্নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।
অজো নিত্যঃ শাশ্বতোহয়ম্পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে॥ ১৮॥

---

অন্যত্র ধর্ম্মাদিত্যাদিনা পৃষ্টস্যাত্মনোহশেষবিশেষরহিতস্যালম্বনত্বেন প্রতীকত্বেন চোঙ্কারো নির্দ্দিষ্টঃ। অপরস্য চ ব্রহ্মণো মন্দমধ্যমপ্রতিপত্তৃন্ প্রতি। অথেদানীং তস্যোঙ্কারালম্বনস্যাত্মনঃ সাক্ষাৎস্বরূপনির্দ্দিধারয়িষয়েদ-মুচ্যতে। ন জায়তে নোৎপদ্যতে ম্রিয়তে বা ন ম্রিয়তে চোৎপত্তিমতো বস্তুনোহনিত্যস্যানেকবিক্রিয়াস্তাসামাদ্যন্তে জন্মবিনাশলক্ষণে বিক্রিয়ে ইহাত্মনি প্রতিষিদ্ধ্যেতে প্রথমং সর্ব্ববিক্রিয়াপ্রতিষেধার্থং জায়তে ম্রিয়তে বেতি। বিপশ্চিন্মেধাবী সর্ব্বজ্ঞঃ। অপরিলুপ্তচৈতন্যস্বভাবাৎ। কিঞ্চ নায়মাত্মা কুতশ্চিৎ কারণান্তরাদ্বভূব। অস্মাচ্চাত্মনো ন বভূব কশ্চিদর্থা-ন্তরভূতঃ। অতোহয়মাত্মাহজো নিত্যঃ শাশ্বতোহপক্ষয়বিবর্জ্জিতঃ। যো হ্যশাশ্বতঃ সোহপ্যপক্ষীয়তে। অয়ন্তু শাশ্বতোহতএব পুরাণঃ পুরাপি নব এবেতি। যো হ্যবয়বোপচয়দ্বারেণাভিনির্বর্ত্ত্যতে স ইদানীং নবো

---

পরংপদ প্রাপ্ত হয়। মনুষ্য ব্রহ্মতত্ত্ব অবগত হইলেই ব্রহ্মস্বরূপ হইয়া থাকে॥ ১৭॥

প্রণব শব্দ উচ্চারণ করিলে ব্রহ্ম প্রতীতি হয়। দুর্ব্বল অধিকারিরা প্রণবকে আত্মস্বরূপ জানিয়া উপাসনা করিবে। এই সেই আত্মস্বরূপ বিবৃত হইতেছে। আত্মা উৎপত্তি-বিনাশবিহীন ও নিত্যজ্ঞানস্বরূপ, কখনও আত্মার জন্ম হয় না, তাঁহার মৃত্যুও নাই এবং তাঁহার কোন কারণও প্রতীত হয় না; কিম্বা তিনি আপনিও আপনার কারণ নহেন, সেই জন্মজরা-বিহীন আত্মা নিত্য, কোন কারণে তাঁহার হ্রাস বা বৃদ্ধি হয় না। তিনি চিরকাল এক অবস্থাতে অনন্তকাল যাপন করিতেছেন; অতএব খড়্গাদি অস্ত্রদ্বারা শরীরে আঘাত করিয়া তাহা শতখণ্ডে

হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥১৯॥
অণোরণীয়ান্মহতো মহীয়া-

---

যথা কুম্ভাদিস্তদ্বিপরীতস্ত্বাত্মা পুরাণো বৃদ্ধিবিবর্জ্জিত ইত্যর্থঃ। যত এবমতো ন হন্যতে ন হিংস্যতে হন্যমানে শস্ত্রাদিভিঃ শরীরে। তৎস্থোঽপ্যাকাশবদেব ভবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

এবম্ভূতমপ্যাত্মানং শরীরমাত্রাত্মদৃষ্টির্হন্তা চেদ্‌যদি মন্যতে চিন্তয়তি হন্তুং হনিষ্যাম্যেনমিতি যোঽপ্যন্যো হতঃ সোঽপি চেন্মন্যতে হতমাত্মানং হতোঽহমিত্যুভাবপি তৌ ন বিজানীতঃ স্বমাত্মানং যতো নায়ং হন্তি অবিক্রিয়ত্বাদাত্মনস্তথা ন হন্যতে আকাশবদেবাবিক্রিয়ত্বাদেব। অতোঽনাত্মজ্ঞবিষয় এব ধর্ম্মাঽধর্ম্মাদিলক্ষণঃ সংসারো ন ব্রহ্মজ্ঞস্য শ্রুতিপ্রামাণ্যান্ন্যায়াচ্চ ধর্ম্মাঽধর্ম্মাদ্যনুপপত্তেঃ ॥ ১৯ ॥

কথং পুনরাত্মানং জানাতীত্যুচ্যতে অণোঃ সূক্ষ্মাদণীয়ান্ শ্যামাকাদে-

---

বিভক্ত করিলেও আত্মা আঘাত প্রাপ্ত হন না; শরীর বিকৃত হয়, আত্মার কোন অন্যথাভাব হয় না, এক অবস্থাতেই আত্মা অবিকৃত রূপে থাকেন। যেমন শরীরে আঘাত করিলে শরীরস্থ আকাশে আঘাত লাগে না তেমন শরীরের বিকৃতি হইলে আত্মার কোন বিকার ঘটে না ॥ ১৮ ॥

যে ব্যক্তি শরীরমাত্রকে আত্মরূপ জ্ঞান করিয়া, “আমি আত্মাকে বিনাশ করিব”, এই রূপ জ্ঞান করে ও যে ব্যক্তি এই প্রকার ভাবনা করে, “আমাকে অপরে বধ করিবে”,— এই উভয় ব্যক্তি অজ্ঞ, ইহাঁরা আত্মতত্ত্ব জানেন না। অতএব এই সিদ্ধান্ত স্থির হইল যে, আত্মা কাহাকে নষ্ট করে না এবং আত্মাকেও কেহ নষ্ট করিতে পারে না ॥ ১৯ ॥

জগতে যত প্রকার সূক্ষ্ম পদার্থ আছে, ঐ সকল সূক্ষ্ম

নাত্মাস্যজন্তোর্নিহিতো গুহায়াম্।
তমক্রতুঃ পশ্যতি বীতশোকো-
ধাতুঃ প্রসাদান্মহিমান-মাত্মনঃ ॥ ২০ ॥
আসীনো-দূরং ব্রজতি শয়ানো-যাতি সর্ব্বতঃ।

---

রণুতরঃ। মহতো মহৎপরিমাণান্মহীয়ান্মহত্তরঃ পৃথিব্যাদেরণু মহদ্বা যদস্তি লোকে বস্তু তত্তেনৈবাত্মনা নিত্যেনাত্মবৎ সম্ভবতি। তদাত্মনা বিনির্ম্মুক্তমসৎ সম্পদ্যতে। তস্মাদসাবেবাত্মা অণোরণীয়ান্মহতো মহীয়ান্ সর্ব্বনামরূপবস্তূপাধিকত্বাৎ। স চাত্মাস্য জন্তোর্ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য প্রাণিজাতস্য গুহায়াং হৃদয়ে নিহিত-আত্মভূতঃ স্থিত ইত্যর্থঃ। তমাত্মানং দর্শনশ্রবণমননবিজ্ঞানলিঙ্গং অক্রতুরকামোহদৃষ্টবাহ্যবিষয়োপরতবুদ্ধিরিত্যর্থঃ। যদা চৈবং তদা মনআদীনি করণানি ধাতবঃ শরীরস্য ধারণাৎ প্রসীদন্তীতি। এষাং ধাতূনাং প্রসাদাদাত্মনো মহিমানং কর্ম্মনিমিত্তবৃদ্ধিক্ষয়রহিতং পশ্যতি বীতশোকঃ। ধাতুপ্রসাদান্মহিমানমাত্মনোঽয়মহমস্মীতি সাক্ষাদ্বিজানাতি। ততো বিগতশোকো ভবতি। অন্যথা দুর্বিজ্ঞেয়োঽয়মাত্মা কামিভিঃ প্রাকৃতৈঃ পুরুষৈঃ ॥ ২০ ॥

যস্মাদাসীনোঽবস্থিতোঽচল এব সন্ দূরং ব্রজতি শয়ানো যাতি সর্ব্বত এবমসাবাত্মদেবো মদাঽমদঃ সমদোঽমদশ্চ সহর্ষোঽহর্ষশ্চ বিরুদ্ধ-

---

পদার্থ হইতেও আত্মা সূক্ষ্মতম এবং যত প্রকার স্থূল পদার্থ আছে, তাহা হইতেও স্থূলতম। জগতের যাবতীয় পদার্থ আত্মাকে আশ্রয় করিয়া আছে। আত্মা কীটাণু হইতে অতি বৃহৎকায় প্রাণিপর্য্যন্ত সকলের হৃদয়েই সাক্ষিস্বরূপে বিদ্যমান আছেন। নিষ্কামী ব্যক্তি একাগ্রমনে ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া আত্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়া শোক মোহাদি সংসারযন্ত্রণা হইতে বিমুক্ত হইয়া থাকেন ॥ ২০ ॥

আত্মা স্বয়ং অচল, তথাপি মনঃ প্রভৃতি ইন্দ্রিয়ের দূরগতি-দ্বারা তাঁহার চাঞ্চল্য অনুভূত হয়। যখন কোন বিষয়ে মনঃ

কস্তম্মদামদন্দেবং মদন্যো-জ্ঞাতুমর্হতি ॥ ২১ ॥

মাণ্ডুক্যমেকমেবালং মুমুক্ষূণাং বিমুক্তয়ে।
তথাপ্যসিদ্ধং চেজ্‌জ্ঞানং দশোপনিষদং পঠ ॥ ২৪ ॥
জ্ঞানং লব্ধ্বাচিরাদেব মামেকং ধাম যাস্যসি।
তথাপি দৃঢ়তা নোচেদ্বিজ্ঞানস্যাঞ্জনাসুত ! ॥

---

ব্রাহ্মণ আমার সাযুজ্য প্রাপ্ত হয়। ইহার নাম ব্রহ্মানন্দকরী। জীববর্গের মঙ্গলপ্রদায়িনী সাযুজ্যমুক্তি ॥ ২২ ॥

সুসংযত হইয়া অনন্যচিত্তে নিরন্তর আমার উপাসনা করিলে জীববৃন্দের যে সাযুজ্য, সারূপ্য, সালোক্য ও নির্ব্বাণ এই চারিপ্রকার মুক্তি হইয়া থাকে, তন্মধ্যে কি উপায় অবলম্বন করিলে নির্ব্বাণ মুক্তি সুসিদ্ধ হয় তাহাই কথিত হইবে ॥ ২৩ ॥

পূর্ব্বে বর্ণিত হইয়াছে যে, উপনিষৎ পাঠে জ্ঞানের নির্ম্মলত্ব জন্মিয়া থাকে এবং জ্ঞানের নির্ম্মলতাই মুক্তির আদিকারণ। মুক্তিকামিব্যক্তিদিগের পক্ষে একমাত্র মাণ্ডুক্য উপনিষৎই মুক্তিপ্রদানে সমর্থ, সেই মাণ্ডুক্য উপনিষৎ পাঠেও যদি জ্ঞানের পরিপাক না জন্মে, তবে দশবিধ উপনিষৎ পাঠ কর ॥ ২৪ ॥

হে অঞ্জনানন্দন ! দশবিধ উপনিষৎ পাঠকরিলেই অচির-কালমধ্যে জ্ঞানের বিশুদ্ধি হইবে এবং জ্ঞানবিশুদ্ধি হইলেই মৎসাযুজ্য পদলাভে অধিকারী হইবে। হনুমন্ ! তাহাতেও যদি তোমার জ্ঞানের দৃঢ়তা না থাকে, তাহাহইলে দ্বাত্রিংশৎ

দ্বাত্রিংশাখ্যোপনিষদং সমভ্যস্য নিবর্ত্তয় ॥ ২৫ ॥

বিদেহমুক্তাবিচ্ছা চেদষ্টোত্তরশতং পঠ ॥

তাসাং ক্রমং সশান্তিঞ্চ শৃণু বক্ষ্যামি তত্ত্বতঃ ॥ ২৬ ॥

১। ২। ৩ ৪। ৫। ৬। ৭।
ঈশ কেন কঠ প্রশ্ন মুণ্ড মাণ্ডুক্য তিত্তিরিঃ।

৮। ৯। ১০।
ঐতরেয়ঞ্চ ছান্দোগ্যং বৃহদারণ্যকং তথা ॥ ২৭ ॥

১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬।
ব্রহ্ম কৈবল্য জাবাল শ্বেতাশ্বো হংস আরুণিঃ ॥

১৭। ১৮। ১৯। ২০। ২১।
গর্ভো নারায়ণো হংসো (১) বিন্দু (২) র্নাদঃ (৩)

২২। ২৩।
শিরঃ (৪) শিখা (৫) ॥২৮॥

---

সংখ্যক উপনিষৎ অভ্যাস করিয়া সংসার হইতে নিবৃত্ত হও ॥ ২৫ ॥

হনুমন! তোমার যদি দেহবিমুক্তিতে ইচ্ছা থাকে অর্থাৎ পুনঃ পুনঃ সংসারে যাতায়াত না করিয়া আনন্দধামে নিত্য সুখসম্ভোগই তোমার অভিলষিত হয়, তবে অষ্টোত্তরশত উপনিষৎ পাঠ কর। সেই সকল উপনিষদের নাম, ক্রম ও শান্তি বলিব, তুমি শ্রবণ কর ॥ ২৬ ॥

অষ্টোত্তর উপনিষদের নাম এই-ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ড, মাণ্ডুক্য, তিত্তিরি, ঐতরেয়, ছান্দোগ্য, বৃহদারণ্যক ॥ ২৭ ॥

ব্রহ্ম, কৈবল্য, জাবাল, শ্বেতাশ্ব, হংস, আরুণি, গর্ভ, নারায়ণ, পরমহংস, অমৃতবিন্দু, অমৃতনাদ, অথর্ব্ব শিরঃ, অথর্ব্ব শিখা ॥ ২৮ ॥

---

(১) হংসঃ—পরমহংসোপনিষৎ। (২) বিন্দুঃ—অমৃতবিন্দূপনিষৎ। (৩) নাদঃ—অমৃতনাদঃ। (৪) শিরঃ—অথর্ব্বশিরঃ। (৫) শিখা—অথর্ব্বশিখা।

২৪। ২৫। ২৬। ২৭।
মৈত্রায়ণী কৌষীতকী বৃহজ্জাবাল তাপনী (১)।
২৮। ২৯। ৩০। ৩১। ৩২।
কালাগ্নিরুদ্র মৈত্রেয়ী সুবাল ক্ষুরি মন্ত্রিকা ॥ ২৯ ॥
৩৩। ৩৪। ৩৫। ৩৬।
সর্ব্বসারং নিরালম্বং রহস্যং (২) বজ্রসূচিকম্ ॥
৩৭। ৩৮। ৩৯। ৪০।
তেজো (৩) নাদো (৪) ধ্যান (৫) বিদ্যা (৬)
৪১। ৪২।
যোগতত্ত্বাত্মবোধকম্ ॥ ৩০ ॥
৪৩। ৪৪। ৪৫। ৪৬।
পরিব্রাট্ (৭) ত্রিশিখী (৮) সীতা চূড়া (৯)
৪৭। ৪৮।
নির্ব্বাণ মণ্ডলম্ ॥ ১০ ॥
৪৯। ৫০। ৫১। ৫২। ৫৩।
দক্ষিণা (১১) শরভং স্কন্দং মহানারায়ণাদ্বয়ম (১২) ॥৩১॥

---

মৈত্রায়ণী, কৌষীতকী, বৃহজ্জাবাল, নৃসিংহতাপনী, কালাগ্নি-রুদ্র, মৈত্রেয়ী, সুবাল, ক্ষুরি, মন্ত্রিকা ॥ ২৯ ॥

সর্ব্বসার, নিরালম্ব, শুকরহস্য, বজ্রসূচিক, তেজোবিন্দু, নাদ-বিন্দু, ধ্যানবিন্দু, ব্রহ্মবিদ্যা, যোগতত্ত্ব, আত্মবোধক ॥ ৩০ ॥

নারদপরিব্রাট, ত্রিশিখীব্রাহ্মণ, সীতা, যোগচূড়ামণি, নির্ব্বাণ, মণ্ডল, দক্ষিণামূর্ত্তি, শরভ, স্কন্দ, মহানারায়ণ, তারক ॥ ৩১ ॥

---

(১) তাপনী—নৃসিংহতাপনী। (২) রহস্যং—শুকরহস্যম্। (৩) তেজঃ—তেজোবিন্দুঃ। (৪) নাদঃ—নাদবিন্দুঃ। (৫) ধ্যানং—ধ্যানবিন্দুঃ। (৬) বিদ্যা—ব্রহ্মবিদ্যোপনিষৎ। (৭) পরিব্রাট্—নারদপরিব্রাড়ুপনিষৎ। (৮) ত্রিশিখী—ত্রিশিখীব্রাহ্মণোপনিষৎ। (৯) চূড়া—যোগচূড়ামণ্যুপ-নিষৎ। (১০) মণ্ডলং—মণ্ডলব্রাহ্মণোপনিষৎ। (১১) দক্ষিণা—দক্ষিণামূর্ত্ত্যুপনিষৎ। (১২) অদ্বয়ং—তারকোপনিষৎ।

৫৪। ৫৫। ৫৬। ৫৭।
রহস্যং (১) রামতপনং বাসুদেবঞ্চ মুদ্গলম্ ॥

৫৮। ৫৯। ৬০। ৬১। ৬২।
শাণ্ডিল্যং পৈঙ্গলং ভিক্ষুং মহচ্ছা (২) রীরকং (৩)

৬৩।
শিখা (৪) ॥ ৩২ ॥

৬৪। ৬৫। ৬৬। ৬৭।
তুরীয়াতীত সংন্যাস পরিব্রাজা (৫) ক্ষমালিকা ॥

৬৮। ৬৯। ৭০। ৭১। ৭২। ৭৩। ৭৪।
অব্যক্তৈকাক্ষরং পূর্ণা (৬) সূর্য্যাক্ষ্যধ্যাত্ম কুণ্ডিকা ॥ ৩৩॥

৭৫। ৭৬। ৭৭। ৭৮। ৭৯।
সাবিত্র্যাত্মা পাশুপতং পরব্রহ্মাবধূতকম্।

৮০। ৮১। ৮২। ৮৩। ৮৪।
ত্রিপুরাতপনং দেবী ত্রিপুরা কঠ (৭) ভাবনা ॥ ৩৪ ॥

---

রামরহস্য, রামতপন, বাসুদেব, মুদ্গল, শাণ্ডিল্য, পৈঙ্গল, ভিক্ষু, মহৎ, শারীরক, যোগশিখা ॥ ৩২ ॥

তুরীয়াতীত, সংন্যাস, পরমহংসপরিব্রাজ, অক্ষমালিকা, অব্যক্ত, একাক্ষর, অন্নপূর্ণা, সূর্য্য, অক্ষি, অধ্যাত্ম, কুণ্ডিকা ॥ ৩৩ ॥

সাবিত্র্যা, আত্মা, পাশুপত, পরব্রহ্ম, অবধূত, ত্রিপুরাতপন, দেবী, ত্রিপুরা, কঠরুদ্র, ভাবনা ॥ ৩৪ ॥

---

(১) রহস্যং—রামরহস্যোপনিষৎ। (২) মহৎ—মহোপনিষৎ। (৩) শারীবকং—শারীরকোপনিষৎ। (৪) শিখা—যোগশিখোপনিষৎ। (৫) পবিব্রাজঃ—পরমহংসপরিব্রাজকোপনিষৎ। (৬) পূর্ণা—অন্নপূর্ণো-পনিষৎ। (৭) কঠঃ—কঠরুদ্রোপনিষৎ।

৮৫। ৮৬। ৮৭। ৮৮। ৮৯।
হৃদয়ং কুণ্ডলী (১) ভস্ম (২) রুদ্রাক্ষ গণ (৩)
৯০।
দর্শনম্ (৪)।

৯১। ৯২। ৯৩। ৯৪।
তারসার মহাবাক্য পঞ্চব্রহ্মাগ্নিহোত্রকম্ (৫)॥ ৩৫ ॥

৯৫। ৯৬। ৯৭। ৯৮।
গোপালতপনং কৃষ্ণং যাজ্ঞবল্ক্যং বরাহকম্।

৯৯। ১০০। ১০১। ১০২।
শাট্যায়নী হয়গ্রীবং দত্তাত্রেয়ং চ গারুড়ম্।

১০৩। ১০৪। ১০৫। ১০৬। ১০৭।
কলি (৬) জাবালি সৌভাগ্য রহস্য (৭) ঋচ
১০৮।
মুক্তিকাঃ ॥ ৩৬ ॥

এবমষ্টোত্তরশতং ভাবনাত্রয়নাশনম্।

---

হৃদয়, যোগকুণ্ডলী, ভস্মজাবাল, রুদ্রাক্ষ, গণপতি, জাবাল-দর্শন, তারসার, মহাবাক্য, পঞ্চব্রহ্ম, প্রাণাগ্নিহোত্র, ॥ ৩৫ ॥

গোপালতপন, কৃষ্ণ, যাজ্ঞবল্ক্য, বরাহক, শাট্টায়নী, হয়গ্রীব, দত্তাত্রেয়, গারুড়, কলিসন্তরণ, জাবালি, সৌভাগ্য, সরস্বতী রহস্য, ঋচ ও মুক্তিকোপনিষৎ ॥ ৩৬ ॥

উক্ত অষ্টোত্তরশত উপনিষৎ মনুষ্যবর্গের আধিদৈবিক, আধিভৌতিক ও আধ্যাত্মিক এই তাপত্রয় বিনাশ করে। অষ্টোত্তরশত উপনিষদের গূঢ় তাৎপর্য্যাদি সমুদয় হৃদয়ঙ্গম

---

(১) কুণ্ডলী—যোগকুণ্ডল্যুপনিষৎ। (২) ভস্মঃ—ভস্মজাবালোপনিষৎ। (৩) গণঃ—গণপত্যুপনিষৎ। (৪) দর্শনং—জাবালদর্শনোপনিষৎ। (৫) অগ্নিহোত্রকং—প্রাণাগ্নিহোত্রোপনিষৎ। (৬) কলিঃ—কলিসন্তরণো-পনিষৎ। (৭) রহস্যঃ—সরস্বতীরহস্যোপনিষৎ।

জ্ঞানবৈরাগ্যদং পুংসাং বাসনাত্রয়নাশনম্ ॥ ৩৭ ॥
পূর্ব্বোত্তরেষু বিহিতস্তত্তচ্ছান্তিপুরঃসরম্।
বেদবিদ্যাব্রতস্নাতদেশিকস্য মুখাৎ স্বয়ম্ ॥ ৩৮ ॥
গৃহীত্বাষ্টোত্তরশতং যে পঠন্তি দ্বিজোত্তমাঃ।
প্রারব্ধক্ষয়পর্য্যন্তং জীবন্মুক্তা ভবন্তি তে ॥ ৩৯ ॥
ততঃ কালবশাদেব প্রারব্ধে তু ক্ষয়ং গতে।
বৈদেহীং মামকীং মুক্তিং যান্তি নাস্ত্যত্র সংশয়ঃ॥ ৪০ ॥
সর্ব্বোপনিষদাং মধ্যে সারমষ্টোত্তরং শতম্।
সকৃৎ শ্রবণমাত্রেণ সর্ব্বাঘৌঘনিকৃন্তনম্ ॥ ৪১ ॥

---

করিতে পারিলে মানবগণের দিব্যজ্ঞান উদিত হয়, সংসার বৈরাগ্য জন্মে এবং অসার সংসারের বাসনা নিবারণ হয় ॥ ৩৭ ॥

যাহারা বেদবিদ্যাবিশারদ, ব্রতপরায়ণ, স্নানবিশুদ্ধদেহ, এবং আত্মতত্ত্ববিদ্ সদ্গুরুর মুখকমল হইতে পূর্ব্বপশ্চাৎ বিহিত স্বস্বশান্তি মন্ত্রের সহিত অষ্টোত্তরশত উপনিষৎ শ্রবণ করিয়া তৎপ্রসঙ্গে আলোচনা করে, তাহারা পূর্ব্বসঞ্চিত পাপপুণ্য ক্ষয়পর্য্যন্ত জীবন্মুক্ত হইয়া থাকে ॥ ৩৮-৩৯ ॥

অনন্তর পূর্ব্বার্জ্জিত ধর্ম্মাধর্ম্ম পরিক্ষয় প্রাপ্ত হইলে দেহ বিসর্জ্জন করিয়া মৎসাযুজ্যাদি মুক্তিপদ লাভ করে, ইহাতে অণুমাত্র সংশয় নাই ॥ ৪০ ॥

যতপ্রকার উপনিষৎ আছে, তন্মধ্যে পূর্ব্বকথিত অষ্টোত্তর-শত উপনিষৎই সারতম, এই অষ্টোত্তরশত উপনিষৎ একবার-মাত্র কর্ণকুহরে প্রবিষ্ট হইলে শ্রোতৃবর্গের সর্ব্বপ্রকার পাপরাশি বিনষ্ট হয় ॥ ৪১ ॥

ময়োপদিষ্টং শিষ্যায় তুভ্যং পবননন্দন ! ।
ইদং শাস্ত্রং ময়াদিষ্টং গুহ্যমষ্টোত্তরং শতম্ ॥ ৪২ ॥
জ্ঞানতোঽজ্ঞানতো বাপি পঠতাং বন্ধমোচকম্ ।
রাজ্যং দেয়ং ধনং দেয়ং যাচতঃ কামপূরণম্ ॥ ৪৩ ॥
ইদমষ্টোত্তরশতং ন দেয়ং যস্য কস্যচিৎ ।
নাস্তিকায় কৃতঘ্নায় দুরাচাররতায় বৈ ॥ ৪৪ ॥
মদ্ভক্তিবিমুখায়াপি শাস্ত্রগর্ত্তেষু মুহ্যতে ।
গুরুভক্তিবিহীনায় দাতব্যং ন কদাচন ॥ ৪৫ ॥

---

পবননন্দন্ ! তুমি আমার প্রিয়শিষ্য, আমি তোমাকে এই অষ্টোত্তরশত উপনিষৎ উপদেশ করিলাম। আমার উপদিষ্ট ঐ অষ্টোত্তরশত উপনিষৎ অতিগোপনীয় এবং তুমিও উক্ত উপনিষৎসকল অতিগোপনে রাখিবে ॥ ৪২ ॥

যে ব্যক্তি জ্ঞানতঃ কিম্বা অজ্ঞানতঃ প্রসঙ্গক্রমেও যদি এক-বারমাত্র মদুক্ত অষ্টোত্তরশত উপনিষতের মন্ত্রাদি সমুদয় অভ্যাস করে, সেই ব্যক্তি ভববন্ধন হইতে মুক্ত হয়। যদি কেহ রাজ্য কিম্বা ধনপ্রার্থনা করে, তবে যাচকের কামানানুসারে তাহাকে সেই অভিলষিত রাজ্য ও ধন প্রদান করিবে, তথাপি সাধারণ মনুষ্যকে এই অষ্টোত্তরশত উপনিষৎ প্রদান করিবে না ॥৪৩॥

যাহারা ঈশ্বর স্বীকার করে না, যাহারা পরকৃত উপকারকে উপকার বলিয়া মানে না, যাহারা দুষ্ক্রিয়াতে আশক্ত, যাহারা মদ্ভক্তিবিহীন হইয়া কেবল শাস্ত্রচর্চ্চাতে নিরত থাকে, যাহারা গুরুদেবে ভক্তি করে না, তাহাদিগকে কদাচ এই উপনিষৎ প্রদান করিবে না ॥ ৪৪-৪৫ ॥

সেবাপরায় শিষ্যায় হিতপুত্রায় মারুতে!।
মদ্ভক্তায় সুশীলায় কুলীনায় সুমেধসে ॥ ৪৬ ॥
সম্যক্ পরীক্ষ্য দাতব্যমেবমষ্টোত্তরং শতম্।
যঃ পঠেচ্ছৃণুয়াদ্বাপি স মামেতি ন সংশয়ঃ ॥ ৪৭ ॥

তদেতদৃচাভ্যুক্তম্।

বিদ্যা হবৈ ব্রাহ্মণমাজগাম গোপায় মা সেবধিষ্টেঽহমস্মি।
অসূয়কায়ানৃতবে শঠায় মামাক্রয়াদ্বীর্য্যবতী তথাস্যাম্ ॥৪৮॥
যমেবৈষ বিদ্যা শ্রুতমপ্রমত্তং মেধাবিনং ব্রহ্মচর্য্যোপপন্নম্।

---

হে মারুতনন্দন! যে সকল শিষ্য মৎসেবাপরায়ণ, শুভ-কার্য্যে তৎপর, মদ্ভক্তিতে একান্ত অনুরক্ত, সৎস্বভাবযুক্ত, কুলীন ও তীক্ষ্ণমেধাবিশিষ্ট তাহাদিগকেও উত্তমরূপে পরীক্ষা করিয়া এই অষ্টোত্তরশত-উপনিষৎ প্রদান করিবে। যে ব্যক্তি এই উপনিষৎ সকল ভক্তিসহকারে অভ্যাস বা শ্রবণ করে, সেই ব্যক্তি নিশ্চয় আমাকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪৬-৪৭ ॥

বেদে কথিত আছে যে, ব্রাহ্মণই বেদবিদ্যার অধিকারী, ব্রাহ্মণ উক্ত বিদ্যাকে সর্ব্বদা গোপন করিয়া রাখিবে। যাহারা সর্ব্বদা পরনিন্দা করিয়া থাকে এবং যে সকল লোক কপট-চারী ও শঠ তাহাদিগের নিকট উক্ত বিদ্যাপ্রকাশ করিবে না। এইরূপ করিলেই ঐ বিদ্যা বীর্য্যবতী হয় ॥ ৪৮ ॥

শাস্ত্রানুশীলনে তৎপর, অপ্রমত্ত, মেধাবী ও ব্রহ্মচর্য্যব্রত-পরায়ণ এইরূপ ব্যক্তি বেদ অভ্যাস করিবার জন্য গুরুসমীপে

অস্মাইমামুপসন্নায় সম্যক্ পরীক্ষ্য দদ্যাদ্বৈষ্ণবীমাত্ম-
নিষ্ঠামিতি ॥ ৪৯ ॥

অথ হৈনং শ্রীরামচন্দ্রং মারুতিঃ পপ্রচ্ছ।
ঋগ্বেদাদিবিভাগেন পৃথক্ শান্তিমনুব্রূহীতি ॥ ৫০ ॥

সহোবাচ শ্রীরামঃ।

১। ঐতরেয় ২। কৌষীতকী ৩। নাদবিন্দ্বা ৪। ত্মপ্রবোধ ৫। নির্ব্বাণ ৬। মুদ্গালা ৭। ক্ষমালিকা ৮। ত্রিপুরা ৯। সৌভাগ্য ১০। বহ্বৃচানা মৃগ্বেদ-
গতানাং দশসংখ্যকানামুপনিষদাং বাঙ্‌মে (১) মনসীতি
শান্তিঃ ॥ ৫১ ॥

---

উপস্থিত হইলে গুরুদেব আসন্নশিষ্যকে সম্যক্‌রূপে পরীক্ষা
করিয়া বৈষ্ণবী দীক্ষা প্রদান করিবেন ॥ ৪৯ ॥

অনন্তর পবনতনয় হনুমান শ্রীরামচন্দ্রকে পুনর্ব্বার জিজ্ঞাসা
করিলেন। কোন্ কোন্ বেদের কি কি শান্তিমন্ত্র, আছে তাহা
অনুগ্রহ করিয়া আমার নিকট বলুন ॥ ৫০ ॥

শ্রীরামচন্দ্র বলিলেন, ঐতরেয়, কৌষীতকী, নাদবিন্দু, আত্ম-
প্রবোধ, নির্ব্বাণ, মুদ্গালা, অক্ষমালিকা ত্রিপুরা ও বহ্বৃচ ঋগ্বে-
দান্তর্গত উক্ত দশোপনিষদের বাঙ্মে মনসি ইত্যাদি শান্তি-
মন্ত্র ॥ ৫১ ॥

---

(১)। ওঁ বাঙ্মে মনসি প্রতিষ্ঠিতা মনো মে বাচি প্রতিষ্ঠিত মাবিরাবী-
র্মএধি বেদস্য মআণীস্থঃ শ্রুতং মে মা প্রহাসীরনেনাধী তে নাহোরাত্রান্
সন্দধামৃতং বদিষ্যামি সত্যং বদিষ্যামি তন্মামবতু তদ্বক্তারমবত্ববতু মাম
বতু বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওম্।

১। ২। ৩। ৪। ৫। ৬।
ঈশাবাস্য বৃহদারণ্যক জাবাল হংস পরমহংস সুবাল
৭। ৮। ৯। ১০। ১১।
মন্ত্রিকা নিরালম্ব ত্রিশিখী ব্রাহ্মণমণ্ডল ব্রাহ্মণদ্বয়-
১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭।
তারক পৈঙ্গল ভিক্ষু তুরীয়াতীতাধ্যাত্ম তারসার যাজ্ঞ-
১৮। ১৯।
বল্ক্য শাট্যায়নী মুক্তিকানাং শুক্ল-যজুর্ব্বেদ-গতানামে-
কোনবিংশতিসংখ্যকানামুপনিষদাং পূর্ণমদঃ (১) ইতি
শান্তিঃ ॥ ৫২ ॥

১। ২। ৩। ৪। ৫। ৬।
কঠবল্লী তৈত্তিরীয়ক ব্রহ্ম কৈবল্য শ্বেতাশ্বতর গর্ভ
৭। ৮। ৯। ১০। ১১। ১২।
নারায়ণামৃতবিন্দ্ব মৃতনাদ কালাগ্নিরুদ্র ক্ষুরিকা সর্ব্বসার
১৩। ১৪। ১৫। ১৬। ১৭।
শুকরহস্য তেজোবিন্দু ধ্যানবিন্দু ব্রহ্মবিদ্যা যোগতত্ত্ব

---

ঈশ, বৃহদারণ্যক, জাবাল, হংস, পরমহংস, সুবাল, মন্ত্রিকা, নিরালম্ব, ত্রিশিখী, ব্রাহ্মণমণ্ডল, ব্রাহ্মণদ্বয়তারক, পৈঙ্গল, ভিক্ষু, তুরীয়, অতীতাধ্যাত্ম, তারসার, যাজ্ঞবল্ক্য, শাট্যায়নী ও মুক্তিকা, শুক্লযজুর্ব্বেদান্তর্গত উক্ত একোনবিংশতিসংখ্যক-উপনিষতের পূর্ণমদঃ ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫২ ॥

কঠবল্লী, তৈত্তিরীয়ক, ব্রহ্ম, কৈবল্য, শ্বেতাশ্বতর, গর্ভ, নারায়ণ, অমৃতবিন্দু, অমৃতনাদ, কালাগ্নিরুদ্র, ক্ষুরিকা, সর্ব্বসার, শুকরহস্য, তেজোবিন্দু, ধ্যানবিন্দু, ব্রহ্মবিদ্যা, যোগতত্ত্ব,

---

(১)। ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥ হরিঃ ওম্।

১৮। ১৯। ২০। ২১ ২২। ২৩। ২৪।
দক্ষিণামূর্ত্তি স্কন্দ শারীরক যোগশিখৈকাক্ষরাক্ষ্যবধূত
২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০।
কঠরুদ্র হৃদয় যোগকুণ্ডলিনী পঞ্চব্রহ্ম প্রাণাগ্নিহোত্র বরাহ
৩১। ৩২।
কলিসন্তরণ সরস্বতীরহস্যানাং কৃষ্ণযজুর্ব্বেদগতানাং দ্বাত্রিং-
শৎসংখ্যকানামুপনিষদাং সহনাববর্ত্বিতি (১) শান্তিঃ ॥ ৫৩ ॥

১। ২। ৩। ৪। ৫। ৬।
কেন চ্ছান্দোগ্যারুণি মৈত্রায়ণী মৈত্রেয়ী বজ্রসূচিক
৭। ৮। ৯। ১০। ১১। ১২।
যোগচূড়ামণি বাসুদেব মহৎ সংন্যাসাব্যক্ত কুণ্ডিকা
১৩। ১৪। ১৫। ১৬।
সাবিত্রী রুদ্রাক্ষ জাবালদর্শন জাবালীনাং সামবেদ-
গতানাং ষোড়শসংখ্যকানামুপনিষদামাপ্যায়ন্ত্বিতি (২)
শান্তিঃ ॥ ৫৪ ॥

---

দক্ষিণামূর্ত্তি, স্কন্দ, শারীরক, যোগশিখা, একাক্ষর, অক্ষি, অবধূত, কঠরুদ্র, হৃদয়, যোগকুণ্ডলিনী, পঞ্চব্রহ্ম, প্রাণাগ্নি-হোত্র, বরাহ, কলিসন্তরণ ও সরস্বতীরহস্য কৃষ্ণ যজুর্ব্বেদান্তর্গত উক্ত দ্বাত্রিংশৎ সংখ্যক উপনিষতের সহনাববতু ইত্যাদি শান্তি-মন্ত্র ॥ ৫৩ ॥

কেন, ছান্দোগ্য, আরুণি, মৈত্রায়ণী, মৈত্রেয়ী, বজ্রসূচিক, যোগচূড়ামণি, বাসুদেব, মহৎ, সংন্যাস, অব্যক্ত, কুণ্ডিকা,

---

(১)। ওঁ সহনাববতু সহনৌ ভুনক্তু সহবীর্য্যং করবাবহৈ। তেজস্বিনাবধীতমস্তু মাবিদ্বিষাবহৈ ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ হরিঃ ওঁ ॥

(২)। ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্‌প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথোবলমিন্দ্রিয়াণিচ সর্ব্বাণি সর্ব্বং ব্রহ্মোপনিষদম্। মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মামাব্রহ্মনিরাকরোদনিরাকরণমস্তুনিরাকরণমেহস্তু তদাত্মনি নিরতেয় উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু ॥ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ॥ হরিঃ ওঁ ॥

১। ২। ৩। ৪। ৫। ৬।
প্রশ্ন মুণ্ডক মাণ্ডুক্যাথর্ব্বশিরোঽথর্ব্বশিখা বৃহজ্জাবাল
৭। ৮। ৯। ১০। ১১।
নৃসিংহতাপনী নারদপরিব্রাজক সীতা সরভ মহানারায়ণ
১২। ১৩। ১৪। ১৫। ১৬।
রামরহস্য রামতাপনী শাণ্ডিল্য পরমহংস পরিব্রাজকান্ন-
১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২।
পূর্ণা সূর্য্যাত্ম পাশুপত পরব্রহ্ম ত্রিপুরাতপন দেবী ভাবনা
২৩। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮।
ভস্ম জাবাল গণপতি মহাবাক্য গোপালতাপন কৃষ্ণ হয়-
২৯। ৩০। ৩১।
গ্রীব দত্তাত্রেয় গারুড়ানামথর্ব্ববেদগতানামেকত্রিশৎসংখ্য-
কানামুপনিষদাং ভদ্রং কর্ণেভিরিতি (১) শান্তিঃ ॥ ৫৫ ॥

---

সাবিত্রী, রুদ্রাক্ষ, জাবালদর্শন ও জাবালী সামবেদান্তর্গত উক্ত ষোড়শ সংখ্যক উপনিষদের আপ্যায়স্ত ইত্যাদি শান্তিমন্ত্র ॥৫৪॥

প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, অথর্ব্বশিরঃ, অথর্ব্বশিখা, বৃহজ্জাবাল, নৃসিংহতাপনী, নারদপরিব্রাজ, সীতা, সরভ, মহানারায়ণ, রামরহস্য, রামতাপনী, শাণ্ডিল্য, পরমহংসপরিব্রাজ, অন্ন-পূর্ণা, সূর্য্যাত্ম, পাশুপত, পরব্রহ্ম, ত্রিপুরাতপন, দেবী, ভাবনা, ভস্ম, জাবাল, গণপতি, মহাবাক্য, গোপালতাপন, কৃষ্ণ, হয়-গ্রীব, দত্তাত্রেয় ও গারুড় অথর্ব্ববেদান্তর্গত এই একত্রিংশৎ উপনিষদের ভদ্রং কর্ণেভিঃ ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫৫ ॥

---

(১) ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দবাভদ্রং পশ্যেম অক্ষভির্যজত্রা। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভির্ব্ব্যশমদেবহিতং যদায়ুঃ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥ হরিঃ ওঁ ॥

মুমুক্ষবঃ পুরুষাঃ সাধনচতুষ্টয়সম্পন্নাঃ শ্রদ্ধাবন্তঃ সৎ-কুলভবং শ্রোত্রিয়ং শাস্ত্রবাৎসল্যং গুণবন্তমকুটিলং সর্ব্ব-ভূতহিতে রতং দয়াসমুদ্রং সদ্‌গুরুং বিধিবদুপসঙ্গম্যাপহার-পাণয়োঽষ্টোত্তরশতোপনিষদং বিধিবদধীত্য শ্রবণমনন-নিদিধ্যাসনানি নৈরন্তর্য্যেণ কৃত্বা প্রারব্ধক্ষয়াদ্দেহত্রয়ভঙ্গং প্রাপ্যোপাধিবিনির্ম্মুক্তঘটাকাশবৎ পরিপূর্ণতা বিদেহ-মুক্তিঃ সৈব কৈবল্যমুক্তিরিতি। অতএব ব্রহ্মলোকস্থা অপি ব্রহ্মমুখাদ্বেদান্তশ্রবণাদিং কৃত্বা তেন সহ কৈবল্যং লভন্তে। অতঃ সর্ব্বেষাং কৈবল্যমুক্তির্জ্ঞানমাত্রেণোক্তা। ন কর্ম্মসাঙ্খ্যযোগোপাসনাদিভিরিত্যুপনিষৎ॥ ৫৬॥

ইতি প্রথমোঽধ্যায়ঃ।

---

যাঁহারা মুক্তি অভিলাষ করেন, তাঁহারা চতুষ্টয় সাধন * যুক্ত হইয়া শ্রদ্ধাবান্ সৎকুলসম্ভূত, ব্রাহ্মণ, শাস্ত্রানুরক্ত, গুণবান্, সরলান্তঃকরণ, প্রাণিবর্গের হিতকার্য্যে নিরত ও দয়াশীল সদ্-গুরুর নিকটে বিধিপূর্ব্বক গমন করিয়া কৃতাঞ্জলিপুটে যথাবিধি অষ্টোত্তরশত উপনিষৎ অভ্যাস করিয়া যাবৎকাল পূর্ব্বসঞ্চিত পাপপুণ্যক্ষয় না হয়, তাবৎকাল নিরন্তর শ্রবণ, মনন ও নিদি-ধ্যাসন করিবে, অনন্তর যখন পূর্ব্বার্জ্জিত পাপ পুণ্য ক্ষয় হইবে, তৎকালে স্থূল, সূক্ষ্ম এবং অতিবাহিক এই তিন দেহভঙ্গ

---

* (১) নিত্য ও অনিত্য বস্তুবিচার, (২) ইহকালে ও পরকালে ফলভোগের ইচ্ছাভাব, (৩) শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান ও শ্রদ্ধা এই সকল সম্পত্তি (৪) মোক্ষাভিলাষ।

## দ্বিতীয়োঽধ্যায়ঃ।

তথাহৈনমং শ্রীরামচন্দ্রং মারুতিঃ পপ্রচ্ছ।

কেয়ং জীবন্মুক্তিঃ কেয়ং বিদেহমুক্তিঃ কিম্বা তত্র প্রমাণং কথং বা তৎসিদ্ধিঃ সিদ্ধ্যা বা কিং প্রয়োজনমিতি ॥ ১ ॥

---

হইয়া জীব ও আত্মার ঐক্য জ্ঞান জন্মিবে, যেমন যাবৎ কাল ঘট বিদ্যমান থাকে, তাবৎকাল ঐ ঘটমধ্যগত আকাশকে পৃথক্ বলিয়া বোধ হয়, যখন উক্ত ঘট নষ্ট হইয়া যায় তৎকালে আর ঐ ঘটাকাশের প্রার্থক্য প্রতীতি হয় না, কেবল একমাত্র নিরুপাধি মহাকাশই প্রতীত হয়। তেমন হৃদয়াকাশে অদ্বিতীয় পূর্ণব্রহ্ম জ্ঞান আবির্ভূত হইয়া থাকে। ইহাকেই বিদেহ মুক্তি অর্থাৎ কৈবল্য মুক্তি বলে। অতএব যাঁহারা ব্রহ্মলোকে অবস্থিতি করেন, তাঁহারাও ব্রহ্মমুখ হইতে বেদান্তাদি শ্রবণ করিয়া সেই বেদান্ত প্রসাদেই কৈবল্য লাভ করিয়া থাকেন। এই নিমিত্ত ব্রহ্মজ্ঞানই বিদেহ মুক্তির কারণ। কদাচ ব্রহ্মজ্ঞান ব্যতিরেকে কর্ম্মযোগোপাসনাদিদ্বারা বিদেহ মুক্তি হয় না ॥ ৫৬ ॥

প্রথম অধ্যায় সমাপ্ত।

---

অনন্তর পবনতনয় হনুমান্ শ্রীরামচন্দ্রকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, প্রভো! জীবন্মুক্তি কি? এবং বিদেহ মুক্তিই বা কাহাকে বলে? উক্ত মুক্তিদ্বয়ের কি প্রমাণ আছে? কি কারণেই বা সেই মুক্তি হইয়া থাকে? এবং মুক্তি হইলেই বা কি প্রয়োজন সিদ্ধ হয় ॥ ১ ॥

সহোবাচ শ্রীরামঃ।

পুরুষস্য কর্তৃত্ব-ভোক্তৃত্ব-সুখদুঃখাদিলক্ষণশ্চিত্তধর্ম্মঃ ক্লেশরূপত্বাদ্বন্ধো ভবতি। তন্নিরোধনং জীবন্মুক্তিঃ। উপাধি-বিনির্ম্মুক্তঘটাকাশবৎ প্রারব্ধক্ষয়াদ্বিদেহমুক্তিঃ। জীবন্মুক্তি বিদেহমুক্ত্যোরষ্টোত্তরশতোপনিষদঃ প্রমাণম্। কর্তৃত্বাদি দুঃখনিবৃত্তিদ্বারা নিত্যানন্দাবাপ্তিঃ প্রয়োজনং ভবতি। তৎ-পুরুষপ্রযত্নসাধ্যং ভবতি। যথা পুত্রকামেষ্টিনা পুত্রং

---

শ্রীরামচন্দ্র বলিলেন, আমি কর্ত্তা, আমি ভোক্তা, এই সুখ, এই দুঃখ ইত্যাদি জ্ঞানই মনুষ্যবর্গের চিত্তবৃত্তি ধর্ম্ম, উক্ত ধর্ম্ম মনুষ্যগণকে অশেষ ক্লেশে নিপাতিত করিয়া বদ্ধ রাখিয়াছে। যৎকালে উক্ত জ্ঞান সকল লয় হইয়া আত্মাতে একমাত্র ব্রহ্মজ্ঞান উদিত হয়, তখনই মনুষ্য মুক্তিলাভ করে, ঐ মুক্তিকে জীবন্মুক্তি বলিয়া থাকে। যেমন ঘটাকাশ মহাকাশে মিশ্রিত হইলে নিরুপাধি আকাশ প্রতীত হয়, তদ্রূপ পূর্ব্বকৃত শুভাশুভ অদৃষ্ট বিনষ্ট হইয়া জীব ও আত্মার ঐক্য জ্ঞান জন্মে। তাহা-কেই বিদেহ মুক্তি বলিয়া থকে। অষ্টোত্তরশত উপনিষতেই উক্ত জীবন্মুক্তি ও বিদেহ মুক্তিদ্বয়ের প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। কর্তৃত্ব ভোক্তৃত্বাদি জ্ঞানের নিবৃত্তি হইয়া সর্ব্বদা সুখানুভবই মুক্তির প্রয়োজন। মুক্ত পুরুষের কোন দুঃখানুভব হয় না, সর্ব্বদা পরমানন্দ অনুভূত হয়। এই হেতু লোকে মুক্তি-কামনা করিয়া থাকে। ঐ মুক্তিও পুরুষের যত্নের অনায়ত্ত নহে। মনুষ্যগণ সবিশেষ যত্ন করিলেই মুক্তিপদ পাইতে পারে। যেমন পুত্রকামী ব্যক্তি পুত্রেষ্টি যজ্ঞ করিয়া পুত্রলাভ করে, ধনার্থী বাণিজ্যাদিদ্বারা ধনপ্রাপ্ত হয়। স্বর্গাভিলাষী জ্যোতিষ্টো-

বাণিজ্যাদিনা বিত্তং জ্যোতিষ্টোমেন স্বর্গং তথা পুরুষপ্রযত্নসাধ্যবেদান্তশ্রবণাদিজনিতসমাধিনা জীবন্মুক্ত্যাদিলাভো ভবতি। সর্ব্ববাসনা ক্ষয়াত্তল্লাভঃ ॥ ২ ॥

অত্র শ্লোকা ভবন্তি।

উচ্ছাস্ত্রং শাস্ত্রিতং চেতি পৌরুষং দ্বিবিধং মতম্।
তত্রোচ্ছাস্ত্রমনর্থায় পরমার্থায় শাস্ত্রিতম্ ॥ ৩ ॥
লোকবাসনয়া জন্তোঃ শাস্ত্রবাসনয়াপি চ।
দেহবাসনয়া জ্ঞানং যথাবন্নৈব জায়তে ॥ ৪ ॥
দ্বিবিধো বাসনাব্যূহঃ শুভশ্চৈবাশুভশ্চ তৌ।
বাসনৌঘেন শুদ্ধেন তত্র চেদনুনীয়সে ॥ ৫ ॥

---

মাদিদ্বারা স্বর্গ পায়, তেমন মনুষ্যগণ আত্মতত্ত্ববিদ্ পণ্ডিতগণের নিকট যত্নপূর্ব্বক বেদান্তাদি শ্রবণকরিয়া সমাধিদ্বারা জীবমুক্তি প্রভৃতি অভিলষিত মুক্তিলাভে অধিকারী হইতে পারে। সর্ব্বপ্রকার বাসনা পরিত্যাগ করিতে পারিলেই মুক্তিলাভ হইয়া থাকে ॥ ২ ॥

আত্মতত্ত্ববিদ্ পণ্ডিতগণ বলেন পুরুষের শক্তি দুই প্রকার, প্রথম শাস্ত্রবিগর্হিত, দ্বিতীয় শাস্ত্রানুযায়িনী ঐ দ্বিবিধ শক্তির মধ্যে শাস্ত্রবিগর্হিত শক্তি মনুষ্যমাত্রেরই অনর্থ সংঘটন করে, শাস্ত্রানুসারিণী শক্তি পরমার্থ প্রদান করে ॥ ৩ ॥

লোকবাসনা, শাস্ত্রবাসনা ও দেহবাসনা এই ত্রিবিধ বাসনার মধ্যে কোন বাসনাদ্বারাই মনুষ্যের যথার্থ ঈশ্বর জ্ঞান জন্মিতে পারে না ॥ ৪ ॥

মনুষ্যের বাসনা দুই প্রকার, শুভবাসনা ও অশুভবাসনা শুভবাসনাদ্বারাই মনুষ্য ঈশ্বরকে জানিতে পারে। হনুমন্!

তৎ ক্রমেণাশু তেনৈব মামকং পদমাপ্নুহি।
অথ চেদশুভোভাবস্ত্বাং যোজয়ত্যতিসঙ্কটে॥ ৬॥
প্রাক্তনস্তদসৌ যত্নাজ্জেতব্যো ভবতা কপে!।
শুভাশুভাভ্যাং মার্গাভ্যাং বহন্তী বাসনাসরিৎ।
পৌরুষেণ প্রযত্নেন যোজনীয়া শুভে পথি॥ ৭॥
অশুভেষু সমাবিষ্টং শুভেষ্বেবাবতারয়েৎ।
অশুভাচ্চালিতং যাতি শুভং তস্মাদপীতরৎ॥ ৮॥
পৌরুষেণ প্রযত্নেন লালয়েচ্চিত্তবালকম্।
দ্রাগভ্যাসবশাদ্‌যাতি যদা তে বাসনাদ্বয়ম্।

---

তুমি সেই শুভবাসনার অনুবর্ত্তী হইয়া কার্য্যানুষ্ঠান কর, তাহা-হইলেই আমার নিত্যধাম পাইবে। অশুভবাসনা তোমাকে মহাশঙ্কটে নিয়োজিত করিবে॥ ৫-৬॥

কপিবর! তুমি যত্নপূর্ব্বক পূর্ব্বার্জ্জিত পাপপুণ্য জয় কর, বাসনানদী অনবরত শুভাশুভ পথ দিয়া বহিতেছে। তুমি স্বীয় পুরুষকার দ্বারা সবিশেষ যত্ন করিয়া বাসনা নদীকে শুভ পন্থায় প্রবাহিত কর॥ ৭॥

যে বাসনা অশুভপথে প্রবিষ্ট হইয়াছে, সেই বাসনাকে শুভ-কার্য্যে নিয়োজিত করিবে। অশুভবাসনা চিত্তকে পরিচালিত করে, এই জন্য সর্ব্বদা শুভবাসনায় চিত্তার্পণ কর॥ ৮॥

মনুষ্য যত্নপূর্ব্বক স্বীয় পৌরুষদ্বারা চিত্তরূপ বালককে লালন করিবে। চিত্ত বশীভূত হইলেই সর্ব্বকার্য্য সিদ্ধ হয়। যখন বাসনা উভয় পথে পরিচালিত হইতে থাকে, তখন অভ্যাসবশতঃ অশুভপথ হইতে নিবর্ত্তিত করিয়া শুভপথে

তদাভ্যাসস্য সাফল্যং বিদ্ধি ত্বমরিমর্দ্দন ! ॥ ৯ ॥
সন্দিগ্ধায়ামপি ভৃশং শুভামেব সমাচর।
শুভায়াং বাসনাবৃদ্ধৌ ন দোষায় মরুৎসুত ॥ ১০ ॥
বাসনাক্ষয়বিজ্ঞানমনোনাশা মহামতে ! ।
সমকালং চিরাভ্যস্তা ভবন্তি ফলদা মতাঃ ॥ ১১ ॥
ত্রয়মেব সমং যাবন্নাভ্যস্তঞ্চ পুনঃ পুনঃ।
তাবন্ন পদসংপ্রাপ্তির্ভবত্যপি সমাশতৈঃ ॥ ১২ ॥
একৈকশো নিষেব্যন্তে যদ্যেতে চিরমপ্যলম্।

---

প্রেরণ করিবে। হে পরন্তপ! ইহাতেই বাসনা সফল হইয়া থাকে ॥ ৯ ॥

হে পবননন্দন! যৎকালে বাসনাদ্বয়ের সন্দেহ উপস্থিত হইবে, তখন যাহাতে শুভবাসনার উদ্ভব হয়, সেইরূপ কার্য্য করিবে। শুভবাসনার বৃদ্ধি হইলে কদাচ দোষাশঙ্কা থাকে না ॥ ১০ ॥

বাসনাক্ষয়, বিজ্ঞান ও মনোনাশ এই তিনটি কার্য্য সমকালে অভ্যাস করিবে। এই প্রকারে বহুকাল অভ্যাস করিলেই উক্ত কার্য্যত্রয়ের ফল পাওয়া যায় ॥ ১১ ॥

পূর্ব্বোক্ত কার্য্য তিনটি সমকাল অভ্যাস করিবে, বহুকাল এইরূপ অভ্যাস করিলেই কার্য্যত্রয় ফলপ্রদ হয়। কিন্তু সমকালে বহুদিবস পর্য্যন্ত পুনঃ পুনঃ অভ্যাস না করিলে কদাচ ফলপ্রদান করে না ॥ ১২ ॥

যদি উক্ত কার্য্যত্রয় একদা সমকালে অভ্যাস না করিয়া এক একটি করিয়া পৃথক্ পৃথক্ অভ্যাস করা যায় তাহা হইলে

তন্ন সিদ্ধিং প্রয়চ্ছন্তি মন্ত্রাঃ সংকীর্ণতা ইব ॥ ১৩ ॥
ত্রিভিরেতৈশ্চিরাভ্যস্তৈর্হৃদয়গ্রন্থয়ো দৃঢ়াঃ।
নিঃশঙ্কমেব নশ্যন্তি বিসচ্ছেদাদ্‌গুণা ইব ॥ ১৪ ॥
জন্মান্তরশতাভ্যস্তা মিথ্যা সংসারবাসনা।
সা চিরাভ্যাসযোগেন বিনা ন ক্ষীয়তে ক্বচিৎ ॥ ১৫ ॥
তস্মাৎ সৌম্য ! প্রযত্নেন পৌরুষেণ বিবেকিনা।
ভোগেচ্ছাং দূরতস্ত্যক্ত্বা ত্রয়মেব সমাশ্রয় ॥ ১৬ ॥
তস্মাদ্বাসনয়া ত্যক্তং মনোবদ্ধং বিদুর্ব্বুধাঃ।
সম্যগ্‌বাসনয়া ত্যক্তং মুক্তমিত্যভিধীয়তে ॥ ১৭ ॥

---

পদপ্রাপ্তির আশা থাকে না। যেরূপ জনসমাজে প্রকাশিত মন্ত্র জপ করিলে সেই জপ্ত মন্ত্র কোন ফলপ্রদান করিতে পারে না, সেইরূপ পূর্ব্বোক্ত কার্য্যত্রয় সমকালাভ্যস্ত না হইলে বাঞ্ছিত ফল দিতে পারে না ॥ ১৩ ॥

যেরূপ মৃণালছেদন করিলে তদন্তর্গত সূত্রসকল ছিন্ন হইয়া যায়, সেইরূপ পূর্ব্বোক্ত কার্য্যত্রয় পুনঃ পুনঃ অভ্যাস করিলে নিশ্চয় সংসারবাসনা বিনষ্ট হয় ॥ ১৪ ॥

যে মিথ্যা সংসারবাসনা পূর্ব্ব পূর্ব্ব শত শত জন্ম হইতে চলিয়া আসিতেছে, সেই অসারসংসারবাসনা উক্ত কার্য্যত্রয়ের চিরাভ্যাস ব্যতীত ক্ষয় হয় না ॥ ১৫ ॥

হনুমন্ ! এজন্য তুমি সর্ব্বপ্রযত্নে স্বীয় বিবেকশক্তিদ্বারা ভোগবাসনাকে দূরে পরিত্যাগকরিয়া পূর্ব্বোক্ত কার্য্যত্রয় আশ্রয় কর ॥ ১৬ ॥

এই কারণ আত্মতত্ত্ববিদ্ পণ্ডিতগণ বাসনাযুক্ত মনকে বদ্ধ ও বাসনাবিহীন মনকে সম্যক্ মুক্ত বলিয়া থাকেন ॥ ১৭ ॥

মনো নির্ব্বাসনীভাবমাচরাশু মহাকপে!।
সম্যগালোচনাৎসত্যাদ্বাসনা প্রবিলীয়তে ॥ ১৮ ॥
বাসনাবিলয়ে চেতঃ শমমায়াতি দীপবৎ।
বাসনাং সংপরিত্যজ্য ময়ি চিন্মাত্রবিগ্রহে।
যস্তিষ্ঠতি গতব্যগ্রঃ সোহং সচ্চিৎসুখাত্মকঃ ॥ ১৯ ॥
সমাধিমথ কর্ম্মাণি মাকরোতু করোতু বা।
হৃদয়েনাশু সর্ব্বেহো মুক্ত এবোত্তমাশয়ঃ ॥ ২০ ॥
নৈষ্কর্ম্ম্যেণ ন তস্যার্থস্তস্যার্থোঽস্তি ন কর্ম্মভিঃ।
ন সমাধানজাপ্যাভ্যাং যস্য নির্ব্বাসনং মনঃ ॥ ২১ ॥
সন্ত্যক্তবাসনাম্মৌনাদৃতে নাস্ত্যুত্তমং পদম্।

---

কপিবর! মনকে বাসনাবিহীন কর। পূর্ব্বোক্ত কার্য্যত্রয়ের সম্যক্ আলোচনাদ্বারা বাসনা বিলয়প্রাপ্ত হইয়া যায় ॥ ১৮ ॥

বাসনা বিলয়প্রাপ্ত হইলেই চিত্তের শমতা হইয়া থাকে। যে ব্যক্তি সংসারবাসনা সম্যক্ পরিত্যাগ করিয়া আমার সচ্চিদানন্দময় নিরাকাররূপে আশক্ত হয়, সেই ব্যক্তি নিত্য-সুখের অধিকারী হইতে পারে॥ ১৯ ॥

সমাধি অথবা ক্রিয়ানুষ্ঠান করুক আর নাই করুক, যে ব্যক্তির হৃদয়ে কোনরূপ বাসনা উদিত হয় না, সেই ব্যক্তি মুক্ত ও মহাশয় ॥ ২০ ॥

সমাধি ও জপদ্বারা যাহার মনের বাসনা নিবৃত্ত হয় নাই, ক্রিয়ানুষ্ঠান না করিলেও তাহার অভিলষিত অর্থলাভ হয় না এবং ক্রিয়া আচরণ করিলেও কোন ফল দর্শে না। অতএব সমাধি ও জপদ্বারা চিত্তের স্থৈর্য্যসম্পাদন করা কর্ত্তব্য ॥ ২১ ॥

বাসনাহীনমপ্যেতচ্চক্ষুরাদীন্দ্রিয়ং স্বতঃ।
প্রবর্ত্ততে বহিঃস্বার্থে বাসনামাত্রকারণম্ ॥ ২২ ॥
অযত্নোপনতেষ্বক্ষি দৃক্ দ্রব্যেষু যথা পুনঃ।
* তীরাগমেব পততি তদ্বৎ কার্য্যেষু ধীরধীঃ ॥ ২৩ ॥
ভাবসচ্চিৎপ্রকটিতামনুরূপাঞ্চ মারুতে!।
চিত্তস্যোৎপত্তিপরমাং বাসনাং মুনয়ো বিদুঃ ॥ ২৪ ॥
দৃঢ়াভ্যস্তপদার্থৈকভাবনাদতিচঞ্চলম্।
চিত্তং সংজায়তে জন্মজরামরণকারণম্ ॥ ২৫ ॥
বাসনাবশতঃ প্রাণস্পন্দস্তেন চ বাসনা।

---

সর্ব্বপ্রকার অশুভবাসনা পরিত্যাগপূর্ব্বক মৌনাবলম্বন করিয়া একাগ্রচিত্তে ঈশ্বরের উপাসনা না করিলে কদাচ পরম পদলাভ হয় না। অশুভবাসনা মনকে সংসারে আকৃষ্ট করিয়া রাখে। স্বভাবতঃ বাসনাবিহীন চক্ষুরাদি ইন্দ্রিয় যে বাহ্য বিষয়ে সমাকৃষ্ট হয়, বাসনাই তাহার কারণ ॥ ২২ ॥

যেমন অযত্ন সুলভ দ্রষ্টব্য বিষয়ে চক্ষুঃ নিপতিত হয়, সেই-রূপ স্থিরধী ব্যক্তিও বাসনাপ্রেরিত হইয়া বৈষয়িক কার্য্যে অনবরত নিযুক্ত থাকে ॥ ২৩ ॥

আত্মতত্ত্বজ্ঞ পণ্ডিতগণ চিত্তের অনুরূপ অবস্থা ও জ্ঞানদ্বারা প্রকাশিত মানসিকভাব বিশেষকে বাসনা বলিয়া থাকেন ॥ ২৪ ॥

চিরপরিচিত পদার্থের একমাত্র ভাবনাদ্বারা চিত্তের চাঞ্চল্য জন্মে, ঐ চিত্তচঞ্চলতাই জরামরণাদির আদি কারণ ॥ ২৫ ॥

প্রাণ বাসনার বশীভূত হইয়া চঞ্চল হয়, প্রাণের চঞ্চলতাতে পুনর্ব্বার বিষয়বাসনা জন্মে। বাসনা জন্মিলে মনঃ সেই বাস-

---

* নিরাগমেব।

ক্রিয়তে চিত্তবীজস্য তেন বীজাঙ্কুরক্রমঃ ॥ ২৬ ॥
স্বে বীজে চিত্তবৃক্ষস্য প্রাণস্পন্দনবাসনে।
একস্মিংশ্চ তয়োঃ ক্ষীণে ক্ষিপ্রং দ্বে অপি নশ্যতঃ॥২৭॥
অসঙ্গব্যবহারত্বাদ্ভবভাবনবর্জ্জনাৎ।
শরীরনাশদর্শিত্বাদ্বাসনা ন প্রবর্ত্ততে।
বাসনাসম্পরিত্যাগাচ্চিত্তং গচ্ছত্যচিত্ততাম্ ॥ ২৮ ॥
অবাসনত্বাৎ সততং যদা ন মনুতে মনঃ।
অমনস্তাৎ তদোদেতি পরমোপশমপ্রদা ॥ ২৯ ॥

---

নার অনুগত হইয়া কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে এবং চিরকাল বিষয়ভোগজনিত অকিঞ্চিৎকর সুখে লুব্ধ হইয়া আবদ্ধ থাকে। যৎকালে প্রাণের চাঞ্চল্য ও বাসনা ক্ষীণ হয়, ঐ সময়ে উভয়ই বিনষ্ট হইয়া যায়। বাসনা ও প্রাণ এই উভয়ের মধ্যে বাসনা ক্ষীণ হইলে প্রাণও ক্ষীণ হয় এবং প্রাণের ক্ষয় হইলে বাসনারও ক্ষয় হইয়া থাকে। এইরূপে উভয়ের মধ্যে পরস্পর একের বিনাশে অপরের বিনাশ হয়॥ ২৬-২৭ ॥

জনসমাজের সহিত সর্ব্বদা আলাপাদি পরিত্যাগপূর্ব্বক অর্থাৎ নির্লিপ্ত হইয়া ব্যবহার করিলেই সংসারভাবনা পরিত্যক্ত হয়। অনন্তর যৎকালে সংসারভাবনা দূরীভূত হয়, তখন শরীর বিনশ্বর বলিয়া বোধ জন্মে, শরীর বিনশ্বর বলিয়া প্রতীতি হইলে আর অসারসংসারে বাসনা জন্মে না। বাসনা নিবৃত্তি হইলেই চিত্তের চিন্তা বিদূরিত হইয়া স্থৈর্য্য উৎপন্ন হয় ॥ ২৮ ॥

যৎকালে মনঃ বাসনাবিহীন হইয়া নিশ্চেষ্ট হয়, তৎকালে পরম শান্তিপ্রদ বিবেকের উৎপত্তি হইয়া থাকে ॥ ২৯ ॥

অব্যুৎপন্নমনা যাবস্তবানজ্ঞাততৎপদঃ।
গুরুশাস্ত্রপ্রমাণৈস্তু নির্ণীতং তাবদাচর ॥ ৩০ ॥
ততঃ পক্ককষায়েন নূনং বিজ্ঞাতবস্তুনা।
শুভোঽপ্যসৌ ত্বয়া ত্যাজ্যো বাসনৌঘো নিরাধিনা ॥৩১
দ্বিবিধশ্চিত্তনাশোঽস্তি সরূপারূপ এব চ।
জীবন্মুক্তঃ সরূপঃ স্যাদরূপো দেহমুক্তিগঃ ॥ ৩২ ॥
অস্য নাশমিদানীং ত্বং পাবনে! শৃণু সাদরম্।
চিত্তনাশাভিধানং হি যদা তে বিদ্যতে পুনঃ।
মৈত্র্যাদিভির্গুণৈর্যুক্তং শান্তিমেতি ন সংশয়ঃ ॥ ৩৩ ॥
ভূয়োজন্মবিনির্মুক্তং জীবন্মুক্তস্য তন্মনঃ।

---

হনুমন্! যাবৎ তোমার দিব্যজ্ঞানের উৎপত্তি না হয় ও যতদিন ভগবৎপদবিজ্ঞানে অসমর্থ থাক, তাবৎকাল গুরুবাক্য ও শাস্ত্রপ্রমাণদ্বারা কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়া সৎপথে বিচরণ করিতে প্রবৃত্ত হও ॥ ৩০ ॥

অনন্তর যৎকালে জ্ঞানের পরিপাক হইয়া তত্ত্বজ্ঞানের উদয় হইবে, তৎকালে শুভবাসনা সকলও বিনষ্ট হইয়া যাইবে ॥৩১॥

পূর্ব্বে লিখিত হইয়াছে যে, মনোবিনাশ একটি মুক্তির কারণ, উক্ত মনোবিনাশ দুইপ্রকার, সরূপ ও অরূপ; তন্মধ্যে জীবন্মুক্তিকে সরূপ এবং বিদেহমুক্তিকে অরূপ বলে ॥ ৩২ ॥

পবননন্দন! এইক্ষণ একাগ্রচিত্তে মনোবিনাশ শ্রবণ কর। যৎকালে চিত্তের বাসনা নিবারিত হইয়া তত্ত্ব জ্ঞানের আবির্ভাব হয়, তৎকালে সাধক ঈশ্বর প্রেমে আশক্ত হইয়া নিঃসংশয় পরমা শান্তি লাভকরে ॥ ৩৩ ॥

সরূপোঽসৌ মনো নাশো জীবন্মুক্তস্য বিদ্যতে।
অরূপস্তু মনো নাশো বৈদেহীমুক্তিগো ভবেৎ॥ ৩৪॥
সহস্রাঙ্কুরশাখাত্বক্‌ফলপল্লবশালিনঃ!।
অস্য সংসারবৃক্ষস্য মনো মূলমিদং স্থিতম্॥ ৩৫॥
সঙ্কল্প এব তন্মন্যে সঙ্কল্পোপশমেন তৎ।
শোষয়াশু যথা শোষমেতি সংসারপাদপঃ॥ ৩৬॥
উপায় একএবাস্তি মনসঃ স্বস্য নিগ্রহে।
মনসোঽভ্যুদয়ো নাশো মনোনাশো মহোদয়ঃ॥ ৩৭॥

---

যে মুক্তিতে মানসে পুনর্ব্বার সংসারে জন্মপরিগ্রহের অভিলাষ থাকে না, সেই মুক্তিকে জীবন্মুক্তি ও ঐরূপ মনের অভিলাষাভাবকে সরূপ মনোবিনাশ বলে। জীবন্মুক্ত পুরুষের উক্তরূপ মনোবিনাশ হইয়া থাকে। বিদেহমুক্ত পুরুষের যে মানসিক বিষয়বাসনার অভাব হয়, তাহাকে অরূপ মনোবিনাশ বলা যায়॥ ৩৪॥

সংসারস্বরূপ মহাবৃক্ষের সহস্র সহস্র অঙ্কুর, শাখা, ত্বক্, ফল ও পল্লব আছে, কিন্তু মনঃই উক্ত বৃক্ষের মূল॥ ৩৫॥

বাসনাই উক্ত সংসার মহাবৃক্ষের আদি কারণ। হনুমন্! বাসনার নিবৃত্তি করিয়া সংসার মহীরুহকে শোষণ কর॥ ৩৬॥

পবননন্দন! মনোনিগ্রহের একটীমাত্র উপায় আছে। মানসিক উন্নতি অর্থাৎ সংসারে মনের অধিক অনুরাগই ক্লেশের কারণ ও মনোবিনাশই মহোদয় অর্থাৎ পারত্রিক মহাসুখের উপায়॥ ৩৭॥

অমনোনাশমভ্যেতি মনোঽজ্ঞস্য হি শৃঙ্খলা।
তাবন্নিশীব বেতালা বলন্তি হৃদি বাসনাঃ ! ॥ ৩৮ ॥
একতত্ত্বদৃঢ়াভ্যাসাদ্যাবন্ন বিজিতং মনঃ।
প্রক্ষীণচিত্তদর্পস্য নিগৃহীতেন্দ্রিয়দ্বিষঃ।
পদ্মিন্য ইব হেমন্তে ক্ষীয়ন্তে ভোগবাসনাঃ ॥ ৩৯ ॥
হস্তং হস্তেন সংপীড্য দন্তৈর্দন্তান্বিচূর্ণ্য চ।
অঙ্গান্যঙ্গৈঃ সমাক্রম্য জয়েদাদৌ স্বকং মনঃ ॥ ৪০ ॥
উপবিশ্যোপবিশ্যৈকাঞ্চিত্তং কেন মুহুর্মুহুঃ।
ন শক্যতে মনো জেতুং বিনাযুক্তিমনিন্দিতাম্ ॥ ৪১ ॥

---

মনুষ্যের তত্ত্বজ্ঞানের উদয় হইলেই মানসিক বাসনার হ্রাস হইতে থাকে। অজ্ঞানী মনুষ্যের মনে সংসার বাসনার বৃদ্ধি হয়, ঐ বাসনা শৃঙ্খলস্বরূপ হইয়া মনকে বিষয়ে আবদ্ধ রাখে। যেমন রাত্রিতে নিশাচরগণ প্রবল হয়, সেইরূপ অজ্ঞমনুষ্যের বাসনা বলবতী হইয়া থাকে ॥ ৩৮ ॥

মুক্তিকামি-ব্যক্তির যাবৎ মনঃ পরাজিত না হয়, তাবৎ চিরাভ্যাসদ্বারা মনের স্থৈর্য্য সম্পাদন করিয়া চিত্ত ও অহঙ্কারের ক্ষয় ও ইন্দ্রিয়গণের নিগ্রহ সাধন করিবে। তাহা হইলে, যেরূপ হেমন্তকালে পদ্ম সকল ক্ষয় প্রাপ্ত হয় অর্থাৎ জল সমাগম অল্প হইয়া থাকে, সেইরূপ ভোগ বাসনার পরিক্ষয় হইয়া থাকে ॥ ৩৯ ॥

অগ্রে হস্তদ্বারা হস্তমর্দ্দন, দন্তদ্বারা দন্তচর্ব্বণ ও অঙ্গদ্বারা অঙ্গ আক্রমণ করিয়া স্বীয় মনঃকে পরাজিত করিবে ॥ ৪০ ॥

বারম্বার সাবধানে উপবেশন করিয়া পুনঃ পুনঃ চিত্তের

অঙ্কুশেন বিনা মত্তো যথা দুষ্টমতঙ্গজঃ।
অধ্যাত্মবিধ্যাধিগমঃ সাধুসঙ্গতিরেব চ ॥ ৪২ ॥
বাসনাসংপরিত্যাগঃ প্রাণস্পন্দনিরোধনম্।
এতাস্তা যুক্তয়ঃ পুষ্টাঃ সন্তি চিত্তজয়ে কিল ॥ ৪৩ ॥
সতীষু যুক্তিষ্বেতাসু হঠান্নিয়ময়ন্তি যে।
চেতনো দীপমুৎসৃজ্য বিচিন্বন্তি তমোঽঞ্জনৈঃ ॥ ৪৪ ॥
বিমূঢ়াঃ কর্ত্তুমুদ্যুক্তা যে হতাচ্চেতসো জয়ম্।
তে নিবধ্নন্তি নাগেন্দ্রমুন্মত্তং বিসতন্তুভিঃ ॥ ৪৫ ॥
দ্বে বীজে চিত্তবৃক্ষস্য নিবৃত্তিব্রতধারিণঃ।
একং প্রাণপরিস্পন্দো দ্বিতীয়ং দৃঢ়ভাবনা।

---

স্থৈর্য্য সম্পাদন ও সৎযুক্তি অবলম্বন ব্যতিরেকে মনোবিজয় করিতে শক্তি নাই ॥ ৪১ ॥

যেরূপ অঙ্কুশ ব্যতিরেকে মদমত্ত হস্তীকে শাসিত করিতে পারা যায় না সেইরূপ চিত্তমাতঙ্গ অন্য উপায়ে পরাজিত হয় না। অধ্যাত্মবিদ্যার অভ্যাস, সাধুসঙ্গ, সংসারের বাসনা পরিত্যাগ ও প্রাণবায়ুনিরোধন এই সকল দুষ্ট চিত্ত বিজয়ের প্রধান উপায় ॥ ৪২-৪৩ ॥

যাহারা পূর্ব্বোক্ত সৎযুক্তি অবলম্বন করিয়া হটাৎ চিত্তকে বিজিত করিতে পারে, তাহারা চিত্তের মোহ বিনষ্টকরিয়া উজ্জ্বলতা সম্পাদন করিয়া থাকে ॥ ৪৪ ॥

যে বিমূঢ় ব্যক্তি যোগাদি দ্বারা চিত্তকে নিগ্রহ করিতে উদ্যুক্ত হয় সেই ব্যক্তির যত্ন মৃণালসূত্র দ্বারা মদমত্ত মাতঙ্গকে বন্ধন চেষ্টার ন্যায় বিফল হইয়া থাকে ॥ ৪৫ ॥

সা হি সর্ব্বগতা সম্বিৎ প্রাণস্পন্দেন চাল্যতে ॥ ৪৬ ॥
চিত্তৈকাগ্র্যাদ্‌যতোজ্ঞানং মুক্তিস্তৎ সমুপজায়তে।
তৎসাধনমথো ধ্যানং যথাবদুপদিশ্যতে ॥ ৪৭ ॥
বিনাপ্যবিকৃতিং কৃৎস্নাৎ সম্ভবব্যত্যয়ক্রমাৎ।
যশোঽরিষ্টঞ্চ চিন্মাত্রং চিদানন্দং বিচিন্তয় ॥ ৪৮ ॥
অপানেঽস্তং গতে প্রাণো যাবন্নাভ্যুদিতো হৃদি।
তাবৎ সা কুম্ভকাবস্থা যোগিভির্যাঽনুভূয়তে ॥ ৪৯ ॥
বহিরস্তং গতে প্রাণে যাবন্নাপান উদ্গতঃ।

---

নিবৃত্তিশীল চিত্তবৃক্ষের দুইটি বীজ,—তাহার মধ্যে প্রথম প্রাণবায়ুসঞ্চালন ও দ্বিতীয় দৃঢ়ভাবনা। প্রাণবায়ুসঞ্চালনদ্বারা সর্ব্বপ্রকার বিষয়ভাবনা পরিচালিত হয় ॥ ৪৬ ॥

যেহেতু চিত্তের একাগ্রতা হইলেই মনুষ্যের জ্ঞান সমুৎপন্ন হয় এবং সেই জ্ঞান হইতে মুক্তি হইয়া থাকে। অতএব কিরূপে জীবগণ মুক্ত হইতে পারে ও কি উপায়ে পরাৎপর পরমেশ্বরকে ধ্যান করা যায়, সেই সকল উপায় যথাবিধি সদ্‌গুরুর নিকট উপদিষ্ট হইবে ॥ ৪৭ ॥

নিখিলসংসারে বিরক্ত ও পুনর্ব্বার আত্মসম্ভবে অনিচ্ছুক হইয়া ঐহিক যশোঽভিলাষ পরিত্যাগপূর্ব্বক সেই চিন্ময় নিত্যানন্দময় জগদীশ্বরচিন্তায় অনুরক্ত হও ॥ ৪৮ ॥

যাবৎ অপানবায়ু অস্তমিত হইয়া স্বহৃদয়ে কেবল প্রাণবায়ুমাত্র প্রকাশিত থাকে, তাবৎকাল মনুষ্যের যে অবস্থা থাকে, এই অবস্থাকে কুম্ভকাবস্থা বলে। এই অবস্থা কেবল যোগিগণ অনুভব করিয়া থাকেন ॥ ৪৯ ॥

যাবৎ বাহ্যে প্রাণবায়ুর অর্থাৎ শ্বাসপ্রশ্বাসাদির কোন

তাবৎ পূর্ণং সমাবস্থাং বহিষ্ঠং কুম্ভকং বিদুঃ ॥ ৫০ ॥
ব্রহ্মাকারমনোবৃত্তিপ্রবাহোঽহংকৃতিং বিনা।
সম্প্রজ্ঞাতসমাধিঃ স্যাদ্ধ্যানাভ্যাসপ্রকর্ষতঃ ॥ ৫১ ॥
প্রশান্তবৃত্তিকং চিত্তং পরমানন্দদায়কম্।
অসম্প্রজ্ঞাতনামায়ং সমাধির্যোগিনাং প্রিয়ঃ ॥ ৫২ ॥
প্রভাশূন্যং মনঃশূন্যং বুদ্ধিশূন্যং চিদাত্মকম্।
অতদ্ব্যাবৃত্তিরূপোঽসৌ সমাধির্ম্মুনিভাবিতঃ ॥ ৫৩ ॥
ঊর্দ্ধং পূর্ণমধঃপূর্ণং মধ্যপূর্ণং শিবাত্মকং।

---

লক্ষণ লক্ষিত না হইয়া অপানবায়ু প্রকাশিত না হয়, তাবৎ-কাল মনুষ্যের পূর্ণাবস্থা থাকে এবং ঐ বাহ্যাবস্থাকে কুম্ভকবস্থা বলে ॥ ৫০ ॥

বহুকাল ধ্যান ও অভ্যাস করিলে অহঙ্কার বিলুপ্ত হইয়া, ব্রহ্মজ্ঞান বিষয়ে যে মনের একাগ্রতা জন্মে, ঐরূপ অবস্থাকে সমাধি বলে ॥ ৫১ ॥

চিত্ত প্রশান্ত হইলে মনুষ্য পরম-আনন্দ অনুভব করিয়া থাকে। এইরূপ সুখানুভবকে অসম্প্রজ্ঞাত (সম্যক্প্রকার বাহ্য জ্ঞানশূন্য) সমাধি বলে। এই সমাধি যোগিবৃন্দের অতি প্রিয় ॥ ৫২ ॥

সমাধিকালে শরীর প্রভাশূন্য হইয়া নিশ্চল থাকে, মনঃ বিষয়শূন্য হয়, এবং বুদ্ধি অন্য বিষয়ে অনাসক্ত হইয়া কেবল চিদানন্দরূপে নিমগ্ন থাকিয়া তন্নতন্নরূপে ঈশ্বরনির্ণয়ে সমাশক্ত হয়। মুনিগণ এই সমাধিকেই যথার্থ সমাধি বলিয়া থাকেন ॥ ৫৩ ॥

সমাধিসময়ে ঊর্দ্ধ, মধ্য ও অধোভাগে মঙ্গলময় পরমেশ্বর

সাক্ষাদ্বিধিমুখো হ্যেষ সমাধিঃ পারমার্থিকঃ ॥ ৫৪ ॥
দৃঢ়ভাবনয়া ত্যক্তপূর্ব্বাপরবিচারণম্।
যদাদানং পদার্থস্য বাসনা সা প্রকীর্ত্তিতা ॥ ৫৫ ॥
ভাবিতং তীব্রসংবেগাদাত্মনা যত্তদেব সঃ।
ভবত্যাশু কপিশ্রেষ্ঠ! বিগতেতরবাসনঃ ॥ ৫৬ ॥
তাদৃগ্রূপো হি পুরুষো বাসনাবিবশীকৃতঃ।
সংপশ্যতি যদৈবৈতৎ সদ্বস্ত্বিতি বিমুহ্যতি ॥ ৫৭ ॥
বাসনাবেগবৈচিত্র্যাৎ স্বরূপং ন জহাতি তৎ।

---

অনুভূত হইয়া থাকেন। এই সমাধি পরকালে অশেষ মঙ্গল-প্রদান করে ॥ ৫৪ ॥

সর্ব্বদা বিষয়ভোগের ভাবনাদ্বারা পূর্ব্বাপর ও হিতাহিত বিবেচনা-শক্তিহীন হইলে, সংসারসুখের অভিলাষ বৃদ্ধি হইয়া নানাপ্রকার প্রয়োজনীয় পদার্থপ্রাপ্তির ইচ্ছা জন্মে, এই ইচ্ছাকে বাসনা বলে ॥ ৫৫ ॥

হে কপিবর! যে ব্যক্তি সংসার হইতে মনের বেগ নিবারণ করিয়া স্বাধীন হইতে পারে, সেই ব্যক্তির সংসারবাসনা পরিত্যক্ত হইয়াছে, জানা যায় ॥ ৫৬ ॥

বাসনার বশীভূত পুরুষ যৎকালে তর্কদ্বারা সদসদ্বস্তু বিচার করে, তখনই সে বিমোহিত হয়, কদাপি সেই পুরুষ তত্ত্বজ্ঞানে সমর্থ হইতে পারে না ॥ ৫৭ ॥

বাসনার মাহাত্ম্য অতি বিচিত্র, বাসনা কদাচ তাহার স্বভাব পরিত্যাগ করে না। যে দুর্ব্বুদ্ধি বাসনার বশীভূত হয়,

ভ্রান্তঃ পশ্যতি দুর্দ্দৃষ্টিঃ সর্ব্বং মদবশাদিব ॥ ৫৮ ॥
বাসনা দ্বিবিধা প্রোক্তা শুদ্ধা চ মলিনা তথা।
মলিনা জন্মহেতুঃ স্যাচ্ছুভা জন্মবিনাশিনী ॥ ৫৯ ॥
অজ্ঞানসুঘনাকারা ঘনাহঙ্কারশালিনী।
পুনর্জ্জন্মকরী প্রোক্তা মলিনা বাসনা বুধৈঃ ॥ ৬০ ॥
পুনর্জ্জন্মাঙ্কুরং ত্যক্ত্বা স্থিতিঃ সংভৃষ্টবীজবৎ।
বহুশাস্ত্রকথাকন্থারোমন্থেন বৃথৈব কিম্ ॥ ৬১ ॥
অন্বেষ্টব্যং প্রযত্নেন মারুতে! জ্যোতিরান্তরম্।

---

সে সদসদ্বিবেচনায় বিমোহিত মনুষ্যের ন্যায় ভ্রান্ত হইয়া থাকে, সদসদ্বিবেচনায় তাহার শক্তি থাকে না ॥ ৫৮ ॥

বাসনা দুইপ্রকার—শুদ্ধবাসনা ও মলিনবাসনা। মলিনবাসনা জন্মহেতু, অর্থাৎ মলিনবাসনাবান্ ব্যক্তি পুনঃ পুনঃ সংসারে জন্মপরিগ্রহ করে। আর শুদ্ধবাসনা মনুষ্যের পুনঃ পুনঃ সংসারাবৃত্তি নিবারণ করিয়া থাকে ॥ ৫৯ ॥

মলিনবাসনা অজ্ঞানের আকর এবং অহঙ্কারের মূলস্বরূপ, এই হেতু পণ্ডিতগণ মলিনবাসনাকে জন্মকারিণী বলিয়াছেন ॥ ৬০ ॥

যেরূপ ভৃষ্টবীজে অঙ্কুরোৎপত্তির সম্ভব থাকে না, সেইরূপ সংসারবাসনায় কোন সুখের আশা নাই, অতএব সংসারে পুনর্ব্বার জননাশা পরিত্যাগ করিয়া তত্ত্বজ্ঞানোপার্জ্জনে সর্ব্বদা যত্নবান্ থাকিবে। নচেৎ চর্ব্বিতচর্ব্বণের ন্যায় কেবল বিবিধশাস্ত্র পুনঃ পুনঃ পর্য্যালোচনা করিলে কোন ফল দর্শে না ॥ ৬১ ॥

হে পবনতনয়! যাহাতে আন্তরিক জ্যোতিঃ প্রকাশিত

দর্শনাদর্শনে হিত্বা স্বয়ং কেবলরূপতঃ ॥ ৬২ ॥
য আস্তে কপিশার্দ্দূল ! ব্রহ্ম ন ব্রহ্মবিৎ স্বয়ম্ ।
অধীত্য চতুরো বেদান্ সর্ব্বশাস্ত্রাণ্যনেকশঃ ।
ব্রহ্মতত্ত্বং ন জানাতি দর্ব্বী পাকরসং যথা ॥ ৬৩ ॥
স্বদেহাশুচিগন্ধেন ন বিরজ্যেত যঃ পুমান্ ।
বিরাগকারণন্তস্য কিমন্যদুপদিশ্যতে ॥ ৬৪ ॥
অত্যন্তমলিনো দেহো দেহী চাত্যন্তনির্ম্মলঃ ।
উভয়োরন্তরং জ্ঞাত্বা কস্য শৌচং বিধীয়তে ॥ ৬৫ ॥

---

হয়, সর্ব্বদা যত্নসহকারে সেইরূপ কার্য্য করিতে চেষ্টা করিবে। দর্শনাদিশাস্ত্র পরিত্যাগ করিয়া কেবল সেই সচ্চিদানন্দরূপে চিত্তকে নিরত রাখিলেই অভীষ্টসিদ্ধি হইতে পারে ॥ ৬২ ॥

হে কপিবর ! যে ব্যক্তি ব্রহ্মনির্ণয়ে অনুসন্ধান না করিয়া কেবল চতুর্ব্বেদ ও শাখাদি অন্যান্য শাস্ত্র অধ্যয়নে তৎপর থাকে, সেই ব্যক্তি ব্রহ্মতত্ত্ব জানিতে পারে না। যেরূপ দর্ব্বী (তাড়ু) পাকের আস্বাদ জানিতে পারে না, সেইরূপ ব্রহ্মানুসন্ধানে বিরত হইয়া কেবল শাস্ত্রচর্চ্চা করিলে মনুষ্য ব্রহ্মবিজ্ঞানের অধিকারী হয় না ॥ ৬৩ ॥

যে পুরুষ স্বীয় দেহের অশুচি গন্ধে বিরক্ত না হয়, তাহার বিরক্তির কারণ আর কি আছে ? তাহাকে কোন্ উপদেশ দ্বারা বিরাগী করা যাইতে পারে ? ॥ ৬৪ ॥

দেহ অতিশয় মলিন এবং আত্মা নির্ম্মল, এই উভয়ের ইতর বিশেষ বিবেচনা করিয়া কাহার শুদ্ধি সম্পাদন আবশ্যক, তাহা নিশ্চয় করিবে। যে ব্যক্তি বাসনায় বশীভূত হইয়া আছে,

বদ্ধো হি বাসনাবদ্ধো মোক্ষং স্যাদ্বাসনাক্ষয়ঃ।
বাসনাং সংপরিত্যজ্য মোক্ষার্থিত্বমপি ত্যজ ॥ ৬৬॥
মানসীর্ব্বাসনাঃ পূর্ব্বং ত্যক্ত্বা বিষয়বাসনাঃ।
ভব্যাদিবাসনানাম্নীর্গৃহাণামলবাসনাঃ ॥ ৬৭ ॥
তা অপ্যন্তঃ পরিত্যজ্য তাভির্ব্ব্যবহরন্নপি।
অন্তঃশান্তঃ সমস্নেহো ভব চিন্মাত্রবাসনঃ ॥ ৬৮ ॥
তামপ্যথ পরিত্যজ্য মনোবুদ্ধিসমন্বিতম্।
শেষস্থিরসমাধানো ময়ি ত্বং ভব মারুতে!॥ ৬৯ ॥

---

তাহাকে বদ্ধ ও যে বাসনা পরিত্যাগ করিয়াছে তাহাকে মুক্ত বলা যায়, অতএব অসার সংসারে বাসনা পরিত্যাগ কর, কদাচ মোক্ষকামনা পরিত্যাগ করিও না ॥ ৬৫-৬৬ ॥

অগ্রে মানসিক বাসনা পরিত্যাগ করিয়া বিষয়বাসনা পরিত্যাগ কর এবং যে বাসনায় পরকালে অশেষ মঙ্গল সাধন হইবে, সেইরূপ নির্ম্মল বাসনার আশ্রয় লইয়া দুর্ল্লভ মানবজন্ম সফল করিতে প্রবৃত্ত হও ॥ ৬৭ ॥

হনুমন্! পূর্ব্বোক্ত সকল বাসনা পরিত্যাগ কর, অন্তঃ-করণে শান্তিলাভ কর, সর্ব্ববিষয়ে সমপক্ষপাতী হইয়া সকলের প্রতি সমান স্নেহ প্রদর্শন কর, এবং সেই সচ্চিদানন্দরূপেতেই বাসনাকে স্থাপিত কর ॥ ৬৮ ॥

হে মরুৎসুত! সমস্ত বাসনা পরিহারপূর্ব্বক স্থিরপ্রতিজ্ঞ হইয়া আমাতে অনুরক্ত হও এবং আমার প্রতি মনঃ ও বুদ্ধি সমর্পণ কর ॥ ৬৯ ॥

অশব্দমস্পর্শমরূপমব্যয়ং যথারসং নিত্যমগন্ধবচ্চ যৎ।
অনামগোত্রং মম রূপমীদৃশং ভজস্ব নিত্যং পবনাত্মজা-
র্ত্তিহম্॥ ৭০ ॥
দৃশিস্বরূপং গগনোপমম্পরং সকৃদ্বিভাতং ত্বজমেকমক্ষরম্।
অলেপকং সর্ব্বগতং যদদ্বয়ং তদেব চাহংণ্ড সকলং
বিমুক্তওম্॥ ৭১ ॥
দৃশিস্তুশুদ্ধোহমবিক্রিয়াত্মকোনমেঽস্তি কশ্চিদ্বিষয়ঃ স্বভাবতঃ।
পুরস্তিরশ্চোর্দ্ধমধশ্চ সর্ব্বতঃ সুপূর্ণভূমাহমিতীহ ভাবয়॥ ৭২॥
অজোহমরশ্চৈব তথাজরোঽমৃতঃ স্বয়ংপ্রভঃ সর্ব্বগতোহমব্যয়ঃ
ন কারণং কার্য্যমতীত্য নির্ম্মলঃ সদৈব তৃপ্তোঽহ
মিতীব ভাবয়॥ ৭৩ ॥

---

হে পবননন্দন! আমার সচ্চিদানন্দরূপ শব্দদ্বারা ব্যক্ত হয় না, স্পর্শদ্বারা অনুভূত হয় না, চক্ষুদ্বারা বিলোকিত হয় না, রসনাদ্বারা তাহার আস্বাদ পাওয়া যায় না, ও আঘ্রাণ করিয়া ও তাহাকে জানা যায় না, সেই নামগোত্রবিহীন, ও অব্যয় সনাতন মৎস্বরূপ ভজনা কর। এই ভজনাতে সর্ব্বপীড়া নিবারিত হইবে॥ ৭০ ॥

হনুমন্! আমিই ব্রহ্মস্বরূপ, আমার রূপ গগনের ন্যায় অনন্ত, অদ্বিতীয়রূপে সর্ব্ববিষয়ে নির্লিপ্ত, শ্রেষ্ঠ, সর্ব্বরূপী, অদ্বিতীয় এবং অকার, উকার ও মকরাত্মক ব্রহ্মবিষ্ণুশিবস্বরূপ॥৭১॥

আমি শুদ্ধ, বিকাররহিত, আমার বিষয় কিছুই নাই, পূর্ব্ব, পশ্চাৎ, ঊর্দ্ধ ও অধঃ সকল স্থানেই আমি পূর্ণরূপে বিদ্যমান আছি, অতএব আমাকে সর্ব্বদা চিন্তা কর॥ ৭২ ॥

আমি জন্ম, মৃত্যু ও জরাবিহীন, সর্ব্বত্র স্বয়ং প্রকাশিত হই,

জীবন্মুক্তপদং ত্যক্ত্বা স্বদেহে কালসাৎকৃতে।
বিশত্যদেহমুক্তত্বং পবনস্পন্দতামিব ॥ ৭৪ ॥
তদেতদ্ঋচাভ্যুক্তং তদ্বিষ্ণোঃ পরমং পদম্।
সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ ॥ ৭৫ ॥
তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদমোম্ সত্যমিত্যুপদিশৎ
সত্যমিত্যুপনিষৎ ॥ ৭৬ ॥
॥ ওঁ ॥ পূর্ণমদ ইতি শান্তিঃ ॥ ওঁ তৎসৎ ॥
ইতি শুক্লযজুর্ব্বেদগতা মুক্তিকোপনিষৎ সমাপ্তা।

---

আমি সর্ব্বব্যাপী, অব্যয়, আমার কারণ নাই, আমি সর্ব্বকার্য্য অতিক্রম করিয়া নির্ম্মল জ্ঞানময় দেহধারণ করিয়া আছি! আমি সর্ব্বদা পরিতৃপ্ত রহিয়াছি। আমাকে ভাবনা কর ॥ ৭৩॥

স্বীয় দেহ কালের অধীন, চিরস্থায়ী নহে, বায়ুর স্পন্দনের ন্যায় কালে অবশ্যই এই ভৌতিক দেহ বিনষ্ট হইবে, অতএব জীবন্মুক্তপদ পরিত্যাগ করিয়া নির্ব্বাণমুক্তিপথে প্রবেশ কর ॥ ৭৪ ॥

বেদে কথিত আছে যে, দেবগণ সেই বিষ্ণুর পরমপদ সর্ব্বদা চিন্তা করিয়া থাকেন। এই পদ বিস্তৃতচক্ষুঃস্বরূপ। উক্ত বিষ্ণুপদচিন্তনে সকল অপ্রত্যক্ষীভুত বিষয়ও প্রত্যক্ষবৎ প্রতীয়মান হয় ॥ ৭৫ ॥

ইতি শুক্লযজুর্ব্বেদীয় মুক্তিকোপনিষৎ
সম্পূর্ণা।
॥ * ॥ ওঁ হরিঃ ওঁ তৎ সৎ ॥ * ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

# শ্বেতাশ্বতরোপনিষৎ।

( মূল, শাঙ্করভাষ্য ও বঙ্গানুবাদ-সমেত। )

শ্রীল শ্রী পূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
কলিকাতা, "নিরপেক্ষধর্ম্মসঞ্চারিণী সভা" হইতে
শ্রীমহেশচন্দ্র পাল, অবৈতনিক কার্য্যাধ্যক্ষ কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

( সভার কার্য্যালয়। ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা। )

কলিকাতা।

যোড়াসাঁকো, শিবকৃষ্ণ দাঁর লেন, ৭ নং ভবনে জ্যোতিষপ্রকাশ যন্ত্রে
শ্রীগোপালচন্দ্র ঘোষাল-কর্ত্তৃক মুদ্রিত।

শকাব্দ ১৮০৪, অগ্রহায়ণ।

॥ ওঁ হরিঃ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

# শ্বেতাশ্বতরোপনিষৎ।

## প্রথমোঽধ্যায়ঃ।

॥ ওঁ॥ পরমাত্মনে নমঃ॥ হরিঃ ওঁ॥

ওঁ ব্রহ্মবাদিনো-বদন্তি

কিং কারণং ব্রহ্ম কুতঃ স্ম জাতাঃ

---

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-শ্বেতাশ্বতরোপনিষদ্ভাষ্যম্।

ইদং বিবরণমল্পগ্রন্থং ব্রহ্মজিজ্ঞাসূনাং সুখাববোধায়ারভ্যতে। নমু চিৎ-সদানন্দাদ্বিতীয়ব্রহ্মস্বরূপশ্চেদাত্মা নানন্দাদ্বিতীয়ব্রহ্মস্বরূপোঽপ্যাত্মা স্বাশ্রয়য়া স্ববিষয়য়া বিদ্যয়া স্বানুভবগম্যয়া সাভাসয়া স্বাভাবিকপুরুষপুমর্থঃ প্রাপ্তাশেষানর্থোঽবিদ্যাপরিকল্পিতৈরেব সাধনৈরিষ্টপ্রাপ্তিমনিষ্টপ্রাপ্তিঞ্চা-পুরুষার্থম্মোক্ষার্থমলভমানো মকরাদিভিরিব রাগাদিভিরিতস্ততঃ সমাকৃষ্যমাণঃ সুরনরতির্য্যগাদিপ্রভেদভেদিতেনেশ্বরার্থকর্ম্মানুষ্ঠানেনাপগতরাগাদি-মলো নিত্যাদিদর্শনেনোৎপন্নেহামুত্রার্থভোগবিরাগো বেত্যাচার্য্যদ্বারেণ বেদান্তশ্রবণাদিনাঽহং ব্রহ্মাস্মীতি ব্রহ্মাত্মতত্ত্বমবগম্য নিবৃত্তাজ্ঞানতৎকার্য্যো-বীতশোকো বৃত্তিলক্ষণস্য মোক্ষস্য বিদ্যাধীনত্বাৎ যুজ্যতে চ তদর্থোপনিষদারম্ভঃ। তথা তদ্বিজ্ঞানাদমৃতত্বম্। তমেবং বিদ্যানমৃত ইহ ভবতি নান্যঃ পন্থাঽয়নায় বিদ্যতে। ন চেদিহাবেদিম্ মহতী বিনষ্টিঃ। য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি। কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসঞ্চরেৎ। তং বিদিত্বা ন লিপ্যেত কর্ম্মণা পাপকেন চ। তরতি শোকমাত্মবিৎ। নিচায্য তং মৃত্যু-

মুখাৎ প্রমুচ্যতে। এতদ্যো বেদনিহিতং গুহায়াম্। সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সোম্য। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥

যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রে গচ্ছন্ত্যস্তং নামরূপে বিহায়।

তথা বিদ্বান্নামরূপাদ্বিমুক্তঃ পরাৎপরং পুরুষমুপৈতি দিব্যম্॥

যো হ বৈ তচ্ছায়মশরীরমলোহিতং শুভমক্ষরং বেদয়তে পুরুষং বেদ যথা মা বো মৃত্যুঃ পরিব্যধাঃ। তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ। বিদ্যয়ামৃতমশ্নুতে সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি। অপহত্য পাপ্মানমনন্তে স্বর্গে লোকে তত্ত্বং প্রসমীক্ষ্য দেহী একঃ কৃতার্থো ভবতি বীতশোকঃ। য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি তমীশং জ্ঞাত্বামৃতা ভবন্তি তদেবোপযন্তি। নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি তমেবং জ্ঞাত্বা মৃত্যুপাশাংশ্ছিনত্তি।

যে পূর্ব্বং দেবা ঋষয়শ্চ তং বিদুস্তেষাং—বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে। কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ॥ জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্। সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি॥ জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা। এতদ্বুদ্ধ্বা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত॥ ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্। সর্ব্বেষামপি চৈতেষামাত্মজ্ঞানং পরং স্মৃতম্॥ তদ্ধ্যগ্র্যং সর্ব্ববিদ্যানাং প্রাপ্যতে হ্যমৃতং ততঃ। প্রাপ্যৈতৎ কৃতকৃত্যো হি দ্বিজো ভবতি নান্যথা॥ এবং যঃ সর্ব্বভূতেষু পশ্যত্যাত্মানমাত্মনা। স সর্ব্বসমতামেত্য ব্রহ্মাভ্যেতি সনাতনম্॥ সম্যগ্দর্শনসম্পন্নঃ কর্ম্মভির্ন স বধ্যতে। দর্শনেন বিহীনস্তু সংসারং প্রতিপদ্যতে॥ কর্ম্মণা বধ্যতে জন্তুর্ব্বিদ্যয়া চ বিমুচ্যতে। তস্মাৎ কর্ম্ম ন কুর্ব্বন্তি যতয়ঃ পারদর্শিনঃ। জ্ঞানং নিশ্রেয়সং প্রাহুর্ব্বৃদ্ধা নিশ্চয়দর্শিনঃ। তস্মাজ্জ্ঞানেন শুদ্ধেন মুচ্যতে সর্ব্বপাতকৈঃ॥ এবং মৃত্যুঞ্জায়মানং বিদিত্বা জ্ঞানেন বিদ্বাংস্তেজ অভ্যেতি নিত্যম্। ন বিদ্যতে হ্যন্যথা তস্য পন্থাস্তমন্বা কবিরাস্তে প্রসন্নঃ॥ ক্ষেত্রজ্ঞস্যেশ্বরজ্ঞানাদ্বিশুদ্ধিঃ পরমা মতা। অয়স্তু পরমো ধর্ম্মো যদ্যোগেনাত্মদর্শনম্॥ আত্মজ্ঞঃ শোকসন্তীর্ণো ন বিভেতি কুতশ্চন। মৃত্যোঃ সকাশান্মরণাদথবান্যকৃতাদ্ভয়াৎ॥ ন জায়তে

ন ম্রিয়তে ন বধ্যো ন চ ঘাতকঃ। ন বধ্যো বন্ধকারী বা ন মুক্তো ন চ মোক্ষদঃ। পুরুষঃ পরমাত্মা তু যদতোহন্যদসচ্চ তৎ॥

এবং শ্রুতিস্মৃতীতিহাসাদিষু জ্ঞানস্যৈব মোক্ষসাধনত্বাবগমাদযুক্ত এবোপনিষদারম্ভঃ। কিঞ্চ উপনিষৎসমাখ্যয়ৈব জ্ঞানস্যৈব পরমপুরুষার্থসাধনত্বমবগম্যতে। তথা হি। উপনিষদিতি উপনিপূর্ব্বস্য সদের্ব্বিশরণগত্যবসাদনার্থস্য রূপমাচক্ষতে। উপনিষচ্ছব্দেন ব্যাচিখ্যাসিতগ্রন্থপ্রতিপাদ্যবস্তুবিষয়া বিদ্যোচ্যতে। তাদর্থ্যাৎ গ্রন্থোহপি উপনিষৎ। যে মুমুক্ষবো দৃষ্টানুশ্রবিকে বিষয়বিতৃষ্ণাঃ সন্ত উপনিষচ্ছব্দেন বিদ্যাস্তন্নিষ্ঠতয়া নিশ্চয়েন শীলয়ন্তি তেষামবিদ্যাদেঃ সংসারবীজস্য বিশরণাদ্বিনাশাৎ পরব্রহ্মগময়িতৃত্বাদ্গর্ভজন্মজরামরণাদ্যপ্রবৃত্তস্যাবসাদয়িতৃত্বাদুপনিষৎসমাখ্যয়াপ্যন্যকৃতাৎ পরং শ্রেয় ইতি ব্রহ্ম বিদ্যোপনিষদুচ্যতে। ভবেদেবমুপনিষদারম্ভো যদি বিজ্ঞানস্যৈব মোক্ষসাধনত্বং ভবেৎ। ন চৈতদস্তি। কর্ম্মণামপি মোক্ষসাধনত্বাবগমাৎ। অপামসোমমমৃতা অভূম। অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদিনা। ন ত্বেতদস্তি। শ্রুতিবিরোধান্ন্যায়বিরোধাচ্চ। শ্রুতিবিরোধস্তাবৎ তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি নান্যঃ পন্থা বিদ্যতেহয়নায়। ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেন অমৃতত্বমানশুঃ। প্লবা হ্যেতে অদৃঢ়া যজ্ঞরূপাঃ। অষ্টাদশোক্তমবরং যেষ্টকর্ম্ম*। এতচ্ছ্রেয়ো যেহভিনন্দন্তি মূঢ়া জরামৃত্যুং তে পুনরেবাপিয়ন্তি। নাস্ত্যকৃতঃ কৃতেন।

কর্ম্মণা বধ্যতে জন্তুর্ব্বিদ্যয়া চ বিমুচ্যতে। তস্মাৎ কর্ম্ম ন কুর্ব্বন্তি যতয়ঃ পারদর্শিনঃ॥ অজ্ঞানমলপূর্ণত্বাৎ পুবাণো মলিনঃ স্মৃতঃ। তৎক্ষয়াদ্ধি ভবেন্মুক্তির্নান্যথা কর্ম্মকোটিভিঃ॥ প্রজয়া কর্ম্মণা মুক্তির্দ্ধনেন চ সতা ন হি। ত্যাগেনৈকেন মুক্তিঃ স্যাত্তদভাবে ভ্রমন্ত্যহো॥ কর্ম্মোদয়ে কর্ম্মফলানুরাগাস্তথানুয়ন্তি ন তরন্তি মৃত্যুম্। জ্ঞানেন বিদ্বাংস্তেজ অভ্যেতি নিত্যং ন বিদ্যতে হ্যন্যথা তস্য পন্থাঃ।

এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না যথাগতং কামকামা লভন্তে। শ্রমার্থমাশ্রমা-

---

* আর্ষমেতৎ।

শ্চাপি বর্ণানাং পরমার্থতঃ॥ আশ্রমৈর্ন চ বেদৈশ্চ যজ্ঞৈঃ সাঙ্খ্যৈর্ব্রতৈস্তথা। উগ্রৈস্তপোভির্বিবিধৈর্দানৈর্নানাবিধৈরপি। ন লভন্তে তথাত্মানং লভন্তে জ্ঞানিনঃ স্বয়ম্॥ ত্রয়ীধর্ম্মমধর্ম্মার্থং কিংপাকফলসন্নিভম্। নাস্তি তাত সুখং কিঞ্চিদত্র দুঃখশতাকুলে। তস্মান্মোক্ষায় যততাং কথং সেব্যা ময়া ত্রয়ী। অজ্ঞানপাশবন্ধত্বাদমুক্তঃ পুরুষঃ স্মৃতঃ॥ জ্ঞানাত্তস্য নিবৃত্তিঃ স্যাৎ প্রকাশাত্তমসো যথা। তস্মাজ্জ্ঞানেন মুক্তিঃ স্যাদজ্ঞানস্য পরিক্ষয়াৎ॥ ব্রতানি দানানি তপাংসি যজ্ঞাঃ সত্যঞ্চ তীর্থাশ্রমকর্ম্মযোগাঃ। স্বর্গার্থমেবাশুভমধ্রুবঞ্চ জ্ঞানং ধ্রুবং শান্তিকরং মহার্থম্॥ যজ্ঞৈর্দেবত্বমাপ্নোতি তপোভির্ব্রহ্মণঃ পদম্। দানেন বিবিধান্ ভোগান্ জ্ঞানেন মোক্ষমাপ্নুয়াৎ॥ ধর্ম্মরজ্জ্বা ব্রজেদূর্দ্ধং পাপরজ্জ্বা ব্রজেদধঃ। দ্বয়ং জ্ঞানাসিনা ছিত্বা বিদেহঃ শান্তিমৃচ্ছতি। ত্যজ ধর্ম্মমধর্ম্মঞ্চ উভে সত্যানৃতে ত্যজ। উভে সত্যানৃতে ত্যক্ত্বা যেন ত্যজ্যোঽসি তৎ ত্যজ॥

এবং শ্রুতিস্মৃতিবিরোধান্ন কর্ম্মসাধনমমৃতত্বম্। ন্যায়বিরোধাৎ। কর্ম্মসাধনত্বে মোক্ষস্য চতুর্ব্বিধক্রিয়ান্তর্ভাবাদনিত্যত্বং স্যাৎ। যৎ কৃতকং তদনিত্যমিতি কর্ম্মসাধ্যস্য নিত্যত্বাদদর্শনাৎ। নিত্যশ্চ মোক্ষঃ সর্ব্ববাদিভিরভ্যুপগম্যতে। তথা চ শ্রুতিঃ। চাতুর্ম্মাস্যপ্রকরণে "প্রজামনুপ্রজায়সে তদু তে মর্ত্ত্যা মৃতমিতি।" কিঞ্চ। সুকৃতমিতি সুকৃতস্যাক্ষয়ত্বমুচ্যতে। সুকৃতশব্দশ্চ কর্ম্মণি। নন্বেবং তর্হি কর্ম্মণাং বেদাদিপ্রাপ্তিহেতুত্বেন বন্ধহেতুত্বমেব। সত্যং স্বতো বন্ধহেতুত্বমেব। তথা চ শ্রুতিঃ। "কর্ম্মণা পিতৃলোকঃ সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি। ইষ্টাপূর্ত্তম্মন্যমানা বরিষ্ঠা নান্যচ্ছ্রেয়ো বেদয়ন্তে প্রমূঢ়াঃ। নাকস্য পৃষ্ঠে সুকৃতেঽনুভূত্বেমং লোকং হীনতরং বা বিশন্তি।

এবং কর্ম্মসু নিস্নেহা যে কেচিৎ পারদর্শিনঃ। বিদ্যাময়োঽয়ং পুরুষো ন তু কর্ম্মময়ঃ স্মৃতঃ।" এবং ত্রয়োধর্ম্মমনুপ্রপন্না গতাগতং কামকামা লভন্ত ইতি।

যদা পুনঃ ফলনিরপেক্ষমীশ্বরার্থং কর্ম্মানুতিষ্ঠন্তি তদা মোক্ষসাধনজ্ঞানসাধনান্তঃকরণশুদ্ধিসাধনপারম্পর্য্যেণ মোক্ষসাধনং ভবতি।

তথাহ ভগবান। ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।

লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥ কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্। শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ। সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসীতি॥

তথাচ মোক্ষক্রমঃ। শুদ্ধ্যভাবে মোক্ষাভাবং কর্ম্মভিশ্চ তচ্ছুদ্ধিং দর্শয়তি শ্রীবিষ্ণুধর্ম্মে।

অনূচানস্ততো যজ্বা কর্ম্মন্যাসং ততঃ পরম্। ততো জ্ঞানিত্বমভ্যেতি যোগী মুক্তিং ক্রমাল্লভেৎ॥ অনেকজন্মসংসারচিতে পাপসমুচ্চয়ে। নাক্ষীণে জায়তে পুংসাং গোবিন্দাভিমুখী মতিঃ॥ জন্মান্তরসহস্রেষু তপোজ্ঞানসমাধিভিঃ। নরাণাং ক্ষীণপাপানাং কৃষ্ণে ভক্তিঃ প্রজায়তে॥ ন স্বকর্ম্মাশয়ো হ্যত্র মহামুক্তিবিরোধকৃৎ। তস্যৈব শমনে যত্নঃ কার্য্যঃ সংসারভীরুণা॥ সুবর্ণাদিমহাদানপুণ্যতীর্থাবগাহনৈঃ। শরীরৈশ্চ মহাক্লেশৈঃ শাস্ত্রোক্তৈস্তচ্ছমো ভবেৎ॥ দেবতাস্তুতিসচ্ছাস্ত্রশ্রবণৈঃ পুণ্যদর্শনৈঃ। গুরুশুশ্রূষণৈশ্চৈব পাপবন্ধঃ প্রশাম্যতি॥ যাজ্ঞবল্ক্যোঽপি শুদ্ধ্যপেক্ষাং তৎসাধনঞ্চ দর্শয়তি। কর্ত্তব্যাশয়শুদ্ধিস্তু ভিক্ষুকেণ বিশেষতঃ। জ্ঞানোৎপত্তিনিমিত্তত্বাৎ স্বতন্ত্রীকরণায় চ॥ মলিনো হি যথাদর্শো রূপালোকস্য ন ক্ষমঃ। তথা বিপক্ককরণ আত্মজ্ঞানস্য ন ক্ষমঃ॥ আচার্য্যোপাসনং বেদশাস্ত্রার্থস্য বিবেকিতা। তৎকর্ম্মণামনুষ্ঠানং সঙ্গঃ সদ্ভির্গিরঃ শুভাঃ॥ স্ত্র্যালোকালম্ভবিগমঃ সর্ব্বভূতাত্মদর্শনম্। ত্যাগঃ পরিগ্রহাণাঞ্চ জীর্ণকাষায়ধারণম্। বিষয়েন্দ্রিয়সংরোধস্তন্দ্রালস্যবিবর্জ্জনম্। শরীরপরিসঙ্খ্যানং প্রবৃত্তিষ্বঘদর্শনম্॥ নীরজস্তমসা সত্ত্বশুদ্ধির্নিস্পৃহতা শমঃ। এতৈরুপায়ৈঃ সংশুদ্ধঃ সত্যযোগামৃতী ভবেৎ॥ যতো বেদাঃ পুরাণানি বিদ্যোপনিষদস্তথা। শ্লোকাঃ সূত্রাণি ভাষ্যাণি যচ্চান্যদ্বাঙ্ময়ং ক্বচিৎ॥ বেদানুবচনং যজ্ঞে ব্রহ্মচর্য্যং তপো দমঃ। শ্রদ্ধোপবাসঃ স্বাতন্ত্র্যমাত্মনো জ্ঞানহেতবঃ॥ তথাচাথর্ব্বণে বিশুদ্ধ্যাপেক্ষমাত্মজ্ঞানং দর্শয়তি। জন্মান্তরসহস্রেষু যদা ক্ষীণাস্তু কিল্বিষাঃ। তদা পশ্যন্তি যোগেন সংসারচ্ছেদনং মহৎ॥

যস্মিন্ বিশুদ্ধে বিরজে চ চিত্তে য আত্মবৎ পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ।

তমেব বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকে-নেতি।

বৃহদারণ্যকে বিবিদিষাহেতুত্বং যজ্ঞাদীনাং দর্শয়তি। নন্বু বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ। তপো বিদ্যা চ বিপ্রস্য নৈশ্রেয়সকরং পরমিত্যাদিনা কর্ম্মণামপ্যমৃতত্বপ্রাপ্তিহেতুত্বমবগম্যতে। সত্যমবগম্যত এব তদপেক্ষিতশুদ্ধিদ্বারেণ ন চ সাক্ষাৎ। তথাহি বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ। তপো বিদ্যা চ বিপ্রস্য নৈশ্রেয়সকরং পরমিত্যাদিনা জ্ঞানকর্ম্মণো নিশ্রে-য়সহেতুত্বমভিপ্রায়কথনয়োস্তদ্ধেতুত্বমিত্যাকাঙ্ক্ষায়াং। তপসা কল্মষং হন্তি বিদ্যয়ামৃতমশ্নুত ইতি। বাক্যশেষেণ কর্ম্মণঃ কল্মষক্ষয়হেতুত্বং বিদ্যয়ামৃত-ত্বপ্রাপ্তিহেতুত্বং প্রদর্শিতম্। যত্র তু শুদ্ধ্যাদ্যবান্তরকার্য্যানুপদেশস্তত্রাপি শাখান্তরোপসংহারন্যায়েনোপসংহারঃ কর্ত্তব্যঃ। নন্বু কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমা ইতি। যাবজ্জীবকর্ম্মানুষ্ঠাননিয়মে সতি কথং বিদ্যায়া মোক্ষসাধনত্বমুচ্যতে। কর্ম্মণ্যধিকৃতস্যায়ং নিয়মো নানধিকৃতস্যানিযো-জ্যস্য ব্রহ্মবাদিনঃ। তথাচ বিদুষঃ কর্ম্মানধিকারং দর্শয়তি শ্রুতিঃ। নৈত-দ্বিদ্বান্বৃষিণা বিধেয়ো ন রুধ্যতে বিধিনা শব্দচারঃ। এতদ্ধস্ম বৈ তৎপূর্ব্বে বিদ্বাংসোহগ্নিহোত্রং ন জুহবাঞ্চক্রিরে। এতং বৈ তমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায় ভিক্ষাচর্য্যং চরন্তি। এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বাংস আহুঃ ঋষয়ঃ কাবষেয়াঃ কিমর্থা বয়-মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে স ব্রাহ্মণঃ কেন স্যাদ্যেন স্যাত্তেনেদৃশ এবেতি। যথাহ ভগবান্॥

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্মন্যেবাত্মনা তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে॥ নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন। ন চাস্য সর্ব্ব-ভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥

তথাচাহ ভগবান্ পারমেশ্বরে লৈঙ্গে কালকূটাখ্যানে। তেন তেনৈব বিপ্রস্য ত্যক্তসঙ্গস্য দেহিনঃ। কর্ত্তব্যং নাস্তি বিপ্রেন্দ্রা অস্তি চেত্তত্ত্ববিন্ন চ॥ ইহ লোকে পরং চৈব কর্ত্তব্যং নাস্তি তস্য বৈ॥ জীবন্মুক্তো যতস্তস্মাদ্ব্রহ্মবিৎ পরমার্থতঃ। জ্ঞানাভ্যাসরতোযস্তু সর্ব্বতত্ত্বার্থবিৎ স্বয়ম্। কর্ত্তব্যাভাবমুৎসৃজ্য জ্ঞানমেবাধিগচ্ছতি॥ বর্ণাশ্রমাভিমানী যস্ত্যক্ত্বা জ্ঞানং

দ্বিজোত্তমঃ। অন্যত্র রমতে মূঢ়ঃ সোঽজ্ঞানী নাত্র সংশয়ঃ॥ ক্রোধো ভয়ং তথা লোভো মোহো ভেদেক্ষণং তমঃ। ধর্ম্মাধর্ম্মৌ চ তেষাং হি তদ্বশাত্তদনুগ্রহঃ॥ শরীরে সতি বৈ ক্লেশঃ সোঽবিদ্যাং সংত্যজেৎ ততঃ। অবিদ্যাং বিদ্যয়া হিত্বা স্থিতস্যৈবেহ যোগিনঃ॥ ক্রোধাদ্যা নাশমায়ান্তি ধর্ম্মাধর্ম্মৌ চ দেহজৌ। তৎক্ষয়াচ্চ শরীরেণ ন পুনঃ সংপ্রযুজ্যতে। স এব মুক্তঃ সংসারাদ্দুঃখত্রয়বিবর্জ্জিতঃ॥

তথা শিবধর্ম্মোত্তরে।

এই অসীম জগতে যাহা কিছু হইয়াছে, হইতেছে ও হইবে, এই সকল কার্য্যের কর্ত্তা সেই পরমপুরুষ প্রাণিগণের অমৃতত্ব প্রদান করেন। এই ভুবনে অন্নদ্বারা যাহা কিছু বর্দ্ধিত হই-তেছে, তিনিই তাহার বিধাতা। সেই ঈশ্বর ভিন্ন আর কোন ব্যক্তিই জগতের কোন কার্য্য করিতে পারেন না; সকলকেই সেই পরমাত্মা পরমপুরুষের অধীনে থাকিতে হইতেছে ॥১৫॥

সর্ব্বত্র সেই ঈশ্বরের হস্ত আছে, সকল স্থানেই তাঁহার পাদ রহিয়াছে এবং সর্ব্ব প্রদেশে সর্ব্বকালেই সেই জগৎপাতা জগদীশ্বরের চক্ষুঃ, মস্তক ও মুখ বিদ্যমান আছে। তিনি অনন্ত ব্রহ্মাণ্ড আবরণ করিয়া আছেন। এই জগতে তিনি না আছেন, এমন স্থানই নাই। তাঁহার কর্ণ সর্ব্বত্র রহিয়াছে;

সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥ ১৬ ॥
সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্ ।
সর্ব্বস্য প্রভুমীশানং সর্ব্বস্য শরণং বৃহৎ ॥ ১৭ ॥
নবদ্বারে পুরে দেহী হংসো লেলায়তে বহিঃ ।

---

লোকে নিকায়ে সর্ব্বমাবৃত্য সংব্যাপ্য তিষ্ঠতি। উপাধিভূতপাণিপাদাদ্যিন্দ্রিয়াধ্যারোপণাজ্জ্ঞেয়স্য তদ্বত্তাশঙ্কা মাভূদিত্যেবমর্থমুত্তরতো মন্ত্রঃ ॥১৬॥

সর্ব্বেন্দ্রিয়েতি। সর্ব্বাণি চ তানীন্দ্রিয়াণি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি অন্তঃকরণপর্য্যন্তানি সর্ব্বেন্দ্রিয়গ্রহণেন গৃহ্যন্তে। অন্তঃকরণবহিঃকরণোপাধিভূতঃ সর্ব্বেন্দ্রিয়গুণৈরধ্যবসায়সঙ্কল্পশ্রবণবদাভাসত ইতি সর্ব্বেন্দ্রিয়গুণাভাসম্। সর্ব্বেন্দ্রিয়ৈর্ব্বা বৃতমিব তজ্জ্ঞেয়মিত্যর্থঃ। ধ্যায়তীব লেলায়তীবেতি শ্রুতেঃ। কস্মাৎ পুনঃ কারণাত্তদ্ব্যাপৃতমিবেতি গৃহ্যত ইত্যাহ। সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং সর্ব্বকারণরহিতমিত্যর্থঃ। অতো ন চ করণব্যাপারৈর্ব্ব্যাবৃত্তং তজ্জ্ঞেয়ং। সর্ব্বস্য জগতঃ প্রভুমীশানম্। সর্ব্বস্য শরণং পরায়ণং বৃহৎ কারণঞ্চ ॥১৭॥

কিঞ্চ। নবদ্বারেতি। নবদ্বারে শিরসি সপ্তদ্বারাণি দ্বে অবাচীপুরে দেহী বিজ্ঞানাত্মা ভূত্বা কার্য্যকারণোপাধিঃ সন্ হংসঃ পরমাত্মা হন্ত্যবিদ্যা-

---

যে স্থানে যে যাহা কিছু বলে, তৎসমুদায়ই তিনি শুনিতে পান; যে যাহা কিছু করে, তাহা তিনি জানিতে পারেন; তাঁহার অগোচর কিছুই নাই ॥ ১৬ ॥

জগৎকর্ত্তা জগদীশ্বরের চক্ষুঃ, কর্ণ, নাসিকা প্রভৃতি কোন ইন্দ্রিয় নাই, অথচ সকল ইন্দ্রিয়েরই কার্য্য আছে, অর্থাৎ তিনি সকল শুনিতে পান, সকল দেখিতে পান, সকল বস্তুর আস্বাদ জানেন ও সকল পদার্থের আঘ্রাণ লইতে পারেন এবং তাঁহার সকল বস্তুর স্পর্শ জ্ঞান আছে। তিনি সকলের প্রভু, সকলের নিয়ন্তা ও সকলের আশ্রয়। তিনি ভিন্ন প্রধানপুরুষ আর কেহ নাই ॥ ১৭ ॥

বশী সর্ব্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ ॥ ১৮ ॥
অপাণিপাদো জবনো গ্রহীতা
পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।
স বেত্তি বেদ্যং ন চ তস্যাহস্তি বেত্তা
তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্ ॥ ১৯ ॥

---

ত্মকং কার্য্যমিব লেলায়তে চলতি বহির্ব্বিষয়গ্রহণায়। বশী সর্ব্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ। এবং তাবৎ সর্ব্বাত্মকং ব্রহ্ম প্রতিপাদিতম্ ॥১৮॥

অথেদানীং নির্বিকারানন্দস্বরূপেণানুদিতানস্তমিতং জ্ঞানাত্মনাবস্থিতং পবমাত্মানং দর্শয়িতুমাহ। অপাণিপাদ ইতি নাস্য পাণিপাদাবিত্যপাণিপাদঃ। অথ জবনো দূবগামী। গ্রহীতা পাণ্যাদ্যভাবেহপি সর্ব্বগ্রাহী। পশ্যতি সর্ব্বমচক্ষুবপি সন্। শৃণোত্যকর্ণোহপি। স বেত্তি বেদ্যং সর্ব্বজ্ঞত্বাদ্ অমনস্কোহপি। ন চ তস্যাস্তি বেত্তা নান্যোহতোহস্তি দ্রষ্টেতি শ্রুতেঃ। তমাহুবগ্র্যং প্রথমং সর্ব্বকারণত্বাৎ পুরুষং পূর্ণং মহান্তম ॥১৯॥

---

চক্ষুর্দ্বয়, নাসিকাদ্বয়, কর্ণদ্বয়, মুখ, গুহ্য ও উপস্থ এই নবদ্বারবিশিষ্ট দেহস্বরূপ পুরীতে তিনিই বিজ্ঞানময় আত্মস্বরূপে বাস করিতেছেন। তিনিই সকল ভুবনের কর্ত্তা এবং চরাচর জগতের অন্তরে ও বাহ্য প্রদেশে সেই পরমপিতা পরংব্রহ্ম বাস করিতেছেন ॥ ১৮ ॥

সেই পরমকারুণিক জগদীশ্বরের লৌকিক হস্ত নাই, অথচ সকল বস্তু গ্রহণ করিতে পারেন। তাঁহার পাদদ্বয় দেখিতে পাই না, কিন্তু অতিদূরগমনে শক্তি আছে; চক্ষুঃ নাই, অথচ জগতের সকল পদার্থই তিনি দেখিতেছেন; কর্ণ নাই, ব্রহ্মাণ্ডের সকল প্রকার শব্দই তিনি শুনিতে পান। তিনি অসীম জগতের সমস্ত কার্য্যই জানিতেছেন, কিন্তু তাঁহাকে কেহ জানিতে

অণোরণীয়ান্ মহতো মহীয়া-
নাত্মা গুহায়াং নিহিতোঽস্য জন্তোঃ।
তমক্রতুং পশ্যতি বীতশোকো
ধাতুঃ প্রসাদান্মহিমানমীশম্॥ ২০॥
বেদাহমেতমজরং পুরাণং

---

কিঞ্চ। অণোরণীয়ানিতি। অণোঃ সূক্ষ্মাদপ্যণীয়ানণুতরং। মহতো মহত্বপরিমাণান্ মহীয়ান্ মহত্তরঃ। স চাত্মাস্য জন্তোর্ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য প্রাণিজাতস্য। গুহায়াং হৃদয়ে নিহিত আত্মভূতঃ স্থিত ইত্যর্থঃ। তমাত্মানং অক্রতুং বিষয়ভোগসঙ্কল্পরহিতমাত্মনো মহিমানং কর্ম্মনিমিত্তবৃদ্ধিক্ষয়রহিতমীশং পশ্যত্যয়মহমস্মীতি সাক্ষাজ্জানাতি যঃ স বীতশোকো ভবতি। কেন তর্হ্যসৌ পশ্যতি। ধাতুরীশ্বরস্য প্রসাদাৎ। প্রসন্নে হি পরমেশ্বরে তদ্‌যথাত্ম্যজ্ঞানমুৎপদ্যতে। অথবেন্দ্রিয়াণি ধাতবঃ শরীরস্য ধারণাৎ তেষাং প্রসাদাদ্বিষয়দোষবলাদ্যপনয়নাৎ। অন্যথা দুর্ব্বিজ্ঞেয় আত্মা কামিভিঃ প্রাকৃতপুরুষৈঃ॥ ২০॥

উক্তমর্থং দ্রঢ়য়িতুং মন্ত্রদৃগনুভবং দর্শয়তি। বেদাহমেতমিতি বেদ জানেঽহমেতমজরং বিপরিণামধর্ম্মবর্জ্জিতং পুরাণং পুরাতনম্। সর্ব্বাত্মানং

---

পারে না, সুতরাং তাহাকেই জগদাদি প্রধানপুরুষ বলিয়া থাকে॥ ১৯॥

পরমপিতা পরমেশ্বর সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর এবং মহৎ হইতে মহত্তর। তিনি আকীটব্রহ্মপর্য্যন্ত সমস্ত জীবের হৃদয়গুহাতে আত্মরূপে বিদ্যমান আছেন। যে ব্যক্তি বিষয়ভোগাসঙ্গরহিত অদ্বিতীয় মহাপুরুষকে জানিতে পারে, সেই ব্যক্তি করুণাময়ের প্রসাদে শোকমোহাদি হইতে বিনির্মুক্ত হইয়া অনন্তকাল পরমানন্দ ভোগ করিতে থাকে॥ ২০॥

আমি সেই নির্ব্বিকার পুরাতন পরমপুরুষকে জানি।

সর্ব্বাত্মানং সর্ব্বগতং বিভুত্বাৎ।
জন্মনিরোধং প্রবদন্তি যস্য
ব্রহ্মবাদিনোঽভিবদন্তি নিত্যম্॥ ২১॥
ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥
॥ ওঁ তৎ সৎ ওঁ॥

---

সর্ব্বেষামাত্মভূতম্। সর্ব্বগতং বিভুত্বাদ্ আকাশবদ্ব্যাপকত্বাৎ। যস্য চ জন্মনিরোধং উৎপত্ত্যভাবং প্রবদন্তি ব্রহ্মবাদিনো হি নিত্যম্। স্পষ্টো-ঽর্থঃ॥ ২১॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্য-
শ্রীমচ্ছঙ্করভাগবৎপ্রণীতে শ্বেতাশ্বতরোপনিষদ্ভাষ্যে
তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

---

তিনি সকলের আত্মস্বরূপ ও আকাশের ন্যায় সর্ব্বব্যাপী। যে ব্যক্তি এইরূপে পরমাত্মাকে জানিয়া জন্ম নিবারণ করিতে পারে, ব্রহ্মবিৎ পণ্ডিতগণ তাহাকেই নিত্য পুরুষ বলিয়া থাকেন॥ ২১॥

ইতি তৃতীয় অধ্যায়।

# চতুর্থোঽধ্যায়ঃ।

য একোঽবর্ণো বহুধা শক্তিযোগাদ্
বর্ণাননেকান্ নিহিতার্থো দধাতি।
বিচৈতি চান্তে বিশ্বমাদৌ স দেবঃ
স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু ॥ ১ ॥
তদেবাগ্নিস্তদাদিত্যস্তদ্বায়ুস্তদু চন্দ্রমাঃ।

---

গ্রহণস্বাদস্যার্থস্য ভূয়ো ভূয়ো বক্তব্য ইতি চতুর্থোঽধ্যায় আরভ্যতে। য এক ইতি। য একোঽদ্বিতীয়ঃ পরমাত্মা। অবর্ণো জাত্যাদিরহিতো নির্ব্বিশেষ ইত্যর্থঃ। বহুধা নানাশক্তিযোগাদ্বর্ণাননেকান্ নিহিতার্থো গৃহীতপ্রয়োজনঃ স্বার্থনিরপেক্ষ ইত্যর্থঃ। দধাতি বিদধাতি অদঃ। বিচৈতি ব্যেতি চ অন্তে লয়কালে চ। চশব্দাদেতি মধ্যে এতি যস্মিন্ বিশ্বং স দেবো দ্যোতনস্বভাবো বিজ্ঞানৈকরস ইত্যর্থঃ। স নোঽস্মান্ শুভয়া বুদ্ধ্যা সংযুনক্তু সংযোজয়তু। যস্মাৎ স এব সর্ব্বম্ ॥ ১ ॥

ন ততো বিভক্তমস্তীত্যাহ মন্ত্রত্রয়েণ। তদেবেতি। তদেবাত্মতত্ত্বমগ্নিঃ। তদাদিত্যঃ। এবশব্দঃ সর্ব্বত্র সম্বধ্যতে তদেব শুক্রমিতি দর্শনাৎ।

---

যে অদ্বিতীয় পরমাত্মা ব্রাহ্মণক্ষত্রিয়াদি-জাতিরহিত, যিনি অনন্তশক্তিপ্রভাবে স্বার্থনিরপেক্ষ হইয়া অনন্ত সংসার সৃষ্টি-করিয়াছেন এবং অশেষ জগৎ পরিপালন করিয়া অবসানকালে লয় করিতেছেন, সেই পরমাত্মা মহাপুরুষ আমাদিগকে শুভ-মতি প্রদান করুন। আমরা যেন আর সংসারমায়াপাশে আবদ্ধ না হইয়া তাঁহার শ্রীচরণে মনঃ সমর্পণ করিতে পারি ॥ ১॥

তিনিই অগ্নি, তিনিই সূর্য্য, তিনিই বায়ু, তিনিই চন্দ্র, তিনিই শুক্র, তিনিই ব্রহ্ম, তিনিই জল এবং তিনিই প্রজাপতি।

তদেব শুক্রং তদ্‌ব্রহ্ম তদাপস্তৎ প্রজাপতিঃ ॥ ২ ॥
ত্বং স্ত্রী ত্বং পুমানসি ত্বং
কুমার উত বা কুমারী।
ত্বং জীর্ণো দণ্ডেন বঞ্চয়সি
ত্বং জাতো ভবসি বিশ্বতোমুখঃ ॥ ৩ ॥
নীলঃ পতঙ্গো হরিতো লোহিতাক্ষ-
স্তড়িদ্গর্ভ ঋতবঃ সমুদ্রাঃ।
অনাদিমস্ত্বং বিভুত্বেন বর্ত্তসে
যতো জাতানি ভুবনানি বিশ্বা ॥ ৪ ॥

---

শেষমৃজু। তদেব শুক্রং শুদ্ধং অন্যদপি দীপ্তিমন্নক্ষত্রাদি তদ্ধিরণ্যগর্ভ আত্মা তদাপঃ স প্রজাপতির্বিরাড়াত্মা ॥ ২ ॥

ত্বমেবেতি সর্ব্বত্র সম্বধ্যতে স্পষ্টো মন্ত্রার্থঃ ॥ ৩ ॥

নীলেতি। ত্বমেব নীলঃ পতঙ্গো ভ্রমরঃ। পতনাদ্গচ্ছতীতি পতঙ্গঃ। হরিতো লোহিতাক্ষঃ শুকাদিনিকৃষ্টাঃ প্রাণিনস্ত্বমেবেত্যর্থঃ। তড়িদ্গর্ভো মেঘঃ। ঋতবঃ সমুদ্রাঃ। যস্মাত্ত্বমেব সর্ব্বস্যাত্মভূতস্তস্মাদনাদিস্ত্বমেব। ত্বমেবাদ্যন্তশূন্যঃ। বিভুত্বেন ব্যাপকত্বেন যতো জাতানি ভুবনানি বিশ্বানি ॥ ৪ ॥

---

সেই পরমাত্মাভিন্ন এই জগতে আর কিছুই নাই। এই সংসার সমস্তই ব্রহ্মময় ॥ ২ ॥

হে করুণাময় ভগবন্! তুমিই স্ত্রী, তুমিই পুরুষ, তুমিই বালক, তুমিই বালিকা এবং তুমিই বৃদ্ধরূপে দণ্ড ধারণ করিয়া ভ্রমণ করিয়া থাক। তুমি সর্ব্বত্র জন্ম পরিগ্রহ করিয়া অশেষ জগতে বিদ্যমান রহিয়াছ ॥ ৩ ॥

তুমি নীলবর্ণ ভ্রমর এবং তুমিই লোহিতবর্ণ শুকাদি নিকৃষ্ট প্রাণী। আকাশমার্গে যে উড্ডীন মেঘ দেখিতে পাই,

অজামেকাং লোহিতকৃষ্ণবর্ণাং
বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং সরূপাং।
অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে
জহাত্যেনাং ভুক্তভোগ্যামজোঽন্যঃ ॥ ৫ ॥
দ্বা সুপর্ণা সযুজা সখায়া

---

ইদানীং তেজোঽবন্নলক্ষণাং প্রকৃতিং ছান্দগ্যোপনিষৎপ্রসিদ্ধামজরূপ-কল্পনয়া দর্শয়তি। অজামেকামিতি। অজাং প্রকৃতিং লোহিতশুক্লকৃষ্ণাং তেজোঽবন্নলক্ষণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানামুৎপাদয়ন্তীং ধ্যানযোগানুগত-দৃষ্টাং দেবাত্মশক্তিং সরূপাং সমানাকারাম্। অজো হ্যেকো বিজ্ঞানাত্মা। অনাদিকামকর্ম্মবিনাশিতঃ স্বয়মাত্মানং মন্যমানো জুষমাণঃ সেবমানোঽনু-শেতে ভজতে। অন্য আচার্য্যোপদেশপ্রকাশাবসাদিতাবিদ্যান্ধকারো জহাতি ত্যজতি ॥ ৫ ॥

ইদানীং সূত্রভূতৌ পরমার্থবস্তুবধারণার্থমুপন্যস্যেতে দ্বা ইতি। দ্বা দ্বৌ বিজ্ঞানপরমাত্মানৌ। সুপর্ণা সুপর্ণে শোভনপতনৌ শোভনগমনৌ সুপর্ণৌ

---

তাহাও তুমি। তুমিই হেমন্তাদি ছয় ঋতু এবং তুমিই লবণাদি সপ্ত সমুদ্র। যেহেতু তুমিই সকলের আত্মস্বরূপ; অতএব তুমিই অনাদি ও অনন্ত, তোমা হইতেই অসীম জগতের সৃষ্টি হই-য়াছে। সুতরাং তুমি ভিন্ন জগৎকারণ আর কিছুই নাই। ৪ ॥

যে নিত্যা, অদ্বিতীয়া, তেজোরূপা ও সমানাকারা প্রকৃতি প্রভূত প্রজা সৃষ্টি করিতেছেন, নিত্য বিজ্ঞানাত্মা সেই প্রকৃতির সেবা করিয়া অজ্ঞানস্বরূপ অন্ধকার পরিত্যাগ করেন। আত্মা প্রকৃতির আশ্রয়ে ভোগ্য বস্তু ভোগ করিয়া আচার্য্যাদির উপ-দেশ বাক্যে কামকর্ম্মাদি পরিত্যাগ করিয়া থাকে ॥ ৫ ॥

যেমন পক্ষিযুগল এক বৃক্ষকে আশ্রয় করিয়া থাকে,

সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য-
নশ্নন্নন্যোঽভিচাকশীতি ॥ ৬ ॥
সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নো

---

পক্ষিসামান্যাদ্বা। তৌ পর্ণৌ সযুজা সযুজৌ সর্ব্বদা সংযুক্তৌ। সখায়া সখায়ৌ সমানাখ্যানৌ সমানাভিব্যক্তিকারণৌ। এবম্ভূতৌ সন্তৌ সমানমেকং বৃক্ষং বৃক্ষমিবোচ্ছেদসামান্যাদ্বৃক্ষং শরীরং পরিষস্বজাতে পরিষ্বক্তবন্তৌ সমাশ্রিতবন্তৌ এতৌ। তয়োরন্যোঽবিদ্যাকামবাসনাশ্রয়লিঙ্গোপাধির্ব্বিজ্ঞানাত্মা পিপ্পলং কর্ম্মফলং সুখদুঃখলক্ষণং স্বাদু অনেকবিচিত্রবেদনাস্বাদরূপমত্তি উপভুঙ্‌ক্তে বিবেকতোঽনশ্নন্নন্যো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবঃ পরমেশ্বরোঽভিচাকশীতি সর্ব্বমপি পশ্যন্নাস্তে ॥ ৬ ॥

তত্রৈবং সতি সমানে বৃক্ষে শরীরে পুরুষো ভোক্তা অবিদ্যাকামকর্ম্মফলরাগাদিগুরুভারাক্রান্তোঽলাবুরিব সর্ব্বো জলনিমগ্নো নিশ্চয়েন দেহাত্ম-

---

তেমন জীবাত্মা ও পরমাত্মা এই উভয়ই পতন ও গমন-রূপ পক্ষদ্বয়বিশিষ্ট হইয়া একদা সখ্যভাবে সমানাকার একমাত্র শরীররূপ বৃক্ষকে আশ্রয় করিয়া রহিয়াছেন। তন্মধ্যে জীবাত্মা অবিদ্যাজনিত বাসনার বশীভূত হইয়া সুখদুঃখাদিরূপ সুস্বাদু কর্ম্মফল ভোগকরে এবং পরমাত্মা বিবেকশক্তিদ্বারা উক্ত ফলসকল পরিত্যাগ করিয়া নিত্য শুদ্ধ বুদ্ধ ও মুক্ত স্বভাব প্রাপ্তহইয়া সর্ব্বদা সর্ব্বসাক্ষাৎকারে বর্ত্তমান থাকেন ॥ ৬ ॥

জীবাত্মা ও পরমাত্মা একই শরীর আশ্রয় করিয়া থাকেন; কিন্তু জীবাত্মা অজ্ঞানজনিত কর্ম্মফলে অনুরাগ প্রভৃতি গুরুভারে আক্রান্ত হইয়া অলাবুর ন্যায় জলনিমগ্ন হয় এবং অনিত্য দেহকে আত্মজ্ঞান করিয়া "আমি অমুকের পুত্র, অমুকের

অনীশয়া শোচতি মুহ্যমানঃ।
জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্য

---

ভাবমাপন্নোঽয়মেবাহং অমুষ্য পুত্রোঽস্য নপ্তা কৃশঃ স্থূলো গুণবান্ নির্গুণঃ সুখী দুঃখীত্যেবং প্রত্যয়ো নান্যোঽস্মাদিতি জায়তে ম্রিয়তে সংযুজ্যতে চ সম্বন্ধিবান্ধবৈঃ। অতোঽনীশয়া ন কস্যচিৎ সমর্থোঽহম্। পুত্রো মম নষ্টো মৃতা মে ভার্য্যা কিং মে জীবিতেন ইত্যেবং দীনভাবোঽনীশয়া শোচতি সন্তপ্যতে মুহ্যমানোঽনেকৈরনর্থপ্রকারৈরবিবেকতয়া বিচিত্রতামাপদ্যমানঃ স এব প্রেততির্য্যঙ্মনুষ্যাদিযোনিম্বাপতন্ দুঃখমাপন্নঃ কদাচিদনেকজন্মশুদ্ধধর্ম্মসঞ্চয়ননিমিত্তং কেনচিৎ পরমকারুণিকেন দর্শিতযোগমার্গোঽহিংসাসত্যব্রহ্মচর্য্যসর্ব্বত্যাগসমাহিতাত্মা সন্ শমাদিসম্পন্নো জুষ্টং সেবিতমনেকযোগমার্গৈর্যদা যস্মিন্ কালে পশ্যতি ধ্যায়মানোঽন্যং বৃক্ষোপাধিলক্ষণাদ্বিলক্ষণমসংসারিণং অশনায়াদ্যসংস্পৃষ্টং সর্ব্বান্তরং পরমাত্মানমীশং অয়মহমস্মি আত্মা সর্ব্বস্য সমঃ সর্ব্বভূতান্তরস্থো নেতরোঽবিদ্যাজনিতোপাধিপরিচ্ছিন্নো মায়াত্মেতি বিভূতিং মহিমানং চেতি জগদ্রূপমস্যৈব মহিমা পরমেশ্বরস্যেতি যদৈবং পশ্যতি তদা বীতশোকো ভবতি সর্ব্বস্মাচ্ছোকসাগরাদ্বিমুচ্যতে কৃতকৃত্যো ভবতীত্যর্থঃ। অথবা জুষ্টং যদা

---

পৌত্র, আমি কৃশ, আমি স্থূল, আমি গুণবান, আমি নিগুণ, আমি সুখী, আমি দুঃখী, আমার পুত্র নষ্ট হইয়াছে, আমার ভ্যার্য্যার মরণ হইয়াছে" ইত্যাদি রূপে দীনভাবে শোক প্রকাশ করিয়া থাকে এবং অবিবেকবশতঃ প্রেত, তির্য্যক্ ও মনুষ্য যোনিতে ভ্রমণ করে। যদি সেই জীব কদাচিৎ কোন দয়ালু সদ্গুরুর উপদেশে যোগমার্গ অবলম্বন করিয়া অহিংসা, সত্যধর্ম্ম, ব্রহ্মচর্য্য প্রভৃতিতে অনুরক্ত হইয়া শমাদিগুণসম্পন্ন হয়, সেই সময়ে অসংসারী ও সর্ব্বান্তর্যামী পরমাত্মাকে দর্শন করিতে পারে। এই জগৎ তাঁহার কার্য্য,

মহিমানমিতি বীতশোকঃ ॥ ৭ ॥
ঋচো অক্ষরে পরমে ব্যোমন্
যস্মিন্ দেবা অধি বিশ্বে নিষেদুঃ।
যস্তন্ন বেদ কিমৃচা করিষ্যতি
য ইত্তদ্বিদুস্ত ইমে সমাসতে ॥ ৮ ॥
ছন্দাংসি যজ্ঞাঃ ক্রতবো ব্রতানি

---

পশ্যত্যন্যমীশং অস্যৈব প্রত্যগাত্মনো মহিমানমিতি তদা বীতশোকো ভবতি ॥ ৭ ॥

ইদানীং তদ্বিদঃ কৃতার্থতাং দর্শয়তি। ঋচ ইতি। বেদত্রয়নিধৌ বেদত্রয়বেদ্যে অক্ষরে পরমে ব্যোমন্ ব্যোম্ন্যাকাশকল্পে যস্মিন্ দেবা অধি বিশ্বে নিষেদুঃ আশ্রিতাস্তিষ্ঠন্তি। যস্তং পরমাত্মানং ন বেদ কিমৃচা করিষ্যতি। য ইত্তদ্বিদুস্ত ইমে সমাসতে কৃতার্থাস্তিষ্ঠন্তি ॥ ৮ ॥

ইদানীং তস্যৈবাক্ষরস্য মায়োপাধিকজগৎস্রষ্টৃত্বং তন্নিমিত্তত্বং ভেদেন দর্শয়তি। ছন্দাংসীতি। ছন্দাংসি ঋগ্‌যজুঃসামাথর্ব্বাঙ্গিরসাখ্যা বেদা বেদ-

---

তিনিই সত্য, অন্যসকল অসার, আমিই পরমাত্মার স্বরূপ ইত্যাদি রূপে পরমেতে অভেদ জ্ঞান করিয়া সংসারশোক পরিত্যাগপূর্ব্বক জীব ভববন্ধন হইতে মুক্ত হইতে পারে ॥ ৭ ॥

আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বেদত্রয়প্রতিপাদ্য পরংব্রহ্মকে আশ্রয় করিয়া দেবগণ স্বস্বকার্য্যে নিযুক্ত আছেন, যে ব্যক্তি সেই পরমাত্মাকে না জানে, বৈদিকাদি মন্ত্র তাহার কি করিতে পারে? ঈশ্বরজ্ঞানে অধিকারী ব্যক্তির পক্ষে মন্ত্র তন্ত্র কোন কার্য্যকারী হয় না; আর যাহারা সেই পরমাত্মাকে জানিতে পারে, তাহারাই কৃতকার্য্য হইয়াছে ॥ ৮ ॥

ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয়, অগ্নিষ্টোমাদি

ভূতং ভব্যং যচ্চ বেদা বদন্তি।
যস্মান্ মায়ী সৃজতে বিশ্বমেতৎ
তস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধঃ ॥ ৯ ॥

---

যজ্ঞাদয়ো যূপসম্বন্ধরহিতবিহিতক্রিয়াশ্চ। যজ্ঞা জ্যোতিষ্টোমাদয়ঃ ক্রতবঃ। ব্রতানি চান্দ্রায়ণাদীনি। ভূতং অতীতং। ভব্যং ভবিষ্যৎ। যদি তয়োর্মধ্যবর্ত্তি বর্ত্তমানং সূচয়তি চশব্দসমুচ্চয়ার্থঃ। যজ্ঞাদিসাধ্যে কর্ম্মণি প্রপঞ্চে ভূতাদৌ চ বেদা এব মানমিত্যেতদ্বদন্তি। যচ্ছব্দঃ সর্ব্বত্র সম্বধ্যতে। অস্মাৎ প্রকৃতাক্ষবাদ্ ব্রহ্মণঃ পূর্ব্বোক্তং সর্ব্বমুৎপদ্যত ইতি সম্বন্ধঃ। অবিকারিব্রহ্মণঃ কথং প্রপঞ্চোপাদানত্বমিত্যত আহ। মায়ীতি। কূটস্থব্যাপিস্বশক্তিবশাৎ সর্ব্বস্রষ্টৃত্বমুপপন্নমিত্যেতৎ। বিশ্বং পূর্ব্বোক্তপ্রপঞ্চং সৃজতে উৎপাদয়তি। স্বমায়য়া কল্পিতে তস্মিন্ ভূতাদিপ্রপঞ্চে মায়য়ৈবান্যো বসন্ সন্নিরুদ্ধঃ সম্বন্ধঃ সন্ অবিদ্যাবশগো ভূত্বা সংসারসমুদ্রে ভ্রমতীত্যর্থঃ। পূর্ব্বোক্তায়াঃ প্রকৃতের্ম্মায়াত্বং তদধিষ্ঠাতৃসচ্চিদানন্দরূপব্রহ্মণস্তদুপাধিবশান্মায়িত্বঞ্চ ॥ ৯ ॥

---

যজ্ঞ এবং চান্দ্রায়ণাদি ব্রত, এই সকল ক্রিয়াকলাপ বেদে কথিত আছে। বেদে আরও বর্ণিত আছে যে, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান পদার্থসকল সেই পরমাত্মা পরম পুরুষ হইতেই উৎপন্ন হইয়াছে। যদিও তিনি নির্ব্বিকার, তথাপি সৃষ্ট্যাদি কার্য্য তাঁহারই মাহাত্ম্যে হইতেছে। তিনি প্রকৃতিবিশিষ্ট হইয়া অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি উপাধি ধারণপূর্ব্বক এই অশেষ জগতের সৃষ্টি স্থিতি ও প্রলয় করিতেছেন। সেইরূপ আত্মাও মায়াবিশিষ্ট হইয়া সংসারে ভ্রমণকরে এবং মায়াবিহীন হইলেই মুক্ত হইতে পারে ॥ ৯ ॥

মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্ মায়িনন্তু মহেশ্বরং।
তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ॥ ১০॥
যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো

চিদ্রূপস্য মায়াবশাৎ কল্পিতাবয়বভূতৈঃ কার্য্যকারণসঙ্ঘাতৈঃ সর্ব্বং ভূরাদীদং পরিদৃশ্যমানং জগদ্ব্যাপ্তঞ্চেত্যাহ। মায়াস্থিতি। জগৎপ্রকৃতিত্বে-নাধস্তাৎ সর্ব্বত্র প্রতিপাদিতা প্রকৃতির্ম্মায়ৈবেতি বিদ্যাদ্বিজানীয়াৎ। তু শব্দোঽবধারণার্থঃ। মহাংশ্চাসাবীশ্বরশ্চেতি মহেশ্বরস্তং মায়িনং মায়ায়াঃ সত্তাস্ফূর্ত্ত্যাদিপ্রদত্বয়া অধিষ্ঠানত্বেন প্রেরয়িতারমেব বিদ্যাদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তস্য প্রকৃতস্য পরমেশ্বরস্য রজ্জ্বাদ্যধিষ্ঠানেষু কল্পিতসর্পাদিস্থানীয়ৈ-র্ম্মায়িকৈঃ স্বাবয়বৈরধ্যাসদ্বারা ইদং ভূরাদি সর্ব্বং ব্যাপ্তমেব পূর্ণমিত্যেতৎ। তুশব্দস্ত্ববধারণার্থঃ॥ ১০॥

মায়া তৎকার্য্যাদিযোনেঃ কূটস্থস্য স্বশক্তিতোঽধিষ্ঠাতৃত্বং বিযদাদি-কার্য্যাণামুৎপত্তিহেতুত্বং তেনৈব সর্ব্বাধিষ্ঠাতৃত্বোপলক্ষিতসচ্চিদানন্দবপুষা

সচ্চিদানন্দবিগ্রহ অদ্বিতীয় জগৎকারণ পরংব্রহ্মই মায়া-বিশিষ্ট হইয়া এই পরিদৃশ্যমান জগৎ ব্যাপিয়া রহিয়াছেন। তাঁহার সেই মায়াকেই প্রকৃতি বলা যায় এবং সেই পরমেশ্বর যখন প্রকৃতিবিশিষ্ট হন, তখন তাঁহাকে মায়ী বলে। সেই মায়াবিশিষ্ট পরমপুরুষের কল্পিত অবয়বদ্বারা অশেষ ভুবন ব্যাপ্ত রহিয়াছে। যেমন ভ্রমবশতঃ রজ্জুতে সর্পজ্ঞান হয়, যখন সেই ভ্রান্তি বিদূরিত হইয়া যায়, তখন আর সর্প বলিয়া বোধ থাকে না, সেইরূপ মায়াবশতঃ পরমেশ্বরের অবয়বাদি কল্পিত হইয়া থাকে। পরে মায়ার অবসান হইলেই কেবল সেই চিদানন্দস্বরূপ ব্রহ্ম ভিন্ন আর কিছু প্রতীত হয় না॥ ১০॥

মায়া ও মায়ার কার্য্যস্বরূপ এই পরিদৃশ্যমান জগতের

যস্মিন্নিদং স চ বিচৈতি সর্ব্বম্।
তমীশানং বরদং দেবমীড্যং
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১১ ॥

---

ব্রহ্মাস্মীত্যেকত্বজ্ঞানান্মুক্তিঞ্চ দর্শয়তি। যো যোনিমিতি যো মায়াবিনি-র্ম্মুক্তানন্দৈকঘনঃ পরমেশ্বরঃ। যোনিং যোনিমিতি বীপ্সয়া মূলপ্রকৃতি-র্মায়া অবান্তরপ্রকৃতয়শ্চ সূচিতাঃ। তাঃ প্রকৃতীঃ সত্তাস্ফূর্ত্তিপ্রদত্বেনাধি-ষ্ঠায় তিষ্ঠতি অন্তর্য্যামিরূপেণ। য আকাশে তিষ্ঠন্নিত্যাদি শ্রুতেঃ। একো-ঽদ্বিতীয়ঃ। যস্মিন্মায়াদ্যধিষ্ঠাতরীশ্বরে ইদং সর্ব্বং জগদুদয়সংহারকালে সমেতি সঙ্গচ্ছতে লয়ং প্রাপ্নোতি। পুনঃ **সৃষ্টিকালে বিবিধমেতি আকা-শাদিরূপেণ নানা ভবতি। তং প্রকৃতমধিষ্ঠাতারমীশানং নিয়ন্তারম্। বরদং মোক্ষপ্রদম্।** দেবং দ্যোতনাত্মকম্। ঈড্যং বেদাদিস্তুত্যং নিচায্য নিশ্চয়েন ব্রহ্মাহমস্মীত্যপরোক্ষীকৃত্য। সুষুপ্ত্যাদৌ প্রত্যক্ষীকৃতা যা সর্ব্বো-পরমলক্ষণা সার্ব্বজনী শান্তির্য্যেদমা দর্শিতা তাং প্রসিদ্ধামিমাং শান্তিং সর্ব্ব-দুঃখবিনির্ম্মুক্তিঃ সুখৈকতানস্বরূপাং মুক্তিমিতি যাবৎ। গুরূপদিষ্টতত্ত্বমাদি বাক্যজন্যসুখত্বজ্ঞানেনাবিদ্যাতৎকার্য্যাদিবিশ্বমায়ানিবৃত্ত্যাত্যন্তং পুনরাবৃত্তি রহিতং যথা ভবতি তথা এতি একরসো ভবতীত্যেতৎ ॥ ১১ ॥

---

কারণ সেই কূটস্থ ব্রহ্ম। তিনি স্বীয় শক্তিদ্বারা অনন্ত ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছেন। আমিই ব্রহ্মের স্বরূপ এই প্রকারে সেই পরমপুরুষকে জানিতে পারিলেই মুক্তিলাভ হয়। তিনি অন্ত-রাত্মরূপে সর্ব্বভুতে অবস্থিতি করিতেছেন। মায়াযুক্ত পরমব্রহ্ম হইতে জগৎ প্রকাশ পায় ও অবসানকালে লয় হইয়া থাকে। সেই সর্ব্বনিয়ন্তা মোক্ষপ্রদ বেদাদির স্তবনীয় পরমপুরুষকে যথার্থরূপে জানিতে পারিলেই জীব পরম শান্তি লাভ করে। জীব উক্তরূপে শান্তি লাভ করিলে সকল দুঃখ নিবৃত্তি হইয়া সর্ব্বদা সুখস্রোতে ভাসিতে থাকে ॥ ১১ ॥

যো দেবানাং প্রভবশ্চোদ্ভবশ্চ
বিশ্বাধিপো রুদ্রো মহর্ষিঃ।
হিরণ্যগর্ভং পশ্যত জায়মানং
স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু॥ ১২॥
যো দেবানামধিপো
যস্মিঁল্লোকা অধিশ্রিতাঃ।

---

সূত্রাত্মানং প্রত্যবিরতমভিমুখতয়া বীক্ষন্তং পরমেশ্বরং প্রতি অখণ্ডিত-তত্ত্বজ্ঞানসিদ্ধয়ে প্রার্থনামাহ। যো দেবানামিতি। পূর্ব্বমেবাস্য প্রতি-পাদিতোঽর্থঃ॥ ১২॥

ব্রহ্মপ্রমুখানাং দেবানাং স্বামিতামাকাশাদিলোকাশ্রয়ত্বং প্রমাত্রাদীনাং নিয়ন্তৃত্বং বুদ্ধিশুদ্ধিদ্বারা সম্যগ্‌জ্ঞানসিদ্ধ্যর্থং মুমুক্ষুভিঃ প্রার্থ্যমানত্বঞ্চ পর-মেশ্বরস্যাহ। যো দেবানামধিপ ইতি। প্রকৃতঃ পরমেশ্বরো দেবানাং ব্রহ্মাদীনামধিপঃ স্বামী। যস্মিন্ পরমেশ্বরে সর্বকারণে ভূরাদয়ো লোকা অধিশ্রিতা অধি উপরি শ্রিতা অধ্যস্তা ইতি যাবৎ। প্রকৃতঃ পরমেশ্বরঃ।

---

যে সর্ব্বজ্ঞ পরমাত্মা পরংব্রহ্মরূপী রুদ্র হইতে দেবগণেরও উৎপত্তি হইয়াছে, যিনি দেবতাদিগকে স্বস্ব মাহাত্ম্য প্রদান করিয়াছেন, ইন্দ্র চন্দ্র বায়ু বরুণ প্রভৃতি যাঁহার প্রসাদে স্বীয় মহিমা প্রকাশ করিতেছেন, যিনি হিরণ্যগর্ভ পুরুষকে জন্ম-গ্রহণ করিতে দেখিয়াছেন, তিনি আমাদিগের শুভমতি প্রদান করুন, আমরা যেন তাঁহার অনুগ্রহভাজন হইয়া মায়াপাশ ছিন্ন করিয়া পরম পদ লাভ করিতে পারি॥ ১২॥

যিনি ব্রহ্মাদি দেববৃন্দের অধিপতি, যে সর্ব্বকারণস্বরূপ পরমেশ্বরে পৃথিব্যাদি সকল লোক অধিষ্ঠিত আছে, যিনি অদ্বিতীয় পরমাত্মা পরমেশ্বর মনুষ্য প্রভৃতি দ্বিপদ ও পশ্বাদি

য ঈশেঽস্য দ্বিপদশ্চতুষ্পদঃ
কস্মৈ দেবায় হবিষা বিধেম ॥ ১৩ ॥
সূক্ষ্মাতিসূক্ষ্মং কলিলস্য মধ্যে
বিশ্বস্য স্রষ্টারমনেকরূপং।
বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং
জ্ঞাত্বা শিবং শান্তিমত্যন্তমেতি ॥ ১৪ ॥

---

অস্য দ্বিপদো মনুষ্যাদেশ্চতুষ্পদঃ পশ্বাদেশ্চেশে ঈষ্টে। তকারলোপশ্ছান্দসঃ। কস্মৈ কায়ান্দরূপায়। স্মৈভাবোঽপি ছান্দসঃ। দেবায় দ্যোতনাত্মনে তস্মৈ হবিষা চরুপুরোড়াশাদিদ্রব্যেণ বিধেম পরিচরেম। বিধেঃ পরিচরণ-কর্ম্মণ এতদ্রূপম্ ॥ ১৩ ॥

পরস্যাতিসূক্ষ্মত্বং জগচ্চক্রে সাক্ষিত্বেনাবস্থিতত্বং নিখিলজগৎস্রষ্টৃত্বং সর্ব্বাত্মকত্বং তত্ত্বাদর্থ্যজনানাং মুক্তিশ্চেত্যেতদ্বহুশোঽধস্তাৎ প্রতিপাদিতং যদ্যপি তথাপি বুদ্ধিসৌকর্য্যার্থং পুনরপ্যাহ। সূক্ষ্মেতি। পৃথিব্যাদ্যব্যা-কৃতান্তমুত্তরোত্তরং সূক্ষ্মসূক্ষ্মতরত্বমপেক্ষ্যেশ্বরস্য তদপেক্ষয়া সূক্ষ্মতমত্বমাহ। সূক্ষ্মাতীতি। কলিলস্যাবিদ্যাতৎকার্য্যাত্মকদুর্গস্য গহনস্য মধ্যে অন্তঃ-

---

চতুষ্পদ প্রাণিবর্গের ঈশ্বর, সেই দেবাদিদেব সর্ব্বনিয়ন্তা জগৎ পাতা জগদীশ্বরকে যজ্ঞাদিদ্বারা আরাধনা করা কর্ত্তব্য। তাঁহার আরাধনাতে সর্ব্বাভীষ্ট ফললাভ হয় ॥ ১৩ ॥

যিনি সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর এবং প্রকৃতির কার্য্যস্বরূপ অতিগহন সংসারদুর্গের অন্তঃসাক্ষিস্বরূপ, যিনি এই পরি দৃশ্যমান অশেষ জগৎ সৃষ্টি করিয়াছেন, যাঁহার রূপের শেষ নাই, যিনি একমাত্র অনন্ত ব্রহ্মাণ্ড বেষ্টন করিয়া রহিয়াছেন, সেই মঙ্গলপ্রদ পরাৎপর পরমাত্মাকে জানিতে পরিলে জীব পরমশান্তি লাভকরিতে পারে। আত্মতত্ত্ব পরিজ্ঞাত হইলেই

স এব কালে ভুবনস্যাস্য গোপ্তা
বিশ্বাধিপঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ।
যস্মিন্ যুক্তা ব্রহ্মর্ষয়ো দেবতাশ্চ
তমেবং জ্ঞাত্বা মৃত্যুপাশাংশ্ছিনত্তি॥ ১৫॥

---

সাক্ষিরূপেণাবস্থিতত্বং সনকাদিভির্ব্রহ্মাদিদেবৈশ্চাধিকারিপুরুষৈরপ্যাস্থতয়া প্রাপ্যত্বং সাধনচতুষ্টয়াদিযুতাস্মদাদিনা॥ ১৪॥

মোক্ষসিদ্ধিশ্চাহ সএবেতি। স এব প্রকৃতকালে অতীতকল্পেষু জীবসঞ্চিতকর্ম্মপরিপাকসময়ে ভুবনস্য গোপ্তা তত্তৎকর্ম্মানুগুণতয়া রক্ষিতা। বিশ্বাধিপঃ বিশ্বস্বামী। সর্ব্বভূতেষু গূঢ়ো ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তেষু সাক্ষিমাত্রতয়াঽবস্থিতঃ। যস্মিন্ চিদ্‌ঘনানন্দবপুষি পরে যুক্তা ঐক্যং প্রাপ্তাঃ। তে কে ব্রহ্মর্ষয়ঃ সনকাদয়ঃ। তমেবেশ্বরং জ্ঞাত্বা ব্রহ্মাহমস্মীত্যপরোক্ষীকৃত্য মৃত্যুপাশান্। মৃত্যুরবিদ্যা তমোরূপাদয়শ্চ পাশাঃ পশুস্ত ইতি পাশাস্তান্।

---

অনিত্য সংসার বিসর্জ্জন করিয়া জীব পরমানন্দ লাভে সমর্থ হইয়া থাকে॥ ১৪॥

যে সময়ে জীবগণ স্বীয় সঞ্চিত কর্ম্মের ফলভোগ করিয়া অবসর হয়, সেই সময়ে সেই অদ্বিতীয় ব্রহ্মই জীবসকলকে রক্ষা করেন এবং জীব সেই পরংব্রহ্মেতে লীন হইয়া থাকে। সেই বিশ্বাধীশ্বর সর্ব্বভূতে নিগূঢ় আছেন। তিনি অব্যক্ত থাকিয়াও সর্ব্বভূতের সাক্ষিস্বরূপ হইয়া রহিয়াছেন। সেই সচ্চিদানন্দময় পুরুষে সনকাদি ব্রহ্মর্ষিগণ ও ব্রহ্মাদি দেবগণ ঐক্যভাব ইচ্ছা করেন। সেই জগদাধার সদানন্দ পরমপুরুষকে আত্মার সহিত অভিন্নরূপে জানিতে পারিলে জীব মৃত্যুপাশ ছেদ করিতে পারে। যে ব্যক্তি সেই পরমানন্দময় পরমাত্মাকে জীবের সহিত অভিন্নরূপে জানে, তাহাকে সংসারে জন্মমরণাদিজনিত যন্ত্রণা ভোগ করিতে হয় না॥ ১৫॥

ঘৃতাৎ পরং মণ্ডমিবাতিসূক্ষ্মং
জ্ঞাত্বা শিবং সর্ব্বভূতেষু গূঢ়ং।
বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং
জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ ॥ ১৬ ॥

---

মৃত্যুর্বৈ মর ইতি শ্রুতেঃ। তৎকার্য্যকামকর্ম্ম ছিনত্তি নাশয়তি ঐক্যরূপ-স্বপ্রকাশাগ্নিনা দহতীত্যর্থঃ ॥ ১৫ ॥

পরস্যাত্যন্তাতিসূক্ষ্মতমত্বমানন্দাতিশয়বত্ত্বং নির্দ্দোষবত্ত্বং জীবেষ্বিতি সূক্ষ্মতয়া স্বরূপেণাবস্থানত্বং সর্ব্বস্যাপি সত্তাদিপ্রদতয়া ব্যাপিত্বং তদেকত্ব-জ্ঞানাৎ পাশহানিঞ্চ দর্শয়তি। ঘৃতাদিতি॥ ঘৃতোপরি বিদ্যমানং মণ্ডং সারস্তদ্বতামতিপ্রীতিবিষয়ো যথা তথা মুমুক্ষূণামতিসাররূপানন্দপ্রদত্বেন নিরতিশয়প্রীতিবিষয়ঃ পরমাত্মা তদ্বদ্‌ঘৃতসারবদানন্দরূপেণাত্যন্তসূক্ষ্মং জ্ঞাত্বা শিবমিত্যেতদ্ব্যাখ্যাতম্। সর্ব্বভূতেষু গূঢ়ং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তেষু জন্তুষু কর্ম্মফলভাগসাক্ষিত্বেন প্রত্যক্ষতয়া বর্ত্তমানেঽপি তৈস্তিরস্কৃতেশ্বরভাবম্। উত্তরার্দ্ধং ব্যাখ্যাতম্ ॥ ১৬ ॥

---

পরমেশ্বর অতিসূক্ষ্ম, নিত্যানন্দময় ও দোষবিহীন। তিনিই জীবসমূহে সূক্ষ্মরূপে অবস্থান করিতেছেন। তিনি সর্ব্বব্যাপী। তাঁহার পরিজ্ঞানে জীবের মুক্তিলাভ হয়। যেমন ঘৃতের উপরিভাগে মণ্ডরূপে সারপদার্থ থাকে, ঘৃতবান্ ব্যক্তি তাহা জানিতে পারে না, তেমন এই জগতের সারপদার্থস্বরূপ পরমাত্মা অতিসূক্ষ্মভাবে আছেন, তাহা আপাততঃ কেহ জানিতে পারে না। তিনি মুক্তিকামী ব্যক্তিগণের পক্ষে অতি আনন্দপ্রদ। তিনি বিশ্বসংসার পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। তাঁহাকে সম্যগ্‌রূপে জানিতে পারিলে জীব মায়াপাশ হইতে পরিত্রাণ পাইতে পারে। সেই জীবের আর সংসারবন্ধন হয় না ॥ ১৬ ॥

এষ দেবো বিশ্বকর্ম্মা মহাত্মা
সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ।
হৃদা মনীষা মনসাঽভিক্ল৯প্তো
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ১৭ ॥

---

নির্ব্বেদস্থৈকতানাত্মনো বিশ্বকৃত্ত্বং তদ্ব্যাপিত্বং সন্ন্যাসিভিরাপ্তব্যমোক্ষ-রূপঞ্চাহ। এষ ইতি ॥ এষঃ প্রকৃতো দেবো দ্যোতনাত্মকঃ। বিশ্বকর্ম্মা মহদাদিবিশ্বং কর্ম্ম ক্রিয়ত ইতি কর্ম্ম মায়াবেশাদ্ বিশ্বরূপকার্য্যমস্তেতি বিশ্বকর্ম্মা। মহাংশ্চাসাবাত্মেতি মহাত্মা সর্ব্বব্যাপীত্যর্থঃ। সদা সর্ব্বদা জনানাং হৃদয়ে পরমে ব্যোম্নি হৃদাকাশে জলাদ্যুপাধিষু সূর্য্যপ্রতিবিম্বব-ন্নিবিষ্টঃ সম্যক্স্থিত ইত্যেতৎ। স এব সাক্ষিরূপেণ হৃদা হৃঞ্ হরণ ইতি স্মরণাদ্ধবতীতি হৃৎ তেন হৃদা নেতি নেতীতি নিষেধোপদেশেন। মনীষা অয়ং পুরুষার্থোঽয়মাত্মা পুরুষার্থোঽয়মাত্মায়মনাত্মেত্যেতয়া বিবেকবুদ্ধ্যা। মনসাপি বিচারসার্দ্ধৈকতত্ত্বজ্ঞানেন চ। অভিক্ল৯প্তঃ প্রকাশিতোঽর্থৈকরস-ত্বেনাভিব্যক্ত ইত্যেতৎ। যে জনা সাধনচতুষ্টয়সম্পন্নাঃ সন্ন্যাসিন এতৎ তত্ত্বমস্যাদিবাক্যপ্রতিপাদ্যৈকত্বরূপমর্থৈকরসমিতি যাবৎ। বিদুঃ ব্রহ্মাহ-মস্মীত্যপরোক্ষীকুর্য্যুস্তে যথোক্তজ্ঞানিনোঽমৃতা ভবন্তি অমরণধর্ম্মাণঃ পুন-রাবৃত্তিরহিতা ভবন্তীত্যর্থঃ ॥ ১৭ ॥

---

সন্ন্যাসিগণ আত্মতত্ত্ব পরিজ্ঞানে মুক্তিলাভ করিয়া থাকে। এই সর্ব্বব্যাপী দেবাদিদেব পরমপুরুষই জগতের কর্ম্ম করিতে-ছেন। তিনিই সর্ব্বদা সর্ব্বজনের হৃদয়স্বরূপ মহাকাশে সন্নি-বিষ্ট আছেন। তাঁহাকে যাহারা স্বীয় বিবেকশক্তিদ্বারা তন্ন তন্ন রূপে জানিতে পারে, তাহারা অমরত্ব লাভকরে, কখনও তাহাদিগের সংসারে আগমন করিতে হয় না ॥ ১৭ ॥

যদাঽতমস্তন্ন দিবা ন রাত্রি-
র্ন সন্ন চাসচ্ছিব এব কেবলঃ।
তদক্ষরং তৎসবিতুর্ব্বরেণ্যং
প্রজ্ঞা চ তস্মাৎ প্রসৃতা পুরাণী ॥ ১৮ ॥

---

কালত্রয়েঽপি মুক্তৌ প্রিয়াদৌ চ পরমাত্মা কূটস্থ ইতি নিশ্চয়াজ্জাগ্রৎ স্বপ্নয়োরপি ভ্রান্ত্যা সদ্বিতীয়ত্বাবভাসঃ। বস্তুতস্ত সদা নির্ভেদ এবেত্যাহ। যদেতি ॥ যদা যস্যামবস্থায়ামতমো ন তমোঽস্মেত্যতমঃ তত্ত্বমাদিবাক্যজন্য জ্ঞানেন দীপস্থানীয়েন দগ্ধাবিদ্যাতৎকার্য্যরূপতমস্কত্বাৎ তদা তৎকালে ন দিবা দিবারোপোঽপি নাস্তি ন রাত্রিস্তত্তারোপোঽপি নাস্তীতি সর্ব্বত্রানু-ষঙ্গঃ। ন সন্ সত্তারোপোঽপি। নাসন্ অভাবারোপোঽপি। তর্হি তত্ত্বং সর্ব্বত্র শূন্যমেব জাতমিতি বৌদ্ধমতবিশেষমাশঙ্ক্যাহ। শিব এবেতি ॥ শিব এব শুদ্ধস্বভাবো নির্ব্বিকল্পঃ শূন্যমেবেতি নিপাতার্থঃ। কেবলোঽবিদ্যাদি-বিকল্পশূন্যঃ। তদক্ষরং তদুক্তস্বরূপং ন ক্ষরতীত্যক্ষরঃ নিত্যঃ তৎ তৎপদ-লক্ষ্যম্। সবিতুরাদিত্যাদিমণ্ডলাভিমানিনো বরেণ্যং সম্ভজনীয়ং প্রজ্ঞা-গুরূপদেশাৎ তত্ত্বমাদিবাক্যজা বুদ্ধিঃ। চকার এবকারার্থঃ। তস্মাচ্ছুদ্ধত্ব-

---

সর্ব্বকালেই সেই পরাৎপর ব্রহ্ম অব্যক্ত আছেন, ভ্রান্তি-বশতঃ সকলেরই দ্বিধাজ্ঞান হয়, বাস্তবিক একমাত্র পরমেশ্বর জগতের আরাধ্য। যে সময়ে অজ্ঞানস্বরূপ অন্ধকার বিনষ্ট হইয়া যায়, তখন দিবা, রাত্রি, সৎ ও অসৎ কিছুই জ্ঞান থাকে না, কেবল সেই সর্ব্বমঙ্গলময় পরমপুরুষই হৃদয়ে প্রকাশ পাইতে থাকেন। তিনি নিত্য এবং তাঁহাকে যাহারা সূর্য্যের তেজঃস্বরূপে উপাসনা করে, তাহাদিগের প্রকৃত আরা-ধনীয়। তাঁহার অনুগ্রহেই গুরুর উপদেশে বিবেক বুদ্ধি উৎ-পন্ন হয় ॥ ১৮ ॥

নৈনমূর্দ্ধং ন তির্য্যঞ্চং ন মধ্যে পরিজগ্রভৎ।
ন তস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদ্‌যশঃ॥ ১৯॥
ন সন্দৃশে তিষ্ঠতি রূপমস্য
ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং।

---

হেতোঃ প্রসৃতা নিত্যা বিবেকাদিমৎসু সন্ন্যাসিষু ব্যাপ্তা পূর্ণত্বাকারেণ। পুরাণী ব্রহ্মাণমনারভ্য পরম্পরয়া প্রাপ্তা অনাদিসিদ্ধা॥ ১৮॥

কূটস্থস্য ব্রহ্মণ ঊর্দ্ধাদিষু দিক্ষু কেনাপ্যপরিগ্রাহ্যত্বমদ্বিতীয়ত্বাৎ কেনাপ্যতুলিতত্বং কালদিগাদ্যনবচ্ছিন্নযশোরূপত্বঞ্চাহ। নৈনমিতি॥ এনং প্রকৃতং অপরিচ্ছিন্নরূপত্বান্নিরংশত্বান্নিরবয়বত্বাচ্চ ঊর্দ্ধাদিষু দিক্ষু কশ্চিদপি ন পরিজগ্রভৎ পরিগ্রহীতুং ন শক্নুয়াৎ। তস্য তস্যৈবেশ্বরস্যাখণ্ডসুখানুভবত্বাদেতাদৃশদ্বিতীয়াভাবাৎ প্রতিমা উপমা নাস্তি। যস্য নাম মহদ্‌যশো যস্যেশ্বরস্য নাম অভিধানং মহদ্দিগাদ্যবচ্ছিন্নং সর্ব্বত্র পরিপূর্ণং যশঃ কীর্ত্তিঃ॥ ১৯॥

ঈশস্যেন্দ্রিয়াদ্যবিষয়তাং প্রত্যগ্রূপতাং তদৈক্যজ্ঞানাৎ মোক্ষতাঞ্চাহ। ন সন্দৃশ ইতি॥ অস্য প্রকৃতেশ্বরস্য রূপং স্বরূপং রূপাদিরহিতং নির্ব্বিশেষং

---

সেই অনন্তরূপী পরমাত্মা পরংব্রহ্ম সর্ব্বত্র অলক্ষিতরূপে বিদ্যমান আছেন, কিন্তু ঊর্দ্ধ প্রভৃতি কোন দিকে ও কোন স্থানে তাঁহাকে দেখিতে পাওয়া যায় না। সেই অখণ্ডব্রহ্মাণ্ডাধীশ্বর পরমকারুণিক পরংব্রহ্ম অদ্বিতীয়। এই জগতে তাঁহার তুলনার পাত্র নাই। সেই ঈশ্বরের নাম জগদ্ব্যাপ্ত ও তাঁহার কীর্ত্তিপতাকা সর্ব্বত্রই উড্ডীন রহিয়াছে। আমরা অসীম জগতে যাহা কিছু দেখিতেছি, এই সকলই সেই জগৎপাতা জগদীশ্বরের অনন্ত মাহাত্ম্য প্রকাশ করিতেছে॥ ১৯॥

আমরা যে সকল স্থান দেখিতে পাই, তন্মধ্যে কোন স্থানেও তাঁহাকে দেখিতেছি না। তিনি আমাদিগের সর্ব্ব

হৃদা হৃদিস্থং মনসা য এন-

মেবং বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ২০ ॥

অজাত ইত্যেবং কশ্চিদ্ভীরুঃ প্রতিপদ্যতে।

---

স্বপ্রকাশাখণ্ডসুখানুভবং সন্দৃশে চক্ষুরাদিগ্রহণযোগ্যপ্রদেশে ন তিষ্ঠতি তদ্বিষয়ো ন ভবতীত্যেতৎ। ইন্দ্রিয়াগোচরত্বাদেবৈনং প্রকৃতং চক্ষুরিত্যুপ-লক্ষণম্। সর্ব্বেন্দ্রিয়ৈরপি কশ্চন কোঽপি ন পশ্যতি তদ্বিষয়তয়া গ্রহীতুং ন শক্নুয়াৎ। যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষুংষি পশ্যতীত্যাদি শ্রুতেঃ। হৃদা শুদ্ধবুদ্ধ্যা। এতদ্ব্যাখ্যাতং মনসেতি। হৃদিস্থং হৃদাকাশগুহাস্থং প্রত্যক্তয়া তত্রাবস্থিতম্। যে সাধনচতুষ্টয়াদিযুক্তাঃ সন্ন্যাসিনো যোগ্যাধিকারিণ এবং প্রকৃতং ব্রহ্মাত্মনামেবমিত্থং ব্রহ্মাহমস্মীত্যপরোক্ষেণ বিদুর্জ্জানন্তি তেনা-পরোক্ষীকরণমহিম্নামৃতা ভবন্তি অমরণধর্ম্মাণো ভবন্তি। মরণহেত্ববিদ্যা-দেতত্তত্ত্বজ্ঞানাগ্নিনা দগ্ধত্বাৎ পুনর্দ্দেহান্তরং ন ভজন্তীত্যর্থঃ ॥ ২০ ॥

ইদানীং তৎপ্রসাদাদেব ইষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারাবিতি মত্বা তমেব পর-মেশ্বরং প্রার্থয়তে মন্ত্রদ্বয়েন। অজাত ইতি। ইতিশব্দো হেত্বর্থঃ। যস্মা-ত্ত্বমেবাজাতো জন্মজরাশনায়াপিপাসাধর্ম্মবর্জ্জিতঃ। ইতরৎ সর্ব্বং বিনাশি

---

ইন্দ্রিয়ের অবিষয়, তাঁহাকে চক্ষুঃ কর্ণাদি কোন ইন্দ্রিয়দ্বারাও প্রত্যক্ষ করিতে পারি না। তাঁহার কিপ্রকার রূপ, কেহ তাহা দেখিতে পায় না, কেবল নির্ম্মল বুদ্ধি ও সদ্‌গুরুর কৃপায় যোগা-ভ্যাসদ্বারা যাহারা সেই পরংব্রহ্মকে হৃদিস্থ করিয়া ধ্যান করিতে পারে, তাহারাই সেই পরাৎপর পরমাত্মাকে জানিতে পারিয়া অমরত্ব লাভ করিয়া থাকে। জন্মমরণাদির কারণস্বরূপ অবিদ্যা তত্ত্বজ্ঞানরূপ অগ্নিতে দগ্ধ হইয়া যায় ॥ ২০ ॥

সেই জগদ্‌গুরুর প্রসাদেই ইষ্ট, অনিষ্ট, মঙ্গল ও অমঙ্গল সাধন হয়; অতএব তাঁহাকে আরাধনা করিবে। হে রুদ্র!

রুদ্র যত্তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যং ॥ ২১ ॥
মা নস্তোকে তনয়ে মা ন আয়ুষি
মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ।

---

দুঃখান্বিতম্। তস্মাজ্জন্মজরামরণাশনায়াপিপাসাশোকমোহান্বিতাৎ সংসারাদ্ভীরুর্ভীতঃ সন্ কশ্চিদেক এব পরতন্ত্রস্ত্বামেব শরণং প্রপদ্যে মাদৃশো বা কশ্চিৎ প্রপদ্যেত ইতি প্রথমপুরুষমন্বধীয়তে। হে রুদ্র! যত্তে দক্ষিণং মুখং উৎসাহজননং ধ্যাতমাহ্লাদকরমিত্যধ্যাহার্য্যং। অথবা দক্ষিণস্যাং দিশি ভবং দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যং সর্ব্বদা ॥ ২১ ॥

কিঞ্চ ॥ মা ন ইতি ॥ মা রীরিষ ইতি সর্ব্বত্র সম্বধ্যতে। মা রীরিষঃ। রীষণং মরণং বিনাশং মাকার্ষীঃ। নোঽস্মাকং তোকে পুত্রে তনয়ে পৌত্রে ন আয়ুষি। মা নো গোষু মা নোঽশ্বেষু শরীরিষু। যে চাস্মাকং বীরা বিক্রমন্তো ভৃত্যাস্তান্ হে রুদ্র! ভাবিতঃ ক্রোধিতঃ সন্নবধীঃ। কস্মাৎ

---

যেহেতু কেবল তুমিই জন্ম, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসাদিরহিত ও নিত্য এবং অন্য সকলই অনিত্য। আমি জন্মজরাদিভয়ে ভীত হইয়া তোমার শরণাপন্ন হইলাম এবং মাদৃশ সকল ব্যক্তি তোমার শরণাগত হউক। তুমি আমাদিগকে পালন কর, তোমার তত্ত্বনির্ণয়ে উৎসাহ ও শক্তি প্রদান করিলেই আমরা ত্বৎপ্রদ শক্তিদ্বারা ব্রহ্মতত্ত্ব নিরূপণ করিয়া কৃতকার্য্য হইতে পারিব ॥ ২১ ॥

হে রুদ্র! আমরা তোমার উদ্দেশে অগ্নিতে ঘৃতাহুতি প্রদান করিতেছি। তুমি কুপিত হইয়া আমাদিগকে বিনাশ করিও না। আমাদিগের পুত্র, আমাদিগের গোত্রসম্ভূত, আমাদিগের আয়ুঃ, আমাদিগের গো, ও আমাদিগের অশ্ব

বীরান্ মা নো রুদ্রভাবিতোঽবধী-
র্হবিষ্মন্তঃ সদসি ত্বা হবামহে ॥ ২২ ॥

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

---

যস্মাদ্ধবিষ্যন্তো হবিষা যুক্তাঃ সদসি ত্বা হবামহে অস্মিন্ সদসি ত্বামাহ্বয়াম ইত্যর্থঃ ॥ ২২ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ শ্বেতাশ্বতরোপনিষদ্ভাষ্যে
চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

---

এই সকলের মৃত্যু বিনাশ কর এবং আমাদিগের যে সকল পরাক্রান্ত ভৃত্য আছে, তাহাদিগেরও মৃত্যু বিনাশ কর। ২২।

ইতি চতুর্থ অধ্যায়।

## পঞ্চমোঽধ্যায়ঃ।

দ্বে অক্ষরে ব্রহ্মপরে ত্বনন্তে
বিদ্যাঽবিদ্যে নিহিতে যত্র গূঢ়ে।
ক্ষরন্ত্ববিদ্যা হ্যমৃতং তু বিদ্যা
বিদ্যাবিদ্যে ঈশতে যস্তু সোঽন্যঃ ॥ ১ ॥
যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো

---

চতুর্থাধ্যায়শেষমপূর্ব্বার্থং প্রতিপাদয়িতুং পঞ্চমোঽধ্যায় আরভ্যতে। দ্বে অক্ষর ইত্যাদিনা। দ্বে বিদ্যাবিদ্যে যস্মিন্নক্ষরে ব্রহ্মণো হিরণ্যগর্ভাৎ পরে ব্রহ্মপরে পরস্মিন্ বা ব্রহ্মণি অনন্তদেশতঃ কালতো বস্তুতো বা অপরিচ্ছিন্নে। যত্র যস্মিন্ দ্বে বিদ্যাবিদ্যে নিহিতে স্থাপিতে গূঢ়েঽনভিব্যক্তে। বিদ্যাবিদ্যে বিবিচ্য দর্শয়তি। ক্ষরন্ত্ববিদ্যা ক্ষরণহেতুঃ সংসৃতিকারণম্। অমৃতন্তু বিদ্যা মোক্ষহেতুঃ। যস্তু পুনর্ব্বিদ্যাবিদ্যে ঈশতে নিয়ময়তি স তাভ্যামন্যস্তৎসাক্ষিত্বাৎ ॥ ১ ॥

কোঽসাবিত্যাহ। যো যোনিমিতি ॥ যো যোনিং যোনিং স্থানং স্থানং

---

বিদ্যা ও অবিদ্যা এই দুই পরমব্রহ্মে নিহিত আছে। সেই পরমেশ্বর অনাদি অনন্ত, দেশকালাদিদ্বারা তাঁহার ইয়ত্তা করা-যায় না। তিনি এই জগতের সর্ব্বত্র অব্যক্তরূপে বিদ্যমান আছেন। বিদ্যা ও অবিদ্যা উভয়ই তাঁহার মাহাত্ম্য। অবিদ্যা জীবের মৃত্যু প্রদান করে এবং বিদ্যা মোক্ষদাত্রী। জীব অজ্ঞানবশতঃ সংসারে পুনঃ পুনঃ জন্ম মরণাদি দুঃখ ভোগ করিয়া আবদ্ধ থাকে এবং বিদ্যাপ্রভাবে জীব ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া পরপদ লাভ করে ॥ ১ ॥

যে অদ্বিতীয় পরমাত্মা জগৎকারণস্বরূপ পৃথিব্যাদি পঞ্চ-

বিশ্বানি রূপাণি যোনীশ্চ সর্ব্বাঃ।
ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে
জ্ঞানৈর্ব্বিভর্ত্তি জায়মানঞ্চ পশ্যেৎ ॥ ২ ॥

---

যঃ পৃথিব্যাং তিষ্ঠন্নিত্যাদিনোক্তানি পৃথিব্যাদীনি অধিতিষ্ঠতি নিয়ময়তি। একোঽদ্বিতীয়ঃ পরমাত্মা। বিশ্বানি রোহিতাদীনি রূপাণি যোনীশ্চ প্রভবস্থানানি অধিতিষ্ঠতি। ঋষিং সর্ব্বজ্ঞমিত্যর্থঃ। কপিলং কনকং কপিলবর্ণং প্রসূতং স্বেনৈবোৎপাদিতম্। হিরণ্যগর্ভং জনয়ামাস পূর্ব্বমিত্যস্যৈব জন্মশ্রবণাৎ। অন্যস্য বা শ্রবণাৎ। উত্তরত্র। যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বম্। যো বৈ দেবাংশ্চ প্রহিণোতি তস্মা ইতি বক্ষ্যমাণত্বাৎ। কপিলোঽগ্রজ ইতি পুরাণবচনাৎ। কপিলো হিরণ্যগর্ভো বা নির্দ্দিশ্যতে। কপিলর্ষির্ভগবতঃ সর্ব্বভূতস্য বৈ কিল। বিষ্ণোরংশো জগন্মোহনাশায় সমুপাগতঃ ॥ কৃতে যুগে পরং জ্ঞানং কপিলাদিস্বরূপধৃক্। দদাতি সর্ব্বভূতাত্মা সর্ব্বস্য জগতো হিতম্। ত্বং শক্রঃ সর্ব্বদেবানাং ব্রহ্মা ব্রহ্মবিদামসি। বপুর্ব্বলবতাং দেবো যোগিনাং ত্বং কুমারকঃ ॥ ঋষীণাঞ্চ বশিষ্ঠস্ত্বং ব্যাসো বেদবিদামসি। সাঙ্খ্যানাং কপিলো দেবো রুদ্রাণামসি শঙ্করঃ ॥ ইতি পরমর্ষিঃ প্রসিদ্ধঃ। ততস্তদানীন্তু ভুবনমস্মিন্ প্রবর্ত্ততে কপিলং কবীনাম্। স ষোড়শাস্রো পুরুষশ্চ বিষ্ণোর্ব্বিরাজমানং তমসঃ পরস্তাদিতি। শ্রূয়তে মুণ্ডকোপনিষদি স এব বা কপিলঃ প্রসিদ্ধঃ। অগ্রে সৃষ্টিকালে যো জ্ঞানৈর্ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যৈর্ব্বিভর্ত্তি বভার জায়মানঞ্চ পশ্যেদপশ্যদিত্যর্থঃ ॥২॥

---

ভূতকে নিয়মিত করিয়া রাখিয়াছেন, যিনি বিশ্বরূপ ধারণ করিয়া জগৎ উৎপাদন করিতেছেন, তিনি অগ্রে সর্ব্বজ্ঞ মহর্ষি কপিল, জনকপ্রভৃতিকে স্বীয় শক্তিদ্বারা উৎপাদন করিয়া তদ্দারা জ্ঞানোপদেশে অখিল জগৎ ভরণ করিতেছেন এবং তিনিই কিরূপে এই ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে, তাহা জানিতেছেন ॥ ২ ॥

একৈকং জালং বহুধা বিকুর্ব্ব-
মস্মিন্ ক্ষেত্রে সংহরত্যেষ দেবঃ।
ভূয়ঃ সৃষ্ট্বা যতয়স্তথেশঃ
সর্ব্বাধিপত্যং কুরুতে মহাত্মা ॥ ৩ ॥
সর্ব্বা দিশ ঊর্দ্ধমধশ্চ তির্য্যক্
প্রকাশয়ন্ ভ্রাজতে যদ্বদনড্বান্

---

কিঞ্চ। একৈকমিতি॥ সুরনরতির্য্যগাদীনাং সৃজতি জালমেকৈকং প্রত্যেকং বহুধা নানাপ্রকারং বিকুর্ব্বন্ সৃষ্টিকালেঽস্মিন্ মায়াত্মকে ক্ষেত্রে। সংহরত্যেষ দেবঃ। ভূয়ঃ পুনর্যো লোকানাং তয়োর্ম্মরীচ্যাদয়স্তান্ সৃষ্ট্বা তথা। যথা পূর্ব্বস্মিন্ কল্পে সৃষ্টবানীশঃ সর্ব্বাধিপত্যং কুরুতে মহাত্মা ॥ ৩॥

কিঞ্চ। সর্ব্বা দিশ ইতি॥ সর্ব্বা দিশঃ প্রাচ্যাদ্যা ঊর্দ্ধমুপরিষ্টাদধশ্চাধস্তাৎ তির্য্যক্ পার্শ্বাদিশশ্চ প্রকাশয়ন্ স্বাত্মচৈতন্যজ্যোতিষা প্রকাশতে ভ্রাজতে দীপ্যতে জ্যোতিষা যৎ উ অনড্বান্ যদ্বদিত্যর্থঃ। যথানড্বানাদিত্যো জগচ্চক্রানুভাবনে যুক্তঃ। এবং স দেবো দ্যোতনস্বভাবো ভগবানৈশ্বর্য্যাদি

---

সেই পরমাত্মা পরংব্রহ্মই দেব মনুষ্য পশু পক্ষি প্রভৃতি সৃষ্টি করিয়াছেন। এই মায়াময় সংসারক্ষেত্রে বিশ্বকর্ত্তা বিশ্বেশ্বর এক জালকেই নানাস্থানে নানারূপে বিকৃত করিয়া বিবিধ জীব সৃষ্টি করিতে প্রবৃত্ত হইলেন। মরীচিপ্রভৃতি পূর্ব্বপ্রজাপতিগণ তাঁহারই সৃষ্ট। সেই মহাপুরুষ সর্ব্বপদার্থের ও সমস্ত প্রাণিবর্গের অধিপতি ॥ ৩ ॥

যেরূপ আদিত্য একস্থানে থাকিয়া স্বীয় তেজঃপ্রভায় অনন্তব্রহ্মাণ্ড আলোকিত করিতেছেন, সেইরূপ অদ্বিতীয় পরংব্রহ্ম স্বীয় তেজঃপ্রভায় দিক্, বিদিক্, ঊর্দ্ধ ও অধঃ প্রদেশ প্রকাশিত করিয়া সর্ব্বত্র বিদ্যমান আছেন, সেই দেবাদিদেব ভগবান্ ভূতভাবন জগতের আরাধনীয়। তিনিই জগৎকারণ-

এবং স দেবো ভগবান্ বরেণ্যো-
যোনিস্বভাবানধিতিষ্ঠত্যেকঃ ॥ ৪ ॥
যচ্চ স্বভাবং পচতি বিশ্বযোনিঃ
পাচ্যাংশ্চ সর্ব্বান্ পরিণাময়েদ্ যঃ।
সর্ব্বমেতদ্বিশ্বমধিতিষ্ঠত্যেকো-
গুণাংশ্চ সর্ব্বান্ বিনিযোজয়েদ্ যঃ ॥ ৫ ॥
তদ্বেদগুহ্যোপনিষৎসু গূঢ়ং

সমন্বিতঃ। বরেণ্যো বরণীয়ঃ সম্ভজনীয়ঃ। নিষ্কারণং কৃৎস্নজগতঃ স্বভাবান্ স্বায়ভূতান্ পৃথিব্যাদীন্ ভাবান্ অথবা কারণস্বভাবান্ পৃথিব্যাদীনধিতিষ্ঠতি নিয়ময়তি। একোঽদ্বিতীয়ঃ পরমাত্মা ॥ ৪ ॥

যচ্চ স্বভাবমিতি ॥ যচ্চ যশ্চেতি লিঙ্গব্যত্যয়ঃ। স্বভাবং যদ্যগ্নেরৌষ্ণ্যং পচতি নিষ্পাদয়তি বিশ্বস্য জগতো যোনিঃ। পাচ্যাংশ্চ পাকযোগ্যান্ পৃথিব্যাদীন্ পরিণাময়েদ্যঃ। সর্ব্বমেতদ্বিশ্বমধিতিষ্ঠতি নিয়ময়ত্যেকঃ। গুণাংশ্চ সত্ত্বরজস্তমোরূপান্ বিনিযোজয়েদ্যঃ। এবং লক্ষণঃ ॥ ৫ ॥

কিঞ্চ ॥ বেদগুহ্য ইতি ॥ তৎ প্রকৃতমাত্মস্বরূপং বেদানাং গুহ্যোপনিষদো বেদগুহ্যোপনিষদস্তাসু বেদগুহ্যোপনিষৎসু গূঢ়ং সংবৃতং ব্রহ্ম

স্বরূপ পৃথিবীপ্রভৃতি পঞ্চভূত আশ্রয় করিয়া রহিয়াছেন। তাঁহারই মাহাত্ম্যে পৃথিব্যাদি হইতে এই অশেষ জগৎ উৎপন্ন হইয়াছে ॥ ৪ ॥

যে জগৎকারণ জগদীশ্বর অগ্নির উষ্ণতা, জলের শীতলতা-প্রভৃতি গুণ দিয়াছেন, যিনি পাকযোগ্য পৃথিব্যাদি পঞ্চভূতকে পরিপাক করিয়া অনন্তব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়াছেন, যিনি অসীম জগৎকে নিয়মিত করিয়া রাখিয়াছেন এবং যিনি সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়কে বিনিযুক্ত করিতেছেন ॥ ৫ ॥

সেই জগৎপতি উপনিষতেও গুপ্তভাবে আছেন। বেদগুহ্য

তদ্‌ব্রহ্মা বেদতে ব্রহ্মযোনিম।
যে পূর্ব্বং দেবা ঋষয়শ্চ তদ্বিদু-
স্তে তন্ময়া অমৃতা বৈ বভূবুঃ ॥ ৬ ॥
গুণান্বয়ো যঃ ফলকর্ম্মকর্ত্তা
কৃতস্য তস্যৈব স চোপভোক্তা।

---

হিরণ্যগর্ভো বেদতে জানাতি ব্রহ্মযোনিং বেদপ্রমাণকমিত্যর্থঃ। অথবা ব্রহ্মণো হিরণ্যগর্ভস্য যোনিং বেদস্য বা যে পূর্ব্বদেবা রুদ্রাদয় ঋষয়শ্চ বামদেবাদয়স্তে তদ্বিদুস্তে তন্ময়াস্তদাত্মভূতাঃ সন্তঃ অমৃতা অমরণধর্ম্মাণো বভূবুঃ। তথেদানীন্তনোঽপি তমেব বিদিত্বামৃতো ভবতীতি বাক্যশেষঃ। এতাবৎপদার্থ উপবর্ণিতঃ ॥ ৬ ॥

অথেদানীং ত্বং পদার্থমুপবর্ণয়িতুমুত্তরে মন্ত্রাঃ প্রস্তূয়ন্তে। গুণান্বয় ইতি। গুণৈঃ কর্ম্মজ্ঞানকৃতবাসনাময়ৈরন্বয়ো যস্য সোঽয়ং গুণান্বয়ঃ। ফলার্থস্য কর্ম্মফলস্য স এবোপভোক্তা। স বিশ্বরূপো নানারূপঃ কার্য্যকারণোপচিতত্বাৎ। ত্রয়ঃ সত্ত্বাদয়ো গুণা অস্যেতি ত্রিগুণঃ। ত্রয়ো দেবযানাদয়ো

---

উপনিষতেও যাঁহার মাহাত্ম্য প্রকাশিত হয় নাই, সেই ব্রহ্মকারণস্বরূপ ব্রহ্মকে ব্রহ্মা জানিতেছেন। যে রুদ্রাদি দেবগণ ও বামদেবপ্রভৃতি মহর্ষিগণ পূর্ব্বে সেই পরাৎপর পরমপুরুষকে জানিয়াছেন, তাঁহারাই মৃত্যুকে জয় করিয়া মোক্ষপদ লাভ করিয়াছেন ॥ ৬ ॥

যে পঞ্চপ্রাণের * অধিপতি জীব কর্ম্ম ও জ্ঞানকৃত বাসনার আশ্রয়, সেই জীব ফলাভিলাষে কর্ম্ম করিয়া থাকে এবং সেই স্বকৃত কর্ম্মের ফলভোগ করে, কার্য্যকারণের বৈলক্ষণ্যে সেই জীব নানারূপ ধারণ করে। সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণই জীবে বর্ত্তমান রহিয়াছে। ধর্ম্ম, অধর্ম্ম ও জ্ঞান এই তিনটি

---

* প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান শরীরস্থ এই পঞ্চ বায়ুকে পঞ্চ প্রাণ কহে।

স বিশ্বরূপস্ত্রিগুণস্ত্রিবর্ত্মা
প্রাণাধিপঃ সঞ্চরতি স্বকর্ম্মভিঃ ॥ ৭ ॥
অঙ্গুষ্ঠমাত্রো রবিতুল্যরূপঃ
সঙ্কল্পাহঙ্কারসমন্বিতো যঃ।
বুদ্ধেগুর্ণেনাত্মগুণেন চৈব
আরাগ্রমাত্রোঽপ্যপরোঽপি দৃষ্টঃ ॥ ৮ ॥

---

মার্গভেদা অস্যেতি ত্রিবর্ত্মা। ধর্ম্মাধর্ম্মজ্ঞানমার্গভেদা অস্যেতি প্রাণস্য পঞ্চবৃত্তেরধিপঃ সঞ্চরতি। কৈঃ। স্বকর্ম্মভিঃ ॥ ৭ ॥

অঙ্গুষ্ঠমাত্রোঽঙ্গুষ্ঠপরিমিতহৃদয়শুষিরাপেক্ষয়া। রবিতুল্যরূপো জ্যোতিঃস্বরূপ ইত্যর্থঃ। সঙ্কল্পাহঙ্কারাদিনা সমন্বিতঃ। বুদ্ধেগুর্ণেনাত্মগুণেন চ জরাদিনা। উক্তং জরামৃত্যু শরীরস্যেতি। আরাগ্রমাত্রঃ প্রতোদাগ্রপ্রোতলোহকণ্টকাগ্রমাত্রোঽপরোঽপি জ্ঞানাত্মা দৃষ্টোঽবগতঃ। অপিশব্দ একঃ

---

জীবের পন্থা। জীব কদাচিৎ ধর্ম্মপথে গমন করিয়া সুখভোগ করে, কখন বা অধর্ম্মমার্গে প্রবৃত্ত হইয়া নরকাদিতে দুঃখভোগ করে। কোন সময়ে বা জ্ঞানপথে ধাবিত হইয়া মুক্তিপদ প্রার্থনা করে। এইরূপে জীব স্বীয় কর্ম্মের অনুবর্ত্তী হইয়া সংসারে বিচরণ করিতেছে ॥ ৭ ॥

জীব অঙ্গুষ্ঠবৎ পরিমাণবিশিষ্ট, সূর্য্যের তেজঃস্বরূপ এবং সঙ্কল্প, অহঙ্কার প্রভৃতির আশ্রয়, অর্থাৎ জীব সর্ব্বদাই ইচ্ছার বশীভুত হইয়া কার্য্য করিতেছে এবং আমি সুখী, আমি দুঃখী, আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদি জ্ঞান জীবের সর্ব্বদাই হইয়া থাকে। ঐ জীব স্বীয় গুণে, শুদ্ধসত্ত্ব জ্ঞানে অথবা স্বকল্পাত্মিকা বুদ্ধিপ্রভাবে অতিসূক্ষ্ম পরমাত্মাকে পরিজ্ঞাত হইতে পারে ॥ ৮ ॥

বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ।
ভাগোজীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্প্যতে ॥ ৯ ॥
নৈব স্ত্রী ন পুমানেষ ন চৈবায়ং নপুংসকঃ।
যদ্‌যচ্ছরীরমাদত্তে তেন তেন স রক্ষ্যতে ॥ ১০ ॥

---

সম্ভাবনায়াং অপরোঽপ্যোপাধিকো জল সূর্য্য ইব জীবাত্মা সম্ভাবিত ইত্যর্থঃ ॥ ৮ ॥

পুনরপি দৃষ্টান্তান্তরেণ দর্শয়তি ॥ বালাগ্রেতি ॥ বালাগ্রস্য শতকৃত্বো ভেদমাপাদিতস্য যো ভাগস্তস্যাপি শতধা কল্পিতস্য ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ। লিঙ্গস্যাতিসূক্ষ্মত্বাৎ। তৎপরিমাণেনায়ং ব্যপদিশ্যতে। স চ জীবস্বরূপেণানন্ত্যায় কল্প্যতে স্বতঃ ॥ ৯ ॥

কিঞ্চ। নৈব স্ত্রীতি ॥ স্বতোঽদ্বিতীয়াপরোক্ষব্রহ্মাত্মস্বভাবত্বান্নৈব স্ত্রী ন পুমানেষ নৈব চায়ং নপুংসকঃ। যদ্‌যৎ স্ত্রীশরীরং পুরুষশরীরং বাদত্তে তেন তেন স চ বিজ্ঞানাত্মা রক্ষ্যতে সংরক্ষ্যতে। তত্তদ্ধর্ম্মা নাত্মন্যধ্যস্যাভিমন্যতে। মুক্তোঽহং কৃশোঽহমহং পুমানহং স্ত্রীঅহং নপুংসক ইতি ॥ ১০ ॥

---

একটি কেশকে শতভাগে বিভক্ত করিয়া তাহার এক এক ভাগকে পুনর্ব্বার শতাংশে বিভক্ত করিলে ঐ বিভক্ত অংশ যেরূপ সূক্ষ্ম হয়, জীবকে সেইরূপ সূক্ষ্ম বলিয়া জানিবে; সুতরাং ঐ জীব যে কিরূপ সূক্ষ্ম, তাহা সহজেই বোধগম্য হইবে। তথাপি ঐ জীব অনন্তকালস্থায়ী হইয়া আছে ॥ ৯ ॥

জীব স্ত্রী নহে, পুরুষ নহে এবং নপুংসকও নহে। ঐ জীব যখন যে শরীরকে আশ্রয় করে, তখন সেইরূপে প্রকাশ পায়। জীব শরীরবিশিষ্ট হইলেই আমি স্ত্রী, আমি পুরুষ, আমি নপুংসক, আমি কৃশ, আমি স্থূল ইত্যাদি জ্ঞান জন্মিয়া থাকে ॥ ১০ ॥

সংকল্পনস্পর্শনদৃষ্টিমোহৈ-
র্গ্রাসাম্বুবৃষ্ট্যাত্মবিবৃদ্ধজন্ম।
কর্ম্মানুগান্যনুক্রমেণ দেহী
স্থানেষু রূপাণ্যভিসম্প্রপদ্যতে ॥ ১১ ॥
স্থূলানি সূক্ষ্মাণি বহূনি চৈব
রূপাণি দেহো স্বগুণৈর্ব্বৃণোতি।
ক্রিয়াগুণৈরাত্মগুণৈশ্চ তেষাং

---

কেন তর্হ্যসৌ শরীরাণ্যাদত্ত ইত্যাহ॥ সঙ্কল্পনেতি॥ প্রথমং সঙ্কল্পনম্ ততঃ স্পর্শনং ত্বগিন্দ্রিয়ব্যাপারঃ। ততো দৃষ্টিবিধানম্। ততো মোহঃ। তৈঃ সঙ্কল্পনস্পর্শনদৃষ্টিমোহৈঃ শুভাশুভানি কর্ম্মাণি নিষ্পদ্যন্তে। ততঃ কর্ম্মানুগানি কর্ম্মানুসারীণি স্ত্রীপুংনপুংসকলক্ষণানি অনুক্রমেণ পরিপাকাপেক্ষয়া। দেহী মর্ত্ত্যঃ। স্থানেষু দেবতির্য্যঙ্মনুষ্যাদিষ্বভিসম্প্রপদ্যতে। তত্র দৃষ্টান্তমাহ। গ্রাসাম্বুনোরন্নপানয়োরনিয়তয়োর্বৃষ্টিরাসেচনং নিদানমাত্মনঃ শরীরস্য বৃদ্ধির্জ্জায়তে যথা তদ্বদিত্যর্থঃ ॥ ১১ ॥

স্থূলানীতি॥ স্থূলান্যশ্মাদীনি। তানি চ সূক্ষ্মাণি তৈজসধাতুপ্রভৃতীনি। বহূনি দেবাদিশরীরাণি। দেহী বিজ্ঞানাত্মা স্বগুণৈর্ব্বিহিতপ্রতিষিদ্ধবিষ-

---

প্রথমতঃ ইচ্ছা, তৎপরে ইন্দ্রিয়ব্যাপার, অনন্তর দৃষ্টি নিক্ষেপ, পরে মোহ উপস্থিত হয়। এইরূপে জীব শুভাশুভ কর্ম্ম সম্পাদন করে। যেমন অন্নপানাদিদ্বারা শরীরের পুষ্টিসাধন হয়, তেমন জীব স্বীয় কর্ম্মানুসারে স্ত্রী, পুং ও নপুংসক দেহ ধারণ করিয়া দেব, নর, পশুপ্রভৃতিরূপে অবস্থান করিয়া থাকে॥ ১১॥

জীব স্বীয়গুণে স্থূল, সূক্ষ্ম ও দেব শরীর ধারণ করে। বিহিত আচরণদ্বারা সুকৃতি জন্মে। সেই কৃতিবলে জীব উৎকৃষ্ট দেহ পায় এবং নিষিদ্ধ কার্য্যানুষ্ঠানে পাপসঞ্চয় হয়, সেই পাপ-

সংযোগহেতুরপরোঽপি দৃষ্টঃ ॥ ১২ ॥
অনাদ্যনন্তং কলিলস্য মধ্যে
বিশ্বস্য স্রষ্টারমনেকরূপম।
বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং
জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ ॥ ১৩ ॥

---

স্বানুভবসংস্কারৈর্বৃণোতি আবৃণোতি। ততস্তত্তৎক্রিয়াগুণৈরাত্মগুণৈশ্চ স দেহী অপরোঽপি দেহান্তরসংযুক্তো ভবতীত্যর্থঃ ॥ ১২ ॥

স এবমবিদ্যাকামকর্ম্মফলরাগাদিগুরুভারাক্রান্তোঽলাবুরিব সান্দ্রজল-নিমগ্নো নিশ্চয়েন দেহাহংভাবমাপন্নঃ প্রেততির্য্যঙ্মনুষ্যাদিজ্যোতিষ্যাবজবী জবীভাবমাপন্নঃ কথঞ্চিৎ পুণ্যবশাদীশ্বরার্থকর্ম্মানুষ্ঠানেনাপগতরাগাদিমলো নিত্যাদিদর্শনেনোৎপন্নেহামুত্রার্থফলভোগবিরাগঃ শমদমাদিসাধনসম্পন্নস্ত-মাত্মানং জ্ঞাত্বা মুচ্যত ইত্যাহ ॥ অনাদ্যনন্তমিতি ॥ অনাদ্যনন্তং আদ্যন্ত-রহিতং কলিলস্য মধ্যে গহনগভীরসংসারস্য মধ্যে বিশ্বস্য স্রষ্টারমুৎপাদয়ি-তারং অনেকরূপম। বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং স্বাত্মনা সংব্যাপ্যাবস্থি-

---

প্রভাবে অপকৃষ্টযোনিতে জন্মগ্রহণ করে। পরে পুনর্ব্বার ক্রিয়াদ্বারা যথাসম্ভব দেহ প্রাপ্ত হয় ॥ ১২ ॥

জীব উক্তরূপে অবিদ্যাজনিত কামকর্ম্মফলভোগের অনু-রাগে আবদ্ধ হইয়া দেহে আত্মভাব জ্ঞানে সংসারচক্রে প্রেত-যোনি, পশুযোনি ও মনুষ্যযোনিতে ভ্রমণ করে। অনন্তর কদাচিৎ পুণ্যবলে ঈশ্বরার্থ কর্ম্মানুষ্ঠান করিয়া সংসারানুরাগ-প্রভৃতি পাপাশয় পরিত্যাগপূর্ব্বক ঐহিক ও পারত্রিক কর্ম্ম-ফলের অভিলাষ বিসর্জ্জন করিয়া শমদমাদি সাধনবলে পরং-ব্রহ্মকে জানিয়া মুক্তিলাভ করে। সেই অনাদি, অনন্ত গহন-সংসারে সুগুপ্ত, বিশ্বস্রষ্টা, অনন্তরূপী, বিশ্বব্যাপক, পরমাত্মাকে যে জীব অভিন্নরূপে জানিতে পারে, সেই জীব অবিদ্যাজনিত

ভাবগ্রাহ্যমনোড়াখ্যং ভাবাভাবকরং শিবম্।
কলাসর্গকরং দেবং যে বিদুস্তে জহুস্তনুম্ ॥ ১৪ ॥
ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

---

তম। জ্ঞাত্বা দেবং জ্যোতীরূপং পরমাত্মানং মুচ্যতে সর্ব্বপাশৈরবিদ্যা কামকর্ম্মভিঃ ॥ ১৩ ॥

কেন পুনরসৌ গৃহ্যত ইত্যাহ ॥ ভাবগ্রাহ্যমিতি ॥ ভাবেন বিশুদ্ধান্তঃকরণেন গৃহ্যত ইতি ভাবগ্রাহ্যম্। অনোড়াখ্যং নীড়ং শরীরং অশরীরাখ্যম্। ভাবাভাবকরং শিবং শুদ্ধং অবিদ্যাতৎকার্য্যবিনির্ম্মুক্তমিত্যর্থঃ। কলানাং ষোড়শানাং প্রাণাদিনামান্তানাং স প্রাণমসৃজতেত্যাদীনামাথর্ব্বণোক্তানাং সর্গকরং দেবং যে বিদুরহমস্মীতি তে জহুঃ পরিত্যজেয়ুস্তনুং শরীরম্ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ শ্বেতাশ্বতরোপনিষদ্ভাষ্যে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

---

সর্ব্বসংসার মায়া হইতে মুক্ত হইয়া পরমপদলাভে সর্ব্বপ্রকার অতুল আনন্দ অনুভব করিতে থাকে ॥ ১৩ ॥

পরমেশ্বর ভাবগ্রাহ্য অর্থাৎ যাহার অন্তঃকরণে তাঁহার প্রতি বিশুদ্ধ ভক্তি আছে, সেই তাঁহাকে পায়, তিনি শরীর-বিহীন, ভক্তি ও অভক্তির কারণ, বিশুদ্ধ অর্থাৎ অবিদ্যা ও তৎ-কার্য্যভূত মায়াদিরহিত ও প্রাণিবর্গের সৃষ্টি কর্ত্তা। যাহারা উক্তরূপ পরমাত্মা পরমপুরুষকে জানিতে পারে, তাহারা এই ভৌতিক দেহ পরিত্যাগ করিয়া অলৌকিক অক্ষয় দেহ ধারণ-পূর্ব্বক অনন্তকাল অতুল সুখভোগ করিতে পারে ॥ ১৪ ॥

ইতি পঞ্চম অধ্যায়ঃ।

# ষষ্ঠোঽধ্যায়ঃ।

স্বভাবমেকে কবয়ো বদন্তি
কালং তথান্যে পরিমুহ্যমানাঃ।
দেবস্যৈষ মহিমা তু লোকে
যেনেদং ভ্রাম্যতে ব্রহ্মচক্রম্ ॥ ১ ॥
যেনাবৃতং নিত্যমিদং হি সর্ব্বং
জ্ঞঃ কালকারো গুণী সর্ব্ববিদ্যঃ।

---

নন্বন্যে কালাদয়ঃ কারণমিতি মন্যন্তে তৎ কথং পুনরীশ্বরস্য কারণত্বমিত্যাশঙ্ক্যাহ। স্বভাবমিতি॥ স্বভাবমেকে কবয়ো মেধাবিনো বদন্তি। কালং তথান্যে। কালস্বভাবয়োর্গ্রহণং প্রথমাধ্যায়ে নির্দ্দিষ্টানামন্যেষামপ্যুপলক্ষণার্থং। পরিমুহ্যমানা অবিবেকিনো বিষয়াত্মানং ন সম্যগ্ জানন্তি। তু শব্দোঽবধারণে। দেবস্যৈষ মহিমা মাহাত্ম্যম্। যেনেদং ভ্রাম্যতে পরিবর্ত্ত্যতে ব্রহ্মচক্রম ॥ ১ ॥

মহিমানং প্রপঞ্চয়তি। যেনেতি॥ যেনেশ্বরেণাবৃতং ব্যাপ্তমিদং জগন্নিত্যং নিয়মেন। জ্ঞঃ কালকারঃ কালস্যাপি কর্ত্তা। গুণী অপহতপাপ্মাদিমান্

---

কোন কোন কবি বলিয়া থাকেন যে, পদার্থ সকলের স্বাভাবিক শক্তিদ্বারা এই অনন্ত জগৎ সমুৎপন্ন হইয়াছে, অন্যান্য পণ্ডিতগণের মতে কালই জগদুৎপত্তির আদিকারণ। ঐ সকল পণ্ডিত অবিবেকী ও তাঁহারা প্রকৃত তত্ত্ব অবগত নহেন। সূক্ষ্মরূপে বিবেচনা করিয়া দেখিলে পরমেশ্বরের মাহাত্ম্যই জগদুৎপত্তির প্রকৃত কারণ বলিয়া বোধ হইবে। সেই পরমাত্মার মহাত্ম্যবলেই এই ব্রহ্মচক্র ভ্রমিতেছে ॥ ১ ॥

যে পরাৎপর পরমেশ্বর সর্ব্বদা এই অনন্ত ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছেন, তিনি কালেরও সৃষ্টিকর্ত্তা, সর্ব্বজ্ঞ ও

তেনেশিতং কর্ম্ম বিবর্ত্ততে হ
পৃথ্ব্যপ্‌তেজোঽনিলখানি চিন্ত্যম্ ॥ ২ ॥
তৎ কর্ম্ম কৃত্বা বিনিবর্ত্ত্য ভূয়-
স্তত্ত্বস্য তত্ত্বেন সমেত্য যোগং।
একেন দ্বাভ্যাং ত্রিভিরষ্টভির্ব্বা
কালেন চৈবাত্মগুণৈশ্চ সূক্ষ্মৈঃ ॥ ৩ ॥

---

সর্ব্বং বেত্তীতি সর্ব্ববিদ্যঃ। তেনেশ্বরেণেশিতং প্রেরিতং কর্ম্ম ক্রিয়ত ইতি স্রজীব ফণী। হশব্দঃ প্রসিদ্ধদ্যোতকঃ। প্রসিদ্ধং যদেতদীশ্বরপ্রেরকং কর্ম্ম বিবর্ত্তত ইতি। জগদাত্মনা যৎ পুনস্তৎ কর্ম্ম পৃথ্ব্যপ্‌তেজোঽনিলখানি পৃথিব্যাদিভূতপঞ্চকং যৎ প্রথমাধ্যায়ে চিন্ত্যমিত্যুক্তম্ ॥ ২ ॥

এতদেব প্রপঞ্চয়তি। তদিতি ॥ তৎ কর্ম্ম পৃথিব্যাদি সৃষ্ট্বা বিনিবর্ত্ত্য প্রত্যবেক্ষণং কৃত্বা ভূয়ঃ পুনস্তস্যাত্মনস্তত্ত্বেন ভূম্যাদিনা যোগং সমেত্য সঙ্গময্য। ণিলোপো দ্রষ্টব্যঃ। কতিবিধৈঃ প্রকারৈঃ। একেন দ্বাভ্যাং

---

অবিদ্যাদি-দোষশূন্য। তাঁহার আজ্ঞাতেই জগতের সকল কার্য্য চলিতেছে। সুতরাং পূর্ব্বে যে পৃথিবী, জল, তেজঃ, বায়ু ও আকাশ এই পঞ্চভূতকে জগৎকারণ বলিয়া সংশয় হইয়াছিল, তাহাও এইক্ষণ নিরস্ত হইয়া গেল ॥ ২ ॥

জগৎকর্ত্তা জগদীশ্বর পৃথিব্যাদি সৃষ্টি করিয়াই সৃষ্টি ব্যাপারে নিবৃত্ত হইয়া ছিলেন, পুনর্ব্বার অবলোকন করিয়া পৃথিব্যাদি প্রকৃতির সহিত আত্মার যোগ সংঘটন করিলেন। পৃথিবী, জল, বায়ু, অগ্নি, আকাশ, মনঃ, বুদ্ধি ও অহঙ্কার এই আটটি জগদীশ্বরের প্রকৃতি। কোথাও বা এক, কোনস্থলে দুই, কখন বা তিন ও কোন কোনস্থানে অষ্টপ্রকৃতির সহিত আত্ম-যোগ করিয়া জীব সৃষ্টি করিলেন। কালক্রমে তিনিই সেই আত্মাতে কামাদি সূক্ষ্মগুণ সংযোজিত করিয়া ছিলেন ॥ ৩ ॥

আরভ্য কর্ম্মাণি গুণান্বিতানি
ভাবাংশ্চ সর্ব্বান্ বিনিযোজয়েদ্ যঃ।
তেষামভাবে কৃতকর্ম্মনাশঃ
কর্ম্মক্ষয়ে যাতি স তত্ত্বতোঽন্যঃ॥ ৪ ॥

---

ত্রিভিরষ্টভির্ব্বা প্রকৃতিভূতৈস্তত্ত্বৈঃ। তদুক্তম্। ভূমিরাপোঽনিলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥ ইতি কালেন চৈবাত্মগুণৈশ্চান্তঃকরণগুণৈঃ কামাদিভিঃ সূক্ষ্মৈঃ॥ ৩॥

ইদানীং কর্ম্মণাং মুখ্যবিনিয়োগং দর্শয়তি। আরভ্যেতি॥ আরভ্য কৃত্বা কর্ম্মাণি গুণৈঃ সত্ত্বাদিভিরন্বিতানি যোজয়েদীশ্বরে সমর্পয়েৎ। যস্তে-ষামীশ্বরে সমর্পিতত্বাদাত্মসম্বন্ধাভাবস্তদভাবে পূর্ব্বকৃতকর্ম্মণাং নাশঃ। উক্তঞ্চ॥ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয়! তৎ কুরুষ্ব মদর্পণম্॥ শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ। ব্রহ্মধ্যানায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥ কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥ ইতি চ কর্ম্মক্ষয়ে বিশুদ্ধসত্ত্বো যাতি ততোঽন্যস্তত্ত্বেভ্যঃ প্রকৃতিভূতেভ্যোঽন্যশ্চাবিদ্যাতৎকার্য্যবিনির্ম্মুক্তশ্চিৎ-সদানন্দাঽদ্বিতীয়ব্রহ্মাত্মত্বেনাবগচ্ছন্নিত্যর্থঃ। অন্যদিতি পাঠে তত্ত্বেভ্যো-যদন্যদ্ ব্রহ্ম তদ্‌যাতীতি॥ ৪॥

---

মনুষ্য সাত্ত্বিক, রাজসিক কি তামসিক যে কিছু কার্য্য করিবে, সেই সমুদায় ক্রিয়া ও চিত্তবৃত্তি সকলই পরমেশ্বরে সম-র্পণ করিবে। কোন ক্রিয়াতে আত্মসম্বন্ধ রাখিবে না। এই-রূপে ক্রিয়মাণ কর্ম্মের অভাব হইলে পূর্ব্বকৃত ক্রিয়াও বিনাশ পাইয়া যায়। যাহার কর্ম্মক্ষয় হয়, সেই ব্যক্তি অবিদ্যাজনিত সংসারমায়া হইতে বিনির্ম্মুক্ত হইয়া নিত্য আনন্দ অনুভব করিতে থাকে॥ ৪॥

আদিঃ স সংযোগনিমিত্তহেতুঃ
পরস্ত্রিকালাদকালোঽপি দৃষ্টঃ।
তং বিশ্বরূপং ভবভূতমীড্যং
দেবং স্বচিত্তস্থমুপাস্য পূর্ব্বম্ ॥ ৫ ॥
স বৃক্ষকালাকৃতিভিঃ পরোঽন্যো-

---

উক্তস্যার্থস্য দ্রঢ়িম্ন উত্তরে মন্ত্রাঃ প্রস্তূয়ন্তে কথং নাম বিষয়বিষান্ধাঃ কথং নাম ব্রহ্ম জানীযুরিত্যত আহ। আদিরিতি ॥ আদিঃ কারণং সর্ব্বস্য শরীর-সংযোগনিমিত্তানামবিদ্যানাং হেতুঃ। উক্তঞ্চ। এষ এব সাধু কর্ম্ম কারয়তি চ। পরস্ত্রিকালাদতীতানাগতবর্ত্তমানাৎ। উক্তঞ্চ। যস্মাদর্ব্বাক্ সম্বৎসরোঽহোভিঃ পরিবর্ত্ততে। তদ্দেবাঃ জ্যোতিষাং জ্যোতিঃ। আয়ু-র্হোপাসতে। মৃতং কস্মাৎ। যস্মাদকালোঽসৌ ন বিদ্যন্তে কালাঃ প্রাণাদি নামানো অস্যেত্যকালঃ। কালবন্ধি কালত্রয়পরিচ্ছিন্নমুৎপদ্যতে বিনশ্যতি চ। অয়ং পুনরকালো নিষ্প্রপঞ্চঃ। তস্মান্ন কালত্রয়পরিচ্ছিন্নমুৎপদ্যতে বিন-শ্যতি চ। তং বিশ্বানি রূপাণ্যস্যেতি বিশ্বরূপং। ভবত্যস্মাদিতি ভবঃ। ভূতমবিতথস্বরূপং। ইড্যং দেবং স্বচিত্তস্থং উপাস্যায়মহমস্মীতি সমাধানং কৃত্বেত্যর্থঃ ॥ ৫ ॥

পূর্ব্ববাক্যার্থজ্ঞানোদয়াৎ পুনরপি তমেব দর্শয়তি। স বৃক্ষেতি ॥ স

---

বিষয়-বিষান্ধ ব্যক্তি, কিরূপে সেই পরমাত্মাকে জানিতে পারিলে মুক্ত হইতে পারে? তাহার উপায় এই—সেই পরমাত্মাই জগতের আদি কারণ, তিনিই শরীরসংযোগের কারণস্বরূপ মায়ার হেতু। তিনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয়ের আদি। প্রাণীর ন্যায় তাহার কোন উপাধি নাই। এই অখিল বিশ্বই তাঁহার রূপ। সেই পরম পুরুষ হইতেই সর্ব্বভূত উৎপন্ন হইয়াছে। এইরূপে সেই পরংব্রহ্মকে স্বীয় আত্মাতে অভিন্ন প্রকারে ধ্যান করিয়া জীব মোক্ষপদ লাভ করিতে পারে ॥৫॥

যস্মাৎ প্রপঞ্চঃ পরিবর্ত্ততে যম্।
ধর্ম্মাবহং পাপনুদং ভগেশং
জ্ঞাত্বাত্মস্থমমৃতং বিশ্বধাম ॥ ৬ ॥
তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্।
পতিং পতীনাং পরমং পরস্তাদ্

---

নাভৌ হৃদি ললাটে চ ব্রহ্ম-বিষ্ণুরুদ্রাণাং ধ্যানমুক্তং তত্র স্থানত্রয় পদ্মানাং সুষুম্নারূপৈকনালত্বাদেকমেবাভিপ্রেত্যাবান্তরভেদং দর্শয়তি অষ্টপত্রমিতি অধঃ পুষ্পমধ্যে অবস্থিতং নাভিদেশে বর্ত্তমানং পুষ্পম্। হৃৎপদ্মমাহ উর্দ্ধেতি সর্ব্বদেবময়মম্বুজম্ সর্ব্বদেবময়াত্মকমিতি কচিৎ পাঠঃ। মণ্ডূকাদ্যাবরণাঃ তদেবাত্মকং শতাব্জং শতমব্জানি যত্র শতাব্জং শতগ্রহণমাধিক্যোপলক্ষণং তেন মূলাদি মূর্দ্ধান্তং বহুপদ্মং সুষুম্নানালং তত্র কেচিদ্দ্বাদশপদ্মমাহুঃ অপরে ষোড়শপদ্মম্ অপরে বহুতরপদ্মমাহুঃ তদ্যথা। ততস্তু ব্রহ্মৈকে কালে ধ্যায়েচ্চক্রক্রমং সুধীঃ। আধারচক্রং প্রথমং কুলদীপমনন্তরম্। বজ্রচক্রং ততঃ প্রোক্তং স্বাধিষ্ঠানাত্মকং পরম্। রৌদ্রং করালচক্রঞ্চ গহ্বরাত্মকমেবচ বিদ্যাপদঞ্চ ত্রিমুখং ত্রিপদং কালদণ্ডকম্। উকারচক্রঞ্চ ততঃ কালদ্বারং করণ্ডকম্। দীপকং লোভজনকমানন্দললিতাত্মকম্। মণিপূরক সংজ্ঞঞ্চ নাকুলং কালভেদনম্। মহোৎসাহঞ্চ পরমং পাদকং পদ্মমুচ্যতে। কল্পজালং ততশ্চিন্ত্যং পোষকং লোলনং ততঃ। নাদাবর্ত্তপরং প্রোক্তং ত্রিপুটঞ্চ ততঃপরম্। কঙ্কালকমতশ্চক্রং বিখ্যাতং পুটভেদনম্। মহাগ্রন্থি বিরাকাচ বন্ধে জ্বলন সংজ্ঞিকম্। অনাহতং নবপুটং ব্যোমচক্রং তথা ভবেৎ। বোধনং ধ্রুবসংজ্ঞঞ্চ কলাকন্দলকং ততঃ। ক্রৌঞ্চভেকণ্ডবিভবং ডামরং কুলপীঠকম্ কুলকোলা-

---

আভা বিশিষ্ট, সর্ব্বপাপবিনাশন নিষ্কল ত্রিলোচন মহাদেবকে ললাটমধ্যে ধ্যান করিবে ॥ ১৩ ॥

নাভি, হৃদয় ও ললাট এই স্থানত্রয়ে ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রের ধ্যান উক্ত হইয়াছে। ঐস্থানত্রয়স্থিত পদ্মত্রয়ই সুষুম্নারূপ একটী

শতাব্জং শতপত্রাঢ্যং বিপ্রকীর্ণাব্জ-কর্ণিকম্।
তত্রার্ক-চন্দ্র-বহ্নীনা-মুপর্যুপরি চিন্তয়েৎ॥ ১৫॥

---

হলং হালাবর্ত্তং চৈব মহত্তরম্। ঘোরাভৈরব-সংজ্ঞঞ্চ বিশুদ্ধিঃ কণ্ঠমুত্তমম্। পূর্ণকং পদমাখ্যাতমাজ্ঞাকাকপুটং তথা। শৃঙ্গাটং কামরূপাখ্যং পূর্ণগির্য্যাত্মকং পরম্। মহাব্যোমাত্মকং চক্রং শক্তিরূপমনুস্মরেৎ ইতি॥ তদেব মূর্দ্ধি শতপত্রাঢ্যমব্জং বর্ত্ততে ইতি শেষঃ ইদং সহস্রপত্রমিত্যাহুঃ। ইদমম্বুজত্রয়ং সুষুম্নালক্ষণৈকনালত্বাদেকত্বেন বিবক্ষিতমিতি বিশেষণ-বিশেষ্যভাবঃ। কীদৃশং বিপ্রকীর্ণাব্জকর্ণিকং বিপ্রকীর্ণানি বিবক্ষিতানি অব্জানি পূর্ব্বোক্তাগ্ন্যাধারাদীনি তথা তৎকর্ণিকাশ্চ যস্য তত্তথা নানাকমলমিত্যর্থঃ। তত্র প্রত্যেকমর্ক-চন্দ্র-বহ্নীনাং মূর্ত্তেরেকৈকোপরি ধ্যায়েৎ। তদুক্তং তস্মিন্ সূর্য্যেন্দু-পাবকম্ ইতি॥ ১৪॥ ১৫॥

---

নালে আবদ্ধ আছে, সুতরাং ঐ সকল পদ্ম আপাততঃ এক বলিয়া প্রতিপন্ন হইল, এইক্ষণ সেই সকল পদ্মের অবান্তরভেদ দর্শাইতেছেন।—নাভিস্থিত পদ্ম অষ্টপত্র, হৃদয়স্থিত পদ্ম ঊর্দ্ধ-নাল ও অধোমুখ। ললাটস্থ পদ্ম কদলীপুষ্পের ন্যায় বর্ণবিশিষ্ট। এই সকল পদ্ম সর্ব্বদেবময়॥ ১৪॥

পূর্ব্বোক্তপ্রকার বহুপত্রবিশিষ্ট বহুতর পদ্ম সুষুম্নানালে গ্রথিত আছে। এই বিষয়ে নানাপ্রকার মত দৃষ্ট হয়, কেহ বলেন দ্বাদশপদ্ম, অপর কেহ কেহ বলিয়া থাকেন যে সুষুম্না-নালে ষোড়শসংখ্যক পদ্ম সংযুক্ত রহিয়াছে। এই সকল বিষয়ে গ্রন্থান্তরের প্রমাণ টীকায় উদ্ধৃত আছে। এইরূপ শত-পত্র পদ্ম মূর্দ্ধপ্রদেশে বিদ্যমান আছে। ঐ সকল পদ্মের কর্ণিকা ও পদ্ম একরূপ নহে, প্রত্যেক পদ্ম ও তাহাদিগের কর্ণিকা পৃথক্ পৃথক্ আকার এবং প্রত্যেক পদ্মে সূর্য্য, চন্দ্র ও অগ্নির উপর্য্যুপরি ধ্যান করিবে॥ ১৫॥

পদ্মস্যোত্থাপনং কৃত্বা বোঢুং চন্দ্রাগ্নি-সূর্য্যয়োঃ।
তস্যাহুর্ব্বীজমাহৃত্য আত্মা সঞ্চরতে ধ্রুবম্ ॥ ১৬ ॥

---

উত্থাপনম্ ঊর্দ্ধমুখত্বম্। যদ্যপি শরীরাবয়বোঽন্যথা কর্ত্তুং ন শক্যতে বিনাশপ্রসঙ্গাৎ তথাপ্যধোমুখত্বমধর্ম্মোন্মুখতা ঊর্দ্ধমুখত্বমাস্তিক্যত্বেনোর্দ্ধলোকোন্মুখতা বিকাশশ্চ বিনিদ্রতানলসতেত্যেবং বোদ্ধব্যম্। অথবা সুষুম্নানাললগ্নানি পত্রাণ্যেব বাতাহতানি ঊর্দ্ধমুখানি ভবন্তি ইতি তদুত্থাপনংদ্রষ্টব্যম্। কিমর্থমুত্থাপনম্? অতআহ, বোঢুং চন্দ্রাগ্নিসূর্য্যয়োরিতি কর্ম্মণি ষষ্ঠী, সূর্য্যচন্দ্রাগ্নীন্ বোঢুমিত্যর্থঃ, চন্দ্রস্য মধ্যে সূর্য্যপাবকয়োশ্চাদ্যন্তয়োঃ ক্রমার্থং প্রয়োগে কর্ত্তব্যে এষাং ত্রিত্বাদ্বহুবচনপ্রয়োগে চ কর্ত্তব্যে তথানুক্তিরগ্নি-সূর্য্যয়োরেকত্ব সূচনার্থা। অগ্নিসূর্য্যৌ পুরুষরূপং চন্দ্রশ্চ স্ত্রীরূপং প্রকৃতিরূপা তেন প্রকৃতিপুরুষৌ বোঢুমিত্যর্থঃ। প্রকৃতেশ্চন্দ্রস্য মধ্যে ধ্যানন্তু তস্যাঃ পুরুষেণ ব্যাপ্তিং দর্শয়িতুং প্রকৃতির্হি পুরুষেণ ব্যাপ্তা পুরুষায়ত্তা চ বর্ত্ততে। পুংসঃ সপ্তমী বা চন্দ্রাদিষু দেবতাং বোঢুমিত্যর্থঃ। তস্যেতি তস্য পদ্মস্য বীজং তদর্জিতং কর্ম্ম জ্ঞানঞ্চ আহৃত্য গৃহীত্বা আত্মা জীবঃ সঞ্চরতে লোকাল্লোকান্তরং গচ্ছতীত্যাহুঃ। ধ্রুবং নিশ্চিতম্ শ্রুতয়ঃ পুণ্যো বৈ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপং পাপেনেতি তমেতং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্ব্বপ্রজ্ঞা চেতি সাধুকারী সাধুর্ভবতি পাপকারী পাপো ভবতি ইত্যাদ্যাঃ। অথবা সঞ্চরতে পত্রাৎ পত্রান্তরং গচ্ছতি তস্যাষ্টধা বৃত্তির্ভবতি। পূর্ব্বদলে পুণ্যে মতিঃ আগ্নেয়্যাং

---

জীব চন্দ্র, সূর্য্য ও অগ্নির বহনার্থ অধারাদি পদ্মের উত্থাপন করিয়া সেই পদ্মের বীজস্বরূপ জ্ঞান গ্রহণ করিয়া দেহমধ্যে সঞ্চরণ করে *॥ ১৬ ॥

---

* অধোমুখপদ্মের ঊর্দ্ধমুখীকরণ অর্থাৎ অধর্ম্মোন্মুখের ঊর্দ্ধলোকোন্মুখতা সম্পাদনই পদ্মের উত্থাপন। বিনিদ্রতা ও অনলসতাদিই পদ্মের প্রকাশ। ইহাতে শরীরাবয়বের অন্যথাকরণে যে দেহের বিনাশাশঙ্কা তাহা নিদূরিত হইল। অথবা সুষুম্নানালসংলগ্ন পদ্মের পত্র সকলকে বাতাহত করিয়া ঊর্দ্ধমুখীকরণই পদ্মের উত্থাপন। সূর্য্য ও অগ্নি পুংস্বরূপ, এবং চন্দ্র স্ত্রীস্বরূপ অর্থাৎ প্রকৃতি পুরুষের যোগই চন্দ্র, সূর্য্য ও অগ্নির উদ্বহন।

ত্রিস্থানঞ্চ ত্রিমার্গঞ্চ ত্রিব্রহ্ম চ ত্রিরক্ষরম্।
ত্রিমাত্রঞ্চার্দ্ধমাত্রঞ্চ যস্তং বেদ স বেদবিৎ॥ ১৭॥

---

নিদ্রালস্যাদয়ো ভবন্তি যাম্যে ক্রূরে মতিঃ নৈর্ঋত্যে পাপে মনীষা বারুণ্যাং ক্রীড়া বায়ব্যে গমনাদৌ বুদ্ধিঃ সৌম্যে রতৌ প্রীতিঃ ঈশানে দ্রব্যাদানং মধ্যে বৈরাগ্যং কেশরে জাগ্রদবস্থা কর্ণিকায়াং স্বপ্নঃ লিঙ্গে সুষুপ্তম্। পদ্মত্যাগে তুরীয়মিতি হংসোপনিষদি পত্রভেদশ্রুতেঃ। অথবা তস্য পদ্মস্য বীজং পঞ্চাশদ্বর্ণরূপম্ আহৃত্য উচ্চার্য্য আত্মা সঞ্চরতে ব্যবহরতি শব্দব্যবহারস্য মাতৃকাধীনত্বাৎ পঞ্চাশদ্বর্ণবীজাভ্যামিতি কর্ণিকাবিশেষণোক্তেঃ॥১৬॥

তৎপদ্মং ত্রিস্থানং নাভিহৃদয়ং মূর্দ্ধাচেতি ত্রীণি স্থানান্যস্য ত্রিমার্গঞ্চ স্থানভেদেনোপাসনগতিভেদাৎ ত্রিব্রহ্ম নাভৌ বিষ্ণুঃ হৃদি ব্রহ্মা মূর্দ্ধনি ত্রিলোচন ইতি ত্রীণি ব্রহ্মাণ্যস্য ত্রিবক্ষরং ত্রিবাবমক্ষরাণ্যকারাদীন্যস্য ত্রিমাত্রং তা এব মাত্রাঃ অস্য অকারাদিষু মাত্রাব্যবহারাৎ। তদেবাক্তং তদুপর্য্যর্দ্ধমাত্রঞ্চ যঃ পুমান্ অকারাদিবর্ণান্যর্দ্ধমাত্রস্থং পুরুষং বেদ স বেদবিৎ বেদোক্তং বেত্তি॥ ১৭॥

---

পূর্ব্বোক্ত পদ্মনালের নাভি, হৃদয় ও মূর্দ্ধা এই তিনটি স্থান নিরূপিত আছে। ঐ সকল স্থানস্থিত পদ্মের উপাসনার প্রণালীও ত্রিবিধ এবং দেবতাও ত্রিবিধ। নাভিতে বিষ্ণু, হৃদয়ে ব্রহ্মা এবং মূর্দ্ধাতে ত্রিলোচন আছেন। অতএব তাহাদিগকে ত্রিব্রহ্মবলে এবং ঐ পদ্মসকল অকারাদি অক্ষরত্রয়-

---

জীব পদ্মোৎপন্ন বীজস্বরূপ জ্ঞানলাভ করিয়া একলোক হইতে অন্যলোকে গমন করে। পুণ্যকর্ম্মদ্বারা জীবের পুণ্যলোকে গমন হয় এবং পাপ কর্ম্মদ্বারা পাপভোগ হইয়া থাকে। অথবা পদ্মের এক পত্র হইতে পত্রান্তরে গমনই জীবের সঞ্চরণ। সেই অষ্টদলপদ্মের অষ্টপত্রেতে অষ্টপ্রকার বৃত্তি আছে। পূর্ব্বদলে পুণ্যমতি, আগ্নেয়দলে নিদ্রা ও আলস্যাদি, দক্ষিণদলে ক্রূরমতি, নৈর্ঋতদলে পাপবুদ্ধি, পশ্চিমদলে ক্রীড়া, বায়ুদলে গমনাগমনাদিবুদ্ধি, উত্তরদলে রতি ও প্রীতি, ঈশানদলে দ্রব্যগ্রহণ, মধ্যদলে বৈরাগ্য, কেশরে জাগ্রদবস্থা, কর্ণিকাতে স্বপ্ন এবং লিঙ্গেতে সুষুপ্তি আছে।

তৈলধারমিবাচ্ছিন্নং দীর্ঘঘণ্টানিনাদবৎ।
অবাগ্জং প্রণবস্যাগ্রং যস্তং বেদ স বেদবিৎ ॥ ১৮ ॥
প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।

---

ইদানীমৰ্দ্ধমাত্রারূপাদ্বিন্দোঃ পরস্য নাদস্য স্বরূপং দর্শয়ংস্তদ্ধ্যানে ফলমাহ তৈলেতি তৈলস্য ধারা তৈলধারং ছান্দসং ক্লীবত্বং যথা তৈলধারা অচ্ছিন্না সতী অবিচ্ছেদেনানুভূয়তে তথা বিশদা দীর্ঘা চানুভূয়তে তদ্বৎ। নন্বু তর্হি ধারাবদেবাগ্রে সূক্ষ্মো নস্যাৎ অত উপমান্তরম্। দীর্ঘেতি অবাগ্জং ব্রহ্মণোবাক্ অধঃ তদনুভবাৎ প্রাগ্বর্ত্তমানম্ অথবা ন বাচো জাত মবাগ্জং বাচো বিরাম উপলভ্যত্বাৎ তথা প্রণবস্য অগ্রং প্রণবাদূৰ্দ্ধং প্রতীয়মানং তং নাদং বেদ উপাস্তে বেদবিৎ শক্তিশাস্ত্রে অপি প্রণবরূপে জানাতী ত্যর্থং॥ ১৮॥

ইদানীং শরস্য যুদ্ধ ইব ক্ষিপ্রকারিত্বমুপদিশন্ প্রণবাভ্যাসে প্রকারমাহ। প্রণবইতি। অয়ং মন্ত্রো মুণ্ডকেহপ্যস্তি। বেদ্ধব্যং মনসা ব্রহ্ম প্রবেশ্যম্

---

বিশিষ্ট, ত্রিমাত্র এবং অৰ্দ্ধমাত্র। এইরূপে যে ব্যক্তি অকারাদি বর্ণ ও অৰ্দ্ধমাত্রস্থ পুরুষকে জানিতে পারে, সেই ব্যক্তিই যথার্থ বেদবিদ্ ॥ ১৭ ॥

নাদ বর্ণের স্বরূপ নিরূপণপূর্ব্বক তাহার ধ্যানফল নিরূপণ করিতেছেন।—যেমন তৈলধারা অচ্ছিন্নরূপে অনুভূত হয়, যাহার উচ্চারণে দীর্ঘঘণ্টা নিনাদের ন্যায় শব্দ হয় এবং ব্রহ্ম-বিজ্ঞানের পূর্ব্বে যাহার অনুভব হইয়া থাকে, প্রণবের অগ্রবর্ত্তী সেই নাদবর্ণের স্বরূপ যিনি জানিতে পারেন, সেই ব্যক্তিকে প্রকৃত বেদবিদ্ বলা যায় ॥ ১৮ ॥

প্রণব ধনুঃস্বরূপ, আত্মা তাহার শর এবং ব্রহ্ম সেই শরের লক্ষ্য। যে ব্যক্তি অপ্রমত্তচিত্তে এই লক্ষ্যবেধ করিতে পারে, তাহার সেই শর লক্ষ্যেতে বিদ্ধ হইয়া থাকে। প্রণবের ধ্যান

অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়ো ভবেৎ ॥ ১৯ ॥
স্বদেহমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিম্।
ধ্যান-নির্ম্মথনাভ্যাসাদেবং পশ্যেন্নিগূঢ়বৎ ॥ ২০ ॥
যথৈবোৎপলনালেন তোয়মাকর্ষয়েৎ পুনঃ।
তথৈবোৎকর্ষয়েদ্বায়ুং যোগী যোগপদে স্থিতঃ ॥ ২১ ॥

---

কিংবৎ শরবৎ যথা শরো বিধ্যতি ফলং তন্ময় ইতি ব্রহ্মময়ো জীবঃ স্যাদিত্যর্থঃ ॥ ১৯ ॥

স্বদেহমিতি। আত্মানমরণিমিতি ব্রহ্মোপনিষদি পাঠঃ। স্বদেহঃ লিঙ্গম্ এবম্ অনেন প্রকারেণ নিগূঢ়বৎ নিলীনবৎ গুপ্তবস্তুবৎ পশ্যেৎ সূক্ষ্মদৃষ্ট্যা নিরীক্ষেৎ উৎকর্ষয়েৎ বায়ুং স্বাধিষ্ঠানাদিচক্রভেদেনোর্দ্ধভূমিকাং প্রাপয়েৎ ॥ ২০-২১ ॥

---

করিয়া আত্মাকে ব্রহ্মে প্রবেশিত করিতে পারিলে, সেই আত্মা ব্রহ্মময় হইয়া থাকে ॥ ১৯ ॥

স্বীয় দেহকে অরণি, (মন্থানদণ্ড) প্রণবকে উত্তরারণি, অর্থাৎ মন্থনাধার এবং ধ্যানরূপ নির্ম্মথনের অভ্যাস করিলে সেই সূক্ষ্ম পদার্থ ব্রহ্মরূপের দর্শন হয়। যে ব্যক্তি প্রণবের স্বরূপ চিন্তা করিয়া ধ্যানযোগ অভ্যাস করে, সেই ব্যক্তি ধ্যান-বলে সূক্ষ্ম দৃষ্টিতে পরংব্রহ্মের স্বরূপ দর্শন করিতে পারে ॥ ২০ ॥

যেমন উৎপল নালদ্বারা জল আকর্ষণ করা যায়, সেইরূপ যোগপরায়ণ ব্যক্তি স্বাধিষ্ঠানাদি চক্রভেদ করিয়া ঊর্দ্ধস্থানে বায়ুকে আনয়ন করিবে। বায়ুকে ঊর্দ্ধপ্রদেশে আনিয়া স্থির-ভাবে রাখিতে পারিলেই যোগসিদ্ধি হইয়া থাকে ॥ ২১ ॥

অর্দ্ধমাত্রাং রজ্জুং কৃত্বা কূপভূতস্তু পঙ্কজম্।
কর্ষয়েন্নালমার্গেণ ভ্রুবোর্ম্মধ্যে নয়েল্লয়ম্ ॥ ২২ ॥
ভ্রুবোর্ম্মধ্যে ললাটস্তু নাসিকায়াস্তু মূলতঃ।
অমৃতস্থানং বিজানীয়াদ্বিশ্বস্যায়তনং মহৎ।

---

অভ্যাসপ্রকারমাহ অর্দ্ধেতি। কৃষিকৃজ্জণা কূপাং রজ্জ্বা জলমার্ষতি এবমর্দ্ধমাত্রয়া সহ মনো রজ্জ্বাবনাং কুণ্ডলীং ভ্রূমধ্যমানয়েদিত্যর্থঃ। পঙ্কজম্ আধারাদি নালং সুষুম্না তন্মার্গেণ লয়ং তদমৃতস্থানম্ ॥ ২২ ॥

তস্য লক্ষণমাহ ভ্রুবোরিতি ভ্রুবোর্ম্মধ্যে যো ললাটৈকদেশঃ তদমৃতস্থানং নাসিকায়াস্তু লক্ষণীভূতয়াং মূলতঃ নাসিকামূলাদারভ্য অমৃতস্থানং বোদ্ধব্যং নাসিকামূলস্যোপবিভাগমমৃতস্থানমিত্যর্থঃ। তদুক্তম্ ভ্রূমধ্যে ধাম যৎ প্রোক্তং তৎ প্রোক্তং সোমমণ্ডলম্ ইতি। তস্যামৃতস্য কিং স্বরূপম্ অত আহ বিশ্বস্যেতি। বিশ্বস্যায়তনমিত্যুক্তে আকাশাদি স্যাৎ তদর্থমুক্তং মহদিতি। ব্রহ্মৈব নিররবিমহত্ত্বাধিকরণমমৃতং তচ্চ ভ্রূমধ্যে ধারণায়া ধ্যানং সম্লভ্যতে যেনামৃতো ভবতীত্যর্থঃ। দ্বিরুক্তিঃসমাপ্ত্যর্থা ॥ ২৩ ॥

---

যেমন কৃষক রজ্জুদ্বারা কূপ হইতে জল আকর্ষণ করিয়া ক্ষেত্রভূমি সিঞ্চন করে, সেইরূপ অর্দ্ধমাত্রাকে রজ্জুস্বরূপ করিয়া সুষুম্নামার্গ দিয়া আধারাদি চক্রভেদ পুরঃসর কুল-কুণ্ডলিনীকে ভ্রূমধ্যে আনয়ন করিবে। ষট্চক্র ভেদ করিয়া কুলকুণ্ডলিনীশক্তিকে ভ্রূমধ্যে আনয়নপূর্ব্বক রক্ষা করিলেই কুল-কুণ্ডলিনী তত্রস্থ অমৃতপানে পরিতৃপ্ত থাকেন এবং তাহাহইলে আর তাঁহার স্থানান্তর গমন হয় না। ইহাই প্রকৃত যোগসিদ্ধির লক্ষণ ॥ ২২ ॥

নাসিকার মূলদেশের ঊর্দ্ধে ভ্রূদ্বয়ের মধ্যে যে ললাটের

বিশ্বস্যায়তনং মহদিতি ॥ ২৩ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-ধ্যানবিন্দূপনিষৎ সমাপ্তা ॥

---

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদ-বাক্যানাং দীপিকা ধ্যানবিন্দূকে ॥

ইতি ধ্যানবিন্দূপনিষদো দীপিকা সম্পূর্ণা ॥

---

একদেশ স্থান, তাহাই অমৃত স্থান। ঐ স্থানই বিশ্বের মহান্ আধারস্বরূপ * ॥ ২৩ ॥

ইতি ধ্যানবিন্দূপনিষৎ ভাবার্থ সম্পূর্ণ।

---

* অন্যান্য গ্রন্থে ভ্রূদ্বয়ের মধ্যভাগ চন্দ্রমণ্ডল বলিয়া কীর্ত্তিত আছে।

## শান্তিপাঠঃ।

ওঁ ॥ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বিনাবধীতমস্তু। মা বিদ্বিষাবহৈ * ॥

॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তি ॥ ওঁ শান্তিঃ ॥

॥ * ॥ ওঁ হরিঃ ওঁ ॥ * ॥

---

পরংব্রহ্ম আমাদিগকে (গুরু ও শিষ্য উভয়কে) রক্ষা এবং প্রতিপালন করুন। গুরু যেন নিরালস্য হইয়া আমাদিগকে ব্রহ্মতত্ব বিদ্যা প্রদান করেন এবং আমরাও যেন নিরাপদে উপদিষ্ট হইয়া আত্মতত্ব লাভ করিতে পারি। তিনি আমাদিগকে বিদ্যা ও উপদেশ গ্রহণে সমর্থ করুন। তাঁহার অনুগ্রহে আমরা যে বিদ্যাভ্যাসদ্বারা তেজস্বী হইয়াছি, সেই বিদ্যা এবং গৃহীত উপদেশ সকল সফল হইয়া স্বয়ং প্রকাশিত হউক। পরন্তু ইহাও আমাদের প্রার্থনীয় যে, কখন যেন আমাদিগের পরস্পরের বিদ্বেষভাব না জন্মে ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-ধ্যানবিন্দূপনিষৎ সম্পূর্ণ।

॥ * ॥ ওঁ তৎসৎ ওঁ ॥ * ॥

---

* উপনিষৎ মন্ত্র সমূহয়ের দোষ নিরাকরণের নিমিত্ত আদ্যন্তে শান্তিপাঠ করা আবশ্যক।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

# অমৃতবিন্দূপনিষৎ ।

॥ ওঁ পরমাত্মনে নমঃ ॥

ওঁ ॥ শাস্ত্রাণ্যধীত্য মেধাবী অভ্যস্য চ পুনঃ পুনঃ ।

---

অমৃতবিন্দূপনিষদোদীপিকা ।

অমৃতস্য যথা বিন্দুর্ম্মৃত্যুং হরতি দেহিনাম্ ।
অল্পগ্রন্থোঽপ্যষ্টখণ্ডোঽমৃতবিন্দুস্তথা হ্যয়ম্ ॥

যোগসাধনস্য প্রথমাং পীঠিকামাহ শাস্ত্রাণীতি । মেধাবীতি । অধ্যয়নেন তর্কাভ্যাসেন মেধাপি কর্ত্তব্যা ইত্যর্থঃ । যচ্ছ্রুতিঃ । পণ্ডিতো মেধাবীতি

---

এই গ্রন্থের নাম "অমৃতবিন্দু-উপনিষৎ",—ইহা সর্ব্বপ্রকার উপনিষদের অগ্রবর্ত্তী । যেমন একবিন্দুমাত্র অমৃত প্রাণিগণের মৃত্যু হরণ করিয়া তাহাদিগকে অমর করিয়া রাখে, সেইরূপ এই ক্ষুদ্র গ্রন্থখানি উপাসকবর্গের অবিদ্যা বিনাশ করিয়া তাহাদিগের ব্রহ্মবিদ্যা প্রকাশ করে ।

সুবিচক্ষণ মেধাবী পণ্ডিত উপনিষদাদি ব্রহ্মবিদ্যার সাধক শাস্ত্রসকল অধ্যয়নপূর্ব্বক পুনঃ পুনঃ অভ্যাসদ্বারা ব্রহ্মবিদ্যা লাভ করিয়া জীবনের সার্থকতা সম্পাদন করিবে । শাস্ত্র

পরমং ব্রহ্মবিদ্যায়া উল্কাবান্নান্যথোৎসজেৎ ॥ ১ ॥

বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্ব্বিদোতি চ। স্মৃতিরপি*। যস্তর্কেণানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতরঃ ইতি। ব্রহ্ম-বিদ্যায়াঃ পরমং কারণং জীবিতমিতি শেষঃ। উল্কাবৎ চঞ্চলং বিদ্যুদুন্মিলিত তুল্যং জীবিতম্ অন্যথা প্রকারান্তরেণ কাম-ব্যসনাদিনা নোৎসৃজেৎ ন ক্ষিপেৎ শাস্ত্রাণ্যধীত্যোত্যেতদর্থসাক্ষাৎকারায় প্রয়তেত প্রযত্নশ্চ বক্ষ্যমাণো যোগাভ্যাসঃ। যদ্বা, ব্রহ্মবিদ্যায়াঃ পরমং কারণম্ অধ্যয়নম্ অন্যথা জ্ঞানমপ্রাপ্য নোৎসৃজেৎ উল্কাবৎ দীপিকাবৎ। যথা দীপিকা তমসি মার্গে গৃহীতা গৃহমপ্রাপ্য নোৎসৃজ্যতে তদ্বৎ শাস্ত্রং সাক্ষাৎকারপর্য্যন্তং নোৎসৃজেদিত্যর্থঃ ॥ ১ ॥

অধ্যয়নপূর্ব্বক ইহার তত্ত্বসকলের বিচার করিলে মেধাশক্তির বৃদ্ধি হয় *।

এই জীবন বিদ্যুৎ প্রকাশেরন্যায় চঞ্চল, যেমন বিদ্যুৎ প্রকাশ ক্ষণস্থায়ী, সেইরূপ জীবনের চিরস্থায়িত্বেরও বিশ্বাস নাই এবং জীবন ব্যতিরেকেও ব্রহ্মবিদ্যা সাধন হইতে পারে না। অতএব ব্রহ্মবিদ্যা সাধনের অদ্বিতীয় কারণ সেই জীবনকে কামবাসনাদিদ্বারা বৃথা ক্ষেপণ না করিয়া সর্ব্বপ্রযত্নে ব্রহ্মবিদ্যা-সাধনের চেষ্টা করা অবশ্য কর্ত্তব্য। যাবৎ ব্রহ্মবিদ্যার আবির্ভাব না হয়, তাবৎ শাস্ত্রানুসন্ধান পরিত্যাগ করিবে না। যেমন যাবৎকালপর্য্যন্ত পথিক্ অন্ধকার-সমাচ্ছন্ন, পথিমধ্যে অবস্থিত থাকে এবং স্বীয় আবাসগৃহে উপস্থিত হইতে না পারে, তাবৎকালপর্য্যন্ত আলোকের সাহায্য পরিত্যাগ করে না, সেইরূপ যতকাল মনুষ্য ব্রহ্মবিদ্যা লাভ করিতে না পারে, ততকালপর্য্যন্ত শাস্ত্রাধ্যয়ন ও তাহার তত্ত্বানুসন্ধানপূর্ব্বক জীবন-যাত্রা নির্ব্বাহ করিবে। বৃথা কার্য্যদ্বারা কখন অমূল্যজীবন ক্ষেপণ করিবে না। ॥ ১ ॥

* স্মৃতিতে লিখিত আছে, যে ব্যক্তি বিচারপূর্ব্বক তত্ত্বানুসন্ধান করে, সেই ব্যক্তিই ধর্ম্মলাভ করিতে পারে, এতদ্ভিন্ন অন্য কোন উপায়ে ধর্ম্মলাভ হয় না।

ওঙ্কারং রথমারুহ্য বিষ্ণুং কৃত্বা তু সারথিম্।
ব্রহ্মলোক-পদান্বেষী রুদ্রারাধন-তৎপরঃ ॥ ২ ॥
তাবদ্রথেন গন্তব্যং যাবদ্রথ-পথি স্থিতঃ।
ছিত্ত্বা রথপথস্থানং রথমুৎসৃজ্য গচ্ছতি ॥ ৩ ॥

---

ওঙ্কারং রথং গতিহেতুত্বাৎ রথঃ ওঁকারঃ বিষ্ণুম্ উকারদেবতাং সারথিং কৃত্বা সহ্যূর্দ্ধগতৌ প্রেরকঃ তেন সারথ্যং সম্ভবতি। আকার-দেবতা যো ব্রহ্মা তস্য যঃ লোকঃ ব্রহ্মসদনং তস্য পদং মার্গঃ তদন্বেষণ-শীলঃ। মকারদেবতা যো রুদ্রঃ তদারাধনে তৎপরঃ পরায়ণঃ ॥ ২ ॥

তাবদিতি রথেন ওঙ্কারেণ তাবদ্গন্তব্যং যাবৎ রথপথি গন্তব্যং গচ্ছন্ তন্মার্গে স্থিতঃ সমাসান্তবিধেরনিত্যত্বাদপ্রত্যয়ো ন কৃতঃ। স্থিত্বেতি যদা তদেত্যধ্যাহারঃ যদা রথস্য পন্থাঃ রথপথঃ সমাসান্তোঽকারঃ তস্য স্থানং স্থিতিঃ নিবৃত্তির্ভবতি অত্র তিষ্ঠতির্নিবৃত্তৌ বর্ত্ততে তদা স্থিত্বা কিয়ৎকালং

---

যাঁহারা ব্রহ্মলোকের প্রকৃত পথ অন্বেষণ করিতে ইচ্ছা করেন, তাঁহারা ওঙ্কারস্বরূপ রথে আরোহণ করিয়া বিষ্ণুকে সারথ্য প্রদানপূর্ব্বক রুদ্রদেবের আরাধনায় তৎপর থাকিবেন। ওঙ্কারই ব্রহ্মলোক গমনের প্রধান কারণ, সেই ওঙ্কার আশ্রয় করিলে ব্রহ্ম-লোক প্রাপ্তি হয়। সেই ওঙ্কারগত উকারের দেবতা বিষ্ণু, তিনি ঊর্দ্ধলোকে প্রেরণ করেন, অতএব তাঁহাকে রথের সারথির-ন্যায় পথপ্রদর্শকরূপে আশ্রয় করিবে। ওঙ্কারস্থিত মকারের দেবতা রুদ্রদেবের আরাধনায় তৎপর থাকিলেই সেই ওঙ্কা-রের অকার দেবতা ব্রহ্মলোকে গমন হয় ॥ ২ ॥

যেমন যাবৎ রথ গন্তব্যস্থানে গমন করিতে করিতে পথি-মধ্যেই অবস্থিত থাকে এবং তাবৎ রথদ্বারাই পথিমধ্যে গমন করিতে হয়, পরন্তু যখন সেই রথ গন্তব্যস্থানে উপস্থিত হইয়া স্বীয় গতিনিবৃত্তি করে, তখন যেমন রথপথ পরিত্যাগপূর্ব্বক গন্তব্য-

মাত্রা লিঙ্গপদং ত্যক্ত্বা শব্দব্যঞ্জনবর্জিতা।
অস্বরেণ মকারেণ পদং সূক্ষ্মঞ্চ গচ্ছতি ॥ ৪ ॥
শব্দাদিবিষয়াঃ পঞ্চ মনশ্চৈবাতিচঞ্চলম্।
চিন্তয়েদাত্মনো রশ্মীন্ প্রত্যাহারঃ স উচ্যতে ॥ ৫ ॥

---

বিলম্ব্য রথম্ উৎসৃজ্য ত্যক্ত্বা গচ্ছতি সাধ্যসাধনভাবরহিতং স্থানং প্রবিশতীত্যর্থঃ সাকারোপসনা-পরি বাসিত-চেতসো যতয়ো ব্রহ্মপদবীমনুপ্রাপ্য প্রব্রজন্তীতি শ্রুতেঃ। মাত্রাঃ অকারাদয়ঃ তাসাং লিঙ্গং জাগরিতস্থানো বহিঃ প্রজ্ঞঃ সপ্তাঙ্গইত্যাদি তস্য পদং স্থানং জাগরাদি ত্যক্ত্বা শব্দেন স্বরেণ ব্যঞ্জনেন চ মকারেণ বর্জ্জিতং রহিতং অস্বরেণ স্বরাতিবিক্তেন মকারেণ অন্তরঙ্গ-সাধনেন সূক্ষ্মং পদং তুরীয়াখ্যংগচ্ছতি ॥ ৩-৪ ॥

শব্দাদীতি শব্দাদীনি পঞ্চ বিষয়াঃ তদুপলক্ষিতানীন্দ্রিয়াণি অতিচঞ্চলং সর্ব্বেন্দ্রিয়-বিষয়ব্যাপি মনশ্চ আত্মনঃ সূর্য্যস্থানীয়স্য রশ্ময় ইতি চিন্তনম্ আত্মৈক্যাপাদনমিতি যাবৎ স প্রত্যাহার ইত্যর্থঃ তদুক্তং যাজ্ঞবল্ক্যেন। যদ্যৎ পশ্যতি তৎসর্ব্বং পশ্যেদাত্মানমাত্মনি। প্রত্যাহারঃ স চ প্রোক্তো যোগবিদ্ভির্ম্মহাত্মভিঃ ইতি ॥ ৫ ॥

---

স্থানে উপস্থিত হয়, সেইরূপ যাবৎ ব্রহ্মবিদ্যার আবির্ভাব না হয়, তাবৎ ওঙ্কারের উপাসনা করিবে এবং যখন ব্রহ্মতত্ত্বপরিজ্ঞান হইবে, তখন আর কোনরূপ উপাসনার আবশ্যক নাই ॥ ৩ ॥

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, যাবৎ ব্রহ্মবিদ্যার উদয় না হয়, তাবৎ ওঙ্কারের উপাসনা করিবে, এক্ষণে সেই ওঙ্কারের স্বরূপ নিরূপণ করিতেছেন।—ওঙ্কারেতে অকারাদি মাত্রা আছে, সেই সকল মাত্রার স্থান পরিত্যাগ করিলে স্বররহিত মকারস্বরূপ তুরীয় ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪ ॥

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ, এই পঞ্চবিধ পদার্থকে বিষয় বলা যায়, উক্ত বিষয় পঞ্চকের উপলক্ষিত কর্ণ, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা ও নাসিকা এই পঞ্চ ইন্দ্রিয় এবং সর্ব্বেন্দ্রিয়ব্যাপী অতি

প্রত্যাহারস্তথা ধ্যানং প্রাণায়ামোঽথ ধারণা।
তর্কশ্চৈব সমাধিশ্চ ষড়ঙ্গো যোগ উচ্যতে ॥ ৬ ॥
যথা পর্ব্বতধাতূনাং দহ্যন্তে ধমনান্মলাঃ।
তথেন্দ্রিয়কৃতা দোষা দহ্যন্তে প্রাণনিগ্রহাৎ ॥ ৭ ॥

---

প্রত্যাহার ইতি যম-নিয়মাসনানি তু বাহ্যাঙ্গত্বাৎ ন গণিতানি যম-নিয়মৌ তু "অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ। আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমাভয়ম্। শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং সুরার্চ্চনম্। তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্য-সেবনম্। এতে যমাঃ সনিয়মা

---

চঞ্চল মনঃ এই সকলই আত্মরূপ সূর্য্যের রশ্মিস্বরূপ, ইহাই চিন্তা করিবে, উক্ত প্রকারে আত্মার ঐক্যাপাদন-চিন্তার নাম প্রত্যাহার * ॥ ৫ ॥

যোগ ছয়প্রকার;—প্রত্যাহার, ধ্যান, প্রাণায়াম, ধারণা, তর্ক ও সমাধি, শাস্ত্রকারগণ এই ষড়ঙ্গযোগের উল্লেখ করিয়াছেন। যম, নিয়ম ও আসন, ইহারাও যোগমধ্যে পরিগণিত, কিন্তু ঐ সকল যোগের বাহ্যাঙ্গ; অতএব এইস্থলে তাহাদিগকে যোগ বলিয়া গণনা করা যায় না। অহিংসা, সত্য, অস্তেয়, অসঙ্গ, লজ্জা, অসঞ্চয়, আস্তিক্য, ব্রহ্মচর্য্য, মৌন, স্থৈর্য্য, ক্ষমা, ভয়, এই দ্বাদশ প্রকার যম এবং শৌচ, জপ, তপঃ, হোম, শ্রদ্ধা, আতিথ্য, সুরার্চ্চন, তীর্থপর্য্যটন, পরোপকারের ইচ্ছা, সন্তোষ, আচার্য্যসেবা, ইহাদিগকে নিয়ম বলে ॥ ৬ ॥

যেমন পর্ব্বতস্থ ধাতু সকলকে দগ্ধ করিলেই তাহাদিগের মল দগ্ধ হইয়া ধাতুসকল বিশুদ্ধ হয়, সেইরূপ প্রাণায়ামদ্বারা ইন্দ্রিয়কৃত দোষ বিদূরিত হইয়া দেহ বিশুদ্ধ হয়। ইন্দ্রিয়গণের

---

* যাজ্ঞবল্ক্য এই বিষয়ে বলিয়াছেন যে, যোগশাস্ত্রবিদ্ মহাত্মগণ বলিয়া থাকেন, মনুষ্য যাহা যাহা দর্শন করে, সেই সমুদায়ই আত্মস্বরূপ জ্ঞান করিবে। এইরূপ ভাবনার নাম প্রত্যাহার।

প্রাণায়ামৈর্দ্দহেদ্দোষান্ ধারণাভিশ্চ কিল্বিষম্।
কিল্বিষঞ্চ ক্ষয়ং নীত্বা রুচিরঞ্চৈব চিন্তয়েৎ ॥ ৮ ॥
রুচিরে রেচকঞ্চৈব বায়োরাকর্ষণন্তথা।
প্রাণায়ামাস্ত্রয়ঃ প্রোক্তা রেচক-পূরক-কুম্ভকাঃ ॥ ৯ ॥
সব্যাহৃতিং সপ্রণবাং গায়ত্রীং শিরসা সহ।

---

উভয়োর্দ্বাদশ স্মৃতাঃ" ইতি দ্রষ্টব্যো। তর্কঃ মননং সমাধিঃ নিদিধ্যাসনং রুচিরং মনোহরং গুরূপদিষ্টং রূপং চিন্তয়েৎ ধ্যায়েৎ ॥ ৬-৮ ॥

রুচির ইতি রুচিরে চিন্ত্যমানে সতি রেচকং কুর্য্যাৎ চকারাৎ কুম্ভকম্ তথা বায়োঃ আকর্ষণম্ অন্তর্নয়নং কুর্য্যাৎ। প্রাণায়ামত্রয়ং কুর্য্যাদিত্যাহ প্রাণায়ামা ইতি প্রাণয়ামাঃ নিরোধাঃ ত্রয়ঃ ত্রিবিধাঃ ॥ ৯ ॥

প্রাণায়াম-মন্ত্রমাহ সব্যাহৃতিমিতি। ব্যাহৃতিশিরসোরপি সপ্রণবত্বং

---

অযথা প্রয়োগে দেহেতে যে সকল দোষের সঞ্চার হয়, প্রাণা-য়াম করিলেই সেই সকল দোষ দূরীভূত হইয়া দেহ ব্রহ্মবিদ্যা সাধনে সক্ষম হইয়া থাকে ॥ ৭ ॥

প্রাণায়ামদ্বারা দেহগত দোষ দগ্ধ হয়, ধারণাদ্বারা শারী-রিক পাপ বিনষ্ট হইয়া যায়। মনন, সমাধি ও নিদিধ্যাসন এই ত্রিবিধ যোগ অতিমনোহর; গুরুর নিকট উপদিষ্ট হইয়া সর্ব্বদা সেই ব্রহ্মতত্ত্ব চিন্তা করিবে। তাহাহইলেই ব্রহ্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়া জীবের মুক্তির পন্থা পরিষ্কৃত হয় ॥ ৮ ॥

সেই গুরূপদিষ্ট ব্রহ্মতত্ত্ব চিন্তা করিতে করিতে পূরক, কুম্ভক ও রেচক করিবে। রেচক, পূরক ও কুম্ভক এই ত্রিবিধ প্রণায়াম উক্ত আছে, উক্তরূপে ত্রিবিধ প্রাণসংযম করিলেই প্রাণায়াম হয় এবং এই ত্রিবিধ প্রাণসংযমই প্রধান যোগ, এই-রূপে যোগাভ্যাস করিলেই ব্রহ্মপদ প্রাপ্তি হইয়া থাকে ॥ ৯ ॥

পূর্ব্বে প্রাণায়ামের ত্রৈবিধ্য কথিত হইয়াছে, এইক্ষণ সেই

ত্রিঃ পঠেদায়ত-প্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে ॥ ১০ ॥
উৎক্ষিপ্য বায়ুমাকাশং শূন্যং কৃত্বা নিরাত্মকম্।
শূন্যভাবেন যুঞ্জীয়াদ্রেচকস্যেতি লক্ষণম্ ॥ ১১ ॥

---

বোদ্ধব্যম্ তদুক্তম্ "এতা এতাং সদৈতেন তথৈভির্দ্দশভিঃ সহ। ত্রির্জ্জপেদায়ত-প্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে"। এতাঃ সপ্ত ব্যাহৃতীঃ এতাং গায়ত্রীম্ এতেন শিরসা এভিঃ প্রণবৈঃ শক্তৌ সত্যাং ত্রিঃ পঠেৎ অশক্তৌ তু সকৃৎপঠেৎ ॥ ১০ ॥

প্রত্যেকং রেচকাদীনাং লক্ষণমাহ উৎক্ষিপ্যেতি বায়ুম্ উৎক্ষিপ্য ঊর্দ্ধং নীত্বা আকাশম্ উদরং কৃত্বা নিরাত্মকং প্রাণরহিতম্ "আত্মা দেহমনোব্রহ্ম-স্বভাব-ধৃতি-বুদ্ধিষু। প্রযত্নে-বাপি" ইতি অপি-শব্দাৎ প্রাণে চেতি বিশ্বাভিধানাৎ। আত্মানং প্রাণং শূন্যত্বেন যোজয়েৎ স রেচক ইত্যর্থঃ ॥ ১১ ॥

---

ত্রিবিধ প্রাণায়ামের মন্ত্র কথিত হইতেছে।—ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ ও সত্য এই সপ্তব্যাহৃতি ও গায়ত্রীতে প্রণবযুক্ত করিয়া প্রাণবায়ু সংযমনপূর্ব্বক সেই সপ্রণব সপ্তব্যাহৃতির সহিত প্রণবযুক্ত গায়ত্রী তিনবার জপ করিবে। উক্তরূপে বারত্রয় গায়ত্রী জপ করিলেই প্রাণায়াম হয়। শক্তিসত্বে তিনবার এবং অশক্তিতে একবার জপ করিলেও প্রাণায়াম সিদ্ধ হয়। উক্তরূপ গায়ত্রীই প্রাণায়ামের মন্ত্র, এই মন্ত্রে প্রাণায়াম করিলেই যোগসাধন হইয়া থাকে ॥ ১০ ॥

পূর্ব্বে কথিত হইয়াছে যে রেচক, পূরক ও কুম্ভকভেদে প্রাণায়াম ত্রিবিধ; এইক্ষণ সেই রেচকাদি প্রত্যেকের পৃথক্ পৃথক্ লক্ষণ নিরূপণ করিতেছেন।—প্রাণবায়ুকে ঊর্দ্ধে আনয়ন করতঃ উদরকে শূন্য ও প্রাণরহিত করিয়া শূন্যভাবে প্রাণকে যোজিত করিবে। ইহার নাম রেচক ॥ ১১ ॥

ন চোচ্ছ্বসেন্নানুচ্ছ্বসেন্নৈব গাত্রাণি চালয়েৎ।
এবং বায়ুর্গ্রহীতব্যঃ পূরকস্যেতি লক্ষণম্ ॥ ১২ ॥
বক্ত্রেণোৎপলনালেন বায়ুং কৃত্বা নিরাশ্রয়ম্।
এবং বায়ুর্গ্রহীতব্যঃ কুম্ভকস্যেতি লক্ষণম্ ॥ ১৩ ॥

---

অনুচ্ছ্বসেদিতি নঞস্তিঙা সমাসঃ। উচ্ছ্বাসানুচ্ছ্বাসৌ ন কুর্য্যাৎ কিন্তু নিগরণ-লক্ষণ মনুচ্ছ্বাসমেব কুর্য্যাৎ স এব গৃহীত ইত্যুক্তত্বাৎ ॥ ১২ ॥

বক্ত্রেণেতি। উৎপলস্য নালমিব বায়ুসঞ্চারহেতুত্বাৎ তাদৃশেন বক্ত্রেণ বায়ুং নিরাশ্রয়ং বহির্নির্গতং কৃত্বা যদবস্থানং স কুম্ভকঃ প্রকারান্তরেণ কুম্ভকঃ এবমিতি। যথা বহিঃ কৃতঃ তথা বক্ত্রেণ গ্রহীতব্যঃ অন্তর্নেয়ঃ। নীত্বা রোদ্ধব্য ইতি দ্বিবিধং কুম্ভকস্য লক্ষণম্, তদুক্তম্। "পূরণাদি-রেচনান্তঃ প্রাণায়ামস্তু বৈদিকঃ। রেচনাদি পূরণান্তঃ প্রাণায়ামস্তু তান্ত্রিকঃ" ইতি ॥ ১৩ ॥

---

পূর্ব্বশ্লোকে রেচকলক্ষণ কথিত হইয়াছে, এইক্ষণ পূরক লক্ষণ কথিত হইতেছে।—বায়ুকে এইরূপে আকর্ষণ করিতে হইবে, যেন তাহাতে উচ্ছ্বাস বা অনুচ্ছ্বাস না হয়। পূরক-কালে উচ্ছ্বাস অনুচ্ছ্বাস অথবা কোন অঙ্গসঞ্চালন করিবে না, কেবল বায়ুকে গ্রহণ করিবে। এইরূপ বায়ু গ্রহণকে পূরক বলে। কেবল নিশ্চেষ্টভাবে বায়ু গ্রহণই পূরক শব্দের বাচ্য ॥১২

এইক্ষণে কুম্ভকের লক্ষণ কথিত হইতেছে।—স্বীয় মুখ উৎ-পল-নালের ন্যায় সঙ্কুচিত করিয়া তদ্দ্বারা অন্তর্গত বায়ুকে বহি-র্নিঃসারিত করিবে, এইরূপ অবস্থানকে কুম্ভক বলিয়া থাকে। প্রকারান্তর প্রাণায়াম এই,—যেমন উৎপলনালবৎ সঙ্কুচিত বক্ত্রদ্বারা অন্তর্গত বায়ুকে বহির্নিঃসারিত করিলে কুম্ভক হয়, সেইরূপ বায়ুকে অন্তরস্থ করিলেও কুম্ভক হয়। অতএব বায়ু নিঃসারিত করিয়া অবস্থানকে এবং ঐ বায়ুকে অন্তরস্থ করিয়া

অন্ধবৎ পশ্য রূপাণি শৃণু শব্দমকর্ণবৎ।
কাষ্ঠবৎপশ্যতে দেহং প্রশান্তস্যেতি লক্ষণম্ ॥ ১৪ ॥
মনঃ সঙ্কল্পকং ধ্যাত্বা সংক্ষিপ্যাত্মনি বুদ্ধিমান্।

---

প্রত্যাহার-প্রাণায়াময়োর্লক্ষণে উক্ত্বা ধারণাং লক্ষয়িতুং তদধিকারিণং শান্তং লক্ষয়তি অন্ধবদিতি পশ্য হেশিষ্য ইতি শ্রুতের্ব্বচঃ তে তব স্বীয়ং দেহং কাষ্ঠবৎ পশ্য নিরভিমানিতয়া প্রশান্তস্যাপীতি। ইদমেব লক্ষণম্ অন্ধস্য যথা রূপাদ্বিকারো ন ভবতি তদ্বৎ যস্য রূপদর্শনেঽপ্যবিক্রিয়ং মনঃ কাষ্ঠবৎ দেহেপ্যাস্থারহিতঃ স প্রশান্ত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

মন ইতি। মনঃ মানসং সংস্কল্পকং সংস্কল্পকর্ত্তৃ ধ্যাত্বা বিচিন্ত্য আত্মনি

---

অবস্থিতিকে কুম্ভক বলা যায়। এইরূপে দ্বিবিধ কুম্ভক কথিত হইল। প্রাণায়ামও দ্বিবিধ উক্ত আছে, যথা বৈদিক প্রাণায়াম ও তান্ত্রিক প্রাণায়াম। পূরণ, কুম্ভক ও রেচক এই ত্রিতয়াত্মক প্রাণায়ামকে বৈদিক এবং রেচন, কুম্ভক ও পূরণ এইরূপ প্রাণায়ামকে তান্ত্রিক প্রাণায়াম বলে ॥ ১৩ ॥

প্রত্যাহার ও প্রাণায়ামের লক্ষণ কথিত হইল, অতঃপর ধারণার লক্ষণ কথিত হইবে, এইক্ষণ সেই ধারণার অধিকারীর শান্ত লক্ষণ কথিত হইতেছে।—হে শিষ্য! তুমি অন্ধজনের ন্যায় রূপ দর্শন কর, বধিরের ন্যায় শব্দ শ্রবণ কর, তোমার দেহকে কাষ্ঠবৎ নিশ্চল জ্ঞান কর, তাহাহইলেই তুমি শান্ত বলিয়া গণ্য হইতে পারিবে। যেমন অন্ধব্যক্তির রূপদর্শনে ও বধিরের শব্দ শ্রবণে মনের কোন বিকার হয় না, সেই রূপ যে ব্যক্তির মনঃ রূপ দর্শনে বা শব্দ শ্রবণে বিকৃত হয় না এবং আপন দেহে কাষ্ঠবৎ অনাস্থা প্রদর্শন করে, তাহাকেই শান্ত বলা যায় ॥ ১৪ ॥

এইক্ষণ ধারণার লক্ষণ কথিত হইতেছে।—স্বীয় মানসকে সঙ্কল্পের কর্ত্তা জ্ঞানে চিন্তা করিয়া সেই মানসকে বুদ্ধিতে

ধারয়িত্বা তথাত্মানং ধারণা পরিকীর্ত্তিতা ॥ ১৫ ॥
আগমস্যাবিরোধেন ঊহনং তর্ক উচ্যতে।
যং লব্ধ্বাপ্যবমন্যেত সমাধিঃ পরিকীর্ত্তিতঃ ॥ ১৬ ॥

---

বুদ্ধৌ প্রাণে বা সঙ্ক্ষিপ্য আত্মনং প্রাণং বুদ্ধিং বা ধারয়িত্বা স্থিরীকৃত্য যৎ তিষ্ঠতি সা ধারণা উক্তা ॥ ১৫ ॥

চতুর্ণাং লক্ষণমুক্ত্বা শিষ্টয়োস্তর্ক-সমাধ্যোরাহ আগমস্যেতি আগম-বিরোধেন ঊহনে বাহুতাপ্রসঙ্গাৎ যং লব্ধ্বা প্রাপ্যাপি দৃষ্ট্বাপি অবমন্যেত অবজানীয়াৎ যদর্থেপি শব্দাদিষ্টমিতি লভ্যতে যং প্রাপ্য সর্ব্বমন্যৎ ন রোচতে স সমাধিরিত্যর্থঃ "যং লব্ধ্বা বাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ" ইতি গীতোক্তেঃ ॥ ১৬ ॥

---

অথবা প্রাণে নিক্ষেপ করিবে এবং মনঃ ও প্রাণকে ধারণ করিয়া থাকিবে, এইরূপ অবস্থানকে ধারণা বলে ॥ ১৫ ॥

ইতি পূর্ব্বে প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান ও ধারণা এই চতুর্ব্বিধ যোগের লক্ষণ কথিত হইয়াছে, এইক্ষণ অবশিষ্ট তর্ক ও সমাধি এই দ্বিবিধ বিষয়ের লক্ষণ কথিত হইতেছে।—আগমাবিরুদ্ধ ঊহনের নাম তর্ক। এইরূপে তর্ক করিতে হইবে, যেন শাস্ত্র ও যুক্তির সহিত বিরোধ না ঘটে, শাস্ত্র ও যুক্তি-বিরুদ্ধ তর্কেতে কেবল বাচালতা মাত্র প্রকাশ পায়, তাহাতে কোন পদার্থ স্থিরীকৃত হয় না। অতএব শাস্ত্রীয় প্রমাণ ও যুক্তির অনুবর্ত্তী হইয়া পদার্থের প্রকৃত তত্ত্ব নিরূপণার্থ বাদ-প্রতিবাদই যথার্থ তর্কশব্দের প্রতিপাদ্য। যাহাকে লাভ করিলে অন্যান্য সমস্তবিষয়ে অবজ্ঞা জন্মে ও কোন বিষয়ে রুচি থাকে না, তাহার নাম সমাধি। একমাত্র সমাধির লাভ হইলে অন্য কোন বিষয় লাভের ইচ্ছা থাকে না। মনঃ বিষয়া-ন্তরে অনাশক্ত হইয়া কেবল সেই ধ্যেয় বিষয়ে সর্ব্বদা অনুরক্ত থাকে ॥ ১৬ ॥

ভূমিভাগে সমে রম্যে সর্ব্বদোষবিবর্জ্জিতে।
কৃত্বা মনোময়ীং রক্ষাং জপ্ত্বা চৈবাথ মণ্ডলম্ ॥ ১৭ ॥
পদ্মকং স্বস্তিকং বাপি ভদ্রাসনমথাপি বা।

---

মনোময়ীম্ আত্মচিন্তনরূপাং চক্রমন্ত্রাদিনা দিগ্বন্ধাদিরূপাংবা। মণ্ডলং মণ্ডলব্রাহ্মণম্ আদিত্যদেবত্যং যদেতন্মণ্ডলং তপতি ইত্যাদিরূরূপম্॥১৭॥

পদ্মকমিতি। পদ্মকাদীনাং লক্ষণানি যোগয়াজ্ঞবল্ক্যে উক্তানি। "উর্ব্বোরুপরি বিপ্রেন্দ্র কৃত্বা পাদতলে উভে। পদ্মাসনং ভবেদেতৎ সর্ব্বেষামপি পূজিতম্। জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ঃ সমাসীনঃ স্বস্তিকং তৎ প্রচক্ষতে"। ইতি। "তত্রৈব প্রকারান্তরেণ

---

সর্ব্বপ্রকার দোষবিবর্জ্জিত সমোচ্চ মনোহর ভূমিভাগে উপবেশন করিয়া আত্মতত্ত্বচিন্তনে তৎপর হইয়া চক্র মন্ত্রাদি দ্বারা দিগ্ বন্ধনাদিরূপ আত্মরক্ষা বিধানপুরঃসর "য দেতন্মণ্ডলং তপতি" ইত্যাদি আদিত্যদৈবত মণ্ডলব্রাহ্মণমন্ত্র জপ করিয়া ক্রমশঃ সম্যক্‌রূপে পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন ও যোগাসন বদ্ধ করতঃ উত্তরাভিমুখে অবস্থান করিবে ॥

(যোগ সম্বন্ধে যাজ্ঞবল্ক্যে যে পদ্মাসনাদির লক্ষণ কথিত আছে, তাহাও প্রসঙ্গত এই স্থলে কথিত হইতেছে।—উরুদ্বয়ের উপরে উভয় পাদতল অর্থাৎ বামোরুতে দক্ষিণপাদ এবং দক্ষিণোরুতে বামপাদ সংস্থাপন করিলেই পদ্মাসন হয়, এই আসন সর্ব্বপ্রকার যোগসাধনে প্রশস্ত। জানু ও উরু এই উভয়ের সন্ধিস্থলে সম্যক্‌রূপে উভয় পাদতল অর্থাৎ বামজানু ও বাম উরু ইহাদিগের সন্ধিস্থলে দক্ষিণ পাদতল এবং দক্ষিণ জানু ও দক্ষিণ উরু এই উভয়ের সন্ধিভাগে বাম পাদতল সন্নিবেশিত করিয়া শরীরকে সরলভাবে রাখিয়া উপবেশন করিলেই

বদ্ধা যোগাসনং সম্যগুত্তরাভিমুখঃ স্থিতঃ ॥ ১৮ ॥

---

স্বস্তিক মুক্তম্।” “সীবন্যামাত্মনঃ পার্শ্বে গুল্‌ফৌ নিক্ষিপ্য পাদয়োঃ। সব্যে দক্ষিণ গুল্‌ফন্তু দক্ষিণে দক্ষিণেতবম্। এতচ্চ স্বস্তিকং প্রোক্তং সর্বপাপ-প্রণাশনম্”। ইতি। “গুল্‌ফৌ তু বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ। পার্শ্বপাদৌ চ পাণিভ্যাং দৃঢ়ং বদ্ধা সুনিশ্চলম্। ভদ্রাসনং ভবেদেতৎ সর্ব্বব্যাধি-বিষাপহম্” ইতি। যোগাসনং সিদ্ধাসনম্ তদুক্তং হটপ্রদীপি-কায়াম্। “যোনিস্থানক-মঙ্ঘ্রিমূল-ঘটিতং কৃত্বা দৃঢ়ং বিন্যসেৎ মেঢ়্রে পাদমথৈকমেব নিয়তং কৃত্বা সমং বিগ্রহম্। স্থাণুঃ সংযমিতেন্দ্রিয়োঽচল-দৃশা পশ্যন্ ভ্রুবোরন্তরং চৈতন্মোক্ষ কপাট-ভেদজনকং সিদ্ধাসনং

---

স্বস্তিকাসন হয়। স্বস্তিকাসনের অন্যপ্রকার লক্ষণ এই—সীবনীর (কোষের অধোভাগের) উভয়পার্শ্বে গুল্‌ফ (গোরালি)-দ্বয় অর্থাৎ দক্ষিণ পার্শ্বে বামগুল্‌ফ এবং বামপার্শ্বে দক্ষিণগুল্‌ফ নিক্ষেপ করিয়া উপবেশন করিবে; এইরূপ উপবেশনকে মতান্তরে স্বস্তিকাসন বলিয়া থাকে। এই আসন সাধকের সর্ব্বপ্রকার পাপ বিনাশ করে। ভদ্রাসনের লক্ষণ এই—কোষের নিম্নভাগে সীবনীর উভয়পার্শ্বে গুল্‌ফদ্বয় স্থাপন করিয়া উভয় হস্তদ্বারা দৃঢ়রূপে উভয় পাদ ধারণকরতঃ নিশ্চলভাবে অবস্থান করিবে, ইহাকে ভদ্রাসন বলে। এই আসন করিলে সাধকের সর্ব্বপ্রকার ব্যাধি ও বিষদোষ বিনাশ পায়। যোগাসনকেও সিদ্ধাসন বলিয়া থাকে *। কেহ কেহ এই আসনকে

---

* হটপ্রদীপিকায় ইহার লক্ষণ উক্ত আছে, তাহা এই স্থলে কথিত হইতেছে—এক-পাদমূল যোনি স্থানে, অপর পাদমূল মেঢ়্র প্রদেশে বিন্যাস করিয়া শরীরকে সমভাবে রাখিয়া স্থিরভাবে থাকিবে এবং ইন্দ্রিয়গণকে সংযত করিয়া নিশ্চলনয়নে ভ্রূদ্বয়ের মধ্যে দৃষ্টি করিয়া থাকিবে। এইরূপ উপবেশনকে যোগাসন অথবা সিদ্ধাসন বলে এই আসন মোক্ষধামের কবাট ভেদন করে। মতান্তরে মেঢ়্রের উপরিভাগে বামগুল্‌ফ এবং সেই বামগুল্‌ফের উপরি দক্ষিণগুল্‌ফ বিন্যস্ত করিয়া উপবেশন করিলেই সিদ্ধাসন হয়।

নাসিকা-পুটমঙ্গুল্যা পিধায়ৈকেন মারুতম্।
আকৃষ্য ধারয়েদগ্নিং শব্দমেবাভিচিন্তয়েৎ ॥ ১৯ ॥
ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ওমিত্যেকেন রেচয়েৎ।

---

প্রোচ্যতে"। ইতি। মতান্তরে চ। "মেঢ্রাদুপরি বিন্যস্য সব্যং গুল্ফং তথোপরি। গুল্ফান্তরঞ্চ নিক্ষিপ্য সিদ্ধাসনমিদং ভবেৎ। এতৎ সিদ্ধাসনং প্রাহুরন্যে বজ্রাসনং বিদুঃ। গুপ্তাসনং বদন্ত্যন্যে প্রাহুর্মুক্তাসনং পরে। যমেষ্বিব মিতাহারোঽপ্যহিংসা নিয়মেষ্বিব। মুখ্যং সর্ব্বাসনেষ্বেকং সিদ্ধাঃ সিদ্ধাসনং বিদুঃ। চতুরশীতি-পীঠেষু সিদ্ধমেব সদাভ্যসেৎ। দ্বি-সপ্ততি সহস্রেষু সুষুম্নামিব নাড়িষু" ইতি। যোগার্থমাসনমিতি বা। উত্তরেতি। যোগস্য উত্তরমার্গ-প্রদত্বাৎ ॥ ১৮ ॥

নাসিকেতি। একং নাসিকাপুটম্ অঙ্গুল্যা পিধায় একেন পার্শ্বেন মারুতং বায়ুম্ আকৃষ্য ধারয়েৎ অন্তঃ স্তম্ভয়েৎ। অগ্নিং তেজোময়ম্ অর্থপ্রকাশকঞ্চ শব্দমেব অভিচিন্তয়েৎ ॥ ১৯ ॥

কং শব্দম্ ইত্যপেক্ষায়ামাহ ওমিত্যেকাক্ষরমিতি। ওমিত্যেতেনৈব

---

যোগাসন বলিয়া থাকে, অপর কেহ গুপ্তাসনও কহিয়া থাকে; অন্য কোন কোন মতে ইহার নাম মুক্তাসন। যেমন সংযমন, কার্য্যের মধ্যে মিতাহার এবং নিয়মের মধ্যে অহিংসা প্রধান, সেইরূপ সর্ব্বপ্রকার আসনের মধ্যে সিদ্ধাসন সর্ব্বশ্রেষ্ঠ। যেমন দ্বিসপ্ততিপ্রকার নাড়ীর মধ্যে সুষুম্না নাড়ী প্রধান, সেইরূপ চতুরশীতিপ্রকার আসনের মধ্যে সিদ্ধাসনই শ্রেষ্ঠ ) ॥১৮॥

পূর্ব্বোক্ত প্রকারে পদ্মাদি আসনে উপবিষ্ট হইয়া অঙ্গুলীদ্বারা একটী নাসাপুট নিরুদ্ধ করিয়া অপর নাসাপুটদ্বারা বায়ু সমাকর্ষণপূর্ব্বক সেই বায়ুকে অন্তরে স্তম্ভিত করিয়া রাখিবে। এবং তেজোময় অর্থপ্রকাশক শব্দ চিন্তা করিবে ॥ ১৯ ॥

পূর্ব্বে উক্ত হইয়াছে যে তেজোময় শব্দ চিন্তা করিবে, কিন্তু কোন্ শব্দ চিন্তা করিবে, তাহা নির্দ্দিষ্ট নাই, অতএব এই-

দিব্যমন্ত্রেণ বহুশঃ কুর্য্যাদাত্মমল-চ্যুতিম্ ॥ ২০ ॥
পশ্চাদ্ধ্যায়েত পূর্ব্বোক্তং ক্রমান্মন্ত্রং বিনির্দ্দিশেৎ।

মন্ত্রেণ একেন পূরাণাতিরিক্তেন পার্শ্বেন বায়ুং রেচয়েৎ তদুক্তংম্। "বদ্ধ-পদ্মাসনো যোগী প্রাণং চন্দ্রেণ পূরয়েৎ। ধারয়িত্বা যথাশক্তি পুনঃ সূর্য্যেণ রেচয়েৎ"। ইতি। দিব্যমন্ত্রেণ প্রণবেন আত্মমলচ্যুতিং শরীরমলনাশং নাড়ীশুদ্ধিং প্রাণায়ামৈর্নাড়ীমলাঃ শুষ্যন্তি ততস্তাসু বায়ুপ্রচারো ভবতি। আত্মমলঃ পাপং তস্য চ্যুতিং নাশম্ ইতি বা তদুক্তম্। "নিত্যমেবং প্রকুর্ব্বীত প্রাণায়ামাংস্তু ষোড়শ। অপি ভ্রূণহনং মাসাৎ পুনন্ত্যহরহঃ কৃতাঃ"। ইতি ॥ ২০ ॥

পশ্চাৎ প্রাণায়ামৈঃ পাপং দগ্ধ্বা ধ্যায়েত চিন্তয়েৎ পূর্ব্বোক্তং শব্দমেবা ভিচিন্তয়েদিত্যুক্তং ক্রমশঃ অনুক্রমেণ অকারোকারমকারার্দ্ধমাত্রাঃ লোক-বেদ-দেবাগ্ন্যাদি-সহিতা ঘোষিণ্যাদিমাত্রাঃ ক্রমসহিতাশ্চ ধ্যায়েত চিন্তয়েৎ

ক্ষণ সেই চিন্তনীয় শব্দের নির্দ্দেশ করিতেছেন।—"ওম্" এই একাক্ষরই পরমব্রহ্মস্বরূপ, অতএব "ওম্" এই একাক্ষর ব্রহ্ম-ময় মন্ত্রদ্বারা পূরক, কুম্ভক ও রেচন করিবে * ॥ ২০ ॥

পূর্ব্বোক্ত প্রকারে প্রাণায়ামদ্বারা পাপরাশি দগ্ধ করিয়া "ওম্" এই একাক্ষর ব্রহ্মমন্ত্র চিন্তা করিবে। ক্রমতঃ অকার উকার, মকার ও নাদবিন্দুরূপ প্রণবের মাত্রাসকল ধ্যান করিবে। ভূরাদিলোক, বেদ, দেব ও অগ্নি এই সকল উক্ত

* গ্রন্থান্তরে লিখিত আছে যে, যোগী বদ্ধপদ্মাসনে উপবেশন করিয়া সূর্য্যনাড়ীদ্বারা বায়ু পূরণ করিবে, তৎপরে যথাশক্তি কুম্ভক করিয়া চন্দ্রনাড়ীদ্বারা রেচন করিবে। এই-রূপে "ওম্" এই দিব্য মন্ত্রদ্বারা প্রাণায়াম করিলে আত্মমলচ্যুতি, শরীরমলবিনাশ ও নাড়ীশুদ্ধি হয়। প্রাণায়ামদ্বারা নাড়ীর মলসকল বিদূরিত হইয়া নাড়ীর শুদ্ধি হইলে সেই সকল নাড়ীতে অনায়াসে বায়ু সঞ্চার হইয়া থাকে, তাহা হইলেই শরীর দৃঢ় হয় এবং আত্মমলস্বরূপ পাপ বিনষ্ট হইয়া যায়। পরন্তু গ্রন্থান্তরে আর লিখিত আছে যে, উক্তরূপে প্রতিদিন ষোড়শবার প্রাণায়াম করিবে, এইরূপে একমাস প্রাণায়াম করিতে পারিলেই সেই ব্যক্তি পবিত্র হইয়া থাকে।

স্থূলাতিস্থূল-মাত্রায়াং নাতিমূর্দ্ধমতিক্রমঃ ॥ ২১ ॥

মন্ত্র মন্ত্রং নিদ্দিশেৎ উচ্চরেৎ অত্র মন্ত্রেত্যাবিভক্তিকো নির্দ্দেশঃ। স্থূলেতি স্থূলমাত্রা অশীতি-প্রণবাবৃত্তিপর্য্যন্তং ধারণম্ তদুক্তম্। "প্রাতর্মধ্যদিনে সায় মর্দ্ধরাত্রে চ কুম্ভকান্। শনৈরশীতি-পর্য্যন্তং চতুর্ব্বারং সমভ্যসেৎ"। ইতি। অতিস্থূলাং ততোঽপ্যধিকাধিকং ধাবণম্ এবং স্থূলায়াং মাত্রায়াম্ অতি-স্থূলায়াঞ্চ মাত্রায়াম্ অতিম্ অতিশয়ম্ উর্দ্ধং নয়েৎ মাত্রাস্বতিশয়ং ন কুর্য্যাদি-ত্যর্থঃ। কস্মাৎ ন কুর্য্যাৎ প্রত্যুত অতিশয়ে শীঘ্রং সিদ্ধির্ভবতি ইত্যত আহ অতিক্রম ইতি এবং হি বায়োবতিক্রমে দোষ উক্তঃ "হিক্কা শ্বাসশ্চ কাসশ্চ শিবঃ-কর্ণাদি-বেদনা। ভবন্তি বিবিধা দোষাঃ পবনস্য ব্যতিক্রমাৎ"। ইতি ॥২১

মাত্রা সমূহের দেবতা, অতএব উক্তদেবতা সহিত প্রণবের মাত্রা চিন্তা করিতে হইবে। যতবার প্রণবমন্ত্র জপ করিবে, ততবার প্রণবের মাত্রাসকল নির্দ্দেশ করিতে হইবে। অশীতি-বার প্রণবাবৃত্তি করিলে স্থূলমাত্রায় প্রাণায়াম হয়। প্রাতঃকালে, মধ্যাহ্নসময়ে এবং সায়ংকালে ও অর্দ্ধরাত্রে চারিবার প্রাণবায়ুর কুম্ভক করিবে। প্রতিবারেই স্থূলমাত্রায় প্রাণায়াম করিতে হইবে, এইরূপে প্রতিদিন চারিবার করিয়া প্রাণায়াম অভ্যাস করিবে। অশীতির অধিক প্রণবমন্ত্র জপকালপর্য্যন্ত বায়ু ধারণকরিলে অতিস্থূলমাত্রায় প্রাণায়াম হয়। এইরূপে স্থূলাতিস্থূলমাত্রায় প্রাণায়াম করিলে প্রাণবায়ু উর্দ্ধে নীত হইয়া স্থিরভাবে অবস্থিত থাকে। উক্তরূপ স্থূলাতিস্থূলমাত্রা অতি-ক্রম করিয়া অধিক মাত্রায় প্রাণায়াম করিবে না। যদি বল অধিক মাত্রায় প্রাণায়াম করিলে শীঘ্র সিদ্ধিলাভ হইবে, একথা বলিতে পারা যায় না, কারণ অধিক মাত্রায় প্রাণায়াম করিলে হিক্কা, শ্বাস, কাস, শিরঃপীড়া ও কর্ণবেদনা প্রভৃতি নানাবিধ দোষ ঘটিয়া থাকে। অতএব যথোচিত প্রাণায়াম করাই সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২১ ॥

তির্যগূর্দ্ধমধো দৃষ্টিং বিনিধার্য্য মহামতিঃ।
স্থিরস্থায়ী বিনিষ্কম্পস্তদা যোগং সমভ্যসেৎ ॥ ২২ ॥

---

তির্য্যগিতি। তির্য্যক্ অগ্রে ধাবন্তীম্ ঊর্দ্ধম্ আকাশগামিনীম্ অধঃ বা চরণন্যস্তাং দৃষ্টিং নেত্রকান্তিং বিনিধার্য্য ধৃত্বা মহামতিঃ স্থূললক্ষ্যঃ স্থিরঃ চিত্তেন স্থায়ী দৃঢ়াসনঃ। দৃষ্টেস্তির্য্যক্ত্বমুক্তম্। "অন্তর্লক্ষ বহির্দৃষ্টি র্নিমেষোন্মেষ-বর্জিতা। এষা হি শাম্ভবী মুদ্রা সর্ব্বতন্ত্রেষু গোপিতা। ইতি। ঊর্দ্ধত্বমপ্যুক্তম্। "ভ্রুবোরন্তর্গতা দৃষ্টিমুর্দ্রা ভবতি খেচরী"। ইতি। অধস্ত্বমপ্যুক্তং "দৃষ্ট্যা নিশ্চলতারয়া বহিরধঃ পশ্যন্"। ইতি। বিনিষ্কম্পম্ বিশেষেণ নিষ্কম্পম্ যোগম্ উত্তমং যোগং তদা অভ্যসেৎ। নিষ্কম্পোঽপ্যুত্তমো যোগঃ সকম্পো মধ্যমঃ সস্বেদঃ কনীয়ান্ তদুক্তম্। "কনীয়সি ভবেৎ স্বেদঃ কম্পো ভবতি মধ্যমে। উত্তিষ্ঠত্যুত্তমে প্রাণরোধে পদ্মাসনং মুহুঃ" ॥ ইতি। কম্পাৎ নিষ্ক্রান্তঃ অগ্রেগতঃ নিষ্কম্পঃ উত্তমঃ বিশেষেণ নিষ্কম্পঃ অত্যুত্তমঃ তং সমভ্যসেৎ ॥ ২২ ॥

---

মহামতি যোগিগণ আপন দৃষ্টিকে তির্য্যগ্গতা, ঊর্দ্ধগতা অর্থাৎ আকাশগামিনী কিম্বা অধঃসঞ্চারিণী করিয়া স্থিরচিত্তে অবস্থানপূর্ব্বক দৃঢ়াসন হইয়া নিষ্কম্পশরীরে সর্ব্বযোগোত্তম প্রাণায়াম অভ্যাস করিবে। যে যোগেতে শরীর নিষ্কম্পভাবে থাকে, তাহাই উত্তমযোগ। মধ্যমযোগে শরীরে কম্প হইয়া থাকে, কোনরূপেও শরীরকে নিষ্কম্প রাখিতে পারা যায় না এবং জঘন্যযোগেতে শরীরে স্বেদোদ্গম হয়। যে দৃষ্টি বাহ্যে প্রকাশিত আছে, কিন্তু তাহা অন্তর্গত লক্ষ্যে অনুরক্ত, এইরূপ নিমেষোন্মেষরহিত দৃষ্টির নাম তির্য্যগ্গতা দৃষ্টি। ইহারই নামান্তর শাম্ভবীমুদ্রা। ভ্রূদ্বয়ের মধ্যে বিন্যস্ত দৃষ্টিকে ঊর্দ্ধগতা দৃষ্টি বলা যায়, ইহাকে খেচরীমুদ্রাও বলিয়া থাকে। দৃষ্টির তারকা নিশ্চল করিয়া অধোদিকেচরণে বিন্যস্ত করিয়া

তালমাত্রা তথা যোগো ধারণা যোজনস্তথা।

তালেতি। অয়ং পদার্থো যোগশাস্ত্রে কালতঃ কালেন নিয়তঃ একরূপঃ স্মৃতঃ। কঃ পরার্থঃ একতালী বায়োঃ কালতবহিঃ স্থূলস্থ মধ্যে প্রবেশঃ মধ্যস্থস্থ চ বহির্বনির্গমনং সা নিয়তকালা ভবতি যাবৎ কালং পূর্ব্বদিনে তাবাৎকালং পরদিনে ইতি মাত্রা নিয়তকালা ভবতি অন্যথা কল্পপর্য্যাস্তং ভূবিবরে ভবতি। ষোড়শ পূরণে চেৎ চতুঃষষ্টিঃ কুম্ভনে দ্বাত্রিংশৎ রেচনে ইতি। যোগঃ সমাধিঃ সোঽপি নিয়তকালঃ অন্যথা কল্পপর্য্যস্তং ভূবিবরে সমাধিস্থস্থ বিদেহ-কৈবল্যাভাব-প্রসঙ্গঃ। ধারণা

রাখিলে তাহাকে অধোগতা দৃষ্টি বলে। প্রাণামযোগের পূরক কালে তির্য্যগ্‌গতা, কুম্ভককালে ঊর্দ্ধগতা এবং রেচনসময়ে দৃষ্টিকে অধোগতা করিবে)॥ ২২॥

এই সকল যোগ কালে সিদ্ধ হয়, কিছুকাল যোগাভ্যাস না করিলে কোন যোগই সিদ্ধ হয় না। যেমন তালাদি বৃক্ষ কালে ফল প্রসব করে, সেইরূপ যোগাভ্যাসও কালক্রমে ফল-প্রদ হয়। যোগাভ্যাসকালে একরূপে যোগসাধন করা বিধেয়। পূর্ব্বদিনে যাবৎকাল যোগসাধন করিবে, পরদিনেও তাবৎ পরিমিতকাল পর্য্যন্ত সেই যোগ করিবে, কখনও ন্যূন বা অধিক করিবে না; পরন্তু প্রথমতঃ অল্প পরিমাণ করিয়া ক্রমশঃ কিছু কিছু বৃদ্ধি করিতে হয়। একরূপে যোগাভ্যাস না করিয়া কোন দিন অধিক, কোন দিন অল্প পরিমাণে যোগসাধন করিলে যুগসহস্রেও যোগসিদ্ধি হয় না, বরং নানা রূপ শারীরিক অনিষ্ট হইতে পারে। অতএব নিয়ত মাত্রায় প্রাণায়ামাদি যোগসাধনই শ্রেয়স্কর। পূরণে ষোড়শ বার, কুম্ভকে চতুঃষষ্টি এবং রেচকে দ্বাত্রিংশৎ বার জপ করিয়া প্রাণায়াম করিতে হয়। তাহা না করিলে কাহারও ভাগ্যে বিদেহমুক্তি

দ্বাদশমাত্রো যোগস্তু কালতো নিয়তঃ স্মৃতঃ ॥ ২৩॥
অঘোষমব্যঞ্জনমস্বরঞ্চ অকণ্ঠতাল্বোষ্ঠ মনাসিকঞ্চ।

---

মনঃসঙ্কল্পকমিত্যাদি-লক্ষণা সাপি "ধারয়েৎ পঞ্চ ঘটিকা ভববোগৈর্ব্বিমুচ্যতে" ইত্যাদৌ নিয়তকালৈবোক্তা যোজনং সংযোজনং প্রাণাপানয়োঃ যথা পূর্ব্বদিনে চেৎ ষোড়শ প্রাণায়ামাঃ তর্হি পরদিনে ততো ন্যূনা অধিকা বা ন ভবন্তি। দ্বাদশমাত্রো যোগো নাদবিন্দাবুক্তেঃ সোঽপি কালতো নিয়তঃ স্মৃতঃ পরস্পর-তুল্যকালা এব ঘোষিণ্যাদয়ো ধ্যেয়া ইত্যর্থঃ। অথ চ তালাদিঃ ফলেঽপি কালতো নিয়তঃ স্মৃতঃ নিয়তকালমেব ফলং দদাতি পরিচ্ছিন্নং ন তু কালাপরিচ্ছিন্নং ফলং দদাতীত্যর্থঃ ॥ ২৩ ॥

তর্হি কালাপরিচ্ছিন্নং ফলং কিম্ ইত্যত আহ অঘোষমিতি। যদক্ষরং তদপবিচ্ছিন্নফলমিত্যর্থঃ তৎ কিমকাবাদিষন্যতরৎ ন ইত্যাহ অঘোষং বর্গাণাং প্রথমাঃ দ্বিতীয়াঃ শ-ষ-সাশ্চাঘোষাঃ ততোঽন্যে ঘোষাঃ তত্র

---

ঘটে না। এইরূপে সমাধিও নিয়তকালে সুসিদ্ধ হয়। মনঃ সঙ্কল্পরূপ ধারণাযোগও নিয়মিতরূপে সাধন করিবে * ॥ ২৩॥

প্রাণায়ামাদি সকল প্রকার যোগই যথাসময়ে ও যথানিয়মে সাধন করিবে, কেবল "ওম্" এই একাক্ষর মন্ত্র সকল সময়ে জপ করিতে পারে। ইহাতে কালাকাল বিবেচনা নাই! এই একাক্ষরবর্ণ—ঘোষবান্, অর্থাৎ গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ, ড, ঢ, ণ, দ, ধ, ন, ব, ভ, ম, য, র, ল, ব কিম্বা হ ইহার কোন বর্ণ নহে। তাহাকে ব্যঞ্জনবর্ণ বলা যায় না, তাহা স্বরবর্ণও নহে

---

* শাস্ত্রান্তর প্রমাণে জানা যায় যে, প্রতিদিন পঞ্চঘটিকা পর্য্যন্ত ধারণাযোগ সাধন করিলে সেই ব্যক্তি ভবরোগ হইতে মুক্ত হইতে পারে। প্রাণ ও অপান বায়ুর সংযোগকে যোজনযোগ বলা যায়, এই যোগও নিয়ত রূপে করিবে। যদি পূর্ব্বদিনে ষোড়শবার প্রাণায়াম করে, তবে পরদিনেও তাহার ন্যূন বা অধিক করিবে না। দ্বাদশ মাত্রযোগ নাদবিন্দু উপনিষদে বিবৃত আছে। এই যোগও নিয়তরূপে করিবে এবং কালক্রমে তাহাও সুসিদ্ধ হইয়া থাকে।

অরেফজাত মুভয়োষ্ঠবর্জিতং যদক্ষরং ন ক্ষরতে কদাচিৎ॥২৪

ভবতি। তর্হি ফলব্যঞ্জনং তদ্রূপং নেত্যাহ অব্যঞ্জনমিতি। তর্হি অচঃ স্বরাস্তদ্রূপং নেত্যাহ অস্বরমিতি। ন স্বরত্বং যস্য তদস্বরম। তর্হি অ-কু হ-বিসর্জ্জনীয়ানাং কণ্ঠঃ ই-চু-য-শানাং তালুঃ, উ-পূপধ্মানীয়ানামোষ্ঠৌ তদ্রূপং নেত্যাহ অকণ্ঠতাল্বোষ্ঠম্ অস্বরঞ্চ অকণ্ঠোৎপন্নাবিবক্ষিতত্বাদসন্ধিঃ সন্ধৌ তু ন্যূনাক্ষরং ছন্দঃ স্যাৎ। তর্হি নাসিকানুস্বারস্য তদ্রূপং নেত্যাহ অনাসিকঞ্চেতি। তর্হি ঋ-টু-র-ষাণাং মূর্দ্ধা তদন্তর্ভূতং নেত্যাহ অরেফেতি। রেফজাতং রেফবর্গো মূর্দ্ধন্যঃ তন্ন ভবতীত্যর্থঃ। তর্হি ৯-তু ল-সানাং দন্তাঃ তদ্রূপং নেত্যাহ উভয়োষ্ঠবর্জ্জিতমিতি। উভৌ ওষ্ঠৌ আবরকৌ যস্য উভয়োষ্ঠো দন্তঃ তেন তদুচ্চার্য্যো বর্ণঃ তন্ন ভবতীত্যর্থঃ। যদ্যপ্যব্যঞ্জনমস্বরমিতি বর্ণমাত্রং প্রতিষিদ্ধম্ এতাবন্তো হি বর্ণাঃ যদ্ব্যঞ্জনানি স্বরাশ্চ তথাপি সামান্যতো বিশেষতশ্চ প্রতিষেধাথমঘোষাদ্যুপাদানম্। তর্হি কিং তদক্ষরং যস্য লক্ষণং বক্তব্যম্ ইত্যত আহ ন ক্ষরতে কদাচিদিতি। নাদান্তস্থঃ পরঃ শান্তমিত্যর্থঃ যৎপ্রতিপাদনাদমৃতবিন্দুরিতি গ্রন্থবিধা। অত্রেত্থং যোগপ্রক্রিয়া। যম-নিয়মাভ্যাং ক্ষপিত-বাহ্যদোষঃ নির্জ্জনে তীর্থাদিদেশে সিদ্ধক্ষেত্রে বা সিদ্ধ স্বস্তিক-পদ্ম-ভদ্র-সিংহাদ্যন্যতমদাসনমালম্ব্য নিয়তভুক্। "ধৌতির্বস্তিশ্চ নেতিশ্চ ত্রাটকং নৌলিকা তথা।

এবং কণ্ঠ্য, তালব্য, ওষ্ঠ্য, অনুনাসিক বা মূর্দ্ধন্য বর্ণ নহে। তাহাকে দন্ত্য বর্ণও বলা যায় না, এই বর্ণ কোন রূপ বর্ণ-শ্রেণীর অন্তর্গত নহে। এই বর্ণ নিত্য, কদাচিৎ ইহার অন্যথা হয় না। এই বর্ণের সম্যক্ রূপ জ্ঞান হইলে মুক্তিলাভ হইয়া থাকে। উক্ত অক্ষরের সাধন একটি মহাযোগ বলিয়া বিখ্যাত আছে। উক্ত যোগসাধনের প্রণালী এই,—প্রথমতঃ যমনিয়মদ্বারা বাহ্য দোষসকল নিঃসারিত করিয়া কোন নির্জ্জন স্থানে, তীর্থাদি প্রদেশে কিম্বা সিদ্ধক্ষেত্রে পদ্মাদি-আসন বন্ধনপূর্ব্বক নিয়মযুক্ত হইয়া ধৌতি, বস্তি, নেতি, ত্রাটক,

কপালভাতি শ্চৈতানি ষট্‌কর্ম্মাণি প্রচক্ষতে"। ইত্যুক্তৈঃ কর্ম্মভিঃ প্রাণ-সংযমৈবেব বা শুদ্ধনাড়ীগণঃ প্রাণায়ামাভ্যাসেন সিদ্ধঃকেবল-কুম্ভকঃ অঙ্গু-ষ্ঠাদি মূর্দ্ধান্ত মর্ম্ম-প্রদেশেষু প্রাণমনো-ধারণাভিঃ প্রত্যাহৃতেন্দ্রিয়গণঃ পৃথিব্যাদি-পঞ্চধারণাভিঃ শুদ্ধভূত-ভৌতি-তত্ত্বঃ সগুণ নির্গুণ ধ্যানৈঃ ক্ষপিত-তমোমলঃ উন্মনীভাব-লক্ষণং সমাধিরুরুক্ষুঃ ষট্‌চক্রভেদেন দ্বাদশান্তং ব্রহ্মরন্ধ্র মাতিষ্ঠেৎ। তৎপ্রকারস্তু মূলবন্ধোড্ডীয়ানবন্ধ-জালন্ধরবন্ধৈঃ মহাবন্ধ-মহাবেধ-শক্তিচালনৈশ্চাপানস্থমপানবায়ুমূর্দ্ধমাকুঞ্চ্য তেন মূলা-ধারগতং ত্রিকোণস্থমগ্নিং প্রজ্বাল্য তেন কন্দোত্থাং কুণ্ডলীং সর্পাকারাং পশ্চিমদেহভাগেন পূর্ব্বদেহভাগমষ্টধাবেষ্ট্য মুখেন পুচ্ছং গৃহীত্বা মুখঞ্চ

---

নৌলিকা অথবা কপালভাতি এই ষট্‌প্রকার যোগের মধ্যে কোন একটি যোগ আশ্রয় করিয়া প্রাণায়ামদ্বারা অন্তরস্থ নাড়ী সকল বিশুদ্ধ করিবে। পরে প্রাণায়ামের অভ্যাস করিয়া কেবল কুম্ভক সিদ্ধি করিতে হইবে। অনন্তর অঙ্গুষ্ঠাদি মস্ত-কান্ত সর্ব্ব মর্ম্ম স্থানে প্রাণ ও মনের ধারণাদ্বারা ইন্দ্রিয়গণকে নিরুদ্ধ করিয়া পৃথিব্যাদি পঞ্চভূতের ধারণাদ্বারা ভৌতিক শুদ্ধি বিধান পুরঃসর পঞ্চভূতের তত্ত্ব অবগত হইয়া সগুণ ও নির্গুণ ধ্যানদ্বারা অজ্ঞানরূপ তমোরাশি বিনাশ করিবে, তৎপর সমাধি আশ্রয়ের ইচ্ছুক হইয়া আধারাদি ষট্‌চক্র ভেদ পুরঃসর ব্রহ্মরন্ধ্র আশ্রয় করিয়া থাকিবে। ব্রহ্মরন্ধ্রাবস্থানের প্রকার এই,—মূলবন্ধ, উড্ডীয়ানবন্ধ, জালন্ধর বন্ধ, মহাবন্ধ, মহাবেধ ও শক্তি চালনাদ্বারা অপান বায়ুকে ঊর্দ্ধে আকুঞ্চিত করিয়া সেই অপান বায়ুদ্বারা মূলাধারগত ত্রিকোণস্থ বহ্নিকে প্রজ্বালিত করিবে, পরে মূলাধারস্থিত সর্পাকারা কুণ্ডলী শক্তির পশ্চিম দেহভাগদ্বারা পূর্ব্বদেহভাগকে অষ্টধা আবে-ষ্টন পূর্ব্বক মুখদ্বারা পুচ্ছগ্রহণকরিয়া সুষুম্না মুখে কুণ্ডলী মুখ

সুষুম্নামুখে প্রবেশ্য সুপ্তাং প্রতাপ্য তানেন প্রবোধ্য রোধনে সুষুম্নামুখং বিরলীকৃত্য প্রসার্য্য তত্র সাগ্নিশিখং বায়ুং মনসা প্রবেশ্য বংশদেশস্থ-বংশাকৃতি-সুষুম্নায়াঃ পর্ব্বস্থানীয়ানি চক্রাণি ওঙ্কারং সমুচ্চরন্ মনসা বিষ্ণুচিন্তনসনাথেন বায্বগ্নিসহায়েন ভিন্দানো মূর্দ্ধি সহস্রদলমাক্রামেৎ ইতি। তদুক্তং হংসোপনিষদি। "তং বিদিত্বা ন মৃত্যুমেতি গুদমবষ্টভ্য আধারাদ্বায়ুমুত্থাপ্য স্বাধিষ্ঠানং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য মণিপূরকঞ্চ গত্বা অনাহতমতিক্রম্য বিশুদ্ধৌ প্রাণান্ নিরুধ্য আজ্ঞামনুধ্যায়ন ব্রহ্মরন্ধ্রং ত্রিমাত্রোহহমিত্যেবং সর্ব্বদা ধ্যায়ন্ ইতি। ন চ প্রাণাপানয়োর্যুগপন্নিরোধে শূল-হিক্কাধ্মানাদিদোষপ্রসঙ্গ ইতি বাচ্যম্ গুরূপদিষ্ট-বোধত্রয়স্য যুগপদনুষ্ঠিতস্য মহিম্নঃ

---

প্রবেশিত করিয়া পূর্ব্বপ্রজ্বালিত অগ্নিদ্বারা সুপ্তাকুণ্ডলীকে পরিতাপিত করিবে। পরে সেই অগ্নিসন্তাপে কুণ্ডলীকে প্রবোধিত করিয়া বায়ুনিরোধদ্বারা সুষুম্নামুখ শিথিল ও প্রসারিত করিয়া সেই মুখে অগ্নি ও শিখাযুক্ত বায়ুকে প্রবেশিত করিবে। অনন্তর বংশাকৃতি সুষুম্নানাড়ীর পূর্ব্বস্থানীয় চক্র সকলকে ওঙ্কার মন্ত্র সমুচ্চারণ করতঃ বিষ্ণুচিন্তননিরত হইয়া বায়ু ও অগ্নির সাহায্যে ভেদ করিয়া ব্রহ্মরন্ধ্রে সহস্রদল কমল আক্রমণ করিবে *।

পরন্তু প্রাণ ও অপানবায়ুকে একদা নিরোধ করিলে শূল, হিক্কা ও উদরাধ্মান প্রভৃতি দোষ হইতে পারে। কিন্তু যোগসাধনের পরিপাটীমাহাত্ম্যে সেই সকল দোষ ঘটিতে পারে না। যদি যোগসাধনের ক্রম বিশেষরূপে অবগত থাকে, তাহাহইলে সমস্ত বিঘ্ন দূরীভূত হইয়া নির্ব্বিঘ্নে যোগসিদ্ধি হয়।

---

* হংসোপনিষদে লিখিত আছে যে, গুহ্যদ্বার অবষ্টম্ভন করিয়া মূলাধার হইতে কুণ্ডলীর উত্থাপনপূর্ব্বক স্বাধিষ্ঠানচক্রে তিন বার প্রদক্ষিণ করিয়া মণিপূরে গমনপুরঃসর অনাহত চক্র অতিক্রম করিবে, তদনন্তর বিশুদ্ধাখ্যচক্রে প্রাণনিরোধকরতঃ আজ্ঞাচক্র অনুধ্যান করিয়া ব্রহ্মরন্ধ্রে সর্ব্বদা পরমাত্মাকে ধ্যান করিবে।

অমৃতমুখস্য মন্ত্রিমঃ অমৃতমুখস্য জলপূর্ণঘটস্যেব দোষানবকাশাৎ। অস্য চ যোগস্য ফলমক্ষরাবগতিরূপং স্বরব্যঞ্জনবর্জ্জিতমিত্যুপক্রম্য অঘোষমিত্যাদিনা উপসংহৃতম্। ষট্‌কর্ম্মাণি যথা—"চতুরঙ্গুলবিস্তারং সিক্তং বস্ত্রং শনৈর্গ্রসেৎ। ততঃ প্রত্যাহরেচ্চৈতদাখ্যাতং ধৌতিকর্ম্ম তৎ॥ নাভিদঘ্নে জলে পায়ুন্যস্ত-নালোৎকটাসনঃ। আধারাকুঞ্চনং কুর্য্যাৎ প্রখ্যাতং বস্তিকর্ম্ম তৎ॥ সূত্রং বিতস্তি সুস্নিগ্ধং নাসানালে প্রবেশয়েৎ। মুখান্নির্গময়েচ্চৈষা নেতিঃ সিদ্ধৈর্নিগদ্যতে॥ ঈক্ষতে নিশ্চলদৃশা সূক্ষ্মলক্ষ্যং সমাহিতঃ। অশ্রুসম্পাতপর্য্যন্তমাচার্য্যৈস্ত্রাটকং মতম॥ অমন্দাবর্ত্তবেগেন তুন্দং সব্যাপসব্যতঃ। নতাংশো ভ্রাময়েদেষা নৌলী গোপৈঃ প্রশস্যতে। ভস্ত্রেব

---

জলপূর্ণকুম্ভের মুখে অমৃত থাকিলে, যেমন সেই কুম্ভে আর কোনরূপ দোষের সঞ্চার হইতে পারে না, সেইরূপ উৎকৃষ্ট প্রণালী অনুযায়ী যোগসিদ্ধি করিলে তাহাতে কোন দোষের সঞ্চার হইতে পারে না।

পূর্ব্বে যে ষট্‌প্রকার যোগের নাম উল্লিখিত হইয়াছে, এইক্ষণ সেই সকল যোগের লক্ষণ বিশদরূপে বর্ণিত হইতেছে।—চতুরঙ্গুলবিস্তৃত একখণ্ড বস্ত্র জলে সিক্ত করিয়া ক্রমশঃ ঐ বস্ত্রখণ্ড গিলিবে এবং পুনর্ব্বার ঐ বস্ত্রখণ্ড বহির্গত করিবে, ইহার নাম ধৌতিযোগ। নাভিমাত্র জলে উৎকটাসনে অবস্থিত হইয়া আধার দেশ আকুঞ্চন করিবে, ইহাকে বস্তিকর্ম্ম বলিয়া থাকে। দ্বাদশাঙ্গুল প্রমাণ সূত্র ঘৃতাদি স্নেহদ্রব্যদ্বারা স্নিগ্ধ করিয়া নাসারন্ধ্রে প্রবেশিত করিবে এবং ঐ সূত্র মুখদ্বারা বহির্গত করিবে। এই যোগকে যোগিগণ নেতিযোগ বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন। সাধকগণ সংযত হইয়া নিশ্চলনয়নে কোন একটি সূক্ষ্ম বস্তুকে লক্ষ্য করিয়া থাকিবে। যাবৎ চক্ষুঃ হইতে অশ্রুধারা পতিত না হয়, তাবৎ এইরূপে একদৃষ্টে চাহিয়া থাকিবে। এই যোগের নাম ত্রাটকযোগ। সাধক নতাংশ

লোহকারস্য রেচপূরৌ সসম্ভ্রমৌ। কপালভাতী বিখ্যাতা কফদোষবিশোষিণী ॥” ইতি। বন্ধত্রয়ং ক্ষুরিকায়াং ব্যাখ্যাতম্। মহাবন্ধো যথা। “পাৰ্ষ্ণিং বামস্য পাদস্য যোনিস্থানে নিয়োজয়েৎ। বামোরূপরি সংস্থাপ্য দক্ষিণং চরণন্তথা। পূরয়িত্বা ততো বায়ুং হৃদয়ে চিবুকং দৃঢ়ম্। নিভৃত্য যোনিমাকুঞ্চ্য মনোমধ্যে নিযোজয়েৎ। ধারয়িত্বা যথাশক্তি রেচয়েদনিলং শনৈঃ। সব্যাঙ্গে চ সমভ্যস্য দক্ষাঙ্গে পুনরভ্যসেৎ। মতমত্র তু কেষাঞ্চিৎ কণ্ঠবন্ধং বিবর্জ্জয়েৎ। রাজদন্তদ্বয়ং তত্র জিহ্বয়োক্তং ভবেদিতি। অয়ং খলু মহাবন্ধো মহাসিদ্ধিপ্রদায়কঃ। কালপাত্রা মহাবন্ধ-বিমোচন-বিচক্ষণঃ। অয়ঞ্চ সর্ব্বনাড়ীনামূর্দ্ধগতিপ্রবোধকঃ।” ইতি। মহাবেধো যথা। “মহাবন্ধস্থিতো-

---

হইয়া অমন্দাবর্ত্তবেগে বাম দক্ষিণভাগে উদরভ্রামিত করিবে। ইহাকে যোগিগণ নৌলিক যোগ বলেন। লোহকারের যাঁতারন্যায় উদরকে একবার বায়ুদ্বারা পূর্ণ করিবে এবং পরক্ষণেই সেই বায়ুর রেচন করিবে। এইরূপ যোগের নাম কপালভাতি-যোগ। মূলবন্ধ, উড্ডীয়ানবন্ধ ও জালন্ধরবন্ধ, এই ত্রিবিধ বন্ধের লক্ষণ ক্ষুরিকোপনিষদে সবিশেষ বর্ণিত আছে; সুতরাং তাহা পুনর্ব্বার ব্যাখ্যা অনাবশ্যক। মহাবন্ধ লক্ষণ এই,—সাধক বামপার্ষ্ণি (গোড়ালি) যোনিস্থলে নিক্ষেপ করিয়া বাম উরুর উপরি দক্ষিণ চরণ স্থাপন করিবে। পরে বায়ু পূরণ করিয়া হৃদয়স্থানে দৃঢ়রূপে চিবুক বিন্যস্ত করিয়া যথাশক্তি বায়ু ধারণপূর্ব্বক ক্রমে ক্রমে বায়ু রেচন করিবে। এইরূপ বামাঙ্গে অভ্যাস করিয়া পুনর্ব্বার দক্ষিণাঙ্গে অভ্যাস করিবে, অর্থাৎ দক্ষিণচরণ যোনিস্থলে নিক্ষেপ করিয়া বামচরণ দক্ষিণ উরুর উপরি রাখিয়া উক্তরূপ যোগাভ্যাস করিবে। এইরূপ আসনের নাম মহাবন্ধ। এই মহাবন্ধ সর্ব্বপ্রকার সিদ্ধিপ্রদান করিয়া কালযাত্রা (মৃত্যু) নিবারণ করিয়া থাকে। এই যোগাভ্যাসবলে সর্ব্বপ্রকার নাড়ীর ঊর্দ্ধগমন শক্তি প্রবল হয়।

যেনাসৌ পশ্যতে মার্গং প্রাণস্তেন হি গচ্ছতি।

---

যোগী কৃত্বা পূরকমাস্থধীঃ। বায়ুনাং গতিমাকৃষ্য নিভৃতং কণ্ঠমুদ্রয়া। ন্যস্ত হস্তযুগো ভূমৌ নিভৃতং তাড়য়েচ্ছনৈঃ। পুটদ্বয়ং সমাকৃষ্য বায়ুঃ স্ফুরতি সত্বরম্। সোমসূর্য্যাগ্নিবন্ধায় জায়তে বামৃতায় বৈ। মৃতাবস্থা সমুৎপন্না ততো বায়ুং বিরেচয়েৎ। মহাবেধোঽয়মভ্যাসান্মহাসিদ্ধিপ্রদায়কঃ"। ইতি। শক্তিচালং যথা। "পুচ্ছং প্রগৃহ্য ভুজগীং সুপ্তামুদ্বোধয়েদ্বুধঃ। নিদ্রাং বিহায় সা ঋত্বা উর্দ্ধমুত্তিষ্ঠতে হটাৎ॥" ইতি। অন্যত্রাপি। "সন্তপ্তো বহ্নিনা তত্র বায়ুনা চালিতো যদা। প্রসার্য্য ফণমৃত্তোগং প্রবোধং যাতি তত্তদা"। ইতি ॥ ২৪ ॥

নমু প্রাণস্তত্র তত্র প্রদেশে কেনোপায়েন নেতব্যঃ ইত্যাহ যেনেতি অসৌ যোগী যেন মনোলক্ষণেন করণেন মার্গং গন্তব্যং পশ্যতে প্রবিশ্য

---

মহাবেধের প্রকার এই,—তত্ত্বপরায়ণ যোগী মহাবন্ধযোগে অবস্থিত হইয়া বায়ুপূরণপুরঃসর কণ্ঠমুদ্রাদ্বারা তাহার গতি-রোধ করিয়া ভূমিতে হস্তদ্বয় বিন্যস্ত করিয়া রাখিবে এবং ক্রমশঃ ভূমিতে তাড়ন করিতে থাকিবে, ইহাতে পূরিত বায়ু নিঃসৃত হইয়া যায়; কিন্তু নাসাপুট আবদ্ধ করিয়া বায়ু ধারণ করিতে হইবে। এইরূপে অধিককাল বায়ু ধারণ করিলে মৃতা-বস্থা উপস্থিত হইতে পারে, অতএব বায়ু রেচন করিবে। এইরূপ যোগের নাম মহাবেধ, এই যোগ সিদ্ধ হইলে সাধক সর্ব্বপ্রকার কার্য্য সাধন করিতে পারে।

শক্তিচালন যথা,—সুপ্তাকুণ্ডলীর পুচ্ছদেশ গ্রহণ করিয়া তাহাকে জাগরিত করিবে। তাহাতে সেই কুণ্ডলী নিদ্রা পরি-ত্যাগ করিয়া হটাৎ উর্দ্ধে গমন করেন, এইরূপ যোগের নাম শক্তিচালন ॥ ২৪ ॥

কি উপায় অবলম্বন করিয়া প্রাণবায়ুকে ব্রহ্মরন্ধ্রে আন-য়ন করিতে হয়, তাহা বলিতেছেন।—পূর্ব্বোক্ত প্রকারে যোগা-

অতঃ সমভ্যসেন্নিত্যং সন্মার্গ-গমনায় বৈ ॥ ২৫ ॥
হৃদ্‌দ্বারং বায়ুদ্বারঞ্চ ঊর্দ্ধদ্বারমতঃ পরম্‌।

---

